নৃতত্ত্ব-বিদ্যা কোন পুঁথিগত বিদ্যা নয়। প্রচলিত বৈজ্ঞানিক প্রথায় যন্ত্রপাতির সাহায্যে মানুষের মাথার দৈর্ঘ্য-প্রস্থের অনুপাত, চুলের রং এবং শরীরের বিভিন্ন অঙ্গের গঠনের বৈষম্য পরীক্ষা করে প্রতিটি মনুষ্য জাতিকে কয়েকটি নির্দিষ্ট আদিম শ্রেণির মধ্যে কোন শ্রেণির অন্তর্ভূক্ত তা নিরূপণ করতে হয়। স্যার হার্বার্ট রিজলে লিখেছেন যে, ঐরূপ মাপজোক ও পরীক্ষা-নিরীক্ষা করেই তিনি তাঁর পূর্বোক্ত সিদ্ধান্তে উপনীত হয়েছেন।[৩১] রমাপ্রসাদ চন্দের এ ধরণের কোন জ্ঞান বা অভিজ্ঞতা ও যন্ত্রপাতি ছিল না। অপূর্ব অধ্যবসায় ও শ্রমসহকারে তিনি এই পরীক্ষার প্রণালী অধিগত করেন এবং ভারত সরকার তাঁর বিচার বিতর্কে মুগ্ধ হয়ে ঐ সব যন্ত্রপাতি ধার দেন। গবেষণায় রমাপ্রসাদ দেখিয়েছেন, গঙ্গা, পদ্মা, ব্রহ্মপুত্র, মেঘনা, কৃষ্ণা, কাবেরী, তুঙ্গভদ্রা, আত্রেয়ী, মহানন্দা, তিস্তা, পুনর্ভবা প্রভৃতি নদী-বিধৌত ভূখণ্ডে কখন থেকে মানব সভ্যতার জয়যাত্রা শুরু হয়েছিল, তাঁদের আধ্যাত্মিক ও সৃষ্টিশক্তির প্রয়াস কিরূপ ছিল ইত্যাদি প্রসঙ্গ। মোট ছয়টি অনুচ্ছেদে বিভক্ত '*Indo-Aryan Races*' গ্রন্থে রমাপ্রসাদ ভারতীয় নৃতত্ত্বের

বিবর্তনের পটভূমিতে মানবগোষ্ঠীর বৈশিষ্ট্য এবং সাংস্কৃতিক ধারায় অনার্যশ্রেণির অবদানের প্রতি দৃষ্টি আরোপ করেছেন। ভারতের প্রাগৈতিহাসিক সভ্যতা বিষয়ক এ আলোচনার ক্ষেত্রে রমাপ্রসাদ চন্দের গবেষণা অত্যন্ত মূল্যবান।[৩২] সরকার প্রদত্ত যন্ত্রপাতির সাহায্যে রমাপ্রসাদ কাশ্মিরী ব্রাহ্মণ হতে আরম্ভ করে সাঁওতাল নরনারীর দেহের মাপজোক করেন। এ জন্য ভারত সরকার ১৯১০ সালে তাঁকে নৃতত্ত্ব বিভাগের বিশেষ কর্মকর্তা নিযুক্ত করেন। তিনি বৈষ্ণব ও শাক্তধর্মের উপর অনার্য প্রভাব সম্পর্কিত যুক্তিনির্ভর আলোচনা করেছেন। অথর্ববেদে প্রাপ্ত তথ্যসমূহের আলোকে তাম্রযুগীয় ভারতীয় মানবগোষ্ঠীর প্রকৃতি বিশ্লেষণ এবং সিন্ধুসভ্যতার ধর্ম ও যোগের অস্তিত্ব, পশুপতি শিবের তত্ত্বকে যুক্তিনির্ভর করেছেন। তিনি মত প্রকাশ করেছেন, বাঙালির মাথা গোল হয়েছে মঙ্গোলীয় প্রভাবে নয় অ্যালপীয়ান মানবগোষ্ঠীর কারণে। তাঁর মতে, পামীর অঞ্চল থেকে সুপ্রাচীনকালেই এ উপমহাদেশে অ্যালপীয়ান গোষ্ঠীর মানুষেরা এসে বসতি গড়ে তুলেছিল। অ্যালপীয়ানরা প্রথমে পশ্চিম থেকে পূর্বদিকে ছড়িয়ে পড়ে। তিনি অ্যালপীয়ানদের সামাজিক আচরণ ও সাংস্কৃতিক ঐতিহ্যের পাশাপাশি ভাষাতাত্ত্বিক সাদৃশ্যেরও বর্ণনা করেছেন। এভাবে তিনি রিজলের মতবাদকে ভ্রান্ত বলে প্রমাণ করেছেন।

রমাপ্রসাদ চন্দ প্রথম জীবনে নৃতত্ত্ব নিয়ে গবেষণা করলেও ক্রমে ক্রমে তিনি ভারতবর্ষের পুরাতত্ত্ব বিশেষ করে প্রাচীন বাংলার ইতিহাস উদ্ধার প্রচেষ্টায় আত্মনিয়োগ করেন। বরেন্দ্র অনুসন্ধান সমিতির সম্পাদক হিসেবে তিনি প্রাচীন শিলালিপি, তাম্রশাসন, মূর্তি ও প্রাচীন ধ্বংসস্তূপ থেকে প্রাপ্ত উপকরণগুলো বিশেষ মনোযোগ সহকারে পাঠ করেন। উৎখননে প্রাপ্ত তথ্য-উপাত্ত ও প্রত্নতাত্ত্বিক নিদর্শন বিচার বিশ্লেষণ করে রমাপ্রসাদ চন্দ রচনা করেন *'গৌড়রাজমালা'*[৩৩] গ্রন্থ। ১৯১২ সালে (১৩১৯ বঙ্গাব্দ) অক্ষয়কুমার মৈত্রেয়-এর সম্পাদনায় বরেন্দ্র ইতিহাস অনুসন্ধান সমিতি কর্তৃক *'গৌড়রাজমালা'* প্রকাশিত হয়।[৩৪] গ্রন্থখানি প্রকাশের পর ড. রমেশচন্দ্র মজুমদার মন্তব্য করেন, 'পরবর্তী একশত বছরে পুরাতত্ত্ব আলোচনার ফলে বাংলার ইতিহাস সম্বন্ধে আমাদের জ্ঞান যে কতদূর অগ্রসর হয়েছিল, রমাপ্রসাদ চন্দ প্রণীত *'গৌড়রাজমালা'* গ্রন্থখানি তার প্রমাণস্বরূপ গ্রহণ করা যেতে পারে।[৩৫] মুসলমান অধিকারের পূর্ব পর্যন্ত সমগ্র বঙ্গদেশের ইতিহাস এ গ্রন্থে লিপিবদ্ধ হয়েছে। আধুনিক বিজ্ঞানসম্মত প্রণালীতে রচিত গ্রন্থটিতে প্রাচীন বাংলার ইতিহাস সম্বন্ধে অনেক নতুন তথ্য সন্নিবেশিত হয়েছে এবং প্রচলিত অনেক ধ্যান-ধারণার অসারতা এই গ্রন্থে প্রমাণিত হয়। গৌড়রাজ শশাঙ্কের প্রকৃত ইতিহাস এ গ্রন্থেই প্রথম লিপিবদ্ধ হয়। বাংলার প্রথম সার্বভৌম সম্রাট শশাঙ্ক দক্ষিণে উড়িষ্যা হতে পশ্চিমে কান্যকুব্জ পর্যন্ত জয় করেছিলেন গৌড়রাজমালায় তাঁর প্রকৃত বিবরণ লিপিবদ্ধ হয়েছিল। বানভট্ট রচিত হর্ষচরিতে শশাঙ্ক সম্বন্ধে যে কুৎসা, কলঙ্ক ও অপবাদ লেপন করা হয়েছিল রমাপ্রসাদ এ গ্রন্থে নানা যুক্তি ও প্রমাণের মাধ্যমে তা খণ্ডনের চেষ্টা করেছেন। পালবংশীয় বাঙালি রাজাদের কীর্তি-কাহিনী বিশদ বর্ণনা করে তিনি বাঙালির অতীত গৌরবস্মৃতি জনসম্মুখে উপস্থাপন করেছেন। পাল রাজাদের বাসস্থান যে বিহারে নয়, বাংলাদেশে রমাপ্রসাদ তাও প্রতিপন্ন করেছেন। প্রচলিত কাহিনী অনুসারে রাজা আদিশূর কর্তৃক কনৌজ হতে আনীত পাঁচজন ব্রাহ্মণ ও কায়স্থ হতেই বাংলার ব্রাহ্মণ ও কায়স্থদের উৎপত্তি হয়েছে এবং এই কাহিনীর উপরই বাংলার হিন্দুদের সামাজিক ইতিহাস রচিত হয়েছে এমন প্রচলিত কাহিনীর যে কোন ঐতিহাসিক ভিত্তি নেই রমাপ্রসাদ তাও প্রমাণ করেছেন গৌড়রাজমালায়। বাংলার সেনরাজগণের রাজত্বকাল সম্বন্ধে প্রথমে কীলহর্ণ ও পরে রাখালদাস বন্দোপাধ্যায় বহু ঐতিহাসিক মত পোষণ করতেন, রমাপ্রসাদই সর্বপ্রথম সে মতের অসারতা প্রমাণ করেন। তবে গৌড়রাজমালার গৌরবোজ্জ্বল দিকের পাশাপাশি কিছু ত্রুটিও

দৃশ্যমান। ৭৭ পৃষ্ঠাব্যাপি এ গ্রন্থের কোন পরিচ্ছেদ, বিভাগ, সূচিপত্র, নির্ঘন্ট প্রভৃতি না থাকায় গ্রন্থখানির কিছুটা আঙ্গিকগত অসম্পূর্ণতা রয়ে গেছে। তবে তাঁর ইতিহাসচর্চা ইতিহাসের উপকরণের মতই মূল্যবান দলিল হয়ে আছে।

রমাপ্রসাদ চন্দের প্রত্নতত্ত্ব সম্বন্ধে গবেষণা সে সময়কার সরকারি প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যক্ষ (Director General of Archaological Survey) স্যার জন মার্শালের দৃষ্টি আকর্ষণ করে। ১৯১৭ সালের জুলাই মাসে রমাপ্রসাদ সরকারি বৃত্তি পেয়ে খনন কার্য সম্পর্কে অভিজ্ঞতা ও শিক্ষা লাভের জন্য তক্ষশিলা, মথুরা ও সারনাথ প্রভৃতি প্রাচীন নগরীর ধ্বংসাবশেষ খনন কার্যে যোগ দেন।[৩৬] তিনি রাজশাহী ছেড়ে গেলেও বরেন্দ্র অনুসন্ধান সমিতির সাথে নিরন্তর যোগাযোগ অক্ষুণ্ন রাখেন। নতুন শিক্ষা ও অভিজ্ঞতার আলোকে রমাপ্রসাদ বহু মূল্যবান জ্ঞাতব্য তথ্য সম্বলিত ভারতের প্রাচীন ইতিহাস ও শিল্পকলা সম্বন্ধে অনেকগুলো প্রবন্ধ ও পুস্তিকা রচনা করেন। এর কয়েকটি '*Memoirs of the Archaeological Survey of India*'-এই গ্রন্থমালায় প্রকাশিত হয়। বস্তুত এই শিক্ষানবীশকালে রচিত 'সাঁচীস্তূপের লিপির কালনির্ণয়' *(Date of the Votive Inscriptions on the Stupas at Sanchi)* পুস্তিকাখানি এই সুপ্রসিদ্ধ গ্রন্থমালার প্রথম গ্রন্থরূপে প্রকাশিত হয়। এ গ্রন্থমালার অন্তর্ভূক্ত নিম্নলিখিত পুস্তিকাগুলিও তাঁর পাণ্ডিত্যের *পরিচায়ক*-১. *Archaeology and Vaishnava Traditions*, ২. *The beginnings of Art in Eastern India*, ৩. *The Indus Valley in the Vedic Period*, ৪. *Survival of the Pre-historic Civilization of the Indus Valley এবং* ৫. *Explorations of Orissa*. তাঁর বিখ্যাত প্রবন্ধগুলোর মধ্যে- *Mathura School of Sculpture, The Svetamvara and Digamvara Image of the Jainas, Art in Orissa, Notes on the Ancient Monuments of Mayurbhanj* প্রভৃতি উল্লেখযোগ্য।[৩৭] ময়ূরভঞ্জ রাজসরকারের আমন্ত্রণে রমাপ্রসাদ ঐ অঞ্চলে প্রত্নতাত্ত্বিক অনুসন্ধান ও উৎখনন কার্য পরিচালনা শেষে রাজধানী খিচিং শহরে একটি মিউজিয়াম প্রতিষ্ঠা করেন।[৩৮] সিন্ধুনদের উপত্যকায় মহেঞ্জোদারো ও হরপ্পায় প্রাপ্ত ভারতের সর্বপ্রাচীন মুদ্রা, মুর্তি ও অন্যান্য দ্রব্যের প্রদর্শনী যখন দিল্লীতে অনুষ্ঠিত হয়, তখন স্যার জন মার্শাল রমাপ্রসাদ চন্দের উপর এগুলোকে কালানুক্রমিক সাজানোর ভার দেন। এ সময় ধ্যানরত একটি মুর্তি রমাপ্রসাদের দৃষ্টি আকর্ষণ করে এবং মুর্তিটি যে হিন্দুশাস্ত্রে বর্ণিত অর্ধ-উন্মিলিত নাসিকার অগ্রভাগ-বদ্ধ নয়নযুগল যোগীর প্রতিকৃতি তা তিনি নির্ণয় করে প্রাচীন যোগশাস্ত্রের সাথে এর সম্বন্ধ স্থাপনের চেষ্টা করেন। তিনি এর উপর একটি বিশদ প্রবন্ধ রচনা করে সমকালীন ঐতিহাসিকদের দৃষ্টি আকর্ষণ করেন।

১৯৩৪ সালে রমাপ্রসাদ ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের বম্বে অধিবেশনে নৃতত্ত্ব বিভাগের সভাপতি নির্বাচিত হন। সভাপতির ভাষণে তিনি জীবনব্যাপী নৃতত্ত্ব ও প্রাচীন ভারতের সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাসের অধ্যয়ন ও গবেষণার ফলশ্রুতি স্বরূপ কয়েকটি মৌলিক সিদ্ধান্তের অবতারণা করেন। তিনি বলেন যে, হিন্দুধর্মের অন্তর্গত যৌগিক পদ্ধতি ও তপস্যা, শৈব ধর্মমত প্রভৃতি প্রাক-আর্যযুগের। তাঁর মতে, ভারতবর্ষে আর্য আগমনের এবং বেদ রচনার পূর্বেই সিন্ধুনদীর উপত্যকায় খ্রিস্টজন্মের তিন সহস্র বর্ষ পূর্বে ভারতীয় সংস্কৃতি ও সভ্যতার অভ্যুদয় হয়।[৩৯] পরে আর্যরা ভারতে এসে এর পরিবর্তন ও পরিবর্ধন করেন যা বৈদিক হিন্দুধর্ম নামে পরিচিত। রমাপ্রসাদ চন্দের এই মতবাদের প্রকৃত মূল্যায়ন এখনও হয়নি। তবে পরবর্তীকালে নানা বেদ-বিরোধী এমনকি পৌরাণিক ধর্মে যে বৈদিক সাহিত্য হতে স্বাতন্ত্র্য দেখা যায় সে সম্বন্ধে রমাপ্রসাদ চন্দের গবেষণা যে নতুন দিক-নির্দেশনা দেয় তাতে কোন সন্দেহ নেই।

**গবেষণার বর্ণনা ও বিশ্লেষণের ধরণ**

ইতিহাস অধ্যয়ন ও অনুশীলনের ভিতর দিয়ে প্রত্যেক গবেষকের বিষয় উপস্থাপনার নিজস্ব দৃষ্টিভঙ্গির বহি:প্রকাশ ঘটে। রমাপ্রসাদ চন্দের ইতিহাস গবেষণার প্রধান বৈশিষ্ট্য হলো ঐতিহাসিক সত্যের অনুসন্ধান এবং মূল তথ্যের ভিত্তিতে প্রকৃত ইতিহাস উদ্ঘাটন। ফলে ইতিহাস রচনায় তাঁর ধরণটি ছিল বর্ণনামূলক। বস্তুতপক্ষে অত্যন্ত সরলভঙ্গিতে ইতিহাসের বিষয় পাঠকের বোধগম্য করার ক্ষেত্রে তিনি ছিলেন সিদ্ধহস্ত। *'বাঙ্গালার সভ্যতার প্রাচীনতা এবং বাঙ্গালীর উৎপত্তি'* প্রবন্ধে রমাপ্রসাদ লিখেছেন :[৪০]

> 'জাতিবিশেষের উৎপত্তি এবং প্রাগৈতিহাসিক যুগের সভ্যতা জাতিবিজ্ঞানের (Ethnology) আলোচ্য বিষয়। জাতিবিজ্ঞান বিজ্ঞানশ্রেণীর মধ্যে সর্বকনিষ্ঠ। জাতিবিজ্ঞানের এখনও এমন দিন আসে নাই যে, তাহার সিদ্ধান্তকে অভ্রান্তসূত্ররূপে (text) লইয়া, সমাজসংস্কারক বা ধর্মসংস্কারক (Sermon) উপদেশ দিতে পারেন। জাতিবিজ্ঞান সম্বন্ধে যত প্রমাণ পাওয়া যাইতে পারে, তাহাতে অতি অল্পাংশমাত্রই সংগৃহীত হইয়াছে। এই অল্প প্রমাণের উপর চূড়ান্ত সিদ্ধান্ত স্থাপন অসম্ভব। সংগৃহীত প্রমাণগুলিকে একত্র সাজাইয়া ভারী অনুসন্ধানের পথ সুগম করিবার জন্য একটা সিদ্ধান্ত করা আবশ্যক মনে করিয়াই জাতিতত্ত্ববিদ্‌গণ তাহার সূচনা করিয়া থকেন। কিন্তু এই সকল সিদ্ধান্ত স্বভাবতঃই অস্থায়ী। সুতরাং ইহা লইয়া কর্ম্মক্ষেত্রে উল্লাস বা অবসাদ উপস্থিত হইতে পারে না।'

'প্রবাসী, ১৩৩৯, কার্তিক সংখ্যায় রমাপ্রসাদ *'দুর্গোৎসব'* প্রবন্ধে লিখেছেন :[৪১]

> 'দুর্গার স্বরূপ কল্পনায় এবং দুর্গাপূজা-পদ্ধতিতে নানা প্রকার উপাদানের মিশ্রণ দেখিয়া অনুমান হয়–দুর্গোৎসব অতি প্রাচীন অনুষ্ঠান। সম্ভবতঃ তামসী পূজায় এই উৎসবের সূত্রপাত এবং সাত্ত্বিকী পূজায় ইহার চরম পরিণতি। একদিকে শারদোৎসব এবং আর একদিকে দেবী মাহাত্মের উন্নতভাব, পাশাপাশি রাখিয়া বিচার করিলে এই দুর্গোৎসব মানবের সভ্যতার ইতিহাসের প্রায় আগাগোড়ার নিদর্শন একত্র দেখিতে পাওয়া যায়।'

বস্তুত, রমাপ্রসাদ চন্দের ইতিহাস বর্ণনা ও পর্যালোচনা তাঁর অনুসন্ধান ও গবেষণার মূল বিষয়ের সাথে সঙ্গতিপূর্ণ। ইতিহাস গবেষণা, বিশ্লেষণ ও উপলব্ধির মধ্যে অপূর্ব সমন্বয় ঘটেছে তাঁর বর্ণনায় ও উপস্থাপনায়। রমাপ্রসাদ চন্দ রচিত গ্রন্থাবলি ও বিভিন্ন সময়ে সাময়িকপত্রে প্রকাশিত রচনাসমূহ নিম্নরূপ:

**ক. গ্রন্থাবলি :**

১. *গৌড়রাজমালা*, শ্রী অক্ষয়কুমার মৈত্রেয় সম্পাদিত, বরেন্দ্র অনুসন্ধান সমিতি, রাজশাহী, ১৩১৯ (১৯১২ খ্রি.)

২. *The Indo Aryan Races*, Varendra Research Society, Rajshahi, 1916 (Reprinted by 'Indian Studies : Past & Present', 1969.)

৩. *Mediaval Indian Sculpture in the British Museum* (With an introduction by R. L. Hobson C. B) Kegan Paul Trench Trubner & Co. Ltd, London, 1936.

৪. *ইতিহাসে বাঙ্গালী*, রমেশচন্দ্র মজুমদার কর্তৃক লিখিত মুখবন্ধ সম্বলিত, কেপি বাগচী অ্যান্ড কোম্পানী, কলকাতা, ১৯৮১।

**খ. পুস্তিকাবলি :**

১. *Dates of the Votive Inscriptions on the Stupas of Sanchi* (Memoir No. 1), Archaeological Survey of India, 1919.

২. *Archaeology and Vaishnava Tradition* (Memoir No. 5), Archaeological Survey of India, 1920.

৩. *The Beginnings of Art in Eastern India with Special reference to the sculpture in the Indian Museum* (Memoir No. 30), Archaeological Survey of India, 1927.

৪. *The Indus Valley in the Vadic Period* (Memoir No. 31), Archaeological Survey of India, 1926.

৫. *Survival of the Pre-Historic Civilization in the Indus Valley* (Memoir No. 41), Archaeological Survey of India, 1927.

৬. *Exploration in Orissa* (Memoir No. 44), Archaeological Survey of India, 1930.

৭. *ভূমিকা-ধর্মচক্র*, সারনাথ বিবরণ গ্রন্থে, শ্রীভবতোষ মজুমদার প্রণীত, ভারত সরকার প্রকাশন, ১৯২৭।

**গ. পত্র-পত্রিকা :**

বিশ শতকের প্রথম দশকে কলকাতার ইংরেজি '*Dawn*' পত্রিকায় রমাপ্রসাদের ইতিহাস বিষয়ক বেশ কয়েকটি প্রবন্ধ প্রকাশিত হয়। যার মধ্যে ছিলঃ

1. *Some forgotten chapters of early Indian History (July, 1900),*
2. *The Middle Ages in India : A History of the People (February & March, 1901),*
3. *Early History of Mewar in the hight of recent Researches (October, 1901),*
4. *Rana Kumbha : A Study from original sources (April, June & July, 1902),*
5. *Aryan Migration into Bengal (March, 1904), Four Ancient yaksha Image (March, 1904)* প্রভৃতি।

পরে বসুমতি, প্রবাসী, সাহিত্য, ভারতবর্ষ, মানসী ও মর্মবাণী, মাহিষ্য সমাজ, উদয়ন, প্রতিভা, ভারতী, The Mordern Review, Indian Historical Quarterly, Indian Antiquary, The Statesman, East and West, Journal of the Bihar and Orissa Research Society, Rupam প্রভৃতিতে তাঁর জ্ঞানগর্ভ প্রায় শতাধিক রচনা প্রকাশিত হলে ঐতিহাসিক হিসেবে সুধী মহলে পরিচিত হয়ে উঠেন। এছাড়া '*Bhanja Dynasty of Mayurbhanj and their (its) capital*' নামক একখানি গ্রন্থ ১৯২৯ সালে উড়িষ্যার ময়ূরভঞ্জ দরবার থেকে প্রকাশ করেন। রমাপ্রসাদ শেষ জীবনে '*Selection from official Letters and Documents Relating to the life of Rammohan Roy*' শীর্ষক একখানি গ্রন্থ সম্পাদনার কাজ শেষ করেন। গ্রন্থখানি ১৯৩৮ সালে প্রকাশিত হয়। রাজা রামমোহন রায়ের সমস্ত দলিল-দস্তাবেজ ও পত্রাবলির উপর তিনি একটি পূর্ণাঙ্গ ডকমেন্টারি গ্রন্থ লিখতে চেয়েছিলেন কিন্তু মৃত্যু তাঁকে সে সময় আর দেয়নি। রমাপ্রসাদ চন্দের অন্যান্য পত্র-পত্রিকায় প্রকাশিত রচনার তালিকা নিম্নরূপ :

**বঙ্গীয় সাহিত্য সম্মেলন :**

'*বাঙ্গালী তত্ত্ব*', দ্বিতীয় অধিবেশন, রাজশাহী, মাঘ, ১৩১৫।

'*জাতিতত্ত্ব–আলোচনা*', তৃতীয় অধিবেশন, ভাগলপুর, ফাল্গুন, ১৩১৬।

'*মূর্তি ও মন্দির*', পঞ্চদশ অধিবেশন, রাধানগর, ১৩৩১।

'*নিবেদন*', অভ্যর্থনা সমিতির সভাপতির ভাষণ, ষোড়শ অধিবেশন, বিক্রমপুর, ১৩৩২।

**সাহিত্য পত্রিকাঃ**

'*বরেন্দ্র অনুসন্ধান*', অগ্রহায়ণ, ১৩১৭।

'*শবরস্বামী ও তাহার যুগ*', জ্যৈষ্ঠ ১৩১৮।

'*বরেন্দ্র অনুসন্ধান*' *(দ্বিতীয় প্রস্তাব)*, কার্তিক, ১৩১৮।

'*আর্য*', শ্রাবণ ও পৌষ, ১৩১৯।

'*নিষাদ*', জ্যৈষ্ঠ, ১৩২০।

'*ত্রয়োদশ শতাব্দে পশ্চিম কামরূপ*', শ্রাবণ, ১৩২০।

'*প্রকৃতি ও পাশ্চাত্য চিত্রকলা*', অগ্রহায়ণ, ১৩২০।

'*রবীন্দ্র কাব্য রহস্য*', পৌষ, ১৩২০।

'*বৌদ্ধধর্ম ও মৌর্যশিল্প*', শ্রাবণ, ১৩২১।

'*বাঙ্গালার সভ্যতার প্রাচীনতা এবং বাঙ্গালীর উৎপত্তি*', অগ্রহায়ণ, ১৩২১।

'*ক্ষত্রপ কর্ণসেন*', পৌষ, ১৩২১।

'*আদিশূর*', মাঘ, ১৩২১।

'*সীতারাম প্রসঙ্গ*', জ্যেষ্ঠ, ১৩২৩।

'*ঋষি ও কবি*', ভাদ্র, ১৩২৩।

'*নবাবী আমলে বাঙ্গলার জমিদার*', মাঘ, ১৩২৩।

**প্রবাসী :**

'*মূর্তি সংগ্রহ*', কার্তিক, ১৩২০।
'*ভারতের প্রাচীন চিত্রকলা*', অগ্রহায়ণ, ১৩২০।
'*পুনরাবৃত্ত আলোচনা*', আষাঢ়, ১৩২২।
'*গৌতমবুদ্ধের ধর্ম*', শ্রাবণ, ১৩২২।
'*কপিলবস্তু না কাপিলবস্তু*', অগ্রহায়ণ, ১৩২২।
'*গৌড়ের অধঃপতন*', বৈশাখ, ১৩৩৩।
'*হজরৎ মোহম্মদ ও মোসলেম জগতের ইতিহাস*', আষাঢ়, ১৩৩৩।
'*রাখালদাস বন্দোপাধ্যায়*', শ্রাবণ, ১৩৩৭।
'*গ্রীকের ও হিন্দুর বিদ্যার আদান প্রদান*', ফাল্গুন, ১৩৩৮।
'*কামরূপ রাজমালা*', বৈশাখ, ১৩৩৯।
'*সংখ্য ও যবন দর্শন*', আষাঢ়, ১৩৩৯।
'*গ্রীক জন্মান্তরবাদের উৎপত্তি*', শ্রাবণ, ১৩৩৯।
'*শশাঙ্কের কলঙ্ক–রাজ্যবর্ধন হত্যা*', আশ্বিন, ১৩৩৯।
'*দুর্গোৎসব*', কার্তিক, ১৩৩৯।
'*হিন্দুর অধঃপতন*', মাঘ, ১৩৩৯।
'*দশভূজা*', বৈশাখ, ১৩৪০।
'*অতীত ও ভবিষ্যৎ*', জ্যৈষ্ঠ, ১৩৪০।
'*শতবর্ষ পরে*', কার্তিক, ১৩৪০।
'*হিন্দু ভদ্রলোকের ভবিষ্যৎ*', অগ্রহায়ণ, ১৩৪০।
'*ভদ্রলোকের কর্তব্য*', মাঘ, ১৩৪০।
'*বিক্রমপুর একালে ও সেকালে*', ফাল্গুন, ১৩৪১।
'*কলিকাতায় রাজা রামমোহন*', জ্যৈষ্ঠ ও শ্রাবণ, ১৩৪৩।
'*রাজা রামমোহন রায়ের জীবন চরিতের উপাদান*', আশ্বিন, ১৩৪৩।
'*মাতাপুত্র*', অগ্রহায়ণ ও মাঘ, ১৩৪৩।
'*গোবিন্দ প্রসাদ রায়ের দাবী*', পৌষ, ১৩৪৩।
'*সত্য গোপন*', মাঘ, ১৩৪৩।
'*নন্দকুমার বিদ্যালঙ্কার*', ফাল্গুন, ১৩৪৩।
'*রাজা রামমোহন রায়ের অপবাদ*', পৌষ, ১৩৪৪।
'*রাজা রামমোহন রায়ের জীবনে পাশ্চাত্য বিদ্যাচর্চ্চার ফল*', ভাদ্র, ১৩৪৫।
'*কাব্য বিচার*', পৌষ, ১৩৪৮।

**মানসী :**

*'বিলাত যাত্রা'*, পৌষ ১৩২১,
*'আদিশূর'*, মাঘ, ১৩২১।

**ভারতী :**

*'বাংলার ইতিহাসের উপাদান'*, মাঘ ১৩২২।

**মানসী ও মর্মবাণী :**

*'বাঙ্গালীর উৎপত্তি'*, ফাল্গুন ১৩২২-২৩।
*'ইতিহাস'*, আশ্বিন ১৩২৪।
*'রামেন্দ্র সুন্দর ত্রিবেদী'*, আষাঢ় ১৩২৫-২৬।
*'ভগবান বাসুদেবের মহাস্থান'*, চৈত্র ১৩২৬।
*'বাঙ্গালার প্রাচীন ইতিহাস'*, বৈশাখ ১৩২৭।
*'নবশিক্ষা বিধান'*, মাঘ ১৩২৭।
*'নবশিক্ষার বাধাবিঘ্ন'*, ফাল্গুন ১৩২৭।
*'সাহিত্য সেবা'*, চৈত্র ১৩২৭।
*'নবশিক্ষা বিধান কৈফিয়ৎ'*, জ্যৈষ্ঠ ১৩২৮।
*'আলোচনা–নবশিক্ষা বিধান কৈফিয়ৎ'*, শ্রাবণ ও ভাদ্র ১৩২৮।
*'মূর্তি ও মন্দির'*, বৈশাখ ১৩৩১।
*'বঙ্কিমচন্দ্র ও বাঙ্গালার ইতিহাস'*, আষাঢ় ও শ্রাবণ ১৩৩১।
*'নিবেদন'*, বৈশাখ ১৩৩২।
*'ভূত ও বর্তমান (ইতিহাস)'*, জ্যৈষ্ঠ ১৩৩৪।

**প্রতিভা :**

*'একান্নপীঠ'*, আশ্বিন-কার্তিক ১৩২৩,
*'ভাষার কুলজী ও জাতীয় কুলজী'*, জ্যৈষ্ঠ-আষাঢ় ১৩২৬,

**মাহিষ্য সমাজ :**

*'দিব্য প্রসঙ্গ'*, ২৯ ভাগ।
*'বঙ্কিমচন্দ্র'*, কলিকাতা ইউনিভার্সিটি ইনষ্টিটিউট হলে ১৯ আগস্ট ১৯২৩ সালে পঠিত।

**মাসিক বসুমতি :**

*'বিক্রমপুরে চিত্তরঞ্জন'*, আষাঢ় ১৩৩২,
*'বঙ্গ.. (আলোচনা)'*, মাঘ ১৩৩৯,

'*শরৎবাবুর স্বদেশ ও সাহিত্য (আলোচনা)*', বৈশাখ ১৩৪০,
'*মানব ধর্মের মর্মকথা (সমালোচনা)*', জ্যৈষ্ঠ ১৩৪০,
'*মানব সত্যে ভুল*', আষাঢ় ১৩৪০,
'*সীমার মধ্যে অসীমের পালা*', শ্রাবণ ১৩৪০,
'*সাহিত্য ও সমাজ (আলোচনা)*', জ্যৈষ্ঠ ১৩৪২,
'*ভগবদ গীতা ও বাংলার প্রেমধর্ম*', আষাঢ় ১৩৪২,
'*কর্তার ইচ্ছায় কর্ম (আলোচনা)*', কার্তিক ১৩৪৪,
'*বঙ্কিমচন্দ্র ও রাষ্ট্রীয় জীবন*', কার্তিক ও মাঘ ১৩৪৫,

**বার্ষিক বসুমতি :**

'*লিঙ্গরাজ (সচিত্র)*', ১৩৩৩।

**উদয়ন :**

'*ত্যাগের জয়*', পৌষ ১৩৪০,
'*বাঙ্গলার বৈষ্ণব ধর্ম*', পৌষ ১৩৪১।

**ভারতবর্ষ :**

'*শ্রীচৈতন্যের সময়ে নবদ্বীপের স্থিতিস্থান (প্রাচীন ম্যাপসহ)*', ভাদ্র ১৩৪১।

**East and West :**

'*Earlier and Later Indo-Aryan migrations*', October, 1904.
'*Race and Caste*', November & December, 1904.
'*India and Babyfouia*', August, 1905.
'*The study of Indian social history*', June, July & August, 1906.
'*The Origin of the Bengali people*', April & May, 1907.
'*The Hindus and the non-Hindus*', November, 1908.
'*Brahmavadini*', July, 1909.
'*Widow re-marriage in Bengal*', August, 1909.

**Journal of Asiatic Society, Calcutta :**

'*Dinajpur pillar inscription*', September, 1911.

**Indian Antiquary :**

'*The age of Sriharsa*', *Vol. 42*, 1913.
'*Inscription on two Patna statues in the Indian Museum*', March, 1919.

‘*Date of Kharavela Date of Kharavela Date of Kharavela*’, November, 1919.

**The Statesman :**

‘*Zorostrianism and Buddhism*’, a lecture delivered at the Calcutta University Institute on March 10; Hon’ble Dr. P.C. Lyon presided, March 11, 1916.

**Nature :**

‘*Alpine strain in Bengali people*’, 1917.

**Epigraphia Indica :**

‘*Some unpublished Amaravati inscriptions*’, *Vol. 15*, 1919-20.

**Journal of the Royal Asiatic Society, London :**

‘*Taxila inscriptions of the year 136*’, 1920.

**Journal of the Dept. of letters, Calcutta University :**

‘*Mediaval sculpture in Eastern India*’, 1920.
‘*Four ancient Yaksha statues*’, 1921.
‘*Races of India*’, 1922.

**Annual Reports of the Archaeological Survey of India :**

‘*The Visvantara Jataka at Bharhut*’, 1921-22.
‘*The Mathura school of sculpture*’, 1922-23.
‘*The Lingaraja or the great temple of Bhubaneswara*’, 1923-24.
‘*The Svetambara and Digambara image of the Jains*’, 1925-26.
‘*Excavations at Sarnath*’, 1927-28.

**The Modern Review :**

‘*Inter-caste marriage in Buddhist India*’, June, 1919.
‘*Hindu Parliament and Saisunaka statues*’, March, 1920.
‘*The scope and methods of anthropology*’, August, 1920.
‘*Annual bibliography of Indian archaeology*’, January, 1932.
‘*Sind five thousand years ago*’, August 1932.
‘*The Brahmanic sculpture of the Gupta period*’, January, 1933.
‘*Mahatma Gandhi on the morality of threatening suicide*’, December, 1933.
‘*Election of two of the early kings of Bengal*’, March, 1935.

‘*Hinduism and the untouchables*’, January, 1936.

‘*The Indian Union, the Mughal empire and the Maratha State*’, July, 1942.

‘***Catalogue of the Museum of Archaeology at Sanchi***’, Bhupal, 1922, with M. M. Hamid and R. C. Kak.

**Journal of the Bihar and Orissa Research Society :**

‘*Notes on the discovery of Neolithic writing in India*’, 1923.

‘*Dates of Sanchi inscription*’, 1925.

‘*Notes from the Madala Panji-Muhammedan conquest of Orissa*’, 1927.

‘*Notes on the ancient monuments of Mayurbhanj*’, 1927.

**Rupam :**

‘*Beginning of the Sikhara of the Nagara (Indo-Aryan) temple*’, No. 17, 1924.

‘***Notes on prehistoric antiquities from Mohenjodaro***’, Calcutta, 1924, refered to in Coomaraswamy’s History of Indian and Indonesian Art, Bibl 3.

‘***Bhanja dynasty of Mayarbhanj and their ancient capital Khiching***’, 1929, published by the Archaeological Dept. of the Mayurbhanj State.

**Indian Historical Quarterly :**

‘*Pushyamitra and the Sunga empire*’, 1929.

‘*The hair and the ushnisha on the head of Buddhas and Jinas*’, 1931.

**21st Indian Science Congress :**

*Pres. address*, *Anthoropological Sect.* ‘*Sramanism*’, Sect. VIII, of the proceedings.

‘***Sree Chaitanyas birthplace, a lecture delivered at Gauriya Math***’, Calcutta on May 6, 1934.

‘***Anthropology and Ethnology***’**,** First International Congress of Science, London, 1934 : ‘*Race and cult in India*’ procidings.

**Journal of the Royal Society of Arts :**

‘*Arts in Orissa*’, *Vol. 82*, 1934.

**Science and Culture :**

'*Aryan, Indo-Aryan and Dravidian*', June, 1935.

'*Origin of caste code*', June, 1936.

'*Harappa*', January, 1941.

'*Medieval Indian Sculpture in the British Museum*, *a monograph*', London, 1936.

'***Three small brass images from the Chittagong district***', Year Book of the Asiatic Society Society, Calcutta, 1937.

'***Selections from official letters and documents relating to the life of Raja Rammohon Roy***', ***Vol. I***, Calcutta, 1938, Edited jointly with J. K. Majumdar and with an Introductory Memoir.

**ইতিহাসের উপাদান ও প্রয়োগ**

একজন ঐতিহাসিকের কাছে ইতিহাস গবেষণায় উৎস, উপাদানের গুরুত্ব অপরিসীম। কিন্তু তথ্য আবিষ্কার এবং তথ্য নির্বাচন করেই ইতিহাসবিদের দায়িত্ব শেষ হয়ে যায় না। তথ্য উপস্থাপনার মধ্যদিয়ে ঐতিহাসিক সমাজবদ্ধ মানুষের জীবন ব্যাখ্যা করেন। এই ব্যাখ্যার দুটি দিক থাকে, একটি যুক্তির অন্যটি কল্পনার।[৪২] ইতিহাস শাস্ত্রের নৃতাত্ত্বিক ভিত্তি নির্ধারণ এবং ইতিহাস ও নৃতত্ত্বের মধ্যে আন্তঃসম্পর্ক স্থাপন রমাপ্রসাদের ইতিহাস ভাবনার একটি প্রধান বৈশিষ্ট্য। বস্তুত উনিশ শতকের মাঝামাঝি থেকে রাজেন্দ্রলাল মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রজনীকান্ত গুপ্ত, রমাপ্রসাদ চন্দ প্রমূখ পণ্ডিত ও ঐতিহাসিকদের অনুসন্ধান এবং গবেষণায় বাংলা ও ভারতবর্ষের জাতিতাত্ত্বিক ভিত্তি নির্ধারণের একটি প্রয়াস লক্ষ্য করা যায়।[৪৩] এ বিষয়ে রমাপ্রসাদ সমসাময়িক ইতিহাস গবেষকদের চেয়ে অগ্রগামী ছিলেন। তাঁর লেখা *গৌড়রাজমালা*, *Indo-Aryan Races*, *Memoirs of the Archaeological Survey of India*, *Archaeology and Vaishnava Traditions*, *The beginnings of Art in Eastern India*, *The Indus Valley in the Vedic Period*, *Survival of the Pre-historic Civilization of the Indus Valley* এবং *Explorations of Orissa* ইত্যাদি গ্রন্থগুলোতে এবং বেশকিছু প্রবন্ধে নৃতাত্ত্বিক আলোচনা স্থান পেয়েছে। বিশেষ করে *Indo-Aryan Races* গ্রন্থটির পুরো অংশ জুড়ে রয়েছে ভারতবর্ষের বিভিন্ন জাতি ও তাদের ভাষার বিভিন্ন দিক নিয়ে আলোচনা।

ভারত ও বাংলার ইতিহাসের উপাদান বহু বিচিত্র ধরনের। রমাপ্রসাদ চন্দ তাঁর গবেষণাকর্মে প্রধানত তিনটি ধারা থেকে ইতিহাসের উপাদান সংগ্রহ করেছেন। প্রথমত, প্রত্নতাত্ত্বিক উৎস (শিলালিপি, তাম্রশাসন, মুদ্রা, স্থাপত্য নিদর্শন প্রভৃতি), দ্বিতীয়ত, প্রাচীন গ্রন্থ ও সাহিত্য (বেদ, পুরাণ, সমকালীন ইতিহাস ও সাহিত্য বিষয়ক গ্রন্থরাজি) এবং তৃতীয়ত, নৃতাত্ত্বিক উৎস। ইতিহাসের বিভিন্ন শাখায় রমাপ্রসাদ সমতালে বিচরণ এবং বহুমুখী উৎস, উপাদান প্রয়োগে তিনি নিরলস পরিশ্রম করতেন। বাংলা ও ইংরেজি ভাষা ছাড়াও সংস্কৃত ভাষায় রমাপ্রসাদ সুপণ্ডিত ছিলেন। প্রাচীন সংস্কৃত লিপির পাঠোদ্ধারে তিনি ছিলেন দক্ষ। প্রত্যক্ষভাবে পর্যবেক্ষণ করে ইতিহাসের তথ্য উদ্ধারকল্পে তিনি সমগ্র ভারতের বিভিন্ন

অঞ্চলে ইমারত, মন্দির, মসজিদ, প্রাচীন শহর, ধ্বংসস্তুপ, ভাস্কর্য প্রভৃতি পরিদর্শন করেছেন এবং অসংখ্য শিলালিপি, তাম্রলিপি স্বচক্ষে প্রত্যক্ষ করেছেন। ইতিহাসের তথ্য প্রয়োগে রমাপ্রসাদ ছিলেন অত্যন্ত সতর্ক। প্রাপ্ত প্রতিটি তথ্যকে যুক্তি দিয়ে তুলনামূলক বিশ্লেষণ করে, যাচাই বাছাই করে গ্রহণ করেছেন। প্রত্নতাত্ত্বিক নিদর্শন বিশ্লেষণ করে তিনি সমকালীন শাসকদের শাসনকাল, আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের প্রয়াস চালিয়ে রচনা করেন গৌড়রাজমালা গ্রন্থ। বাঙালি জাতির উৎপত্তি সম্পর্কে রমাপ্রসাদ বিভিন্ন গ্রন্থরাজি অধ্যয়ন করে ও বিজ্ঞানসম্মত পদ্ধতিতে প্রয়োজনীয় যন্ত্রপাতির সাহায্যে মানুষের মাথার দৈর্ঘ্য-প্রস্থের মাপ, চুলের রং এবং দেহের নানা অংশ পরীক্ষা করে ভারতীয় মানবগোষ্ঠীর বিভক্তিকরণের কাজ সম্পন্ন করেছিলেন। রমাপ্রসাদ বৈদিক ও পৌরাণিক সাহিত্যের বিবরণও এ ক্ষেত্রে প্রয়োগ করেছিলেন। তিনি ইউরোপীয় ঐতিহাসিকদের রচিত গ্রন্থ ও উদ্ধৃতি ব্যবহার করে যুক্তিনির্ভর ইতিহাস রচনায় আত্মনিয়োগ করেন।

### ইতিহাস চিন্তা, চিন্তাগত প্রভাব ও দৃষ্টিভঙ্গি

আর্থ-সামাজিক ইতিহাস নিয়ে গবেষণা, ক্ষেত্রানুসন্ধান, ক্ষেত্রীয় প্রত্নতত্ত্বে মনোনিবেশ, ঐতিহাসিক স্থানে উৎখনন পরিচালনা, শিলালিপি ও মুদ্রার পাঠোদ্ধার, স্থাপত্যকলা, ভাস্কর্য শিল্প নিয়ে ভাবনা প্রভৃতি বহুমাত্রিক ধারায় পরিচালিত ইতিহাস গবেষণা ও অনুসন্ধানের মধ্যদিয়ে গড়ে উঠেছিল রমাপ্রসাদ চন্দের ইতিহাস দৃষ্টি ও দর্শন। সমকালীন ইতিহাস ও প্রত্নতাত্ত্বিক গবেষণা এবং বিদ্বৎ সমাজের ভাবনা তাঁর মানসলোকের উপর প্রভাব বিস্তার করেছিল। বিদ্যালয়ের শিক্ষকতাকালীন বরেন্দ্র অনুসন্ধান সমিতির সাথে সম্পৃক্ত থেকে রমাপ্রসাদ ইতিহাস চর্চায় নিজেকে আকণ্ঠ নিমজ্জিত রাখেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতীয় ইতিহাস ও সংস্কৃতি ও পরে নৃতত্ত্ব বিভাগে যোগদান এবং পুরাতত্ত্ব বিভাগের চাকুরি তাঁর ইতিহাস চর্চার ভিতকে মজবুত করে তোলে। আমৃত্যু নৃতত্ত্ব ও ইতিহাস চর্চায় তিনি জীবন উৎসর্গ করেছিরেন। বাংলার ইতিহাস সম্পর্কিত বঙ্কিমচন্দ্রের রচনাবলিই রমাপ্রসাদকে ইতিহাসচর্চায় উদ্বুদ্ধ করে এবং ঐতিহাসিক হিসেবে প্রতিষ্ঠিত হতে পরোক্ষ প্রেরণা জোগায়। এ সময় তিনি 'হিন্দুর অধঃপতন' সম্পর্কিত একটি প্রবন্ধ রচনা করেন। এতে তিনি প্রতিপন্ন করার চেষ্টা করেন যে, বিভিন্ন জাতি ও বর্ণের সংমিশ্রণই হিন্দু জাতির অধঃপতনের মূল কারণ। লেখাটি প্রকাশের জন্য তিনি ভাওয়াল রাজের কর্মচারি এবং পূর্ববঙ্গের ব্রাহ্ম যুবকদের মুখপত্র *'শুভ সাধিনী'* এবং *'বান্ধব'* পত্রিকার সম্পাদক কালীপ্রসন্ন ঘোষের কাছে পাঠান। কালীপ্রসন্ন ঘোষ লেখাটি না ছাপিয়ে বরং তার সাথে আরও কিছু সন্নিবেশ করার পরামর্শ দেন।[৪৪] ঐতিহাসিক হিসেবে প্রতিষ্ঠা পাবার পর রমাপ্রসাদ ঐ দুই মনীষী বঙ্কিমচন্দ্র ও কালীপ্রসন্ন ঘোষের কথা অত্যন্ত শ্রদ্ধার সাথে স্মরণ করতেন।

সমকালে ইতিহাস চর্চা হতো প্রাচীন পদ্ধতিতে। পুরনো কাহিনী, উপাখ্যান, বংশাবলি, কুলজি, ঘটকের পুঁথির উপর নির্ভর করে ইতিহাস রচনার সূত্রপাত হয়েছিল। এই ধারার ঐতিহাসিকদের মধ্যে ছিলেন নগেন্দ্রনাথ বসু, হরপ্রসাদ শাস্ত্রী, দীনেশচন্দ্র সেন প্রমূখ। কিছু নবীন ঐতিহাসিক কেবলমাত্র এসব তথ্যের উপর নির্ভর না করে এর সঙ্গে মুদ্রা, শিলালেখ, তাম্রশাসন প্রভৃতির বিচার-বিশ্লেষণ করে ইতিহাস পুনর্গঠনের কাজ শুরু করেছিলেন। এ অভিযাত্রী দলে ছিলেন রমাপ্রসাদ চন্দ এবং তাঁর সুহৃদ অক্ষয়কুমার মৈত্রেয়, রাখালদাস বন্দোপাধ্যায়, রমেশচন্দ্র মজুমদার প্রমূখ।[৪৫] বরেন্দ্র অনুসন্ধান সমিতির অন্যতম সৌখিন পুরাতাত্ত্বিক রমাপ্রসাদের পুরাতত্ত্বের প্রতি যে অদম্য আকর্ষণ ছিল, তা অনেকটাই পূরণ

হয়েছিল জন মার্শালের প্রচেষ্টায় ১৯১৭ সালে। পুরাতত্ত্ব বিভাগের অস্থায়ী চাকুরিতে যোগ দিয়েই পুরাতাত্ত্বিক উৎখননের কাজে অভিজ্ঞতা অর্জন করেন। তক্ষশীলা, মথুরা, সারনাথ নগরীতে কেবলমাত্র উৎখননেই অংশ গ্রহণ করেননি, সেখানে প্রাপ্ত দুর্লভ নিদর্শনগুলো পরীক্ষা-নিরীক্ষারও যথেষ্ট সুযোগ লাভ করেছিলেন। এ সময়েই তিনি মধ্যপ্রদেশের সাঁচী মিউজিয়ামে রক্ষিত প্রত্ন নিদর্শনসমূহের আধুনিক পদ্ধতিভিত্তিক তালিকা প্রণয়ন এবং বৌদ্ধধর্মের অন্যতম প্রাচীন পীঠস্থান সাঁচীর '*ভাটির লেখমালা ও পুরাতত্ত্বে বৈষ্ণব ঐতিহ্য*' বিষয়ে ইংরেজি ভাষায় দু'খানি বিবরণ পুস্তিকা প্রস্তুত করেন। বিবরণ দু'খানি ১৯১৯ এবং ১৯২০ সালে ভারতীয় পুরাতত্ত্ব বিভাগ কর্তৃক প্রকাশিত হয়। *গৌড়রাজমালা* গ্রন্থে রমাপ্রসাদ প্রথম বিস্তারিতভাবে গৌড়রাজ শশাঙ্কের প্রকৃত ইতিহাস তুলে ধরেন। পাল রাজবংশের ইতিহাসের সঠিকতাও তাঁর রচনায় প্রথম উঠে আসে। রমাপ্রসাদের ইতিহাস চর্চা ইতিহাসের উপকরণের মতই মূল্যবান দলিল হিসেবে বিবেচিত।

**সীমাবদ্ধতা**

একজন ঐতিহাসিকের সামগ্রিক কর্মকাণ্ডের মধ্যে তার স্বকীয় চরিত্র ও ব্যক্তিত্বের প্রতিফলন যেমন স্বাভাবিক, তেমনি একটি যুগের সুনির্দিষ্ট আর্থ-সামাজিক পরিমণ্ডলে একজন ঐতিহাসিকের অবস্থান বিধায় যুগধর্মের প্রভাবে আলোড়িত হওয়া অনিবার্য। রমাপ্রসাদের যুগে ভারতবর্ষে চলছিল জাতীয়তাবাদী আন্দোলনের জোয়ার। তিনি এই আন্দোলনের দ্বারা প্রভাবিত হয়েছিলেন। অন্যদিকে চাকুরির সুবাদে এবং জন মার্শালের মত ইংরেজ সিভিলিয়ানের সংস্পর্শে থাকার কারণে ব্রিটিশ শাসনের প্রতি ছিলেন দুর্বল। তাঁর ইতিহাস গবেষণার দিকে লক্ষ্য করলে দেখা যায় যে, প্রাচীন বাংলা ও ভারতের ইতিহাস রচনায় রমাপ্রসাদ চন্দের মনোযোগ কেন্দ্রীভূত ছিল ইতিহাস, পুরাতত্ত্ব, নৃতত্ত্ব, সাহিত্য, শিল্পকলা এবং দর্শনের দিকে। জাতিগত, ধর্মীয় ও সাংস্কৃতিক ইতিহাস তাঁর আলোচনায় প্রাণবন্ত হয়ে উঠেছে। তবে সেন বংশ পর্যন্ত তাঁর ইতিহাস গবেষণা সীমাবদ্ধ রাখার কারণে ইতিহাসের কঙ্কালে স্থানে স্থানে রক্তমাংস সংযোজিত হতে পারেনি, আলোচনা নিরস ও অস্থিসার হয়ে পড়েছে। তাছাড়া বাংলার প্রাচীন ইতিহাস রচনায় রমাপ্রসাদ চন্দ ফার্সি পাণ্ডুলিপি ও সূত্র এবং সাহিত্যের পরিবর্তে মুদ্রা ও শিলালিপির উপর নির্ভর করেছেন। মুসলিম আক্রমণকারীদের কাছে পরাজয় তাঁকে আপাত দৃষ্টিতে ব্যথিত করেছিল। শুধু ইসলামই নয়, একইভাবে বৌদ্ধধর্মের পরিপ্রেক্ষিতেও তিনি ছিলেন নৈষ্টিক হিন্দু। তিনি ব্রিটিশ শাসনকে দেখেছেন শান্তি প্রতিষ্ঠাকারী হিসেবে। ফলে খুব নিরপেক্ষভাবে তিনি ইতিহাস মূল্যায়নে বাধাগ্রস্থ হয়েছেন।

**সামগ্রিক মূল্যায়ন**

অবিভক্ত বাংলায় বিজ্ঞানসম্মত প্রণালীতে ইতিহাস রচনার ক্ষেত্রে রমাপ্রসাদ চন্দ ছিলেন পথিকৃৎ। বিশ শতকের বাঙালি ঐতিহাসিকদের মধ্যে তিনি ইতিহাস গবেষণায় এক নতুন দিগন্তের সূচনা করেন। প্রাচীন মুদ্রা, শিলালেখ, তাম্রশাসন প্রভৃতি বিচার-বিশ্লেষণ করে ইতিহাস পুনর্গঠনে যে ক'জন নবীন ঐতিহাসিক কাজ শুরু করেছিলেন, সেই অভিযাত্রী দলে ছিলেন–কুমার শরৎকুমার রায়, রমাপ্রসাদ চন্দ, অক্ষয়কুমার মৈত্রেয়, রাখালদাস বন্দোপাধ্যায়, রমেশচন্দ্র মজুমদার প্রমুখ। বরেন্দ্র অনুসন্ধান সমিতির সুদীর্ঘ গবেষণার ফসল রমাপ্রসাদ চন্দের '*গৌড় রাজমালা*' গ্রন্থ। সম্ভবত রাজশাহীর ইতিহাস সংক্রান্ত তথ্যভিত্তিক প্রথম ইতিহাস গ্রন্থ এটি।[৪৬] এছাড়া ভারতীয় প্রত্নতত্ত্বের বিশ্লেষণ, সংরক্ষণ ও কাল

বিভাজনের আলোকে ক্যাটালগ তৈরি করে তিনি জন মার্শালের মত ঐতিহাসিকের দৃষ্টি আকৃষ্ট করেছিলেন। খিচিংয়ের শিল্পশৈলীর অনন্য দিকটি ইতিহাসবেত্তা, কলারসিক ও গবেষক মহলে তুলে ধরেছেন রমাপ্রসাদ চন্দ। ক্ষেত্রানুসন্ধান, সর্বক্ষণের উদ্যোগ, মন্দিরের পুনর্নির্মাণ সর্বোপরি একটি উন্নতমানের শিল্পধারাকে শনাক্তকরণের গুরুত্বপূর্ণ কাজটি করেছেন তিনি।[৪৭] সার্বিক কর্মকাণ্ডের বিচারে, পাণ্ডিত্যের মানদণ্ডের আলোকে, কাজের পরিধি ও ব্যাপকতায় রমাপ্রসাদ ছিলেন একজন শ্রেষ্ঠ বাঙালি ঐতিহাসিক। ইতিহাস, পুরাতত্ত্ব, মুদ্রাতত্ত্ব, লেখমালা, শিল্প ও সাহিত্য রচনা প্রভৃতি বহুমাত্রিক পথে পরিচালিত তাঁর কর্মযজ্ঞের মূল উদ্দেশ্য ছিল স্বদেশ ও স্বজাতির অতীত ইতিহাস উদ্ধার, গৌরবময় অতীতকে জাতির সামনে প্রতিষ্ঠা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য দিক নির্দেশনা প্রদান। যদিও আত্মবিস্মৃতি বাঙালির একটি চিরকালিন দুর্ভাগ্য, অন্যথায় এই কৃতি জ্ঞানতাপস বাঙালি জাতির মেধাশক্তির প্রতীক হিসেবে সমাজে স্মরণীয় হয়ে থাকতেন।

---

**তথ্যনির্দেশ:**

১ সিরাজুল ইসলাম সম্পাদিত, *বাংলাপিডিয়া, ৪র্থ খণ্ড*, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০১১, পৃ. ২৩৩।

২ রমাপ্রসাদ চন্দের ভাই নবনীপ্রসাদ চন্দ অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি ১৯১৮ সালে রাজশাহী কলেজ থেকে ইংরেজি সাহিত্যে বি এ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হন। উল্লেখ্য, ঐ পরীক্ষায় তিনি দ্বিতীয় শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে এম এ ডিগ্রি লাভের কয়েক বছর পর তিনি রাজশাহী কলেজে অধ্যাপনা শুরু করেন এবং এই কলেজে কর্মকালীন তিনি এক দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে অবসর গ্রহণ করেন এবং অল্পকাল পরেই তিনি মৃত্যুবরণ করেন।

৩ *বাংলাপিডিয়া, ৪র্থ খণ্ড*, প্রাগুক্ত, পৃ. ২৩৩।

৪ রমাপ্রসাদ চন্দ, *গৌড়রাজমালা*, কমল চৌধুরী সম্পাদিত, দে'জ পাবলিশিং, কলকাতা, ২০০৫, পৃ. ১৩৭।

৫ *বাংলাপিডিয়া, ৪র্থ খণ্ড*, প্রাগুক্ত, পৃ. ২৩৩।

৬ ড. মো. আতাউর রহমান, *বরেন্দ্র গবেষণা জাদুঘর-এর সংক্ষিপ্ত ইতিহাস*, মো. মাহবুবর রহমান সম্পাদিত, *রাজশাহী মহানগরী : অতীত ও বর্তমান, প্রথম খণ্ড*, আইবিএস, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী, ২০১২, পৃ. ৩৩৯।

৭ কাজী মোহাম্মদ মিছের, *রাজশাহীর ইতিহাস, প্রথম খণ্ড*, গতিধারা, ২০০৭, পৃ. ১১০।

৮ মোঃ আতাউর রহমান, *বাংলাদেশে প্রথম গবেষণা জাদুঘর*, ইতিহাস অনুসন্ধান ১৫, ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০০১, পৃ. ৯৫৫; সমীর পাত্র ও শেখর ভৌমিক সম্পাদিত, *অক্ষয়কুমার মৈত্রেয় স্মারক গ্রন্থ*, ইতিহাস বিভাগ, মহিষাদল রাজ কলেজ, আশাদীপ, পূর্ব মেদিনীপুর, কলকাতা, ২০১২, দেখুন, ইন্দ্রজিৎ চৌধুরীর লেখা অক্ষয়কুমার মৈত্রেয়।

৯ রমাপসাদ চন্দ সমিতির জন্মলগ্ন থেকে যতদিন রাজশাহীতে ছিলেন বরেন্দ্র অনুসন্ধান সমিতির সম্পাদক ছিলেন। দেখুন, *বরেন্দ্র অঞ্চলের ইতিহাস, প্রথম খণ্ড*, গতিধারা, ঢাকা, ২০০৯, পৃ. ৪৯৭।

১০ Mukhlesur Rahman, *The Varendra Research Society in Modern Bengal*, edited by S. A. Akanda, IBS Seminar, Rajshahi University, vol. 2, 1978, p. 250.

১১ Firoz Mahmud and Habibur Rahman, *The Museums in Bangladesh*, Bangla Academy, Dhaka, 1987, p. 116.

[১২] বরেন্দ্র জাদুঘরের প্রাচীন নিদর্শন সংখ্যা ৮২৯৬টি। এগুলোর মধ্যে রয়েছে–পাথরের মূর্তি ও ভাস্কর্য ১২০৩টি, ধাতব মূর্তি ৭০টি, কাষ্ঠ নির্মিত মূর্তি ৪টি, কাদামাটির মূর্তি ৪টি, কামান ৪টি, খোদাই করা ইট ২১১টি, পোড়ামাটির ফলক ৪২টি, চকচকে বা কাঁচ বসানো টাইলস ২৯টি, শিলালিপি ১৭টি, টেরাকোটা লিপি ২৩টি, তাম্রফলক ১০টি, দলিল ৪টি (কাগজের), ধর্মীয় কাজে ব্যবহৃত উপকরণ (ধাতব) ১০১টি, অলংকরণ ৫০টি, মুদ্রা ১০০০টি (বিভিন্ন যুগের), পোশাক-পরিচ্ছদ ৪টি, এছাড়া প্রাপ্ত সামগ্রীর মধ্যে আরও ছিল ছাপানো সংস্কৃত পাণ্ডুলিপি ৩৪৪৬টি এবং বাংলা পাণ্ডুলিপি ১২২৩টি বিশেষ উল্লেখযোগ্য। দেখুন, Mukhlesur Rahman, *Sculpture in the Varendra Research Museum A Descriptive Catalogue*, Varendra Research Museum, University of Rajshahi, 1998; *The Varendra Research Museum Lybrary's Accession books-5*, 20.01.2000, Rajshahi.

[১৩] বরেন্দ্র গবেষণা জাদুঘর সূত্রে জানা যায় যে, ড. এম. শমশের আলী, অনারারি প্রফেসর, ইতিহাস বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী ছিলেন ১৯৬৪ সালে Varendra Research Museum এর এ্যাসিস্ট্যান্ট কিউরেটর। তিনি জানিয়েছেন, 'প্রত্নতাত্ত্বিক অনুসন্ধান রমাপ্রসাদ চন্দের এক ধরনের obsession ছিল বললে অত্যুক্তি হবে না।' তিনি আরও বলেছেন, 'Varendra Research Museum-এর এ্যাসিস্ট্যান্ট কিউরেটর থাকাকালীন রাজশাহী শহরের হেতম খাঁ এলাকার জনৈক প্রবীণ ব্যক্তি জনাব আব্দুস সোবহানের সাথে আমার সাক্ষাৎ হয়। তিনি রাজশাহী কলেজিয়েট স্কুলে রমাপ্রসাদের অষ্টম শ্রেণির ছাত্র ছিলেন। তাঁর কাছে শুনেছি কোথাও কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শনের খোঁজ পেলে রমাপ্রসাদ পাগলের মত সেখানে ছুটে যেতেন। প্রসঙ্গত জনাব আব্দুস সোবহান ছিলেন রাজশাহীর একজন প্রথিতযষা আইনজীবী আব্দুস সালামের অনুজ মুক্তিযোদ্ধা জনাব বদিউজ্জামান টুনু সাহেবের শ্বশুর।'

[১৪] কাজী মোহাম্মদ মিছের, *প্রাগুক্ত*, পৃ. ১১২।

[১৫] সাইফুদ্দিন চৌধুরী, *রমাপ্রসাদ চন্দ*, *জীবনী গ্রন্থমালা* ১২, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৮৮, পৃ. ১৬।

[১৬] রমাপ্রসাদ চন্দ, *গৌড়রাজমালা*, প্রাগুক্ত, পৃ. ১৩৭।

[১৭] Ramaprasad Chanda, '*Notes on the Ancient Monuments of Mayurbhanj*', Journal of Bihar and Orissa Research Society, Vol. 13, part-2, p. 132.

[১৮] সাইফুদ্দিন চৌধুরী, *প্রাগুক্ত*, পৃ. ১৭।

[১৯] রমাপ্রসাদ চন্দ, *ইতিহাসে বাঙ্গালী*, কে পি বাগচী অ্যান্ড কোম্পানী, কলকাতা, ১৯৯৭, পৃ. মুখবন্ধ xi.

[২০] মুহম্মদ আবদুস সামাদ, *সুবর্ণ দিনের বিবর্ণ স্মৃতি*, উত্তরা সাহিত্য মজলিস, রাজশাহী, ১৯৮৭, পৃ. ৭৬।

[২১] অশোক উপাধ্যায়, *রমাপ্রসাদ চন্দ*, ঐতিহাসিক, বর্ষ–৭, সংখ্যা ১ ও ২, বৈশাখ ও চৈত্র, ১৪০৪।

[২২] সাইফুদ্দিন চৌধুরী, *রমাপ্রসাদ চন্দ*, প্রাগুক্ত, পৃ. ২০।

[২৩] অশোক উপাধ্যায়, *রমাপ্রসাদ চন্দ*, ঐতিহাসিক, প্রাগুক্ত।

[২৪] ভারতবর্ষ, আষাঢ় সংখ্যা, ১৩৪৯ বঙ্গাব্দ।

[২৫] নূরুল ইসলাম মঞ্জুর, *বাঙালির ইতিহাস চর্চার ধারা*, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৯৭, পৃ. ৫৯।

[২৬] রাখালদাস বন্দোপাধ্যায়, *ইতিহাস চিন্তা*, দে'জ পাবলিশিং, কলকাতা, ২০১০, পৃ. ১৪৯।

[২৭] হরিআনন্দ বাড়রী, *আমার বিক্রমপুর*, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ২০০৬, পৃ. ১২৭।

[২৮] রমাপ্রসাদ চন্দ, *ইতিহাসে বাঙ্গালী*, কেপি বাগচী অ্যান্ড কোম্পানী, কলকাতা, ১৯৯৭, রমেশচন্দ্র মজুমদার লিখিত মুখবন্ধ, পৃ. viii; সাইফুদ্দিন চৌধুরী, *রমাপ্রসাদ চন্দ*, প্রাগুক্ত, পৃ. ১১।

[২৯] A. B. Keith, '*The Indo-Aryan Races by Ramaprasad Chanda*', Journal of the Royal Asiatic Society, London, 1917, pp. 165-175.

[৩০] সাইফুদ্দিন চৌধুরী, *রমাপ্রসাদ চন্দ*, প্রাগুক্ত, পৃ. ২৪।

[৩১] রমাপ্রসাদ চন্দ, *ইতিহাসে বাঙ্গালী*, প্রাগুক্ত, পৃ. viii.

[৩২] পরেশচন্দ্র দাসগুপ্ত, *'ইতিহাস রচনায় বাঙ্গালী–রমাপ্রসাদ চন্দ'*, বেতার জগৎ, কলকাতা, ৭ সেপ্টেম্বর, ১৯৬৩, পৃ. ৮৪৪।

[৩৩] রবীন্দ্রভবন অভিলেখাগারে অক্ষয়কুমার মৈত্রেয়কে লেখা রবীন্দ্রনাথের একটি চিঠিতে গৌড়রাজমালার দুই খণ্ডের প্রাপ্তি স্বীকার আছে। চিঠির তারিখ ১৩২০ (১৯১৩ খ্রি.)। রবীন্দ্রনাথ রমাপ্রসাদ চন্দকে ধন্যবাদ দিয়েছেন। রবীন্দ্রনাথ খুব আনন্দিত হয়ে এই অসাধারণ বইখানির জন্য অভিনন্দন জানিয়েছিলেন। দেখুন, সমীর পাত্র ও অরিন্দম চক্রবর্তী সম্পাদিত, *ইতিহাস ও সাহিত্য : প্রসঙ্গ রবীন্দ্রনাথ ও অক্ষয়কুমার*, তমলুক ইতিহাসচর্চা কেন্দ্র, আশাদীপ, কলকাতা, ২০১২, পৃ. ৪৭।

[৩৪] সাইফুদ্দিন চৌধুরী, *প্রাগুক্ত*, পৃ. ২৯-৩০।

[৩৫] ড. রমেশচন্দ্র মজুমদার, *বাংলা দেশের ইতিহাস, প্রথম খণ্ড*, জেনারেল, কলকাতা, ১৯৯৮, পৃ. প্রথম সংস্করণের ভূমিকা, সাত।

[৩৬] *বাংলাপিডিয়া, ৪র্থ খণ্ড*, প্রাগুক্ত, পৃ. ২৩৪।

[৩৭] অশোক উপাধ্যায়, *রমাপ্রসাদ চন্দ–সাময়িক পত্রে প্রকাশিত রচনাপঞ্জি*, ঐতিহাসিক, বর্ষ–৭, সংখ্যা ১ ও ২, বৈশাখ ও চৈত্র, ১৪০৪।

[৩৮] রাজশ্রী মুখোপাধ্যায়, *খিজিঙ্গকোট্টের শিল্প ইতিহাস ও রমাপ্রসাদ চন্দ*, ইতিহাস অনুসন্ধান ১৫, ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০০১, পৃ. ১৯০-১৯৪।

[৩৯] রমাপ্রসাদ চন্দ, *ইতিহাসে বাঙ্গালী*, কে পি বাগচী অ্যান্ড কোম্পানী, কলকাতা, ১৯৯৭, পৃ. ৪০।

[৪০] *ঐ*, পৃ. ৩৬।

[৪১] রমাপ্রসাদ চন্দ, *গৌড়রাজমালা*, প্রাগুক্ত, পরিশিষ্ট ১, পৃ. ১৮৩।

[৪২] অশীন দাসগুপ্ত, *ইতিহাস ও সাহিত্য*, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ১৯৮৯, পৃ. ২৭।

[৪৩] নূরুল ইসলাম মঞ্জুর, *বাঙালির ইতিহাস চর্চার ধারা*, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৯৭, পৃ. ৭৫।

[৪৪] সাইফুদ্দিন চৌধুরী, *রমাপ্রসাদ চন্দ*, প্রাগুক্ত, পৃ. ২৮।

[৪৫] *ঐ*, পৃ. ২৮।

[৪৬] অক্ষয়কুমার মৈত্রেয়, *রচনা সংগ্রহ*, সম্পাদনা, রাজনারায়ণ পাল, পারুল প্রকাশনী, কলকাতা, ২০১২, পৃ. xx.

[৪৭] *ইতিহাস অনুসন্ধান ১৫*, প্রাগুক্ত, পৃ. ১৯৩।

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# একাত্তরে বাংলাদেশের শরণার্থী সমস্যায় পশ্চিমবঙ্গের ভূমিকা

ড. মোঃ আরিফুর রহমান*

**Abstract:** Pakistan army started massive torture and genocide all over the country including Dhaka city as a part of 'Operation Searchlight' from the mid night of 25th March 1971. Pakistan army created massive human disaster in Bangladesh. Approximately 10 million people took shelter in India to survive their lives. Out of 10 million people 74,93,474 took shelter in the West Bengal of India. As West Bengal is adjacent to the borderline territory of Bangladesh, most of the refugees took shelter in West Bengel. Massive human catastrophe also prevailed among the refugees of West Bengal. West Bengal Government and people became very sympathetic to the terrible human condition of refugees. They showed remarkable generosity and gave shelter to the refugees. In this paper I will try to explain how West Bengal people and government helped refugees to survive and solve the refugee Problems.

## ভূমিকা

১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষিত হলে সশস্ত্র মুক্তিযুদ্ধ শুরু হয়। ২৫ মার্চ রাত থেকে পাকিস্তান সেনাবাহিনী 'অপারেশন সার্সলাইট' এর অংশ হিসেবে ঢাকাসহ সারাদেশে নির্যাতন ও গণহত্যা শুরু করে। পাকিস্তানি সেনাবাহিনীর উদ্দেশ্যপ্রণোদিত অত্যাচার, নিপীড়ন, লুণ্ঠন, অগ্নিসংযোগ, গণহত্যা ও নারী নির্যাতনের ফলে শরণার্থী[১] সমস্যার উদ্ভব ঘটে। ২৫ মার্চ পাকিস্তান সরকারের সামরিক আক্রমণ শুরু হবার পর থেকে ১৭ এপ্রিল পর্যন্ত প্রায় ১ লক্ষ ২০ হাজারের মতো শরণার্থী সীমান্তবর্তী দেশ ভারতে আশ্রয় নেয়।[২] পাকিস্তানের অভ্যন্তরীণ রাজনীতির কারণে জাতিগত নিধন-নির্যাতনের শিকার হয়ে জীবন বাঁচানোর তাগিদে বাস্তুভিটা ত্যাগ করতে বাধ্য হয়। মুক্তিযুদ্ধকালে শরণার্থী সমস্যা সম্ভবত সর্বাধিক গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে দেখা দেয়। এপ্রিল মাস থেকে শরণার্থীদের ভারতে আগমনের মধ্য দিয়ে যে সমস্যার সৃষ্টি হয় তা ভারতের অভ্যন্তরীণ রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে দেখা দেয়। বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কেউ বলেছেন গৃহযুদ্ধ, কেউ বলেছেন বিচ্ছিন্নতাবাদী আন্দোলন। কিন্তু বাংলাদেশ থেকে ভারতে আগত বিপুলসংখ্যক শরণার্থী ইস্যু এড়িয়ে যাবার উপায় ছিল না। বাংলাদেশের শরণার্থীদের আশ্রয়দানের কারণে পশ্চিমবঙ্গ নানাবিধ সমস্যার সম্মুখীন হয়। কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের জনগণ ও সরকার বাস্তুহারা বাঙালি শরণার্থীদের কারণে ত্যাগ স্বীকার করেছে। বাংলাদেশের এই শরণার্থী সংকট স্বল্পতম সময়ে দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সংকট থেকে আন্তর্জাতিক ইস্যুতে পরিণত হয় এবং সমকালীন রাজনীতির মেরুকরণেও তা প্রতিফলিত হয়েছিল। আলোচ্য প্রবন্ধে মুক্তিযুদ্ধকালে বাংলাদেশের শরণার্থী সমস্যার চিত্র এবং ভারতের পশ্চিমবঙ্গ সরকার, সাধারণ জনগণ, বিভিন্ন সংগঠন ও বুদ্ধিজীবী সম্প্রদায়ের ভূমিকা আলোচনা করা হবে।

* সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

**শরণার্থী**

কোনো ব্যক্তি নিজ দেশের বাইরে অবস্থানকারী যিনি তার নৃতাত্ত্বিক বা জাতিগোষ্ঠীগত পরিচয়, ধর্ম, লিঙ্গ, জাতীয়তা কিংবা বিশেষ সামাজিক গোষ্ঠীর সদস্য হওয়ার কারণে অথবা তার নিজস্ব রাজনৈতিক মতাদর্শের কারণে নির্যাতিত হওয়ার আতঙ্কে সত্যিকার অর্থেই ভীত সন্ত্রস্ত। যিনি তার নিজ দেশের সর্বত্র অথবা কোনো অংশে সংঘটিত জনশৃংখলা মারাত্মকভাবে বিনষ্টকারী বহিরাক্রমণ, দখল বা বৈদেশিক আধিপত্য অথবা মানবাধিকারের চরম লংঘনের কারণে তার চিরাচরিত আবাসভূমি ছেড়ে অন্য স্থানে চলে যেতে বাধ্য হয়েছেন।১৯৫১ সালে জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাই কমিশন (UNHCR) শরণার্থীর সংজ্ঞা দিতে গিয়ে উল্লেখ করে:

> Owing to well founder fcar of being persecuted for resons of race, religion, nationality, membership of a particular social group or Political openion, is outside the country of his nationality and his unable or, owing to such fear, is unwilling to avail himself of the protection of that country; or who, not having a nationality and being outside the country of his former habitual residence as a result of such events, in unable or, owing to such fear is unwilling to return to it.[৩]

International Comittee for European Migration (ICEM) শরণার্থীর সংজ্ঞায় যুদ্ধ এবং দুর্যোগের বিষয়টি অন্তর্ভুক্ত করেছে। ICEM-এর সংজ্ঞা অনুসারে, যিনি যুদ্ধ কিংবা দুর্যোগের শিকার হয়ে এবং জীবননাশের ভয়াবহ হুমকির মুখে দেশ ত্যাগ করেছেন, তিনি শরণার্থী।[৪] ১৯৯৭ সালে ঢাকায় অনুষ্ঠিত শরণার্থী বিষয়ক আইন প্রণয়ন সংক্রান্ত দক্ষিণ-এশীয় আঞ্চলিক কর্মশালায় বলা হয়-

যিনি তার নিজ দেশের সর্বত্র অথবা কোনো অংশে সংঘটিত জনশৃঙ্খলা মারাত্মকভাবে বিনষ্টকারী, দখল বা বৈদেশিক আধিপত্য অথবা মানবাধিকারের চরম লংঘনের কারণে তার চিরাচরিত আবাসভূমি ছেড়ে অন্য স্থানে চলে যেতে বাধ্য হয়েছে।[৫]

উপরোক্ত সংজ্ঞা থেকে ১৯৭১ সালে বাংলাদেশ থেকে ভারতে অবস্থান নেয়া বিশাল জনগোষ্ঠীকে শরণার্থী হিসেবে আখ্যায়িত করা হয়। মুক্তিযুদ্ধকালে গঠিত মুজিবনগর বা প্রবাসী সরকার শরণার্থী সমস্যা মোকাবেলা করার লক্ষ্যে ত্রাণ ও পুনর্বাসন বিভাগ চালু করে। বাংলাদেশ সরকার প্রধানত দু'টি বিভাগের মাধ্যমে শরণার্থী সমস্যা মোকাবেলার সিদ্ধান্ত নেয়। বিভাগ দুটি হচ্ছে:[৬]

ক. ত্রাণ ও পুনর্বাসন কমিটি;
খ. উদ্বাস্তু কল্যাণ বোর্ড।

বাংলাদেশ সরকার বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছ থেকে শরণার্থীদের পুনর্বাসনের জন্য সহায়তা লাভ করে। ভারতে অবস্থিত শরণার্থীদের বাসস্থান, খাবার, চিকিৎসা, শিক্ষাসহ সার্বিক ব্যবস্থাপনায় ত্রাণ ও পুনর্বাসন কমিটিকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয়।[৭] এ.এইচ.এম কামারুজ্জামান সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, ভারত সরকার ও UNHCR-এর সাথে সমন্বয়ের মাধ্যমে শরণার্থী সমস্যা মোকাবেলা করার চেষ্টা করেন।

**প্রবন্ধের লক্ষ্য**

১. বাংলাদেশের শরণার্থী সমস্যার প্রেক্ষাপট বিশ্লেষণ;
২. শরণার্থী সমস্যার কারণে উদ্ভূত মানবিক বিপর্যয়; ও
৩. পশ্চিবঙ্গের (ভারত) সাধারণ জনগণ, সুশীল সমাজ, বিভিন্ন সংগঠন ও সরকারের ভূমিকা বিশ্লেষণ।

**প্রবন্ধের যৌক্তিকতা**

একাত্তরে মুক্তিযুদ্ধের ব্যাপকতা তুলে ধরার জন্য এর বহুমাত্রিক সামগ্রিকতাকে তুলে ধরা প্রয়োজন। শরণার্থী ইস্যু বাংলাদেশের মুক্তিযুদ্ধকে আন্তর্জাতিক সম্প্রদায়ের গোচরে এনেছিল। একাত্তরের জনযুদ্ধ একটি আঞ্চলিক ও ভূ-রাজনৈতিক যুদ্ধে পরিণত হয়েছিল। শরণার্থী ইস্যুর কারণেই বাংলাদেশ পার্শ্ববর্তী দেশসহ বিশ্বের বিভিন্ন দেশের সহায়তা পেয়েছিল। একাত্তরের মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ ইস্যু হওয়ায় এই গবেষণা প্রবন্ধটি হাতে নেয়া হয়েছে।

**প্রবন্ধের পরিধি**

বাংলাদেশের মুক্তিযুদ্ধে মূলত ১৯৭১ সালের মার্চ থেকে ডিসেম্বর মাস পর্যন্ত সংঘটিত হয়েছিল। তাই শরণার্থী ইস্যুর ক্ষেত্রেও প্রবন্ধটিতে উক্ত সময়ের পরিধি রয়েছে। তবে শরণার্থী প্রত্যাবর্তনের বিষয়টি আলোচনার জন্য ১৯৭২ সালের প্রথম ২/৩ মাস বিবেচনায় নিতে হয়েছে।

**পদ্ধতি ও তথ্য বিশ্লেষণ**

প্রবন্ধটিতে প্রধানত ঐতিহাসিক পর্যালোচনা পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এ পদ্ধতিতে লিখিত বিভিন্ন উপকরণ থেকে তথ্য সংগ্রহ করে বিশ্লেষণের মাধ্যমে তা উপস্থাপন করা হয়েছে। সহায়ক উৎস থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে প্রবন্ধটি রচিত হয়েছে।

**শরণার্থী সমস্যা ও পশ্চিমবঙ্গ**

১৯৭১ সালে বাংলাদেশের গণহত্যার সাথে শুধু নাৎসি বর্বরতার তুলনা করা যায়। মুক্তিযুদ্ধের ৯ মাসে জীবন বাঁচাতে ও নিরাপত্তার সন্ধানে প্রায় এক কোটি শরণার্থী ভারতের সীমান্তবর্তী গ্রাম ও শহরগুলোতে আশ্রয় নেয়। স্বভাবতই শরণার্থীদের প্রাথমিক চাপে পড়ে সীমান্ত সংলগ্ন পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম ও মেঘালয় প্রভৃতি প্রদেশ। সেসময় সর্বাধিক সংখ্যক শরণার্থী আশ্রয় নেয় পশ্চিমবঙ্গে। যার ফলে ১৯৭১ সালের ১৫ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে শরণার্থী সংখ্যা দাঁড়ায় প্রায় ৭৪,৯৩,৪৭৪ জন।[৮] পশ্চিমবঙ্গের জনগণ ও সরকার মূলত সাংস্কৃতিক ও ভাষাগত মিল এবং সীমান্তবর্তী হওয়ার সহানুভূতিতে শরণার্থীদের আশ্রয় দেয়।

বাংলাদেশ সংকট (১৯৭১) শুরু হওয়ার সময় ভারত শরণার্থীদের তার ভূখণ্ডে প্রবেশ করতে দেয়। সেসময় ভারতের কেন্দ্রীয় সরকার 'Foreigner's Act 1946' অনুসারে শরণার্থীদের নিবন্ধিত করাতে বলা হয়। ভারতের পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা ও মেঘালয় রাজ্যে একযোগে শরণার্থী প্রবেশ শুরু হয়। পশ্চিমবঙ্গের কয়েকটি জেলায় শরণার্থী প্রবেশের হার ছিল বেশি। তার মধ্যে উল্লেখযোগ্য– নদীয়া, চব্বিশ পরগনা, মুর্শিদাবাদ, মালদা, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহার। বাংলাদেশ থেকে

আগত শরণার্থীরা সাধারণত নিজ আত্মীয়স্বজন বা একই এলাকার অপর শরণার্থীদের সাথে অবস্থান করতে স্বাচ্ছন্দ্যবোধ করতো। পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে বাংলাদেশের একই এলাকার শরণার্থীরা অবস্থান করতো। নিম্নের তালিকা থেকে বাংলাদেশের কোন এলাকার শরণার্থীরা পশ্চিমবঙ্গের কোন কোন সীমান্ত পথ দিয়ে প্রবেশ করেছে সে সম্পর্কে ধারণা পাওয়া যাবে। তালিকাটি নিম্নরূপ–

| **রাজ্য** | **জেলার নাম** | **বাংলাদেশ সীমান্তের প্রবেশপথ** |
|---|---|---|
| পশ্চিমবঙ্গ | কুড়িগ্রাম | শিলখুরী, পাথরডুরি, জয়মনিরহাট, রামখানা, সন্তোষপুর, নওডাঙা |
| ” | লালমনিরহাট | কুলঘাট, মোগলহাট, দুর্গাপুর, গোরাল, ভালাগুড়ি, গোটামারী, টংভাঙ্গা, বডিরা, জাংরা, জগৎবেড়া, ধরলা নদী, বুড়িমারী, পাটগ্রাম, তিস্তা নদী |
| ” | নীলফামারী | পূর্বঝাটনাই, পশ্চিমছাটনাই, ভোগদাবুড়ি |
| ” | পঞ্চগড় | বুড়ী তিস্তা নদী, কোরামারী নদী, চকলাহাট, অমরখানা, ঢলমারা নদী, করতোয়া নদী, ভোজনপুর, বাংলাবান্ধা, তীরনইহাট, তেতুলিয়া, সালবাহান, ডাহুক নদী, ভোজনপুর, দেবনগর, গরিনাবাড়ী, ধামুইর, তাড়িয়া, আলোয়াখোয়া |
| ” | ঠাকুরগাঁও | নাগর নদী, ধর্মগড়, গেদুরা, বাকুয়া, হরিপুর, কুলীক নদী, বৈরচুনা |
| ” | দিনাজপুর | টাঙ্গন নদী, ধর্মপুর, দীপা নদী, আশকরপুর, কমলপুর, ইলুয়ারী, কাজীহাল, বিনাইল, হিলি, খাটটা, মাধবপাড়া |
| ” | জয়পুরহাট | ধরনজী, ধলাহার |
| ” | নওগাঁ | ধামুইরহাট, ওমর, আত্রাই নদী, আগ্রাদ্বিগুণ, নির্মইল, আইহাই, পাথারি, পোরশা, নীথপুর |
| ” | নবাবগঞ্জ | পুনর্ভবা নদী, মহানন্দা নদী, বাঙ্গাবাড়ী, দলদলী, ভোলাহাট, শাহাবাজপুর, পানকা, চরবাগডাঙ্গা, পদ্মা নদী |
| ” | রাজশাহী | গোদাগাড়ী, মাটিকাটা, চরশরিয়াদহ, হরিপুর, রাজশাহী, ইউসুফপুর, সারদা, মনিগ্রাম, পাকুরিয়া, গড়গড়ি, পদ্মা নদী |
| ” | কুষ্টিয়া | চিলমারী, প্রাগপুর, কুমার নদী |
| ” | মেহেরপুর | তেতুলবাড়িয়া, কাথুলী, কুতুবপুর, ভৈরব নদী, বুড়িপোতা, দরিয়াপুর |
| ” | চুয়াডাঙ্গা | কার্পাসডাঙ্গা, দর্শনা, ভৈরব নদী, জীবননগর |
| ” | ঝিনাইদহ | কাজিরবেড়, যাদবপুর |
| ” | যশোর | সুকপুরিয়া, দেহী, লক্ষণপুর, বাহাদুরপুর, বেনাপোল, পটুখেল, গোগা |
| ” | সাতক্ষীরা | চন্দনপুর, কারগাছি, খোসখালী, বৈকারী, ভোমরা, দেবহাটা, ইছামতি নদী, বরশিমালা, মথুরেশপুর, ধরবাড়িয়া, রতনপুর, নুরনগর, কাইকালী, রায়মঙ্গল নদী, হরিণভাঙ্গা নদী |

উৎস: দিব্যদুতি সরকার, *বাংলাদেশের মুক্তিযুদ্ধে শরণার্থী সমস্যা: প্রেক্ষাপট, ব্যবস্থাপনা ও ভূ-রাজনীতি*, 'অপ্রকাশিত 'পিএইচডি অভিসন্দর্ভ' (রাজশাহী বিশ্ববিদ্যালয়: ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, ২০১২), পৃ. ৮৭।

নিচের অপর একটি তালিকা থেকে বাংলাদেশের কোন কোন এলাকার শরণার্থীরা পশ্চিমবঙ্গের কোথায় অবস্থান করেছে তার একটি চিত্র পাওয়া যায়–

| **রাজ্যের নাম** | **যে এলাকায় অবস্থান** | **প্রধানত যে এলাকা থেকে আগত (বৃহত্তর জেলা)** |
|---|---|---|
| পশ্চিমবঙ্গ | উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা | খুলনা, যশোর, বরিশাল, ফরিদপুর |
| ” | নদীয়া | কুষ্টিয়া, পাবনা, ফরিদপুর, যশোর |
| ” | মুর্শিদাবাদ | রাজশাহী, কুষ্টিয়া, পাবনা |
| ” | কোচবিহার | রংপুর |
| ” | মালদহ | রাজশাহী, পাবনা, বগুড়া |
| ” | শিলিগুড়ি, জলপাইগুড়ি | দিনাজপুর, রংপুর |
| ” | কলকাতা | খুলনা, পূর্ব বাংলার শহরবাসী শরণার্থী |

উৎস: *পূর্বোক্ত*, পৃ. ৮৮।

সেসময় পশ্চিমবঙ্গের প্রায় প্রতিটি সীমান্ত দিয়ে বাংলাদেশী শরণার্থীরা প্রবেশ করেছে। কোচবিহার জেলার হলদিবাড়ী সীমানা দিয়ে প্রতিদিন গড়ে প্রায় ১২ হাজার শরণার্থী প্রবেশ করেছে।[৯] হলদিবাড়ীর মতো ভারতের বিভিন্ন প্রান্ত দিয়ে প্রতিদিন প্রায় হাজার হাজার শরণার্থী প্রবেশ করেছে। সেসময় ভারতের শ্রম ও পুনর্বাসন মন্ত্রী ভারতের সংসদে শরণার্থী প্রবেশের একটি পরিসংখ্যান তুলে ধরেন। উল্লেখ্য, নিচের পরিসংখ্যানের অধিকাংশ শরণার্থী পশ্চিমবঙ্গে প্রবেশ করে। সারণীটি নিম্নরূপ–

| **মাস** | **প্রতিদিন প্রবেশ (গড়ে)** | **প্রতি মাসে প্রবেশ** |
|---|---|---|
| এপ্রিল ১৯৭১ (১০ থেকে ৩০ তারিখ পর্যন্ত) | ৫৭,০০০ জন | ১২,২১,০০০ জন |
| মে ১৯৭১ | ১,০২,০০০ জন | ৩১,৫৮,০০০ জন |
| জুন ১৯৭১ | ৬৮,০০০ জন | ২০,৫৬,০০০ জন |
| জুলাই ১৯৭১ | ২৬,০০০ জন | ৭,৯৭,০০০ জন |
| আগস্ট ১৯৭১ | ৩৪,০০০ জন | ১০,৫৫,০০০ জন |
| সেপ্টেম্বর ১৯৭১ | ২৭,০০০ জন | ৮,০৪,০০০ জন |
| অক্টোবর ১৯৭১ | ১৪,০০০ জন | ৪,২৫,০০০ জন |
| নভেম্বর ১৯৭১ | ৮,০০০ জন | ২,১৭,০০০ জন |
| অতিরিক্ত | ---- | ১,৬৬,০০০ জন |
| সর্বমোট প্রবেশ | প্রতিদিন ৪২,০০০ জন | ৯৮,৯৯,০০০ জন |

উৎস: Sheelendra Kumar Sing (ed), *Bangla Desh Documents*, Vol. 2 (New Delhi: Ministry of External Affairs 1972), p. 82.

শরণার্থীদের ভারতে প্রবেশের মধ্য দিয়ে তাদের মধ্যে নিরাপত্তাজনিত স্বস্তি আসে। কিন্তু প্রবেশ করার পর আশ্রয়ই ছিল অন্যতম প্রধান সমস্যা। প্রাথমিকভাবে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও সরকারি ভবনসমূহে শরণার্থীদের থাকার ব্যবস্থা করা হয়। কিন্তু শরণার্থীদের সংখ্যা ব্যাপকহারে বৃদ্ধি পাওয়ায় সরকারি ভবনসমূহে শরণার্থীদের স্থান সংকুলান করা আর সম্ভব হচ্ছিল না। এমতাবস্থায় সরকারের পক্ষ থেকে শরণার্থীদের জন্য আশ্রয় শিবির স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়। পশ্চিমবঙ্গ সরকার মুক্তিযুদ্ধের শেষ পর্যন্ত ৪৯২টি শরণার্থী ক্যাম্প স্থাপন করে।[১০] পশ্চিমবঙ্গ সরকার ৩ জুন ১৯৭১ এ সীমান্তবর্তী বিভিন্ন রাজ্যে অবস্থানকারী শরণার্থীদের পরিসংখ্যান প্রকাশ করে। পশ্চিমবঙ্গের নদীয়া, চব্বিশ পরগনা, মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, কোচবিহার ও মালদহ জেলায় অভ্যর্থনা কেন্দ্রে ছিল ২৭,০৭,৯৪৭ জন আর পরিচিতজন বা আত্মীয়ের সঙ্গে ছিল প্রায় ২০,২২,৫৭০ জন।[১১]

পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয় স্থানীয় জেলা প্রশাসনের সহযোগিতা ও পরিচালনায় শরণার্থী শিবিরগুলোতে যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন করে। শরণার্থী শিবির স্থাপনের জন্য রাজ্য সরকার ৮২০২৬টি তাঁবু এবং ২৪,০০০টি ত্রিপল দেয়। এছাড়া বাঁশ, টিন, খড় ও মাটির সাহায্যে অন্যান্য আশ্রয় শিবির গড়ে তোলা হয়। প্রতিটি শিবিরে টিউবয়েল, পায়খানা, গোসলখানাসহ প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা রাজ্য সরকার করেছে। শরণার্থীদের পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে সরকারি-বেসরকারি উদ্যোগে লঙ্গরখানা খোলা হয়েছিল। ফলে শরণার্থীদের একরকম খাদ্যের সংস্থান ছিল। এ প্রসঙ্গে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার একজন শরণার্থীর নিকট থেকে জানা যায়-

> সরকারি লোকজন আমাদের করিমপুর ত্রাণ শিবিরে আসতো। তারা আমাদের সুবিধা অসুবিধার কথা জিজ্ঞেস করতো। আমাদের দেশের নেতাদের মাধ্যমে তারা ত্রাণ বিতরণ করতো। চাল, গম, তৈল, আটাসহ অন্যান্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী তারা আমাদের দিতো।[১২]

কিন্তু ক্রমবর্ধমান শরণার্থীদের সংখ্যা অত্যধিক বৃদ্ধি পাওয়ায় রেশন কার্ডের ব্যবস্থা করা হয়। ক্যাম্পে আশ্রয় নেয়া শরণার্থীদের বয়স ভেদে খাদ্যদ্রব্য সরবরাহ করা হতো। সরবরাহকৃত খাদ্যদ্রব্যের পরিমাণ ছিল নিম্নরূপ:

| খাদ্যের ধরণ | প্রাপ্ত বয়স্কদের জন্য | শিশুদের জন্য |
|---|---:|---:|
| চাল | ৩০০ গ্রাম | ১৫০ গ্রাম |
| গম/আটা | ১০০ গ্রাম | ৫০ গ্রাম |
| ডাল | ১০০ গ্রাম | ৫০ গ্রাম |
| ভোজ্যতেল | ২৫ গ্রাম | ১২ গ্রাম |
| চিনি | ২৫ গ্রাম | ১৫ গ্রাম |

উৎস: ধীরাজ কুমারনাথ, *শরণার্থী শিবির ও বাংলাদেশের স্বাধীনতা* (ঢাকা: অনন্যা প্রকাশনী, ২০১৭), পৃ. ৩১-৩২।

এছাড়া শাক-সবজি, লবণ, মশলা, সাবান, জ্বালানিসহ আনুষঙ্গিক নৈমিত্তিক প্রয়োজন মেটানোর জন্য নগদ অর্থ প্রদান করা হয়। শরণার্থীদের অত্যধিক প্রবেশের ফলে পশ্চিমবঙ্গে সামাজিক অস্থিরতা দেখা যায়। স্থানীয় জনগণের সঙ্গে অর্থনৈতিক কারণে তাদের সমস্যা দেখা যায়। স্থানীয় শ্রমিকরা প্রতিদিন তিন রূপিতে কাজ করতো।[১৩] কিন্তু শরণার্থী শ্রমিকরা মাত্র ১ রুপিতে কাজ করতো। ফলে তাদের মধ্যে সংঘর্ষ বাধে। এসব সংঘর্ষে পুলিশের গুলিতে বেশ কয়েকজন শরণার্থী প্রাণ হারায়। এ প্রসঙ্গে একজন মুক্তিযোদ্ধার নিকট থেকে জানা যায়- "পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় যেসব শরণার্থী কোন শিবিরে স্থান পায়নি তারা ক্ষুধার তাড়নায় স্বল্প বেতনে বিভিন্ন ধরনের কাজ করতো। ফলে কোন কোন জায়গায় স্থানীয়দের সাথে সংঘর্ষ দেখা গেছে। তবে সেগুলো খুব বেশিনা। তদপুরি স্থানীয় জনগণ আমাদের সবকিছু দিয়ে যথাসাধ্য সাহায্যের চেষ্টা করেছে।"[১৪] অপর একজন শরণার্থীর নিকট থেকে ত্রাণ শিবিরের নিম্নবর্ণিত তথ্য পাওয়া যায়-

> মুক্তিযুদ্ধকালে আমাদের গ্রামের (ভেড়ামারা থানার চণ্ডিপুর) প্রাপ্ত বয়স্ক প্রায় সবাই মুক্তিযুদ্ধে অংশ নেয়। কিন্তু ১৬ এপ্রিল তারিখে (১৯৭১) পাকিস্তান বাহিনী গান পাউডার দিয়ে আমাদের গ্রামটি পুড়িয়ে দেয় এবং এক জায়গাতেই ১৪ জনকে খুন করে। ফলশ্রুতিতে জীবন বাঁচাতে গ্রামের সদস্যরা পশ্চিমবঙ্গের করিমপুরসহ বিভিন্ন স্থানে আশ্রয় গ্রহণ করে। সেখানে ভারত সরকার আমাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করে। সেখানকার স্থানীয় লোকজন ও সরকার আমাদের থাকার ঘর বানিয়ে দেয়। বাচ্চাদের পড়াশুনার জন্য স্কুল বানিয়ে দেয়। তাদের কাছে আমরা কৃতজ্ঞ থাকবো।[১৫]

ক্রমবর্ধমান শরণার্থীর চাপে মানবিক বিপর্যয় লক্ষ করা যায়। বিশ্বের বিভিন্ন দেশের পত্র-পত্রিকার রিপোর্টেও এসকল মানবিক বিপর্যয়ের চিত্র দেখা যায়। অধ্যাপক আনিসুজ্জামান শরণার্থীদের দুর্বিষহ অবস্থা সম্পর্কে লিখেছেন:

> শরণার্থী শিবিরে মানুষজনের অতিরিক্ত ভীড়, তাদের জন্য বরাদ্দ সামগ্রীর কিছু সরকারি লোক আত্মসাৎ করে, কিছু নষ্ট নয়। ফলে ক্যাম্পে যা পৌঁছায় তা অপর্যাপ্ত। ক্যাম্পে শিশুদের জন্য দুধের ব্যবস্থা থাকলেও তা ছিল অপর্যাপ্ত। ক্যাম্পের লাইনে শিশু কোলে নিয়ে এক মা দুধ নিতে যাবে, তখন পেছন থেকে এক লোক বলে ওকে দুধ দিবেন না, ও বাচ্চাকে দুধ খাওয়াতে পারে। তখন মহিলা কাপড় সরিয়ে ব্লাউজের বোতাম খুলে নিজের বুক অনাবৃত করে দিল। সন্তানকে স্তন দানের ক্ষমতা তার আছে কিনা দুধ দাতা তা নিজেই বিচার করুক।[১৬]

শরণার্থীদের কম ক্যালরীযুক্ত খাবারের ফলে চর্মরোগসহ ডায়রিয়া, যক্ষা ও বিভিন্ন রোগের পাদুর্ভাব দেখা যায়। মাত্রাতিরিক্ত শরণার্থীর কারণে হেলথ কেয়ার ব্যবস্থা বার বার ভেঙ্গে পড়ছিল। তবুও পশ্চিমবঙ্গ সরকার ও আন্তর্জাতিক 'রেসকিউ কমিটি' (আর.আই.সি) চিকিৎসক নিয়োগ করেছিল।[১৭] কলকাতা ও গৌহাটিতে অবস্থিত কেন্দ্রীয় সরকারের মেডিকেল ডিপোগুলোকে পর্যাপ্ত পরিমাণ কলেরার ভ্যাকসিন, ডিহাইড্রেশন ফ্লুইড, ম্যালেরিয়ার ঔষধ, অ্যান্টিবায়োটিক প্রভৃতি অত্যন্ত জরুরী ঔষধ এবং চিকিৎসা সামগ্রী সংরক্ষণ করে রাখার নির্দেশ দেয়া হয়েছিল। সেন্ট্রাল মেডিকেল সার্ভিস থেকে অন্তত ৫০০ ডাক্তার ও নার্সদের শরণার্থী অধ্যুষিত রাজ্যগুলোতে পাঠানো হয়েছিল।[১৮] ১৯৭১ সালের জুলাই মাসে 'All Indian Institute of Medical Science' এর ডা. ভি রামলিঙ্গ স্বামী ও ডা. বি.এন ট্যান্ডন সর্বপ্রথম বৃহৎ পরিসরে শরণার্থীদের পুষ্টি পরিস্থিতি জানার জন্য একটি পুষ্টি জরিপ পরিচালনা করেন।[১৯] শিবিরের ৮০০ শিশুর উপর পরিচালিত জরিপে দেখা যায়, পাঁচ বছরের কম বয়সী এক-পঞ্চমাংশ শিশু মারাত্মক অপুষ্টির

শিকার এবং প্রায় ৫০ শতাংশ শিশু আমিষ ক্যালরির অভাবজনিত মাঝারি মাত্রার অপুষ্টিতে আক্রান্ত।[২০] পশ্চিমবঙ্গের বারাসাত ক্যাম্পে বিভিন্ন বয়সী শরণার্থীদের রোগের ধরণ নিচের সারণীতে উল্লেখ করা হলো-

| **রোগের নাম** | **১ বছরের কম (১২ জন)** | **১-৫ বছর (৫০ জন)** | **৫-১০ বছর (৯২ জন)** | **১১-১৫ বছর (৭২ জন)** | **১৫ বছরের বেশি (২২৭ জন)** |
|---|---|---|---|---|---|
| অপুষ্টি (মাঝারি+তীব্র) | ১৭% | ২০% | ১২% | ৩% | ৫% |
| ভিটামিন এ-এর অভাব | ৮% | ২০% | ২৩% | ১৪% | ০% |
| রক্তস্বল্পতা (মাঝারি) | ৫০% | ৫৬% | ৪২% | ৪২% | ৫২% |
| রক্তস্বল্পতা (তীব্র) | ৮% | ৪% | ১% | ৩% | ৬% |
| চর্মরোগ (চুলকানি-পাচড়া) | ২০% | ৩৭% | ২০% | ১৯% | ১৪% |
| গুটিবসন্তের টিকার দাগ | ৩৩% | ৭২% | ৮৮% | ৯৭% | ১০০% |

উৎস: *পূর্বোক্ত*, পৃ. ১০৫।

বারাসাত ক্যাম্পের দুই তৃতীয়াংশ শরণার্থী মারা গেছে ডায়রিয়ায়। এর বাইরে হাম ও অন্যান্য রোগে শরণার্থীরা মারা গেছে। তবে সেই হার খুব বেশি নয়। বারাসাত ক্যাম্পে বিভিন্ন বয়সী শরণার্থীর মৃত্যুর কারণ নিম্নরূপ–

| **মৃত্যুর কারণ** | **০-১৫ বছর** | **১৬-৪৯ বছর** | **৫০ বা তদুর্ধ্ব** | **মোট** |
|---|---|---|---|---|
| ডায়রিয়া | ১১ | ১ | ৫ | ১৭ |
| হাম | ২ | ০ | ০ | ২ |
| ট্রমা | ০ | ৩ | ১ | ৪ |
| অন্যান্য | ১ | ০ | ১ | ২ |
| মোট | ১৪ | ৪ | ৭ | ২৫ |

উৎস: *পূর্বোক্ত*, পৃ. ১০৬।

এপ্রিল মাস থেকে পশ্চিমবঙ্গ সরকার শরণার্থীদের জন্য সীমান্তের বিভিন্ন স্থানে স্বাস্থ্য ও অভ্যর্থনা কেন্দ্র খোলে।[২১] সেসময় পশ্চিমবঙ্গ সরকার বাংলাদেশের শরণার্থীদের জন্য সকল রাজ্যকে এগিয়ে আসার আহ্বান জানায়। পশ্চিমবঙ্গের একার পক্ষে শরণার্থীদের জন্য খাদ্য, আশ্রয় এবং স্বাস্থ্য সুবিধা প্রদান করা সম্ভব নয়। এমতাবস্থায় দিল্লিতে কেন্দ্রীয় শ্রম, কর্মসংস্থান ও স্বাস্থ্যমন্ত্রী আর.কে খাদিলকার ঘোষণা দেন যে, শরণার্থীদের ত্রাণকার্যে সকল ব্যয় কেন্দ্রীয় সরকার বহন করবে।[২২] এপ্রিল মাস থেকেই পশ্চিমবঙ্গসহ ভারতীয় পত্র-পত্রিকা শরণার্থীদের খবর গুরুত্বসহকারে প্রকাশ করতে থাকে। জুন-জুলাই মাস থেকে বিভিন্ন আন্তর্জাতিক সংবাদ সংস্থাসহ বিশ্বের বিভিন্ন দেশের সংবাদপত্র গুরুত্বসহকারে শরণার্থী সমস্যা এবং উক্ত সমস্যায় ভারতের টানাপোড়ন ইত্যাদি নানাদিক নিয়ে সংবাদ, সম্পাদকীয়, প্রবন্ধ ও চিঠিপত্র প্রকাশিত হয়।[২৩] শরণার্থী সমস্যায় বাংলাদেশ প্রশ্নে ভারত সরকার আন্তর্জাতিক জনমতকে প্রভাবিত করে। ফলে এ সমস্ত শরণার্থী শিবিরে আশ্রয় গ্রহণকারীদের দূর্দশা লাঘবে বিভিন্ন দেশ ও আর্ন্তজাতিক সংগঠনসমূহ এগিয়ে আসে। শরণার্থী সমস্যা বিশ্ব মিডিয়ায় জোরালোভাবে প্রচার পেলে জাতিসংঘের শরণার্থী সংস্থা (UNHCR) ও অন্যান্য আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা ভারতে ব্যাপক ত্রাণকার্যের সূচনা করে।[২৪] উদ্ভূত শরণার্থী সংকটে জাতিসংঘ ত্রাণ তৎপরতা পরিচালনা করতে গিয়ে উল্লেখ করে– "The Organization (UN) mounted largest humanitarian operation in its history during and after the conflict over Bangladesh in 1971."[২৫]

ভারতে আশ্রিত ভাগ্য বিড়ম্বিত বাঙালি শরণার্থীদের জন্য জাতিসংঘ ৬২,৬৭১ টন খাদ্য, ২২০০টি যানবাহন, ৭০০ টন ঔষধ সামগ্রী এবং ৩০ লক্ষ শরণার্থীর আশ্রয় তৈরির পলিথিন প্রদান করে।[২৬] ১৮ নভেম্বর ১৯৭১ তারিখ পর্যন্ত UNHCR মোট ১৬,১৪,১২,৯৮৬.৮৪ মার্কিন ডলারের সমপরিমাণ সাহায্য প্রেরণ করে। এর মধ্যে ৮,৯২,৬১,৭৫৩.৩৫ ডলার নগদ অর্থ এবং ৭,২১১,৫১,২৩৩.৪৯ ডলার পরিমাণের বিভিন্ন ত্রাণ সামগ্রী হিসেবে পাওয়া যায়।[২৭] বিশ্বের বিভিন্ন দেশ ও জাতিসংঘের সহযোগী সংগঠনসমূহ যথাক্রমে ২,৩৪,৭১,৩৪১৯ ও ২৬৪,৪৯৬৪৬২ মার্কিন ডলার সহায়তা দান করে।[২৮] এছাড়া অপুষ্টি নিবারণের জন্য ব্যবস্থা গ্রহণ এবং ক্যাম্পে অপুষ্টিতে আক্রান্তদের স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে।

২১ এপ্রিল (১৯৭১) পশ্চিমবঙ্গ সরকার বাংলাদেশের শরণার্থীদের সাহায্যে সকল রাজ্যকে এগিয়ে আসার আহ্বান জানায়।[২৯] শরণার্থী সমস্যায় পতিত পশ্চিমবঙ্গ সরকার ভারতের কেন্দ্রীয় সরকারকে সাহায্যের আবেদন জানায়। এরই প্রেক্ষিতে ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরাগান্ধী ৮ মে (১৯৭১) কলকাতায় আসেন। সেখানে তিনি শরণার্থী সমস্যার সমাধানে তিনটি পরিকল্পনা করেন। পরিকল্পনাগুলো হলো–

ক. শরণার্থীদের সুষ্ঠু ব্যবস্থাপনা;

খ. শরণার্থী জীবনের ভয়াবহ চিত্র আন্তর্জাতিক অঙ্গনে উপস্থাপন করা;

গ. সম্ভাব্য সামরিক হস্তক্ষেপের রূপরেখা নিয়ে আলোচনা।

ভারতের প্রধানমন্ত্রী এপ্রিল ও মে মাসে পশ্চিমবঙ্গের শরণার্থী শিবিরগুলো পরিদর্শন করেন। শরণার্থী শিবিরগুলোতে চরম মানবিক সংকট তিনি লক্ষ্য করেন। সেসময় তিনি বলেন– "We must do ourdest to help our brothers and sisters who have crossed into India. But we have limited resources"[৩০]

মুক্তিযুদ্ধের শুরুতেই ২২ এপ্রিল পশ্চিমবঙ্গ সরকার এক জরুরী বৈঠকে মিলিত হয়ে শরণার্থীদের সাহায্যের জন্য সকল রাজ্য সরকারকে আহ্বান জানায়। ১৭ মে ইন্দিরা গান্ধী বনগাঁ, হলদিবাড়ীসহ বিভিন্ন ক্যাম্পের শরণার্থীদের তিনি এই বলে আশ্বস্ত করেন যে, "পূর্ববাংলায় স্বাধীনতাযুদ্ধ কেবল বাংলাদেশেরই নয়; এটি আমাদেরও যুদ্ধ।"[৩১] ২৫ ও ২৬ মে লোকসভায় 'Discussion on influx of Refugees from East Bengal' শিরোনামে আলোচনায় পশ্চিমবঙ্গ কংগ্রেসের নেতা এ.কে. সেন বলেন, 'আমরা মানব ইতিহাসের সর্ববৃহৎ ট্র্যাজেডি নিয়ে আলোচনার জন্য মিলিত হয়েছি।' তিনি আরো বলেন, "Is it enough to say that we are prepared to extend all our sympathy support and succour to these millions of unfortunate refugees? Such a passive role would not be consistent with our history and our traditions."[৩২]

৫ জুন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী পুনরায় কলকাতায় আসেন। এখানে তিনি পশ্চিমবঙ্গের মন্ত্রীসভার সদস্য এবং ইস্টার্ন কমান্ডের প্রধান জেনারেল অরোরাসহ উচ্চপদস্থ সামরিক অফিসারদের সাথে শরণার্থী বিষয়ে আলোচনা করেন। শরণার্থী সমস্যার জন্য ভারত সরকার ডিসেম্বর (১৯৭১) পর্যন্ত ৪০৫ কোটি রুপির বাজেট তৈরি করে। অবশ্য এই অর্থের উল্লেখযোগ্য অংশ এসেছিল বিদেশ থেকে। শরণার্থী সংকটে উদ্বিগ্ন ভারত সরকার আশংকা প্রকাশ করছিল পাকিস্তান তাদের উপর যুদ্ধ চাপিয়ে দিতে পারে। তবে ভারত সরকার উদ্ভূত পরিস্থিতির জন্য প্রস্তুত ছিল।[৩৩] ৫ মে (১৯৭১) তারিখে পশ্চিমবঙ্গ বিধান সভার অধিবেশনে রাজ্যপাল শান্তি ধাওয়ান ঘোষণা করেন যে, বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের আশ্রয় দেয়ায় পশ্চিমবঙ্গ সরকারের নীতি হবে। ৭ মে পশ্চিমবঙ্গ সরকার ও বিরোধী দল বাংলাদেশের শরণার্থী বিষয়ে অভিন্ন নীতি গ্রহণ করে। সরকার ও বিরোধী দলের বিভিন্ন বিষয়ে মতপার্থক্য থাকলেও বাংলাদেশের শরণার্থী ও স্বাধীনতার পক্ষে তাদের অভিন্ন মত রয়েছে।[৩৪]

পশ্চিমবঙ্গের সাধারণ জনগণ প্রথমত মানবিক কারণে শরণার্থীদের সহায়তা করেছিল। পশ্চিমবঙ্গের মানুষ স্বতঃস্ফূর্তভাবে বাংলাদেশের মুক্তিসংগ্রামে সহায়তা করেছিল। তবে মানবিক কারণের পাশাপাশি ঐতিহাসিক আরো অনেক কারণে পশ্চিমবঙ্গের মানুষ শরণার্থীদের সহায়তা করেছিল। পশ্চিমবঙ্গের সাথে বাংলাদেশ বা পূর্ববাংলার রয়েছে সাংস্কৃতিক ও ভাষাগত মিল। তাছাড়া সীমান্তবর্তী এই দুটি স্থানের মানুষ শত শত বছর ধরে বাঙালি চিন্তা-চেতনা লালন করে এসেছে। এই দুটি এলাকা ব্রিটিশ আমল বা তার পূর্বে বিভিন্ন সময় একই প্রশাসনের অধীনে গড়ে উঠেছে। যার ফলে ১৯৪৭ সালের পর ভারতের সঙ্গে পাকিস্তানের রাষ্ট্রীয়ভাবে শত্রুভাবাপন্ন মনোভাব থাকলেও উভয় বাংলার মধ্যে সবসময় সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় ছিল। ভারতবর্ষে প্রাচীনকাল থেকেই উভয় বাংলার মানুষ বাঙালি জাতি হিসেবে বেড়ে উঠেছে। ব্রিটিশ শাসনামল বা ১৯৪৭ সালে উভয় বাংলা ভাগ হলেও তাদের বাঙালিত্ব পরিহার করেনি। তাই ১৯৭১ সালে পূর্ববাংলার শরণার্থীদের পশ্চিমবাংলার মানুষ শুধুমাত্র মানবিক কারণে আশ্রয় দেয়নি; এর পেছনে সুদীর্ঘকালের জাতিগত ও নৃতাত্ত্বিক কারণও রয়েছে।

২৭ মার্চ (১৯৭১) তারিখে কলকাতার বেশ কিছু ছাত্র যুব সংগঠন বাংলাদেশের প্রতি একাত্মতা প্রকাশ করে সমগ্র পশ্চিমবঙ্গে ছাত্র ধর্মঘট পালন করে। এদিন অনুষ্ঠিত বিভিন্ন ছাত্র সভায় ভারত সরকারের কাছে বাংলাদেশকে স্বীকৃতি দেয়া এবং সাহায্য-সহযোগিতার জন্য দাবি জানায়।[৩৫] ২৮ মার্চ তারিখে পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদের উদ্যোগে কলকাতায় পাকিস্তানি দূতাবাস ঘেরাও, ছাত্র পরিষদ ও যুব কংগ্রেসের ডাকে ছাত্রদের দিনব্যাপী অনশন সভা ও মশাল মিছিল করা হয়।[৩৬] ২৮ মার্চ বাংলাদেশের

সমর্থনে পশ্চিমবঙ্গের মানুষ কলকাতার ময়দানে একটি বিশাল জনসভা করে। জনসভা সম্পর্কে দৈনিক যুগান্তরের রিপোর্টটি ছিল নিম্নরূপ–

> এ দিনের জমায়েতের চরিত্র ছিল সম্পূর্ণ আলাদা। সমস্ত পশ্চিমবঙ্গের মানুষের মন আজ বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সমর্থনে যে আবেগে উদ্বেল তাই সভায় প্রতিফলিত। এদিনের সমস্ত মানুষ সারাদিন যে অসীম আগ্রহ নিয়ে ট্র্যানজিস্টারের সামনে বসে আছে স্বাধীন বাংলা বেতারে ঘোষণা শোনার জন্য যে উন্মাদনায় এপারের সহস্র সহস্র যুবক ছুটে চলেছেন সীমান্তের দিকে সেই উত্তেজনায় সমস্ত সভা সারাক্ষণ থরথর করে কেঁপেছে।[৩৭]

৩১ মার্চ বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনীর ব্যাপক হত্যাকাণ্ডের প্রতিবাদে পশ্চিমবঙ্গের সর্বত্র হরতাল পালিত হয়।[৩৮] হরতাল চলাকালীন বিভিন্ন রাজনৈতিক দল ও ছাত্র জনতা মিছিলে মিছিলে সমগ্র কলকাতা কাঁপিয়ে তোলে। ১ এপ্রিল উত্তর দার্জিলিং থেকে দক্ষিণে বঙ্গোপসাগর পর্যন্ত পশ্চিমবঙ্গে বাংলাদেশের সমর্থনে হরতাল পালিত হয়। বাংলা বিভক্ত হওয়ার পর এই প্রথম পশ্চিমবঙ্গের মানুষ পূর্ববাংলার বাঙালিদের প্রতি প্রকাশ্যে এত বড় সহানুভূতি ও সমর্থন জানায়।[৩৯] ১০ এপ্রিল বাংলাদেশের স্বাধীনতা ও শরণার্থীদের পক্ষে কলকাতার বঙ্গীয় প্রাদেশিক ছাত্র ফেডারেশন এবং গণতান্ত্রিক যুব ফেডারেশনের আয়োজনে কলকাতায় বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।[৪০] বিক্ষোভকারীরা পরে কলকাতা বিশ্ববিদ্যালয় লেনে দীনেশ মজুমদারের সভাপতিত্বে এক সভায় মিলিত হয়। এতে বক্তৃতা করেন বুদ্ধদেব ভট্টাচার্য, বিমান বসু, সুভাষ চক্রবর্তী, শ্যামল চক্রবর্তী প্রমুখ।

১৬ এপ্রিল কলকাতায় শিখ সম্প্রদায় পাকিস্তানি নৃশংসতার নিন্দা জানায়। ৬ মে পশ্চিমবঙ্গের বৌদ্ধ সম্প্রদায়ের পক্ষ থেকে পূর্ব বাংলায় বাঙালি নিধন বন্ধের জন্য জাতিসংঘ মহাসচিবের কাছে আহ্বান জানানো হয়।[৪১] বস্তুত পশ্চিমবঙ্গের মানুষের মধ্যে এ সময়ে বাংলাদেশের প্রতি এমনই আবেগ সৃষ্টি হয়েছিল যে, এদের অনেকেই বাংলাদেশের পতাকা বহন করে সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে ঢুকে পড়েছে। তাদের বাংলাদেশে প্রবেশের উদ্দেশ্য ছিল নিছকই বাঙালিদের প্রতি সমর্থন প্রকাশ করা।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রতি ভারতীয় বুদ্ধিবীজীদের মধ্যে সর্বপ্রথম প্রতিক্রিয়া ব্যক্ত করেন পশ্চিমবঙ্গের বাঙালি বুদ্ধিজীবীরা। ২৮ মার্চ পশ্চিমবঙ্গের লেখক ও বুদ্ধিজীবীদের একটি যৌথ বিবৃতি প্রকাশিত হয়। ঐ বিবৃতিতে বলা হয়, বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের প্রতি তাদের অকুণ্ঠ সমর্থন রয়েছে।[৪২] বিবৃতিতে স্বাক্ষর করেন সত্যজিৎ রায়, তারাশংকর বন্দোপাধ্যায়, মৈত্রেয়ী দেবী, আবু সাঈদ আইয়ুব, বিষ্ণুদে, বুদ্ধদেব বসু, শম্ভু মিত্র, সৌমিত্র চট্টোপাধ্যায়, গৌরকিশোর ঘোষ, নরেন্দ্র নাল চক্রবর্তী, তৃপ্তি মিত্র, প্রবোধচন্দ্র সেন, তারাপদ মুখার্জী, সন্তোষ কুমার ঘোষ, অম্লান দত্ত প্রমুখ।

২৮ মার্চ কলকাতায় নাগরিক সমাবেশে বাংলাদেশের মানুষের প্রতি তাদের অকুণ্ঠ সমর্থন ও গভীর মমত্ববোধের পরিচয় পাওয়া যায়।[৪৩] নাগরিক সভা, মুক্তিযোদ্ধা ও শরণার্থীদের সাহায্যকল্পে স্বেচ্ছাসেবক বাহিনী গঠনের প্রতি গুরুত্বারোপ করে। ২৯ মার্চ পশ্চিমবঙ্গের বিরোধী দলীয় সিপিএম নেতা জ্যোতি বসু বাংলাদেশকে স্বীকৃতি দানের জন্য কেন্দ্রের প্রতি দাবি জানান। তিনি আরো বলেন, 'পূর্ববাংলার লড়াই থেকে ভারতের উচিত সাম্প্রদায়িক সম্প্রীতির শিক্ষা নেয়া।[৪৪] ৩০ মার্চ কলকাতার চিকিৎসক সম্প্রদায় পাকিস্তান হাইকমিশনের সামনে বিক্ষোভ প্রদর্শন করে এবং একটি স্মারকলিপি দেন। স্মারকলিপিতে বলা হয়, পাকিস্তানের প্রতি বিশ্ববিবেকের যে ঘৃণা জমে উঠেছে তা তাদের অনুধাবন করা উচিত।[৪৫]

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী অজয় মুখার্জীর নেতৃত্বে কলকাতায় 'মুক্তিসংগ্রাম সহায়ক সমিতি' গঠিত হয়। ৫ এপ্রিল উক্ত কমিটি বাংলাদেশের শরণার্থী বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করে।[৪৬] ৮ এপ্রিল কলকাতায় পশ্চিমবাংলার বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ বাংলাদেশের প্রতি সংহতি মিছিল করে।[৪৭] ১৯ এপ্রিল ভারতের মুসলিম বুদ্ধিজীবীগণ বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানায়।[৪৮] কলকাতা বিশ্ববিদ্যালয় ও অনুমোদিত কলেজগুলোর শিক্ষক, ছাত্র ও অন্যান্য সমস্ত শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে বাংলাদেশকে সহায়তার জন্য 'বাংলাদেশ সহায়ক সমিতি' গঠন করে।[৪৯] এ সমিতির সভাপতি ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সত্যেন সেন ও সম্পাদক ছিলেন দিলীপ চক্রবর্তী। কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির সহায়তায় ভারতের এলাহাবাদ, আলীগড়, লক্ষ্ণৌ, দিল্লি, বোম্বে, মাদ্রাজ, কেরালা, পুনে, জয়পুর, পাটনা ও বর্ধমানের বিভিন্ন স্থানে ও বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের পক্ষে জনমত গঠনের জন্য সভা অনুষ্ঠিত হয়।[৫০] কলকাতা বিশ্ববিদ্যালয় সহায়ক সমিতি বাংলাদেশের প্রকৃত ঘটনা তুলে ধরার জন্য বেশ কিছু গ্রন্থ ও পুস্তিকা প্রকাশ করে। এর মধ্যে উল্লেখযোগ্য- *বাংলাদেশের মুক্তিযুদ্ধ, ঐতিহাসিক ভাষণ, ছয় দফা দাবি, Bangladesh the thruth, Conflict in East Pakistan, Background and Prospects, Bangladesh through the lanes, Bangladesh through a new life, Pakistan and Bengali Culture, Bleeding Bangladesh: A Document of valuable photos.*[৫১] সহায়ক সমিতির সহায়তায় রচিত ইংরেজি ভাষায় পুস্তিকা ও গ্রন্থগুলো পৃথিবীর বড় বড় বিশ্ববিদ্যালয় ও খ্যাতিমান বুদ্ধিজীবীদের কাছে পাঠানো হয়েছিল।

কলকাতা রবীন্দ্র সদনে সহায়ক সমিতির উদ্যোগে চ্যারিটি শোতে সঙ্গীত পরিবেশন করেন হেমন্ত মুখোপাধ্যায় ও কনিকা বন্দোপাধ্যায়। অনুষ্ঠানটি বাংলাদেশের পক্ষে গণজাগরণ সৃষ্টিতে সহায়ক হয় এবং এখান থেকে অর্জিত অর্থ শরণার্থীদের জন্য ব্যয় করা হয়।[৫২] বাংলাদেশের শরণার্থী শিশুদের শিক্ষাদানের জন্য স্কুল প্রতিষ্ঠা ও পাঠদানের ক্ষেত্রেও সার্বিক সহায়তা দিয়েছে কলকাতা বিশ্ববিদ্যালয় সহায়ক সমিতি।[৫৩] এভাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী, শ্রমিক, ব্যবসায়ী সংগঠন, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মচারী ও পশ্চিমবঙ্গ সরকার স্বেচ্ছায় এগিয়ে এসেছে বাংলাদেশের শরণার্থীদের সহায়তায়।

পশ্চিমবঙ্গ তথা ভারত সরকার প্রথমত মানবিক দ্বিতীয়ত নিজেদের স্বার্থের কারণে বাংলাদেশের শরণার্থীদের মুক্তিযুদ্ধের শেষ পর্যন্ত আশ্রয় দিয়েছে। তবে শরণার্থীরা শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করলে দেশে ফেরার জন্যও উন্মুখ ছিল। এমনকি কেউ কেউ যুদ্ধ চলাকালেও দেশে ফিরে আসে। ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ১৯৭১ সালের ২৪ নভেম্বর লোকসভার অধিবেশনে বলেন, 'The Refugees want to return their homes under credible grantees of safty and human dignity. We are determind to ensure that they are enabled to do so as soon as possible.'[৫৪] ডিসেম্বর মাসের শুরুর দিকে ভারত-বাংলাদেশের যৌথ কমান্ড গঠিত হয়। তখন বাংলাদেশের অভ্যন্তরে বিভিন্ন যুদ্ধে পাকিস্তানিরা পরাজিত হতে থাকে। অবশেষে ১৬ ডিসেম্বর যৌথ কমান্ডের কাছে পাকিস্তানি সামরিক বাহিনী আত্মসমর্পণ করলে বাংলাদেশ মুক্তিযুদ্ধে চূড়ান্ত বিজয় অর্জন করে। এদিন ঢাকা মুক্ত হওয়ার পর বহু শরণার্থী নিজেদের উদ্যোগে দেশে ফিরতে শুরু করে।[৫৫] বাংলাদেশের দ্রুত স্বাধীনতা লাভের ফলে শরণার্থী প্রত্যাবর্তনের বিষয়টি সহজতর হয়। প্রত্যাবর্তনকারী শরণার্থীদের বাংলাদেশে স্থাপিত ২৭১টি

আশ্রিত শিবিরের কোন না কোনটিতে কিছু সময় থাকতে হয়।[৫৬] দেশে ফেরার সময় শরণার্থীদেরকে যাত্রাপথে খাবার, মেডিক্যাল সহায়তা এবং দু'সপ্তাহের প্রাথমিক রেশন প্রদান করা হয়। ১৯৭২ সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে ৯ মিলিয়নের অধিক শরণার্থী দেশে ফিরে আসে।[৫৭] দুই দেশের সরকারের অগ্রাধিকারের ভিত্তিতে আলোচনার মাধ্যমে শরণার্থীদের দ্রুত দেশে ফিরিয়ে আনা সম্ভবপর হয়। ১৯৭২ সালের ২৫ মার্চ ভারতের ক্যাম্পে অবস্থানকারী সর্বশেষ ৩৮৬৯ জন শরণার্থী দেশে ফিরে আসে।[৫৮] ভারত সরকারের হিসাব অনুযায়ী আরো প্রায় ৬০০০০ শরণার্থী তাদের আত্মীয়-স্বজনের বাসায় ছিল। পরবর্তীতে তারা নিজ দায়িত্বে দেশে ফিরে আসে।

## উপসংহার

১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রধানত দু'টি কারণে পরিচিতি পায়। এর একটি পাকিস্তান সেনাবাহিনীর গণহত্যা ও নির্যাতন এবং অপরটি হলো শরণার্থী সমস্যা। শরণার্থী সমস্যার কারণে বাংলাদেশ বহিঃর্বিশ্বে ব্যাপক মানবিক সমর্থন পায়। এই মানবিক সমর্থনের সূত্র ধরে বিশ্বব্যাপী বাংলাদেশের মুক্তিযুদ্ধের রাজনৈতিক সমর্থনের পথ সুগম হয়। জাতিসংঘ, ইউএনএইচসিআরসহ আন্তর্জাতিক বিভিন্ন সংগঠন ও দেশ শরণার্থী সমস্যার ব্যাপারে যেভাবে সংশ্লিষ্ট হয়, বাংলাদেশ আন্দোলনকে আন্তর্জাতিকীকরণে তা সহায়ক ভূমিকা পালন করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বাংলাদেশের শরণার্থীরাই ছিল পৃথিবীর ইতিহাসে সর্ববৃহৎ। শরণার্থী সমস্যার এই বিশালত্ব বাংলাদেশের মুক্তি আন্দোলন আন্তর্জাতিক পরিমণ্ডলে স্বীকৃতি পেয়েছিল। অভ্যন্তরীণ, আঞ্চলিক ও আন্তর্জাতিক এই তিনটি পরিমণ্ডলে শরণার্থী সমস্যার বহুমাত্রিক প্রবৃত্তি ও প্রবণতার ফলে বাংলাদেশের অভ্যুদয়ের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করে। বাংলাদেশের প্রায় এক কোটি শরণার্থীর দুই-তৃতীয়াংশ ভারতের পশ্চিমবঙ্গে আশ্রয় নেয়। এই কারণে পশ্চিমবঙ্গ তথা ভারত বিশাল আর্থিক, সামাজিক ও নিরাপত্তাজনিত পরিস্থিতিতে পড়ে। এ বিপুল সংখ্যক শরণার্থীর আশ্রয়দানের কারণে রাজ্যটি নানাবিধ সমস্যার সম্মুখীন হয়। কিন্তু তা সত্ত্বেও দল মত নির্বিশেষে পশ্চিমবঙ্গের জনগণ ও সরকার যে অভিন্ন ঐক্যের পরিচয় দিয়েছে তা যে কোন দেশের ইতিহাসে বিরল ঘটনা। তাই বাংলাদেশের মুক্তিযুদ্ধের মৌল নিয়ামক-শরণার্থীদের আশ্রয় প্রদান করে পশ্চিমবঙ্গ যে মহানুভবতার পরিচয় দিয়েছে তা বাংলাদেশের মানুষ চিরকাল কৃতজ্ঞতার সাথে মনে রাখবে।

---

### তথ্যনির্দেশ

১ ধর্ম, বর্ণ, জাতীয়তা কিংবা কোনো বিশেষ সামাজিক শ্রেণি বা রাজনৈতিক মতাদর্শের জন্য নির্যাতিত হওয়ার ভয়ে নিজের চিরাচরিত আবাসভূমি থেকে অন্যত্র বসবাসকারী ব্যক্তি, যিনি নিজ দেশের নিরাপত্তা পরিস্থিতিতে আস্থাশীল নন এবং এতদসংক্রান্ত ভীতির কারণে স্বদেশে ফিরে যেতে অনিচ্ছুক বা অক্ষম। International Committee for European Migration (ICEM) মনে করে যিনি যুদ্ধ কিংবা দুর্যোগের শিকার হয়েছেন এবং যার ফলে তার জীবন ভয়াবহতম হুমকীর মুখে পড়েছে তাকেই শরণার্থী বলা যায়। *Encyclopedia of Britannica* (Chicago: Encyclopedia of Britannica Inc. 1981) pp. 568-572

[২] Sheelendra Kumar Sing (ed.), *Bangladesh Documents,* vol.1 (New Delhi: Ministry of External Affair, 1971), p. 675.

[৩] *en.wikipedia.org/wiki/Refugce*

[৪] দিব্যদুতি সরকার, *বাংলাদেশের মুক্তিযুদ্ধে শরণার্থী সমস্যা : প্রেক্ষাপট, ব্যবস্থাপনা ও ভূ-রাজনীতি*, অপ্রকাশিত পিএইচডি অভিসন্দর্ভ (রাজশাহী বিশ্ববিদ্যালয় : আইবিএস, ২০১২ পৃ.২।

[৫] দিব্যদুতি সরকার, *পূর্বোক্ত; en.wikipedia.org/wiki/Refugce*

[৬] মোহাম্মদ ফায়েক উজ্জামান, মুজিবনগর সরকার ও বাংলাদেশের মুক্তিযুদ্ধ (ঢাকা: বাংলা একাডেমী) পৃ. ১১৩।

[৭] এইচ.টি.ইমাম, *বাংলাদেশ সরকার* (ঢাকা: আগামী প্রকাশনী, ২০০৪), পৃ. ১৯৮-১৯৯।

[৮] হাসান হাফিজুর রহমান (সম্পা.), *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র*, ৮ম খণ্ড (ঢাকা: তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ১৯৮২), পৃ. ৬৯০ (পরে দলিলপত্র লেখা হয়ে)।

[৯] *দৈনিক যুগান্তর*, ৯ মে, ১৯৭১।

[১০] Salam Azad, *Contribution of India in the war of liberation of Bangladesh* (Dhaka: Ankur Prakashani, 2003), p. 181; বিস্তারিত দেখুন, *দলিলপত্র*, ৮ম খণ্ড, পৃ. ৬৯২-৭০৩।

[১১] *দলিলপত্র*, ৮ম খণ্ড, পৃ. ৬৮৫।

[১২] সাক্ষাৎকার: মোঃ দবির মণ্ডল (বয়স-৮৫), একাত্তরের শরণার্থী, দৌলতপুর, কুষ্টিয়া, তারিখ: ০৯.০৯.২০১৯।

[১৩] আশফাক হোসেন, *বাংলাদেশের মুক্তিযুদ্ধের শরণার্থী সমস্যা ও ভারত* (ঢাকা: উচ্চতর সমাজবিদ্যা গবেষণা কেন্দ্র), পৃ. ৩৬।

[১৪] সাক্ষাৎকার: মঈন উদ্দিন (বয়স- ৭২), মুক্তিযোদ্ধা ও কালিদাসপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান, কালিদাসপুর আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা, তারিখ: ০৯.০৯.২০১৯।

[১৫] সাক্ষাৎকার: মোঃ দলিল উদ্দিন (বয়স- ৬৯), চণ্ডিপুর গ্রামের বাসিন্দা, ভেড়ামারা, কুষ্টিয়া, তারিখ: ০৯.০৯.২০১৯।

[১৬] আনিসুজ্জামান, *আমার একাত্তর* (ঢাকা: সাহিত্য প্রকাশনী, ১৯৯৭), পৃ. ৮৮।

[১৭] আসাদুজ্জামান আসাদ, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও শরণার্থী শিবির* (ঢাকা: আগামী প্রকাশনী, ২০০৯), পৃ. ২৫৩।

[১৮] দিব্যদুতি সরকার, *পূর্বোক্ত*, পৃ.১০২।

[১৯] *ঐ*, পৃ. ১০৩-১০৪।

[২০] *ঐ*।

[২১] মোহাম্মদ সেলিম, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ভারতের রাজনৈতিক দল* (ঢাকা: বাংলাদেশ চর্চা, ২০০৪), পৃ. ৪১।

[২২] *Bangladesh Documents,* Vol. 1, p. 683-684.

[২৩] মোহাম্মদ সেলিম, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ভারতের রাজনৈতিক দল*, *পূর্বোক্ত*, পৃ. ৩৮।

[২৪] আশফাক হোসেন, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ইন্দিরাগান্ধী* (ঢাকা: সুবর্ণ প্রকাশনী, ২০১৭), পৃ. ১৯।

[২৫] মোঃ আহসানুল কবীর, 'একাত্তরে বাংলাদেশের শরণার্থী ও ত্রিপুরা', সামিনা সুলতানা (সম্পা.), *ইতিহাস প্রবন্ধমালা* (ঢাকা: ইতিহাস একাডেমি, ২০১৮), পৃ. ৩৭।

[২৬] *দলিলপত্র*, ১৩ খণ্ড, পৃ. ৭৮৩।

[২৭] *ঐ*, পৃ. ৭৮৩-৭৮৪।

[২৮] Sheelendra Kumar Sing (ed.), *Bangladesh Documents,* vol. 2 (New Delhi: Ministry of External Affair, 1972), p. 83-88.

[২৯] ড. মোহাম্মদ সেলিম, *বাংলাদেশ-ভারত সম্পর্ক (১৯৭১-১৯৮১)*, (ঢাকা: বাংলা একাডেমী, ২০০৯), পৃ. ৫৫।

[৩০] *The Statesman*, 19 May, 1971.

[৩১] আসাদুজ্জামান আসাদ, *পূর্বোক্ত*, পৃ. ২৬৮।

[৩২] মোহাম্মদ সেলিম, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ভারতের রাজনৈতিক দল*, *পূর্বোক্ত*, পৃ. ৪২-৪৩।

[৩৩] *দৈনিক আনন্দবাজার*, ১৮ অক্টোবর, ১৯৭১।

[৩৪] *দলিলপত্র*, ১২ খণ্ড, পৃ. ২২৯।

[৩৫] দিব্যদুতি সরকার, *পূর্বোক্ত*, পৃ. ১৫৭।

[৩৬] *ঐ*।

[৩৭] *দৈনিক যুগান্তর*, ২৮ মার্চ, ১৯৭১।

[৩৮] আসাদুজ্জামান আসাদ, *পূর্বোক্ত*, পৃ. ২৮৩।

[৩৯] *দৈনিক আনন্দবাজার*, ২ এপ্রিল, ১৯৭১।

[৪০] ড. মোহাম্মদ হান্নান, *বাংলাদেশের ছাত্র আন্দোলনের ইতিহাস (১৮৩০ থেকে ১৯৭১)*, (ঢাকা: আগামী প্রকাশনী, ১৯৯৯), পৃ. ৮১৩।

[৪১] *দলিলপত্র*, ১২ খণ্ড, পৃ. ৩৪৭।

[৪২] *ঐ*, পৃ. ২৯৮-২৯৯।

[৪৩] আসাদুজ্জামান আসাদ, *পূর্বোক্ত*, পৃ. ২৮৬।

[৪৪] *ঐ*।

[৪৫] *দলিলপত্র*, ১২ খণ্ড, পৃ. ৩০৮।

[৪৬] *ঐ*, পৃ. ৩১৪।

[৪৭] ড. মোহাম্মদ হান্নান, *পূর্বোক্ত*, পৃ. ৮১৩।

[৪৮] আশফাক হোসেন, *বাংলাদেশের অভ্যুদয় ও জাতিসংঘ*, *পূর্বোক্ত*, পৃ. ৩০।

[৪৯] শামসুল হুদা চৌধুরী, *মুক্তিযুদ্ধে মুজিবনগর* (ঢাকা: বিজয়া প্রকাশনী, ১৯৮৫), পৃ. ১৬৭।

[৫০] মোহাম্মদ ফায়েক উজ্জামান, *পূর্বোক্ত*, পৃ. ১৬১।

[৫১] *ঐ*, পৃ. ১৬২।

[৫২] *ঐ*।

[৫৩] শামসুল হুদা চৌধুরী, *পূর্বোক্ত*, পৃ. ১৬৩।

[৫৪] আশফাক হোসেন, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ইন্দিরাগান্ধী*, *পূর্বোক্ত*, পৃ. ৮৩।

[৫৫] মোঃ আহসানুল কবীর, *পূর্বোক্ত*, পৃ. ৩৮।

[৫৬] সিরাজুল ইসলাম (সম্পা.), *বাংলাপিডিয়া: বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ*, ৯ম খণ্ড (ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ২০০৩), পৃ. ২৬০।

[৫৭] *ঐ*।

[৫৮] *Bangladesh Documents*, Vol. 2, *op. cit.*, p. 81.

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# মোগল হেরেমের নারীদের জীবন ও কর্মকান্ড

ড. মো. আমিরুল ইসলাম*

শাহনাজ পারভীন**

**Abstract:** Many questions arise in the minds of the Mughal harem, an air of mystery is created. The Mogul women used to spend their whole lives in the emperor's harem. Mogul women were not like ordinary women. They were royal women. So their social life was different from that of ordinary women. There is no end to the interest of the Mogul women in their lives, their place of residence, their food supply, their clothing, entertainment, pleasure and education. European tourists describe most of the Mughal harem. However, because they did not know the veil of Islam and Islamic customs, they failed to give a proper description of the Mughal harem. Gulbudan Begum, the sister of the emperor Humayun, gives a reliable and reliable description of the Mughal harem. Being the mother of the child of the emperor or the son of the prince was not their only goal. The women of Harem also knew about the political changes in the outside world. The women of the Mughal harem also went to Hajj. They used to attend the royal palace.

**ভূমিকা :** মোগল সম্রাটগন ভারতীয় উপমহাদেশে এক অতি উন্নতমানের প্রশাসন ব্যবস্থা গড়ে তুলেছেন। ১৫২৬ খ্রিস্টাব্দে জহির উদ্দিন মোহাম্মদ বাবর কর্তৃক প্রতিষ্ঠিত হয়ে ১৮৬৪ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রায় আড়াই শত বছর ধরে ভারতের ইতিহাসে এক উজ্জ্বল অধ্যায়ের সংযোজন করেছিলেন। মোগলদের প্রশাসনিক ব্যবস্থা মূলত ভারতীয় ভিত্তির উপর আবর ও পারসিক শাসনের সংমিশ্রণ। মধ্য যুগের বিশ্ব ইতিহাসের দৃষ্টিতে মোগল সম্রাজ্য ছিল অন্যতম বৃত্তম কেন্দ্র নিয়ন্ত্রিত রাষ্ট্রীয় ব্যবস্থা। মূলত এই সমন্বিত রাষ্ট্র ব্যবস্থা গড়ে উঠেছিল মোগল সম্রাট-সম্রাজ্ঞী, অভিজাত সম্রদায় ও হেরেমের প্রভাবশালী শিক্ষিত নারীদের ঐকান্তিক প্রচেষ্টায়।

মোগলদের ঐশ্বর্য ও ঔজ্জ্বল্য ছিল প্রবাদতুল্য। তাদের আড়ম্বরপুর্ণ দরবার, আনন্দ-উৎসবের প্রাচুর্য, সঙ্গীত, কাব্য, স্থাপত্যকলা, চিত্রকলা ইত্যাদি ক্ষেত্রে অনুপম উজ্জ্বল বিকাশ এ যুগের উচ্চ ও সমৃদ্ধ সংস্কৃতিরই পরিচয় বহন করে। ফলে মোগল সংস্কৃতি এ সম্রাজ্য পতনের অনেক কাল পরেও সময়, পরিপার্শ্ব ও মানুষের জীবন চারণকে প্রভাবিত করেছে। উল্লেখিত শিরোনামের আলোকে নিম্নে মোগল হেরেমের নারীদের জীবন ও কর্মকান্ডের সংক্ষিপ্ত ও তথ্য ভিত্তিক আলোচনা উপস্থাপন করা হলো :

'হেরেম' একটি আরবী শব্দ, এর মূল শব্দ হচ্ছে হারাম। হেরেম অত্যন্ত পবিত্র স্থান হিসেবেও বিবেচিত হওয়ায় মোগল নারীদের বসবাসের স্থানকেও হারাম এবং তা থেকে বিবর্তিত হয়ে হেরেম হয়েছে।[১] তাই মোগল রাজপরিবারের নারীদের বাসস্থান হেরেম হিসেবে পরিচিতি অর্জন করেছে। হেরেমকে মহল,

---

* সহকারি অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, নাকোল সম্মিলনী ডিগ্রী কলেজ, শ্রীপুর, মাগুরা।

** প্রভাষক, খামারপাড়া সিনিয়র মাদরাসা, শ্রীপুর, মাগুরা

জেনানা, হেরেম- গা, মহল সারা, রানীবাস[২] ইত্যাদি নামেও আখ্যায়িত করা হতো। সম্রাট আকবরের জীবনী লেখক আবুল ফজল হেরেম সম্পর্কে বর্ণনা দিয়েছেন- একটা প্রকান্ড মাঠ, চারিদিকে উঁচু প্রাচীরে ঘেরা এবং তার মধ্যে একদল বেগমের জন্য এক একটা মহল নির্মিত থাকে। দুই তিনটি মহলের মধ্যে একটি করে বাগান, পুকুর, কুয়া নির্মিত থাকে। এ প্রকাণ্ড মহলকে হেরেম বলে।[৩]

মোগল নারীরা কোন সাধারণ নারী ছিলেন না। তারা ছিলেন রাজকীয় নারী তথা তদান্তিন বিশ্বের সবচেয়ে সমৃদ্ধ ও গর্বিত সাম্রাজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। তাই সাধারণ নারীদের চেয়ে তাদের সামাজিক ও ব্যক্তিগত জীবন ছিল সম্পূর্ণ ভিন্ন। মোগল সম্রাটের হেরেমে নানা জাতির, নানা প্রদেশের, নানা সম্প্রদায়ের বিপুল সংখ্যাক নারী বাস করতেন। ইউরোপিয়ান পর্যটক মানুচি বলেন- "প্রাসাদের অভ্যন্তরে বিভিন্ন জাতির দুই সহস্রাধিক নারী বাস করতেন।" মুসলিম নারী ছাড়াও রাজপুতসহ হিন্দু নারী, এমনকি খ্রিস্টান নারীরাও ছিলেন মোগল হেরেমে।[৪] সম্রাট বাবর ও সম্রাট হুমায়ুনের হেরেমের আকার মাঝারী ছিল। কারণ সম্রাট বাবর সম্রাজ্য প্রতিষ্ঠা করার পর বেশী দিন বেঁচে ছিলেন না। আর শেরশাহের কাছে পরাজিত হয়ে সম্রাট হুমায়ুন রাজ্য হারিয়েছিলেন। রাজ্য পুনরুদ্ধারের পর তিনিও বেশী দিন জীবিত ছিলেন না। সম্রাট আকবরের সময় থেকে মোগল হেরেমের আকার বেড়ে যায়। আকবরের হেরেমে প্রায় ৫০০ নারী ছিল বলে ধারণা করা হয়। সম্রাট জাহাঙ্গীর, সম্রাট শাহজাহান এমনকি সম্রাট আওরঙ্গজেবের হেরেমও ছিল বিশাল।[৫] হকিন্সের মতে জাহাঙ্গীরের রানীর সংখ্যা ছিল চারজন তবে তার হেরেমে অন্যান্য নারী ছিল মোট তিনশত। অন্যদিকে টেরির হিসাব অনুযায়ী জাহাঙ্গীরের স্ত্রীর সংখ্যা চার জন হলেও দাসিবাদি, সবমিলিয়ে তার হেরেমের সদস্য সংখ্যা হাজার হয়ে গিয়েছিল।[৬]

> "সম্রাট শাহজাহানের রাজত্বকালকে মোগল সাম্রাজ্যের স্বর্ণযুগ বলা হয়। শাহজাহানের আমলে মোগল সাম্রাজ্যের শক্তি, ঐশ্বর্যের উৎকৃষ্ট সমন্বয় ঘটে[৭]। শাহজাহানের সমৃদ্ধি, প্রাচুর্য, সম্পদ সম্ভার জাকজমক দেখে ইউরোপীয় পর্যটকগণ বিস্মিত হয়েছেন। ভিনসেন্ট স্মীথ বলেন- তার জাক-জমকপূর্ণ দরবার তার রাজত্বের নিরবিচ্ছিন্ন শান্তি এবং তাজমহলের মত অতুলনীয় স্থাপত্য নিদর্শনের অসাধারণ সৌন্দর্য আধুনিক ঐতিহাসিকদের দৃষ্টিভঙ্গিকে প্রজ্জ্বলিত করে। তার আমলে স্থাপত্য, চিত্রকলা, সঙ্গীত, নৃত্য, সাহিত্য, হস্তলিপির চরম উৎকর্ষতা লাভ করে।[৮] শাহজাহানের রাজত্বকালের ঐশ্বর্য, বিভব, ও রাজকীয় জৌলুষ তার হেরেমে প্রতিফলিত হয়েছে।"

সম্রাটের হেরেমে যেসব মহিলা থাকতেন তারা সবাই সম্রাটের স্ত্রী, উপপত্নী, নর্তকী, বাইজি, গায়িকা দাসি বা বাদি এটা ঠিক নয়। এছাড়াও নানা শ্রেণীর নারীরা মোগল সম্রাটের হেরেমে স্থান পেত। তাদের মধ্যে ছিলেন সম্রাটের মাতা, সৎমা, দুধমা, দাদি, নানি, খালা, চাচি, ফুফু, বোন, কন্যা, পুত্রবধু ও নানা ধরনের আত্মিয় স্বজন।[৯] এমনকি শিশু শাহজাদারাও বড় হতেন হেরেমে। রানী ও রাজপরিবারের নারী সদস্যদের পোষ্য ও সখিরাও হেরেমের বাসিন্দা হিসেবে হেরেমে থাকতেন। অধিকন্তু হেরেমের নানা প্রয়োজনে সম্রাট নানা পদে নারী কর্মচারী নিয়োগ করতেন। হেরেম এলাকায় পাহারা দেওয়ার জন্য খোজা নিযুক্ত হতো। হেরেমের বাসিন্দাদের বিনোদনের জন্য অনেক নারী নিযুক্ত হতেন। আবার হেরেমের সব খবর সাম্রাটের কাছে পৌছে দেওয়ার জন্যও অনেক নারী ও খোজা গোয়েন্দাবৃত্তিতে নিয়োজিত হতো। রানী শাহজাদিদেরও নিজেস্ব গোয়েন্দা থাকতো। শাহজাদা ও শাহজাদিদের শিক্ষকরা অনেক সময় মহলে থাকতেন।[১০] তাই বলা যায় মোগল হেরেমের সদস্য মানেই সম্রাটের পত্নী বা রক্ষিতা তা নয়। সাধারণত বিয়ে, জন্ম, ক্রয়, উপহার বা নিয়োগের মাধ্যমে

নারীরা হেরেমে প্রবেশ করতেন। আবার স্থানীয় অনেক রাজা বা জমিদার তাদের মেয়েদের দরবারী আদব কায়দা শেখানোর জন্যও মোগল হেরেমে প্রেরণ করতেন। মোগল আমল শুধু সম্রাট বা শাহজাদাদেরই নয়, এ আমল ছিল শাহজাদী, রানী ও হেরেমের সম্ভ্রান্ত নারীদের অধ্যায়ও। মোগল পুরুষদের মত নারীরাও ছিলেন সমভাবে খ্যাতনামা। কোন কোন ক্ষেত্রে নারীরা ছিলেন পুরুষদের চেয়ে বেশী অগ্রসর। এসব সুন্দরী শিক্ষিতা, ও অসম্ভব মেধাবী নারী শুধু সামাজিক, সাংস্কৃতিক, বুদ্ধিবৃত্তিক ও অর্থনৈতিক ক্ষেত্রে অবদান রেখেছেন তা নয় তারা সমসাময়িক রাজনীতিতে বিরাট প্রভাব রেখেছে এবং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। অবগুণ্ঠন এবং মহলের চার দেওয়ালে আবদ্ধ এসব নারীদের সাফল্য এতো বেশী যে তাদের কারো অবদান আজকের সমৃদ্ধ সাংস্কৃতিক উত্তরাধিকারে পরিণত হয়েছে।[১১]

**হেরেমের জীবন পদ্ধতি**

হেরেমের নারীরা পর্দা ব্যবস্থা কঠোর ভাবে মেনে চলতেন। এসব নারীরা সাধারণত নিজের ইচ্ছামত চলাফেরা করার স্বাধীনতা ভোগ করতেন না। বাইরে যাবার সময় তারা পর্দায় মুখ ঢেকে নিতেন। তবে হেরেমের অভ্যন্তরে ইচ্ছামত চলাফেরা করতে পারতেন। হেরেমে তাদের জন্য নানা ভোগ বিলাস ও আরাম আয়েসের দ্রব্য সামগ্রী সরবরাহ করা হতো। হেরেমের দৈনন্দিন জীবন ছিল আনন্দ এবং সুখে ভরপুর। বিশেষ করে বার্নিয়ের, মানুচি সহ চিকিৎসক হিসেবে হেরেমে প্রবেশের সুযোগ লাভ কারীরা হেরেমের জীবনকে বিলাসপূর্ণ ও আনন্দের জীবন হিসেবেই দেখেছেন। হেরেমের অভ্যন্তরে নারীদের প্রত্যেকের জন্য আলাদা আলাদা মহল, যৌথ জীবনের মধ্যেও তারা একক পারিবারিক প্রথার ব্যবস্থা করে নিয়েছিলেন। প্রত্যেকের জন্য পৃথক পৃথক বাসস্থান, সুন্দর সুন্দর বাগান, হাম্মামখানা, ঝরনা, চৌবাচ্চা, পুকুর ছিল। তারা নিজেদের মত করে তাদের বাসস্থান সাজাতে পারতেন। প্রত্যেকের নিজেস্ব সখি ও দাসি ছিল। তাদের জন্যে সুন্দর ও দামী বস্ত্র সরবরাহ করা হতো। মাথা থেকে পায়ের পাতা পর্যন্ত অলংকার পরতেন। চাওয়া মাত্রই সবকিছু তারা সেখানেই পেতেন। এজন্য তাদের বাইরে বের হওয়ার প্রয়োজন হতো না। যদি কখনও বাইরে যাওয়ার প্রয়োজন পড়তো তবে সাধারণত হাতির হাওদায় বেশ আয়েসি কায়দায় বের হতেন। অনেকে সম্রাটের সঙ্গে শিকার বা অন্য কোথাও বেড়াতে যেতেন। এমনকি নিষ্ঠাবান মুসলমান মহিলারা হজ্জেও যেতে পারতেন।[১২]

মোগল হেরেম ছিল শহরের মধ্যে ভিন্ন একটি শহর। প্রাচীর ঘেরা মহলে বাস করতেন তারা। মহলের নিরাপত্তা ব্যবস্থা ছিল বেশ সুদৃঢ়। মহলের গেটে নারী সৈনিকরা পাহারা দিত সশস্ত্র অবস্থায়, গেটের বাইরে থাকত খোজা সৈন্যবাহিনী। আরও কিছু দুরে মোতায়েন থাকত বিশ্বস্ত রাজপুত সৈন্যদল। তারপর থাকত মূল সৈন্য বাহিনী।[১৩] অভ্যন্তরিণ ব্যবস্থা পরিচালনার জন্য ছিল আলাদা প্রশাসন। পুরো মহলকে বেশ কয়েকটি ভাগে ভাগ করা হতো। প্রতিটি ভাগের দায়িত্বে থাকতেন একজন নারী কমান্ডড্যান্ট বা দারোগা।

**হেরেমের খাবার**

হেরেমের বাসিন্দাদের দৈনন্দিন প্রয়োজন মেটানোর জন্য বেশ কয়েকটি বিভাগ গড়ে উঠেছিল। তারা নিজেরা রান্নাবান্না করতেন না। সম্রাটসহ পুরো পরিবারের পাকশালা ছিল একটি। তবে প্রয়োজনে আরও অনেক স্থানে রান্না চলত। ‘মাতবাখ’ নামে পরিচিত রাজকীয় রান্নাঘর থেকে তাদের খাবার আসত।

'আকবর খানা' থেকে আসত খাবার পানি ও অন্যান্য পানীয়। গ্রীষ্মকালে বরফ ঠাণ্ডা পানি সরবরাহ করা হতো। 'মেওয়াখানা' যোগান দিত ফলমূল। 'রিকাব খানা' বা বেকারি থেকে আসত রুটি। রাজকীয় 'কারখানা' রাজকীয় নারীদের সুন্দর সুন্দর পোশাক অলংকার এবং অন্যান্য সমগ্রী সরবরাহ করতো।[১৪]

**বিনোদন ও অবসর যাপন**

মোগল হেরেমের সদস্যদের বিনোদন এবং অবসর সময় কাটানোর জন্য আলাদা আলাদা কর্মচারী নিয়োজিত ছিল। রাজকীয় নারীরা তাদের অধিকাংশ সময় ব্যয় করতেন নিজেদেরকে সাজানো গোছানো এবং আরও সুন্দর করে তোলার কাজে। বলা হয়ে থাকে কেউ কেউ সেজেগুঁজে সারাদিন আয়নার সামনে বসে থাকতেন। তাদের বিনোদনের জন্য হেরেমের অভ্যন্তরে নানা আয়োজন থাকতো। সঙ্গীত ও নৃত্য পরিচালকদের তত্ত্বাবধানে অনেক গায়িকা ও নর্তকী থাকতো। নারীরা অনেক ধরনের খেলায় অংশ গ্রহণ করে সময় অতিবাহিতো করতেন। মোগল হেরেমের অন্যতম প্রিয় খেলা ছিল লুকোচুরি। এ জন্য সেখানে স্থাপনা তৈরী করা হয়েছিল। এছাড়াও নারীরা লুডু ও দাবার মত ঘরোয়া খেলায় অংশ গ্রহণ করতেন, পলো খেলা, ঘোড়ায় চড়া, তীর ছোড়া[১৫] ইত্যাদি ছিল হেরেমের নারীদের বিনোদনের উল্লেখযোগ্য মাধ্যম।

**হেরেমের বাসিন্দাদের মর্যাদা**

সামগ্রিকভাবে মোগল হেরেমে নারীদের জীবন আবর্তিত হতো সম্রাটকে ঘিরে। হেরেমের সকল নারী সমান মর্যাদা পেতেন না। সম্রাটের জীবনে বা হৃদয়ে যার অবস্থান যেমন, যিনি বেশি প্রভাব বিস্তার করতে পারতেন হেরেমে তিনি তেমনি মর্যাদা পেতেন। আর কর্তৃত্বও ছিল তার প্রভাবের উপর নির্ভরশীল। সম্রাট যার উপর যত খুশি থাকতেন তার মর্যাদা ততোবেশি থাকত। তাকে খুশি করার মাধ্যমে অনেকে সম্রাটের থেকে কাজ আদায় করে নিতে পারতেন। সাধারণভাবে হেরেমের নারীরা পারস্পারিক বন্ধুভাবাপন্ন ও আন্তরিক ছিলেন। কারো প্রতি বিদ্বেষ থাকলেও তা প্রকাশ করতেন না। সবাই চাইতেন সম্রাটের সবচেয়ে প্রিয় হতে। তাই কেউ নিজের হিংসা, বিদ্বেষ, রুঢ়ভাব প্রকাশ করতেন না। সাম্রাট বা শাহজাদাদেরকে প্রথম পুত্র সন্তান উপাহার দেওয়াটাকে সম্মান লাভের সবচেয়ে বড় উপায় হিসেবে মনে করা হতো। কোন রাণী যদি প্রথম পুত্র জন্ম দিতে পারতেন তবে তার মর্যাদা এমনিতেই বেড়ে যেত। প্রথম যুবাজ সিংহাসনের দাবীতে এগিয়ে থাকতেন।[১৬] তার মাতা স্বাভাবিকভাবেই বেশি সম্মান পেতেন, তাই এনিয়ে হেরেমে বেশি প্রতিযোগিতা হতো।

মোগলদের মধ্যে বাদশাহ বেগম বা পাটরাণীর স্বীকৃতি ছিল। পাটরাণীর সন্তানরাই সিংহাসন লাভের ক্ষেত্রে অগ্রাধিকার পেতেন। মোগল রাণীদের মধ্যে অনেকেই ছিলেন অর্ধাঙ্গিনী। হেরেমকে আনন্দের জীবন হিসাবে বিবেচিত করা হতো বিধায় মৃত্যুকে তেমন গুরুত্ব দেওয়া হতো না। তবে কেউ অসুস্থ হলে তাকে বিরামখানায় সরিয়ে নেওয়া হতো। গুরুত্বপূর্ণ কোন নারী ইন্তেকাল করলে মর্যাদা অনুযায়ী তার জন্য শোক প্রকাশ করা হতো। কেউ সন্তানহীন থাকলে তাকে রাজপরিবারের কোন সন্তান দত্তক নেওয়ার অধিকার দেওয়া হতো। হুমায়ুনের জন্মের পর বাবরের অন্যমত রানী মাহম বেগমের ৪টি সন্তান মারা গেলে তিনি তার সতীনের সন্তান হিন্দাল ও গুলবদনকে দত্তক নেন। আকবরের প্রথম স্ত্রী

রুকাইয়া সুলতান বেগম ছিলেন সন্তানহীনা। তাকে শাহজাদা সেলিমের পুত্র খুররমকে লালন পালনের দায়িত্ব দেওয়া হয়। তিনি অত্যন্ত যত্ন সহকারে পরবর্তী বাদশাহকে লালন পালন করেছিলেন।[১৭]

সাধারণভাবে সম্রাটের মাতাই হতেন হেরেমের প্রধান কর্ত্রী। সম্রাট জাহাঙ্গীর ও শাহজাহানের আমলে তাদের রাণীরা যথাক্রমে নূরজাহান ও মমতাজ মহলই সেই দায়িত্ব পেয়েছিলেন। মমতাজ মহলের ইন্তেকালের পর সেই দায়িত্ব পালন করেন জাহানারা বেগম।[১৮]

সম্রাট বাবর থেকে শুরু করে সকল সম্রাটগণ তাদের মাতাদের প্রতি সম্মান জনক আচরণ করতেন। যে কোন উৎসবে রাজমাতারা সবচেয়ে আগে অভিবাদন পেতেন। সম্রাটরা হেরেমে এলে প্রথমেই তাজিমের সাথে মায়ের সাথে দেখা করতেন। পবিত্র রমজানের ঈদের দিন সকালে সম্রাট প্রথম খাবার পাঠাতেন তার মায়ের কাছে। নিজের আপন মাতা দুধমাতা ছাড়াও পিতার অন্য স্ত্রীরা মোগল সম্রাটদের নিকট থেকে অত্যন্ত সম্মান পেতেন। অনেক সময় আপন মাতা থেকে সৎমাতা বেশি মর্যাদা পেতেন। সম্রাট জাহাঙ্গীরের আপন মাতা ছিলেন যোধবাই। কিন্তু সম্রাট তার দুই সৎ মাতা রুকাইয়া বেগম ও সলিমা সুলতান বেগমকে অত্যন্ত শ্রদ্ধা করতেন। হেরেমের দায়িত্ব জাহাঙ্গীর প্রথমে রুকাইয়া বেগমকেই দিয়েছিলেন। তার ইন্তেকালের পর নূরজাহান সেই দায়িত্ব লাভ করেন। এসব নারীরা অনেক সময় সম্রাটের দুঃসময়ে পাশে থেকে তাকে সাহস যোগাতেন।

**প্রশাসনের নারীদের অংশগ্রহন**

মোগল প্রশাসনে হেরেমের গুরুত্বপূর্ণ নারীদের অংশগ্রহণ প্রথম থেকেই লক্ষ্য করা যায়। মোগল সাম্রাজ্যের উত্তরাধিকার নির্বাচন বা ক্ষমতার পালাবদলে রাজপ্রাসাদকে কেন্দ্র করে যে জটিল রাজনৈতিক পরিস্থিতি সৃষ্টি হয় তাতে মোগল হেরেমের কয়েকজন নারী উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। মোগল ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রাথমিক পর্যায় থেকে শেষ পর্যন্ত কিছু প্রভাবশালী মহিয়সী নারী মোগল হেরেমের অন্তরালে থেকে অথবা প্রশাসনে সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। জহির উদ্দিন মুহাম্মদ বাবর ফরগনা সিংহাসনে অধিষ্ঠিত হলে তার মাতামহী আসান দৌলত বেগম রাজনীতিতে গুরুত্বপূর্ণ প্রভাব রেখেছিলেন।[১৯] কামরান মির্জা পিতা সম্রাট বাবরের বিরুদ্ধে বিদ্রোহে অংশ গ্রহণের জন্য হুমায়ুনকে চিঠি লিখতে গুলবদন বেগমকে অনুরোধ করলে তিনি তা প্রত্যাখান করেন। কারণ গুলবদন বেগম রাজনৈতিক বিষয়ে যথেষ্ট সচেতন ছিলেন। বাবরের মৃত্যুর পর সিংহাসন নিয়ে পুত্রদের মধ্যে যখন কোন্দল ও পরবর্তীতে যুদ্ধ হয় সে সময় বাবরের বোন খানজাদা বেগম একজন বিজ্ঞ অভিভাবকের দায়িত্ব পালন করেন।[২০] আকবরের রাজত্বের সুচনাকালে তার বিমাতা মাহচুক বেগম[২১] এবং নিজ মাতা হামিদা বানু বেগমও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ১৫৮১ খ্রিস্টাব্দে মির্জা হাকিমকে হিন্দুস্তানের বাদশাহ করার ষড়যন্ত্রে জড়িত কুচক্রীদের শায়েস্তা করার জন্য আকবর দিল্লী যাত্রা করেন। এ সময় তিনি মাতা হামিদা বানু বেগমকে দিল্লীর গভর্নর নিযুক্ত করেছিলেন। সম্রাট আকবর তার ফুফু গুলবদন বেগম ও মায়ের সঙ্গে প্রশাসনিক জটিল বিষয়াবলী সম্পর্কে আলোচনা করতেন। আকবর যখন বৈরাম খানের অভিভাবকত্বে নামমাত্র সম্রাট ছিলেন তখন আকবরের ধাত্রীমাতা মাহম আনগা ষড়যন্ত্র করে বৈরাম খানের পদচ্যুতির ব্যাপারে যে ভূমিকা রেখেছিলেন সে ক্ষেত্রে রাজমাতা হামিদা বানু বেগমের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।[২২] বৈরাম খানের মৃত্যুর পর মাহম আনগা বেগম প্রধানমন্ত্রীর সমতুল্য মর্যাদা লাভ করেন এবং তারই পরামর্শে আকবর মোমেন খানকে প্রধান উজির পদে

নিয়োগ দেন। ১৫৬০ হতে ১৫৬৪ খ্রিস্টাব্দ পর্যন্ত মোগল শাসনের কর্তৃত্ব হেরেমের নারীদের হাতে অনেকাংশে চলে যায়। এজন্য ঐতিহাসিক স্মীথ এ সময়কালকে "প্রেটিকোট গভর্নমেন্ট" বা রাজ অন্তঃপুর দ্বারা পরিচালিত শাসন ব্যবস্থা বলে উল্লেখ করেছে।[২৩] মোগল সাম্রাজ্যের হেরেমের সদস্যদের মধ্যে রাজনীতিতে যিনি সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন, তিনি হলেন ভূবন মহিনী রূপের অধিকারী নূরজাহান। মোগল রাজদরবারে নূরজাহানের এত প্রভাব ছিল যে, তার স্বামী সম্রাট জাহাঙ্গীরকে তিনি হাতের ক্রীড়নকে পরিণত করেন। জাহাঙ্গীরের পাশাপাশি তার নিজের নামে মুদ্রা চালু করা হয়। তিনি ঝরোকায় বসতেন এবং রাজকীয় ফরমান জারী করতেন।[২৪] শেষ জীবনে সম্রাট জাহাঙ্গীর অসুস্থ হয়ে পড়লে প্রশাসনিক সকল ক্ষমতা তার হাতে চলে আসে। তার প্রভাবে তার পিতা মির্জা গিয়াস বেগ জাহাঙ্গীরের প্রধানমন্ত্রী ও পিতার অবর্তমানে ভাই আসফ খান প্রধানমন্ত্রী নিযুক্ত হয়েছিলেন।[২৫] শাহজাহানকে সম্রাটের আসনে বসাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন স্ত্রী মমতাজ মহল ও তার পিতা আসফ খান। সম্রাট শাহজাহান তার স্ত্রীর উপর অত্যাধিক নির্ভরশীল ছিলেন এবং ব্যক্তিগত ও রাষ্ট্রীয় ব্যাপারে তিনি সম্রাজ্ঞীর পরামর্শ গ্রহণ করতেন। রাষ্ট্রীয় ব্যাপারে সম্রাট শাহজাহান শাহজাদী জাহানারার পরামর্শকেও গুরুত্বের সাথে গ্রহন করতেন।[২৬] সম্রাটের রাজকীয় সীলমোহর হেরেমে সম্রাজ্ঞীর নিকট থাকত। কোন নির্দেশ বা ফরমান জারী করলে আদেশটি হেরেমে সম্রাজ্ঞীর নিকট পাঠানো হতো। মমতাজ মহলের অনুপস্থিতিতে সিংহাসন নিয়ে যে গৃহযুদ্ধ আরম্ভ হয় সেখানে বোন জাহানারা ও রওশন আরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ১৬৬২ খ্রিস্টাব্দে আওরঙ্গজেব অসুস্থ হলে রওশন আরা প্রশাসনিক দায়িত্ব পরিচালনা করতেন এবং সম্রাটের অসুস্থাতার খবরটি গোপন রাখেন যা ছিল তার প্রশাসনিক দুরদর্শীতার পরিচায়ক। প্রশাসনিক দায়িত্ব সচল রাখার জন্য তিনি প্রাদেশিক রাজা, সুবেদার ও সেনাপতিদের চিঠি লেখেন।[২৭] আওরঙ্গজেবের কন্যা জেবউননিসা রাজনীতিতে আগ্রহী ছিলেন এবং কখনও কখনও সক্রিয় ভূমিকা পালন করতেন। পর্দা অবলম্বন করে তিনি রাজদরবারে পিতার পশ্চাতে বসতেন এবং পিতাকে জটিল রাজনৈতিক বিষয়ে পরামর্শ দিতেন। জেবউননিসার কনিষ্ঠ ভাই মোহাম্মদ আকবর বিদ্রোহ করলে তিনি তাকে সক্রিয়ভাবে সমর্থ দেন। ফলে তাকে কারাবরণ করতে হয়। ১৭২০ খ্রিস্টাব্দে কারাগারেই তার মৃত্যু হয়।[২৮]

পরিশেষে বলা যায় যে, মোগল হেরেম রাজকীয় নারী তথা তদানিন্তন বিশ্বের সবচেয়ে সমৃদ্ধ ও গর্বিত সাম্রাজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। মোগল হেরেম একদিকে যেমন ছিল সুশৃংখল ও নিয়মতান্ত্রিক জীবন ব্যবস্থার শিক্ষা কেন্দ্র ঠিক তেমনি শিক্ষা, সংস্কৃতি ও রাজনৈতিক চর্চা কেন্দ্র। হেরেমের প্রভাশালী নারীগণ সাম্রাজ্যের গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় সময়ে সম্রাটদের সময়পোযোগী পরামর্শ প্রদান করে অনেক জটিল বিষয়ের সহজ সমাধানে সাহায্য করেছেন। সুতরাং একথা বলা যায় যে, মোগল সাম্রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাসহ সকল ক্ষেত্রে হেরেমের নারীদের অংশগ্রহন প্রশংসার দাবী রাখে। মোগল সম্রাজ্যের স্থায়ীত্ব উন্নতি ও অগ্রগতিতে বিশেষ ভূমিকা রাখেন এ কথা অনসিকার্য।

## টিকা ও তথ্য নির্দেশ

[১] হাসান শরীফ, *মোগল সাম্রাজ্যের খণ্ড চিত্র*, (ঢাকা: অ্যার্ডন পাবলিকেশন, ২০১০), পৃ. ৩৩।

[২] শাহাদত হোসেন খান, *মোগল সাম্রাজ্যের সোনালী অধ্যায়*, (ঢাকা: আফসার ব্রাদারস, ২০১৩), পৃ. ৬৪৮।

[৩] আবুল ফজল, *আইন-ই- আকবরী ও আকবরের জীবনী*, অনুদিত, পাঁচকড়ি বন্দোপাধ্যায়, (কলকাতা, দে বুক স্টোর , ১৩৯৪), পৃ. ৫৩।

[৪] মানুচি নিকোলাও, *মানুচির চোখে মোগল ভারত*, অনুদিতঃ আনোয়ার হোসাইন মঞ্জু , (ঢাকা: ঐতিহ্য প্রকাশন, ২০০৪), পৃ. ২৭৭।

[৫] হাসান শরীফ, *প্রাগুক্ত*, পৃ. ৩৪।

[৬] শাহাদত হোসেন *প্রাগুক্ত*, পৃ. ৬৪৯।

[৭] W.H. Morland and Geyl, *Jahangir's india*, (Delhi: The Remonstrantie of Francisco Pelsaert, 1972), PP, 60-65.

[৮] A Vincent Smith. *The Oxford Students History of India,* (Calcutta: *Oxford* Lehiver City Press, 1978), p. 264; সৈয়দ মাহমুদুল হাসান, *মুঘল হারেমের অন্তরালে*, ( ঢাকা: জ্ঞান বিতরণী প্রকাশনী, ২০০৯), পৃ,৩৫।

[৯] Necoley Mnuchy, *Storiodue Mogor or Mughal India, 1633-1708*. Tr. by Willam Irvine, (Loudon: Macmillan and Co Limited, 1906). pp. 348-349.

[১০] হাসান শরিফ, *প্রাগুক্ত*, পৃ. ৩৪।

[১১] শাহাদত হোসেন, *প্রাগুক্ত*, পৃ. ৬৫০।

[১২] হাসান শরিফ, *প্রাগুক্ত*, পৃ. ৩৫।

[১৩] আবুল ফজল , *প্রাগুক্ত*, পৃ. ৫৩।

[১৪] হাসান শরিফ, *প্রাগুক্ত*, পৃ. ৩৬।

[১৫] *তদেব*।

[১৬] সৈয়দ মাহমুদুল হাসান, *প্রাগুক্ত*, পৃ. ৪৫-৪৭।

[১৭] শাহাদত হোসেন, *প্রাগুক্ত*, পৃ. ৬৫২-৬৫৩।

[১৮] হাসান শরীফ, *প্রাগুক্ত*, পৃ.৪০।

[১৯] Rekha Misra, *Women in Mughal india (1526-1748 AD),* (New Delhi: Munshiram Manoharal, Reprinted, 1970), p. 17.

[২০] Gul- Badan Begum, *Humayum- Nama, (The History of Humayun,)* (Eng. Tr. A.S. Beveridge), (Delhi: Idarah-I- Adabiyat-I- Delli, 1972), p. 250.

[২১] Moni Lal, *Humayun,* (New Delhi: Vikas publishing House Pvt. ltd., 1975), p. 215.

[২২] আবুল ফজল, *প্রাগুক্ত*,, পৃ. ২২।

[২৩] V Smith, *Akbar, The Great Mogul (1542-1605),* (Delhi: S Chand and Co., 1962), p. 15.

[২৪] শাহরিয়ার ইকবাল, *মোগল সমাজ ও রাজনীতিতে নারী*, (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯৫), পৃ. ৭১।

[২৫] হাসান শরীফ, *প্রাগুক্ত*, পৃ. ৬২-৬৩।

[২৬] Chandra pant, Nurjahan and Her Family, Allahabad: Daudewal Publishing House, 1978, PP, 14-15.

[২৭] J N Sarkar, *History of Aurangzeb*, vol. III, (Calcutta: M.C.S and Socis ltd., 1928), p. 59.

[২৮] Saqi Muslad Khan, *Maasir-1-Alamgiri*, (Eng. Tr. Jaduath Sarkear), (Calcutta: Royal Asiatic Society of Beugal., 1947), p 323.

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# অবিভক্ত বঙ্গে স্যার মোহাম্মদ আজিজুল হকের শিল্পচিন্তা

কুতুবউদ্দিন বিশ্বাস*

**Abstract:** Sir Mohammad Azizul Huque was multi-faced and quite well-known person in political and intellectual arena in undivided Bengal. He rose to prominence as the Speaker of Bengal Legislative Assembly (1937-42) and reputation in introducing innovation as the Bengal Education Minister (1934-37) and the Vice – Chancellor of Calcutta University (1938-42) during the most turbulent days of Bengal politics. As a versatile person, his profound knowledge was not confined to particular concern. Amazedly his vast wisdom ha abled to penetrate in view to utilize in every sphere of human life. Even through, he was the Education Minister of Bengal, but he possessed a vast proper knowledge on the expansion of Bengal industry. Bengal is a big river irrigated province and there is big provision for erection of industry on the basis of agricultural produce. During the Company rule, the Permanent Settlement (1793) was introduced in Bengal. As an outcome of Permanent Settlement, the Bengal *zamindar* was emerged as ally of British and most of the fertile land of Bengal came under *zamindary* control as *zamindary* fief. They exploited and extorted huge amount of land taxes and other illegal taxes from the peasants of Bengal which makes a provision to organize agricultural capital, but Bengal *zamindars* were very reluctant to reinvest it to a profitable sector like as the foundation of heavy industry. To purchase the *zamindary* fief was more profitable than the foundation of any kind of industry. The causes behind the matter have been explained in my essay. The Main motto of economic thought of Sir Azizul Huque was to establish a self-reliance Bengal. He thought regarding the resuscitation of salt and silk industry in Bengal, But his dream do not come into true due to the occurrence of industrial revolution in England.

**Key words:** Permanent Settlement, Zamindar, Industry, Industrial revolution.

স্যার মোহাম্মদ আজিজুল হক বহুমুখী প্রতিভার অধিকারী অনন্য সাধারণ বিস্মৃত প্রায় এক ব্যক্তিত্ব। উপনিবেশিক পরিকাঠামোয় যার জীবনের ব্যাপ্তি ও ভিত্তি। উপনিবেশিক বাংলার সমাজ, সংস্কৃতি ও রাজনীতিকে যারা এক অনন্য মাত্রায় পৌঁছে দিয়েছিলেন, স্যার মোহাম্মদ আজিজুল হক ছিলেন তাদের মধ্যে অগ্রগণ্য। বাংলা তথা ভারতের অস্থির দোদুল্যমান রাজনৈতিক সময়ের এক উজ্জ্বল প্রতিনিধি। সারাজীবন বহু সরকারী পদে আসীন ছিলেন। তাঁর প্রদত্ত মতাদর্শ, চিন্তাভাবনা ছিল সময়ের অগ্রবর্তী। প্রাণ প্রাচুর্য্যেভরা এই বিস্মৃত-প্রায় ব্যক্তিটির কর্মদক্ষতা ও সংগঠন ক্ষমতা ও কমিশনের সদস্য ও প্রধানরূপে নিয়োজিত ছিলেন। সেকালের বাংলার রাজনীতিতে নীলরক্তের অধিকারী না হয়েও তিনি বাংলার সমাজ, সংস্কৃতি ও রাজনীতিতে তথা বাংলার জমিদার ও ইংরেজ রাজশক্তির মধ্যে নিজের প্রভুত্ব প্রতিষ্ঠা করতে পেরেছিলেন। বলা যায়, তাঁর নিরন্তর কর্মমুখী প্রেরণা তাঁর জীবন সোপানের উৎস।

* সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, যতীন্দ্র-রাজেন্দ্র মহাবিদ্যালয়, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, ভারত।

স্যার মোহাম্মদ আজিজুল হক সাম্প্রদায়িক সম্প্রীতির এক উজ্জ্বল মুখ। তিনি একধারে রাজনীতিক, কূটনীতিবিদ, সুলেখক, শিক্ষাবিদ, বহুভাষাবিদ, আইনজীবী, সাংসদ এবং মুসলিম শিক্ষার প্রবক্তা।

স্যার মোহাম্মদ আজিজুল হকের জন্ম তৎকালীন অবিভক্ত বঙ্গের নদীয়া জেলার শান্তিপুরের এক সম্ভ্রান্ত পরিবারে। জন্ম ২৭ শে নভেম্বর ১৮৯২ খ্রী:, মৃত্যু ২২ শে মার্চ ১৯৪৭ খ্রী:। ক্ষণজীবী মানুষ। পিতা মুনশী মোহাম্মদ মনিরুদ্দিন। যুগ সন্ধিক্ষণের কবি মোহাম্মদ মোজাম্মেল হক ছিলেন তাঁর কাকা।

বহুমুখী প্রতিভার অধিকারী স্যার মোহাম্মদ আজিজুল হক ছিলেন অখন্ড বাংলার শিক্ষামন্ত্রী (১৯৩৪-৩৭), বাংলার বিধান সভার প্রথম নির্বাচিত স্পীকার ও রূপকার (১৯৩৭-৪২), কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর (১৯৩৭-৪২)। শুধু বিশেষ কোন বিষয়ের উপর তাঁর চিন্তাভাবনা সীমাবদ্ধ ছিল না। বিস্ময়করভাবে তাঁর জ্ঞান জীবনের উপযোগী সর্বক্ষেত্রে বিস্তার লাভ করেছিল। তিনি শিক্ষামন্ত্রী হলেও শিল্প ক্ষেত্রে তাঁর জ্ঞান বিশেষভাবে বিশেষিত হয়েছিল। বাংলা নদীমাতৃক কৃষি ভিত্তিক দেশ। সেচ নির্ভর বাংলার কৃষি। কৃষিকে কেন্দ্র করে অনেক শিল্প স্থাপনের সম্ভবনা ছিল। স্বনির্ভর শক্তিশালী দেশ গঠনের জন্য তিনি কৃষি অপেক্ষা শিল্পকে বেশী প্রাধান্য দিয়েছেন। তাঁর কাছে কৃষি শিল্প ও দেশপ্রেম যে এক অন্তরসূত্রে গাঁথা। দেশপ্রেমই দেশকে গড়ে তোলে। দেশপ্রেমের সূত্রধরে, তার ফল স্বরূপ অন্যান্য প্রয়োজনীয় উপকরণ স্বত্বঃস্ফূর্তভাবে গড়ে উঠবে। তাঁর দেশপ্রেম ছিল অসাধারণ। তিনি এ প্রসঙ্গে বলেন, "But patriotism is not the monopoly of any particular party in this country. Each and every bred and brought in the country, we breathe its atmosphere and we are interest in its progressive development a anybody else."[১]

বাংলা নদীমাতৃক কৃষি ভিত্তিক দেশ। গাঙ্গেয় পলি সমৃদ্ধ উর্ব্বর মাটি। কিন্তু সেচ নির্ভর। এই সেচ নির্ভর নদী ব্যবস্থার উপর বাংলার কৃষকদের নির্ভরশীলতা তাঁকে আঞ্চলিক নদীসমূহ এবং কৃষকদের সেচ সমস্যার সমাধানের জন্য নদী গবেষণার কাজে নিজেকে নিয়োজিত করেন। বাংলার কৃষকদের দুর্দশা লাঘবে তাঁকে "The Man behind the plough" গ্রন্থটি রচনায় উদ্বুদ্ধ করে। এই গ্রন্থে গ্রামীণ জীবনের অর্থনৈতিক আবরণের উম্মোচনা করার চেষ্টা করেছেন।[২] এই গ্রন্থে তিনি বাংলার আর্থ-সামাজিক দিকগুলি খুব সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন। তিনি বলেছিলেন কৃষির উন্নতি করতে হলে সর্বাগ্রে সেচ ব্যবস্থার উন্নয়ন জরুরী। এ প্রসঙ্গে তিনি বলেন, "I also think that time has come when a proper and general survey of irrigation possibilities should be undertaken in order take up smaller project. I belong to a district where small irrigation projects are necessary for the advancement agriculture, but this is a thing which we have not been able to impress on the Irrigation Department."[৩]

অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি ইংল্যান্ডে শিল্প বিপ্লবের সূচনা হলে, তারই অভিসংঘাতে, ভারত উপনিবেশিক দেশ হিসাবে, ভারতে শিল্পায়ন শুরু হয় উনবিংশ শতাব্দীর মাঝামাঝি হতে। ভারী শিল্প স্থাপনে উদ্যোগী হয় ইংরেজ শাসক ও শিল্পপতিরা। দেশীয় ভারতীয় ক্ষুদ্র কুটির শিল্প মার খেতে থাকে। দেশী কুটির শিল্পগুলির পুন:জীবনের কথা বলেন স্যার মোহাম্মদ আজিজুল হক। এই রকম একটি ঐতিহ্যবাহী দেশীয় কুটির শিল্প হল বাংলার রেশম শিল্প। ইংল্যান্ডে শ্লি বিপ্লব আসার পর বাংলায় রেশম শিল্পের পুন:জীবন আর সম্ভবপর নয়, বলে তিনি মনে করেছিলেন। এক সময় তিনি বিধান সভার সদস্য

হিসাবে তিনি তাঁর ভাষণে বলেন, "As a member of the Banking Enquiry Committee, I had occation to investigate certain aspect of the problem in the district of Birbhom, Murshidabad and Malda and later on as a member of the Retrenchment Committee, I went fully into the question of model sericulture farm which is not possible today. It is impossible to revive silk industry by means of big farms. It is a question of manual labour against machine. This responsible for the decay of this industry."[৪]

তিনি বলেন নদীয়ার কুমারখালিতে এক সময়ে বিশেষ করে ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর আমলে রেশম শিল্প কারখানা ছিল। এখানে এত পরিমাণে রেশম উৎপাদিত হত যে, দেশের চাহিদা মিটিয়ে বিদেশে পাঠানো হত। তবে পলাশীতে এখনো রেশম কারখানা চালু রয়েছে। কিন্তু কিছুকাল আছে নদীয়া জেলা এই শিল্পের পুন:জীবনের জন্য একটা প্রচেষ্টা নেওয়া হয়েছিল। তিনি বলেন শিল্প বিপ্লবের পর বর্তমান সময়ের ব্যবসায়িক প্রতিযোগীতায় এই শিল্পটিকে থাকতে পারবে না। কারণ হিসাবে তিনি বলেন, "It Could not stand against the modern Competition. The cost of production in handloom and the wages of labourers were prohibitive and I am fully of opinion that revive this industry by means of model farm in an impossibility."[৫]

তিনি বিধান সভার অধিবেশন চলাকালীন এক ভাষণে বলেন, বাংলায় রেশম শিল্পের পুন:জীবনের আর কোন সম্ভাবনা নেই। তখন বাংলায় Peasbari রেশম শিল্প কেন্দ্র ছাড়া অন্য কোন শিল্প কেন্দ্র চালু ছিল না। তবে পলাশী ও কুমারখালির রেশম শিল্প কেন্দ্র দুটি লাভজনকভাবে চালু করা যেতে পারে।[৬]

ভারত একটি বিশাল দেশ। কৃষি সমৃদ্ধ মাটি ও আকরিক খনিজ সম্পদে পরিপূর্ণ এই দেশ। মুঘল ও ব্রিটিশ আমলে কৃষি থেকে আহরিত ভূমি রাজস্বই ছিল প্রশাসন পরিচালনার একমাত্র রসদ। উন্নত ও সমৃদ্ধ ভারত গড়তে শিল্প স্থাপন একান্ত জরুরী। ১৭৯৩ খ্রী: বাংলায় চিরস্থায়ী ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল রাজস্ব আদায়ের একটি চিরস্থায়ী রূপ দেবার জন্যে। জমিদার ও ইংরেজদের মধ্যে। ফলে বাংলার জমিদাররা সহজ লাভজনক একটি পদ্ধতি হিসাবে চিরস্থায়ী বন্দোবস্তকে বেছে নিয়েছিলেন। তাদের শকুনি দৃষ্টি ছিল বাংলার উর্ব্বর জমির দিকে। কৃষি অবহেলিত হল। ফলস্বরূপ কৃষি জমির উর্ব্বরতা বৃদ্ধির চেষ্টা না করে তারা শুধু এটিকে একটি লাভজনক ক্ষেত্র হিসাবে বিবেচনা করতে লাগল বাংলায় বেশী পরিমাণে কৃষি দ্রব্য উৎপাদিত হত, যার জন্য মুঘলরা বাংলাকে বলত 'জান্নাতুল বিলাদ'। বাংলার গাঙ্গেয় সমভূমিতে প্রচুর পরিমাণে পাট, চা, তামাক, ধান, গম, ডাল শস্যকে কেন্দ্র করে বাংলায় অনেক শিল্প কারখানা প্রতিষ্ঠিত হতে পারত। কৃষি ও শিল্পের সম্পর্ক অঙ্গাঙ্গীভাবে জড়িত। কিন্তু একথা সত্য যে শিল্প নির্ভর করে দেশের কৃষির প্রকৃত উন্নয়নের উপর, আর দেশের প্রকৃত উন্নয়ন নির্ভর করে শিল্প স্থাপনের উপর, আর শিল্প উন্নয়ন নির্ভর করে দেশের বিজ্ঞান গবেষণার উপর।

কিন্তু আমাদের দেশের জমিদাররা আহরিত কৃষি রাজস্ব থেকে প্রচুর পরিমাণে কৃষি মুলধন সঞ্চয় করেছিল। তারা এই কৃষি পূঁজিকে শিল্প প্রতিষ্ঠার জন্য বিনিয়োগ করতে পারত। জার্মানী ও ইংল্যান্ডের পূঁজিপতি বুর্জোয়া শ্রেণী যেমন শিল্প বিপ্লবের জন্য এগিয়ে এসেছিল, কিন্তু বাংলার জমিদাররা শিল্পের উন্নয়নের জন্য এগিয়ে আসেনি। বরং তারা Absentee Land Lord হিসাবে গ্রাম বাংলায় অনুপস্থিত থেকে কলকাতায় বসবাস করতে থাকে। গড়ে তোলে বঙ্কিমচন্দ্রের 'বাবু সংস্কৃতি' নামে এক নতুন

সংস্কৃতি। কৃষি মূলধনকে তারা বাণিজ্যিক মূলধন পরিণত করে শিল্প স্থাপনে উৎসাহী হয়নি। কারণ কৃষি অপেক্ষা শিল্পে মূলধন বিনিয়োগ তাদের আদৌও লাভজনক ছিল না। কারণ কৃষিতে কোন পুঁজি বিনিয়োগ করতে হয় না। কোন ঝুকির সম্মুখীন হতে হয় না। এ প্রসঙ্গে আজিজুল হক বলেন, "But who comes first Industry or agriculture. The agriculturists produce the commodities, the traders come in later and if we are to look only to the interests of the traders against the interests of agriculturists and others. I do not think that we will be doing our duly properly and well. After all, even a money-grabber has sufficient latitude under the present Bill. We have provided $12\frac{1}{2}$ percent to 25 percent for him. Is it seriously suggested that industry and trade should develop at a rate higher than that? Can my friends site an example from any country where industrial rate is so high as that? Why do you bring in the argument of industry to mislead people? If industry is to develop, it will only do so when the moneylender looks to the interest of the country. We are hearing all sorts of things that foreign capital has come into this country, but why? Because the money-lenders think that industry is not a useful investment for their money even if they can get 12 percent for the promotion of a genuine industry." [৭]

ভারতের যে সমস্ত মানুষ শাকাহারী, তাদের কাছে লবন একটি নিত্যপ্রিয় খাদ্য। আর বাংলার মানুষেরা প্রচুর পরিমাণে লবন ব্যবহার করে থাকে যা অবশ্য পাঞ্জাব ও মোম্বাই হতে আলাদা। বাংলায় লবন তৈরীর উপযোগী দীর্ঘ সমুদ্র উপকূল থাকা সত্ত্বে এখানে কোন লবন কারখানা গড়ে ওঠে নি। আমাদেরকে বহু দূরবর্তী করাচী (Karachi) লবণের উপর নির্ভর করতে হয় যা বাংলা হতে অনেক দূরে অবস্থিত। লবণ ব্যবহারের জন্য প্রচুর পরিমাণে বাংলার রাজস্ব বাইরে চলে যায়। কি পরিমাণ রাজস্ব বাংলা হতে নির্গত হয়, তার একটি হিসাব তিনি তার একটি বিধান সভার ভাষণে উল্লেখ করেন, তিনি বলেন, "I will give you the figures Taking the jail rules which certainly jail rules do not verge upon liberality, each man on a verge requires seven chataks of salt daily. This gives us a annual figure of ten seer or twenty pounds and our total requirements in Bengal this amount to 14,000,000 mound and the position will be that on extra taxation of 4 annas 6 pies per mound, the figure will exactly come up to 40 lakhs. That is the exact figure which we have to pay. I do not wish to take up much time of the council, but I think that is impossible for the consumers in Bengal to pay this extra taxation today." [৮]

স্যার মোহাম্মদ আজিজুল হক বাংলার মানুষের উপকারের কথা ভেবে তিনি করাচী লবণের উপর নির্ভরতা কমানোর কথা বলেন এবং বাংলায় লবণ শিল্প স্থাপনের কথা বলেন। বৈদেশিক বণিকদের স্বার্থে বাংলার রাজস্ব ব্যয় করার কোন যুক্তিই হয় না। এ প্রসঙ্গে তিনি বলেন, "In the mean time, by this taxation an attempt is being made to release a bill of Rs. 40,00,000 from this province for the benefit of a few producers outside the country. I have not yet known any example in the history of the world where the producers of one country

are allowed to dominate over the consumers of another country. Rebate proposed to be given to Aden Merchants and half of which will go to an Italian firm may be necessary if Italy is to be appeased but not in the interest of India. I should have expected Government to give a lead to production of salt on this presidency and spend money on it. But where there is none and there is hope for no such future." [৯]

স্যার মোহাম্মদ আজিজুল হক ১৯৩৪ খ্রীঃ বিধান সভা'র (Legislative Council) এক ভাষণে বলেন, কোন সন্দেহ নেই যে বাংলার লবণ উৎপাদন এক সমৃদ্ধ শিল্প ছিল। কিন্তু আজকের দিনে প্রশ্ন হল, ব্যাপকভাবে কি এর বাণিজ্যিক উৎপাদন সম্ভব? ভারত সরকার এর ব্যাপক উন্নতির জন্য অনেক অনুসন্ধান করছেন। বাংলা সরকার একই সময়ে এর ব্যাপক উৎপাদনের জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করুক। এ প্রসঙ্গে তিনি বলেন, "At the same time I fell that there is a good deal of feeling that if salt manufacture is commercially feasible, every possible step should be taken by the Government of Bengal with a view to develop this industry in this province. If such an industry, which is such a prime necessity, is commercially feasible then it is always possible to find a market for it." [১০]

তিনি ঐ ভাষরে আরো বলেন, লবণ উৎপাদনের পুন:জীবন প্রক্রিয়ার অনুসন্ধানমূলক প্রস্তাব হয়ত সরকারের পক্ষে গৃহীত হবে না, তবে তার সরকারী কর্মচারী অথবা "State Industry Board" বাণিজ্যিকভাবে বাংলায় লবণ উৎপাদন সম্ভব কি না তা পরীক্ষামূলকভাবে পর্যবেক্ষণ করতে পারে। তবে যদি সরকারী তদন্ত যদি যথোপযুক্ত না হয়, তবে স্বতন্ত্র প্রতিষ্ঠান দিয়ে এর সামগ্রিক সমস্যাগুলো নির্ধারণ করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে 'The State Industry Board' হল তদন্তের প্রকৃত কর্তৃত্বের অধিকারী। তদন্ত প্রক্রিয়ার তার মতামত হল, "The State Industries Board is the proper authority which could be authorized to make this enquiry. If that body finds that this manufacture is not commercially possible, much of this feeling will die. I therefore fell that the Government ought not to leave this question to the Government of Indian, but that a Committee constituted in this province should be authorized to examine whether this salt manufacture might be commercially possible." [১১]

**তথ্যসূত্র :**

১ *The Proceeding of Bengal Legislative Council*, 9th July, 1928, p. 105.

২ *বাংলা পিডিয়া*, সম্পাদকঃ সাহজাহান মিঞা, ঢাকা, মার্চ ২০০৩, পৃ. ৩৮৭।

৩ *The Proceeding of Bengal Legislative Council*, 20th March, 1929, p. 233.

৪ *The Proceeding of Bengal Legislative Council*, 23th March, 1934, pp. 503-504.

৫ *The Proceeding of Bengal Legislative Council*, 23th March, 1934, p. 504.

৬ *Ibid*., p. 504.

৭ *The Proceeding of Bengal Legislative Council*, 22nd August, 1933, p. 69.

৮ *The Proceeding of Bengal Legislative Council*, 24th March, 1931, pp. 436-437.

৯ *Ibid*., p. 437.

১০ *The Proceeding of Bengal Legislative Council*, 13th March, 1934, p. 79.

১১ *The Proceeding of Bengal Legislative Council*, 13th March, 1934, p. 79.

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# আইউব খানের শাসনামল (১৯৫৮-১৯৬৯): বাঙালির স্বাধীনতা ভাবনার স্বরূপ

ড. মোসা. ছায়িদা আকতার*

**Abstract:** During Ayub Khan's rule (1958-1969) the spirit of nationalism leading to independence gradually developed among the Bengali peoples of the then East Pakistan. It is to be mentioned that General Ayub Khan forcibly assumed the power on the 27 October 1958 from the then reigning military ruler Major General Iskander Mirza by staging a successful coup d'etat. At the same time, he also declared himself as the commander in chief of the armed forces of Pakistan. He thus established his absolute authority in the country and started to rule with heavy hands. He imposed ban on politics and outlawed all political parties. The people of East Pakistan had faced extreme suppression from the very inception of Ayub regime. He also postponed election that was scheduled to be held in February 1959. At the sametime, a good number of progressive and leftist political personalities including the top level leaders like Moulana Abdul Hamid Khan Bhashani, Sheikh Mujibur Rahman and Abul Mansur Ahmed were arrested. Through the imposition of martial law and disbanding basic rights of the people, he started continuation of his dictatorial rule under the garb of Basic Democracy and thus was able to halt the tide of democratic struggle for the time being in the country. But with the passage of time, the sprit of nationalism developed among the Bengali people and they began to take part against the dictatorial rule and demand democracy. This awareness and active role of the Bengali people eventually overthrew the Ayub regime. In this article, character of Bengali nationalism and autonomy moment has been analysed on the basis of historical materials and contemporary newspapers.

## ভূমিকা

১৯৪৭ সালে ভারতবর্ষ বিভক্ত হয়ে ভারত ও পাকিস্তান নামে দু'টি নতুন রাষ্ট্রের সৃষ্টি হয়। শুরুতে পাকিস্তানের দুই অংশ পূর্ব বাংলা ও পশ্চিম পাকিস্তানের মধ্যে তেমন বৈষম্য না থাকলেও আস্তে আস্তে তা বৃদ্ধি পেতে থাকে। শুধু তাই নয়, পূর্ব বঙ্গনাম ১৯৫৫ সালে বদলে দিয়ে পূর্ব পাকিস্তান করা হয়। আইউব খানের জন্ম ১৯০৭ সালের ১৪ মে হরিপুর জেলার রেহানা গ্রামে (বর্তমানে পাকিস্তানের খাইবার পাখতুনখা)। তিনি বাল্যকালে গ্রামের স্কুলে পড়াশোনা করেন। আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় তিনি লন্ডনে রয়্যাল মিলিটারী কলেজে ডাক পান এবং পড়াশোনা স্থগিত রেখে তিনি সেখানে যান। ১৯৫১ সালে আইউব খান পাকিস্তান সেনাবাহিনীর প্রধান হন। ১৯৫৪ সালে তিনি প্রতিরক্ষামন্ত্রী হিসেবে নিয়োগ পান। ১৯৫৭ সালের ১১ অক্টোবর পাকিস্তানের প্রধানমন্ত্রিত্ব থেকে হোসেন শহীদ সোহরাওয়ার্দীর পদত্যাগের পর আই আই চুন্দ্রীগড় রিপাবলিকান পার্টির সমর্থন নিয়ে কেন্দ্রে মুসলিম লীগ সরকার গঠন করেন। তাঁর সরকার প্রায় দুই মাস স্থায়ী হয়। ১৯৫৭ সালের ১৬ ডিসেম্বর আওয়ামী লীগের সমর্থন নিয়ে রিপাবলিকান পার্টির সংসদীয় দলের নেতা মালিক ফিরোজ খান নুন সরকার গঠন

* প্রফেসর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

করেন। ১৯৫৮ সালের ৭ অক্টোবর পাকিস্তানের তৎকালিন প্রেসিডেন্ট মেজর জেনারেল ইস্কান্দার মীর্জা সামরিক বাহিনীর সহায়তায় মালিক ফিরোজ খান নুনের সংসদীয় সরকারকে উৎখাত করে পাকিস্তানে সামরিক শাসন জারি করেন[১] এবং সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক জেনারেল মুহম্মদ আইউব খানকে প্রধান সামরিক আইন প্রশাসক নিয়োগ করেন। একই সাথে তিনি ১৯৫৬ সালের সংবিধান বাতিল করেন, কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারসমূহকে বরখাস্ত করেন, জাতীয় সংসদ ও প্রাদেশিক আইন পরিষদ ভেঙে দেয়া হয়। সকল রাজনৈতিক দল বিলুপ্ত ঘোষণা করেন এবং তাদের সম্পত্তির ব্যবহারও নিষিদ্ধ করেন। এমনকি তিনি তার স্বৈরাচারী কাজকে সমর্থন করে বলেন, 'I have no sanction of law or of constitution. I have only the sanction of my conscience.'[২] কিন্তু ২৭ অক্টোবর সেনাধ্যক্ষ জেনারেল আইউব খান রাতের অন্ধকারে ইস্কান্দার মীর্জাকে ক্ষমতাচ্যুত করে একই সাথে পাকিস্তানের প্রেসিডেন্ট, প্রধান সেনাপতি ও প্রধান সামরিক আইন প্রশাসক হন। একে আইউব খান অক্টোবর বিপ্লব বলে অভিহিত করেন। আইউব খানের শাসনামলে পূর্ব পাকিস্তানের বাঙালিরা বিভিন্নভাবে নির্যাতিত হতে থাকে। গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের প্রতিও তার কোন আস্থা ছিল না। তিনি ১৯৫৯ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য নির্বাচন বাতিল ঘোষণা করেন। এভাবে দেশে সংসদীয় গণতন্ত্রের অপমৃত্যু ঘটে। পাকিস্তানের জনগণকে তিনি গণতন্ত্রের যোগ্যই মনে করতেন না। ক্ষমতাসীন হয়ে তিনি তার স্বঘোষিত বিপ্লবের যৌক্তিকতা প্রমাণের জন্য জোর প্রচেষ্টা চালান। তিনি ঘোষণা করেন যে, সামরিক আইন প্রশাসনকে কলুষমুক্ত করার সাময়িক ব্যবস্থা মাত্র। সে কাজ সম্পন্ন হলেই তিনি গণতান্ত্রিক ব্যবস্থা পুনঃপ্রবর্তন এবং দেশকে একটি সংবিধান দেবেন, যা হবে জনসাধারণের মন-মানসিকতার সাথে সঙ্গতিপূর্ণ। গণতন্ত্র প্রতিষ্ঠার পর তিনি সেনা শিবিরে ফিরে যাবারও প্রতিশ্রুতি দেন।[৩]

তবে আইউব খান ছিলেন একজন সুচতুর রাজনীতিবিদ। তিনি নির্বাচন ব্যবস্থাকে বাতিল করেন নি। কিন্তু নির্বাচন হলে রাজনীতিবিদদের নির্বাচিত হয়ে আসার কথা। এ পরিণতি এড়িয়ে নিজেরও তাঁর সমর্থকদের নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে আইউব খান কয়েকটি পদক্ষেপ নেন। রাজনৈতিক দল ও রাজনৈতিক তৎপরতা নিষিদ্ধ ঘোষণা করে পূর্ব পাকিস্তানে ভয়াবহ দমন নীতি চালানো হয়। এ পর্যায়ে মওলানা ভাসানী, শেখ মুজিবুর রহমান, আবুল মনসুর আহমদ প্রমুখ প্রথম শ্রেণির নেতা ছাড়াও সারাদেশের অসংখ্য বামপন্থী ও প্রগতিশীল রাজনৈতিক নেতা ও কর্মী গ্রেফতার হন। গণতন্ত্রপন্থী তিন হাজার সরকারি কর্মচারিকে বরখাস্ত করা হয়। এদের মধ্যে প্রায় দুই হাজারই বাঙালি অফিসার ও কর্মচারি ছিল।[৪] সে সময় পূর্ব পাকিস্তানে স্বাধিকারের কথা, পূর্ব পাকিস্তানের বিরুদ্ধে পশ্চিম পাকিস্তানের শোষণের কথা যেসব পত্রিকায় প্রকাশ পেত যেমন ইত্তেফাক, সংবাদ ও পাকিস্তান সেগুলোকে কালো তালিকাভুক্ত করে সরকারি, আধা সরকারি বিজ্ঞাপন থেকে বঞ্চিত করা হয়। সামরিক শাসন বিরোধী সাংবাদিকদের বিদেশ গমনে বাধা দেয়া হয়।[৫]তাছাড়া তিনি রাজনীতিবিদদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ১৯৫৯ সালের ৭ অক্টোবর নির্বাচিত সংস্থাসমূহ (অযোগ্যতা) (Elective bodies disqualification order 1959) সংক্ষেপে EBDO এবং PODO (Public Office Disqualification Order (সরকারি পদ লাভে অযোগ্যতা সংক্রান্ত আদেশ) নামে দু'টি আদেশ জারি করেন,[৬] যা ছিল সম্পূর্ণ অগণতান্ত্রিক। তাছাড়া তিনি মৌলিক গণতন্ত্র ব্যবস্থা নামে নতুন ধরনের স্থানীয় স্বায়ত্তশাসন প্রবর্তন করেন।[৭] যাহোক, সামরিক আইন প্রবর্তন, রাজনীতির উপর নিষেধজ্ঞা, ধরপাকড়, মৌলিক অধিকার হরণ, মৌলিক গণতন্ত্রের অবয়বে একনায়কতন্ত্রের প্রতিষ্ঠা প্রভৃতি পূর্ব বাংলার জনগণের সংগ্রামশীল গণতান্ত্রিক স্রোতকে সাময়িকভাবে স্তব্ধ

করতে সক্ষম হলেও জনমনে প্রচণ্ড ক্ষোভ পুঞ্জিভূত হতে থাকে এবং আস্তে আস্তে মোহভঙ্গ ঘটতে থাকে। এমতাবস্থায় বাঙালিদের মধ্যে স্বাধীনতার চিন্তা-ভাবনার উদ্ভব হয়। বস্তুতঃ আইউব শাসন ছিল বাঙালি জাতীয়তাবাদের উত্থানের কাল। নানা ঘটনা যেমন ১৯৬৪ সালের সাম্প্রদায়িক দাঙ্গা, ১৯৬৫ সালের প্রেসিডেন্ট নির্বাচন ও পাক-ভারত যুদ্ধ, বাংলা ভাষা ও সংস্কৃতির ক্ষেত্রে আইয়ুব সরকারের বিদ্বেষী পদক্ষেপ, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্য ইত্যাদির পরিপ্রেক্ষিতে কিভাবে বাঙালিদের মধ্যে সে চেতনার উদ্ভব হয় তা প্রবন্ধে উপস্থাপনকরা হয়েছে।

**১৯৬৪ সালের সাম্প্রদায়িক দাঙ্গা:** ১৯৬৪ সালের শুরুতেই ভারত নিয়ন্ত্রিত কাশ্মিরে 'হযরত বাল' মসজিদে রক্ষিত হযরত মুহাম্মদ (স.)-এর দাঁড়ি বলে পরিচিত একটি স্মৃতিচিহ্ন হঠাৎ অদৃশ্য হলে পাকিস্তান সরকার সেটা হিন্দুদের কীর্তি বলে অভিযোগ আনেন এবং দেশব্যাপী মুসলমানদেরকে তার প্রতিশোধ নেবার জন্য উস্কানি দিতে থাকেন। ফলে খুলনা থেকে আরম্ভ করে সারা পূর্ব বাংলায় হিন্দু-মুসলিম দাঙ্গা হয়।[৮] দেশব্যাপী আইউব বিরোধী মনোভাব যখন তুঙ্গে, তখন সরকারেরইন্ধনে এ সাম্প্রদায়িক দাঙ্গায় সমগ্র জনমানস বিপর্যস্ত হয়ে পড়ে। স্বৈরাচারী সরকার ঐক্যোন্মুখ জনগণের মধ্যে বিভেদ আনা এবং আশু রাজনৈতিক ইস্যুগুলো থেকে তাদের দৃষ্টি অন্যদিকে ফেরানোর লক্ষ্যে পূর্ব পাকিস্তানে হানাহানির পরিবেশ সৃষ্টির চেষ্টা করে।

১৯৬৪ সালের ৭ জানুয়ারি থেকে ঢাকা আদমজী এবং পার্শ্ববর্তী অঞ্চলসমূহে পেশাদার গুন্ডাবাহিনীর নেতৃত্বে এক বিভৎস হিন্দু-মুসলমান, বাঙালি-বিহারি দাঙ্গায় শত শত মানুষ ক্ষতিগ্রস্ত হয়। ১০ জানুয়ারি তা প্রচণ্ড রূপ ধারণ করে।[৯] হত্যার সাথে চলে লুণ্ঠন, ধর্ষণ ও অগ্নিসংযোগ। সরকারের তীব্র নিন্দা ও তার প্রতিকারেরজন্য দেশবাসীকে আকুল আবেদনের জন্য দাঙ্গাকারীরা আওয়ামী লীগ সমর্থক পত্রিকা ইত্তেফাক অফিসেও হামলা চালায়। হামলাকারীদের হাত থেকে হিন্দু সম্প্রদায়কে রক্ষা করতে গিয়ে ১৫ জানুয়ারি কবি আমীর হোসেন চৌধুরী[১০] এবং ১৬ জানুয়ারি বিহারীদের আক্রমণে ঢাকার নটরডাম কলেজের অধ্যাপক ফাদার রিচার্ড নির্মমভাবে নিহত হন। বিহারি দাঙ্গাবাজেরা মোহাম্মদপুর ফিজিক্যাল ট্রেনিং কলেজের ছাত্রী হোস্টেলে আক্রমণ চালিয়ে মেয়েদের শ্লীলতাহানি করে।[১১] দাঙ্গা প্রতিরোধকল্পে ঢাকার প্রেস ক্লাবে ইত্তেফাক সম্পাদক মানিক মিয়ার সভাপতিত্বে রাজনৈতিক নেতা, ছাত্র-কর্মী, আইন পরিষদ সদস্য, আইনজ্ঞ ও সাংবাদিকদের এক যৌথ সভায় 'দাঙ্গা প্রতিরোধ কমিটি' গঠিত হয়।[১২]কনভেনর ছিলেন আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমান।[১৩] কমিটির পক্ষ থেকে 'পূর্ব পাকিস্তান রুখিয়া দাঁড়াও' শিরোনামে একটি প্রচারপত্র প্রকাশ করা হয়। এতে পূর্ব পাকিস্তানের হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের উপর এই পরিকল্পিত হামলার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়ে প্রতি মহল্লায় দাঙ্গা কমিটি গঠন, দাঙ্গাবাজদের শায়েস্তা করা এবং নারীর ইজ্জত ও নিজেদের ভবিষ্যতকে রক্ষা করার কথা বলা হয়।[১৪] আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমান, আতাউর রহমান খান, মাহমুদ খান, অলি আহাদ খোলা ট্রাকে চড়ে সারা শহর ঘুরে মাইক্রোফোন যোগে দাঙ্গা প্রতিরোধ করতে আহ্বান জানান। জগন্নাথ কলেজ, বুলবুল ললিতকলা একাডেমি এবং আরও অনেক ভবনে শরণার্থী শিবির খোলা হয়। সরকারি সাহায্যের অপেক্ষা না করে সাধারণ মানুষের যানবাহন দিয়েই এসব শিবিরের আহারাদিরব্যবস্থা করা হয়।[১৫] দাঙ্গা প্রতিরোধে বহু তরুণ স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে আসে। 'পূর্ব পাকিস্তান রুখিয়া দাঁড়াও' প্রচারপত্রের লক্ষ লক্ষ কপি ছাপিয়ে সারাদেশে বিলির ব্যবস্থা করা হয়। তবে এই প্রচারপত্রের প্রকাশক ও মুদ্রাক্ষরের নাম না থাকার অজুহাতে তার সকল স্বাক্ষরকারীর বিরুদ্ধে সরকার মামলা দায়ের করে। অভিযুক্তদের মধ্যে শেখ

মুজিবুর রহমান, আতাউর রহমান খান, মাহমুদ আলী, অলি আহাদ, শাহ আজিজুর রহমান, আলীম আল রাজী, আলী আকসাদ, মানিক মিয়া, জহুর হোসেন চৌধুরী, মাহবুবুল হক ছিলেন।[১৬] এভাবে ধর্মীয় সংঘাত সৃষ্টি করেও আইউব খান নিজেকে নিরাপদ করতে ব্যর্থ হন। তার বিরুদ্ধে ক্ষোভ ক্রমেই বাড়তে থাকে।

**১৯৬৫ সালের প্রেসিডেন্ট নির্বাচন :** প্রেসিডেন্ট আইউব খান ১৯৫৯ সালে মৌলিক গণতন্ত্র ব্যবস্থা নামে যে চারস্তর বিশিষ্ট স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা প্রবর্তন করেছিলেন এর উদ্দেশ্য ছিল 'জনগণের ইচ্ছাকে সরকারের কাছাকাছি এবং সরকারি কর্মকর্তাদের জনগণের কাছাকাছি এনে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ'-এর ব্যবস্থা করা। ১৯৬০ সালের ১১ জানুয়ারি সারাদেশে এক সাধারণ নির্বাচনের মাধ্যমে ইউনিয়ন স্তরে আশি হাজার 'মৌলিক গণতন্ত্রী' বা বি.ডি (Basic Democrate) নির্বাচিত হন। এই গণতন্ত্রীরা ১৪ ফেব্রুয়ারি প্রেসিডেন্ট আইউব খানকে পাঁচ বছরের জন্য ম্যান্ডেট দেন এবং একটি শাসনতন্ত্র প্রদানের ক্ষমতা দেয়া হয়। নির্বাচনে কোন প্রতিদ্বন্দ্বী ছিল না। এই শাসনতন্ত্রের অধীনে ১৯৬৫ সালের ২ জানুয়ারি নতুন করে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়। ১৯৬২ সালের ১৫ জুলাই থেকে এতদিন নিষিদ্ধ থাকা দেশের রাজনৈতিক দলসমূহকে কতিপয় শর্ত সাপেক্ষে পুনরুজ্জীবিত বা সক্রিয় হওয়ার অনুমতি দেয়া হয়। বিরোধী দলের একটি গণতান্ত্রিক শাসনতন্ত্রের আন্দোলনের প্রতি আইউব সরকার অনমনীয় থাকেন। নির্বাচনে ভোটার ছিল ৮০,০০০ মৌলিক গণতন্ত্রী। ১৯৬৪ সালে ১৯ আগস্ট কনভেনশন মুসলিম লীগ আইউব খানকে প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসেবে ঘোষণা দেয়। এই নির্বাচন বিভিন্ন বিরোধী দলকে আইউব বিরোধী মঞ্চে সমবেত হওয়ার অপূর্ব সুযোগ করে দেয়। বিরোধী দলগুলো উপলব্ধি করে যে, তারা যদি তাদের মর্যাদা, আদর্শগত পার্থক্য এবং ব্যক্তিত্বের সংঘাত ভুলে এক হতে না পারে তবে আইউবের চ্যালেঞ্জের মোকাবেলা করতে পারবে না।[১৭] এমতাবস্থায় ২১ জুলাই (১৯৬৪) ৫টি বিরোধী রাজনৈতিক দল আওয়ামী লীগ, কাউন্সিল মুসলিম লীগ, জামায়েত ইসলামী, নেজামী ইসলামী এবং ন্যাশনাল আওয়ামী পার্টি নির্বাচনে যুক্তফ্রন্ট গঠনের একটি প্রস্তাব সমর্থন করে এবং সম্মিলিত বিরোধী দল (Combined opposition party সংক্ষেপে COP) নামে একটি জোট গঠন করে।[১৮] এই জোট প্রেসিডেন্ট নির্বাচনে সকল বিরোধী দলের পক্ষে পাকিস্তানের প্রতিষ্ঠাতা মোহাম্মদ আলী জিন্নাহর বোন মিস ফাতেমা জিন্নাহকে প্রার্থী মনোনয়ন এবং গণতান্ত্রিক ও স্বায়ত্তশাসনের দাবি সম্বলিত নয় দফা নির্বাচনী মেনিফেস্টো ঘোষণা করে। একটি ইসলামী রাষ্ট্রের জন্য একজন মহিলাকে রাষ্ট্রের সর্বোচ্চ পদে মনোনয়ন অস্বাভাবিক হলেও জিন্নাহর ভগ্নী হিসেবে তার প্রতীকী মূল্য সর্বমহলে স্বীকৃত ছিল এবং তাই সরকার বিরোধী শক্তিকে ঐকবদ্ধ করার জন্য তিনিই সবচেয়ে যোগ্য ব্যক্তি হিসেবে বিবেচিত হন। প্রাপ্ত বয়স্ক সকলের ভোটাধিকার ও প্রত্যক্ষ নির্বাচন ব্যবস্থা এবং সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠা ছিল তার প্রধান নির্বাচনী কর্মসূচি। অপরদিকে মৌলিক গণতন্ত্র ব্যবস্থা, ১৯৬২ সালের সংবিধান, বিভিন্ন সংস্কার কর্মসূচি ইত্যাদি আইউব খানের নির্বাচনী প্রচারে প্রাধান্য পায়।[১৯]

নির্বাচনী ফলাফলে দেখা যায় পূর্ব পাকিস্তানে আইউব খান ২১০১২ এবং ফাতেমা জিন্নাহ পান ১৮৪৩৪ ভোট এবং পশ্চিম পাকিস্তানে আইউব খান ২৮৯৩৯ এবং ফাতেমা জিন্নাহ ১০২৫৭ ভোট পান। প্রাপ্ত ভোটের ৬১.৩১ পান আইউব খান এবং ফাতেমা জিন্নাহ পান ৩৬.৩৬।[২০] নির্বাচনী ফলাফল অনুযায়ী আইউব খান সংখ্যাগরিষ্ঠ ভোটারের সমর্থন লাভ করে প্রেসিডেন্ট পদে ৫ বছরের জন্য নির্বাচিত হন। তবে ফলাফল বিশ্লেষণে দেখা যায় যে, আইউব খান পাকিস্তানের উভয় অংশে সংখ্যাগরিষ্ঠ ভোট লাভ করলেও পশ্চিম পাকিস্তানের তুলনায় পূর্ব পাকিস্তানে অনেক কম ভোট পান। সার্বজনীন ভোটাধিকারের

ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠিত হলে আইউব খানের নিশ্চিত পরাজয় ঘটত বলে অনেকে মনে করেন। তাছাড়া COP এর অন্যতম নেতা মওলানা ভাসানী নির্বাচনে প্রত্যাশিত ভূমিকা পালন থেকে বিরত থাকেন। চীনপন্থী ন্যাপের প্রধান মওলানা ভাসানী পাকিস্তানের সাথে চীনের সুসম্পর্কের কারণে ইতোমধ্যেই আইউব খানকে বিব্রত না করার নীতি (don't disturb Ayub) নীতি অবলম্বন করেছিলেন বলে ভাসানীর বিরুদ্ধে অভিযোগ করা হয়।[২১] সন্দেহ করা হয় যে, বিরোধী পক্ষের অধিক জনপ্রিয় প্রার্থী পূর্ব পাকিস্তানের সাবেক গভর্ণর জেনারেল আজম খানের বিপরীতে ফাতেমা জিন্নাহকে প্রার্থী করার ক্ষেত্রে সরকারের হাত ছিল। এক্ষেত্রে ন্যাপ আজম খানের বিরুদ্ধে ফাতেমা জিন্নাহকে COP এর প্রার্থী হিসেবে নাম প্রস্তাব করেন।[২২] এই নির্বাচনে যদিও ফাতেমা জিন্নাহ পরাজিত হয়েছিলেন, তথাপি অনুধাবন করা যায় যে, জনগণের এক বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ বিরোধী দলের সমর্থক। যাহোক, মৌলিক গণতন্ত্রের গণবিরোধী চরিত্র এ নির্বাচনের ফলাফলের মধ্য দিয়ে রাজনৈতিক নেতৃবৃন্দ ও সর্বসাধারণের মধ্যে স্পষ্টভাবে ফুটে ওঠে। এর ফলস্বরূপ, বিশেষ করে বাঙালিদের মধ্যে ভিন্ন ও কঠোর রাজনৈতিক কর্মসূচি এবং অবস্থান গ্রহণ সম্পর্কে দ্রুত চিন্তা-ভাবনার বিকাশ ঘটে।

**১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ:** ১৯৬৫ সালে কাশ্মিরকে কেন্দ্র করে ভারত-পাকিস্তান সম্পর্কের অবনতি ঘটে এবং ১৭ দিন ব্যাপী পাক-ভারত যুদ্ধ হয়। জাতিসংঘ গণভোটের মাধ্যমে সমস্যা সমাধানের পক্ষে রায় দেয়। পাকিস্তান গণভোটের মাধ্যমে কাশ্মিরীদের আত্মনিয়ন্ত্রণ অধিকারের দাবি সমর্থন করলেও ভারত নানাভাবে এ দাবি অগ্রাহ্য করে এবং কাশ্মিরকে ভারতের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য করতে থাকে। পাকিস্তান কাশ্মিরীদের সমর্থনে মোজাহিদ বাহিনী বা অনুপ্রবেশকারী পাঠায়। এ ঘটনাকে কেন্দ্র করেই শেষ পর্যন্ত পাক-ভারত যুদ্ধ হয়। পশ্চিম পাকিস্তানের লাহোর ও অন্যান্য সীমান্তবর্তী এলাকায় এ যুদ্ধ সীমাবদ্ধ থাকে। যুদ্ধে পাকিস্তানের অনেক ভূখণ্ড ভারতের হস্তগত হয়। সে তুলনায় ভারতের ক্ষয়ক্ষতির পরিমাণ কম ছিল। জাতিসংঘের হস্তক্ষেপে উভয় দেশের মধ্যে যুদ্ধ বিরতি ঘটে। অবশেষে সোভিয়েত প্রধানমন্ত্রী কোসিগিনের আমন্ত্রণে পাকিস্তানের প্রেসিডেন্ট আইউব খান এবং ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর মধ্যে ১৯৬৬ সালের ১০ জানুয়ারি উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে একটি শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় কিন্তু চুক্তির নয়টি ধারার কোনটিতেই যুদ্ধের মূল কারণ কাশ্মির সমস্যা সমাধান সম্পর্কে কোন উল্লেখ ছিল না।

১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ বাঙালিদের কাছে অত্যন্ত শিক্ষণীয় ছিল। যুদ্ধকালীন সময়ে পূর্ব পাকিস্তান শুধু পশ্চিম পাকিস্তান থেকেই নয়; বরং সমগ্র বিশ্ব থেকেও বিচ্ছিন্ন ছিল, পূর্ব পাকিস্তানে প্রতিরক্ষার উপযুক্ত ব্যবস্থা না থাকায় নিরাপত্তার অভাব দারুণভাবে অনুভূত হয়। ফলে গণতন্ত্র প্রতিষ্ঠা ও প্রত্যক্ষ ভোটের দাবি উচ্চারিত হয়, শুরু হয় স্বাধিকার আন্দোলন। তাছাড়া রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, শোষণ, নিপীড়ন ও অত্যাচারে পূর্ব পাকিস্তানের জনগণ অতিষ্ঠ হয়ে ওঠে এবং এ অবস্থা থেকে আমূল পরিবর্তনের প্রয়োজনীয়তা তারা অনুভব করে। ঠিক সে মুহূর্তেই আওয়ামী লীগ নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বায়ত্তশাসনের দাবি সম্বলিত 'আমাদের বাঁচার দাবি ৬-দফা' কর্মসূচি ঘোষণা করেন, যার ৬ষ্ঠ দফায় পূর্ব পাকিস্তানের নিরাপত্তার জন্য প্যারামিলিশিয়া বাহিনী গঠনের কথা বলেন। পূর্ব পাকিস্তানের জনগণ ব্যাপকভাবে এ কর্মসূচি সমর্থন করে। ১৯৬৫ সালের এ যুদ্ধ বাঙালিদের নিজের পায়ে দাঁড়াতে শিক্ষা দেয়। পরবর্তীতে এ স্বায়ত্তশাসনের দাবিই স্বাধীনতার দাবিতে পরিণত হয়।

**বাংলা ভাষা ও সংস্কৃতির ক্ষেত্রে আইউব সরকারের বিদ্বেষী পদক্ষেপঃ** বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতিকে পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী হেয় চোখে দেখত, যা বাংলা ভাষা আন্দোলনের (১৯৪৮-১৯৫২) সময় স্পষ্টভাবে ধরা পড়ে। বাংলা ভাষাভাষি জনগণ সংখ্যাগরিষ্ঠ হওয়া সত্ত্বেও উর্দুকেই পাকিস্তানের রাষ্ট্রভাষা করার ষড়যন্ত্র করা হয়। ফলে ছাত্রসমাজ তথা বাঙালি জনগণ আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে। বাধ্য হয়ে পাকিস্তানি শাসকগোষ্ঠী বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়। কিন্তু প্রেসিডেন্ট আইউব ক্ষমতাসীন হওয়ার পর নতুন করে বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতির উপর আঘাত আসে। রোমান হরফে বাংলা লেখার চেষ্টা, বাংলা ভাষা ও সাহিত্যে উর্দু এবং আরবি শব্দ প্রতিস্থাপনের মাধ্যমে এসবের সংস্কার ও ইসলামীকরণ, বাংলা ও উর্দু মিশিয়ে একটি তথাকথিত জাতীয় ভাষা সৃষ্টির উদ্যোগ, রেডিও টেলিভিশনে রবীন্দ্রনাথের সঙ্গীত প্রচার নিষিদ্ধ ঘোষণা করা হয়। শুধু তাই নয়, ১৯৬১ সালে সরকার রবীন্দ্র জন্মশত বার্ষিকী উপলক্ষে যেন কোন অনুষ্ঠান না হয় তার প্রচেষ্টা চালায়। কিন্তু বাঙালিরা প্রতিবাদ মুখর হয়ে ওঠে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে বেগম সুফিয়া কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ঘটা করে রবীন্দ্র জন্মশত বার্ষিকী পালন করা হয়।[২৩] ঢাকা হাইকোর্টের বিচারপতি এস.এম. মোর্শেদকে সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক খান সরওয়ার মুরশিদকে সম্পাদক করে কেন্দ্রীয় রবীন্দ্র জন্মশত বার্ষিকী উদযাপন কমিটি গঠিত হয়। রবীন্দ্র জন্মশত বার্ষিকী উদযাপনকে কেন্দ্র করে বাঙালিদের মধ্যে যে সাংস্কৃতিক জাগরণের সৃষ্টি হয় তার স্থায়ী সাংগঠনিক রূপ দেওয়ার লক্ষ্যে ১৯৬১ সালে 'ছায়ানট' প্রতিষ্ঠিত হয়।[২৪]

১৯৬৭ সালের জুন মাসে পাকিস্তানের তথ্য ও বেতারমন্ত্রী খাজা শাহাবুদ্দীন জাতীয় পরিষদে ঘোষণা করেন যে, পাকিস্তানের সাংস্কৃতিক মর্যাদার পরিপন্থী এমন সকল রবীন্দ্র সঙ্গীত ভবিষ্যতে পাকিস্তান বেতার কেন্দ্রে প্রচার করা হবে না এবং অন্যান্য সঙ্গীতের প্রচারও হ্রাস করা হবে।[২৫] ফলে রবীন্দ্র বিতর্ক আবার নতুন করে শুরু হয়। পরিষদের ভেতরে সরকারি ও বিরোধী দলীয় সদস্যদের মধ্যে উত্তপ্ত বাকবিতন্ডা চলে।[২৬] রবীন্দ্র সঙ্গীত সম্পর্কিত সরকারি সিদ্ধান্ত সংবাদপত্রে প্রচারিত হওয়া মাত্রই পূর্ব পাকিস্তানের ১৮ জন বুদ্ধিজীবী সরকারি সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বিবৃতি প্রদান করেন।[২৭] রাজনৈতিক দলগুলোও এ সময় রবীন্দ্রনাথের পক্ষ সমর্থন করে বিবৃতি দেন। আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মিসেস আমেনা বেগম আওয়ামী লীগের পক্ষ থেকে এক বিবৃতিতে বলেন যে, ক্ষমতা বলে হয়তো সাময়িকভাবে বেতার ও টেলিভিশন থেকে রবীন্দ্র সঙ্গীতের প্রচার বন্ধ করা যেতে পারে কিন্তু গণচিত্ত থেকে রবীন্দ্র সঙ্গীতের সুমধুর আবেদনকে কোন কালেই মুছে ফেলা যাবে না। সংস্কৃতির উপর এ হামলাকে রোধ করার জন্য তিনি জনগণের কাছে আবেদন জানান।[২৮] সবাই যে সরকারের সিদ্ধান্তের বিরোধিতা করেছে তা নয়, ৪০ জন বুদ্ধিজীবী রবীন্দ্রনাথকে ভারতীয় সংস্কৃতির ধারক ও বাহক এবং রবীন্দ্রনাথকে গ্রহণ করলে পাকিস্তান সংস্কৃতির মূলনীতিকেই বিরোধিতা করা হয় বলে বিবৃতি দেন। এদের মধ্যে সাহিত্যিক ও আওয়ামী লীগ নেতা আবুল মনসুর আহমদও আছেন।[২৯]

**পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্যঃ** পূর্ব পাকিস্তানীদের সবচেয়ে বড় অভিযোগ ছিল কেন্দ্রীয় সরকার কর্তৃক পূর্ব পাকিস্তানকে অর্থনৈতিক শোষণ করা।[৩০] পাকিস্তানের শুরুতে অর্থনৈতিক ক্ষেত্রে দু'অংশের মধ্যে পূর্ব বাংলার অবস্থা ভাল ছিল। কিন্তু ক্রমান্বয়ে দু'অংশের মধ্যে বৈষম্যের সৃষ্টি হয় এবং আস্তে আস্তে তা বাড়তে থাকে যদিও পূর্ব পাকিস্তানের জনসংখ্যা ছিল পাকিস্তানের মধ্যে সংখ্যাগরিষ্ঠ। পাকিস্তানের তেইশ বছরে জাতি প্রচুর বৈদেশিক সাহায্য লাভ করে। আন্তর্জাতিক উন্নয়ন

প্রতিষ্ঠান ও দাতা দেশ থেকে এ সমস্ত সাহায্য দেওয়ার উদ্দেশ্য ছিল দরিদ্র জনসাধারণের দুর্দশা লাঘব করা। সংখ্যাগরিষ্ঠ ও অপেক্ষাকৃত গরীব হওয়া সত্ত্বেও বাঙালিরা এ বৈদেশিক সাহায্যের সিংহভাগ থেকে বঞ্চিত হয়।[৩১] পাকিস্তান প্রতিষ্ঠার পর থেকেই পরিকল্পিত ও নিয়মতান্ত্রিকভাবে পূর্ব পাকিস্তান শোষিত হয়। রাজস্ব সূত্রের স্থিতিস্থাপক উৎসগুলো ক্রমে ক্রমে প্রদেশের এখতিয়ার থেকে কেন্দ্রীয় কর্তৃত্বে গ্রহণ করা হয়।[৩২] তাছাড়া পূর্ব পাকিস্তানকে পশ্চিম পাকিস্তানের বাজার হিসেবেই ব্যবহার করা হয়েছে। পাকিস্তান প্রতিষ্ঠার পর থেকে ১৯৬৯-৭০ সাল পর্যন্ত রপ্তানি আয়ের ৫৪.৭% অংশ আয় করে পূর্ব পাকিস্তান, আর ৪৫.৩% আয় করে পশ্চিম পাকিস্তান। এ সময়ে পূর্ব পাকিস্তান আমদানি বাবদ ব্যয় করে মাত্র ৩১.১%, অন্যদিকে পশ্চিম পাকিস্তান ব্যয় করে ৬৮.৯%। এভাবে দেখা যায় যে, পশ্চিম পাকিস্তান একদিকে যেমন বৈদেশিক সম্পদের সিংহভাগ ব্যবহার করে অন্যদিকে দেশের রপ্তানি আয়েরও সিংহভাগ ব্যবহার করে। তাছাড়া প্রতিরক্ষা, শিল্প উন্নয়ন, কৃষি, রাজস্ব ব্যয়ের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্যমূলক নীতি অনুসরণ করা হয়। ১৯৬৮ সালের এপ্রিলে পাকিস্তানের প্লানিং কমিশনের প্রধান অর্থনীতিবিদ মাহবুবুল হক এ মর্মে তথ্য প্রকাশ করেন যে, দেশের শতকরা ৬৬ ভাগ শিল্প, ৭৯ ভাগ বীমা এবং ৮০ ভাগ ব্যাংক সম্পদ মাত্র ২২টি পরিবারের হাতে কেন্দ্রীভূত।[৩৩] আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমানের পক্ষ থেকে উপস্থাপিত ঐতিহাসিক ৬-দফা কর্মসূচি মূলতঃ স্বায়ত্তশাসনসহ আঞ্চলিক অর্থনৈতিক অসমতাকে ভিত্তি করেই রচিত ছিল। ৬-দফায় তিনি পূর্ব পাকিস্তানের উপর পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক শোষণ বন্ধ করার জন্য কয়েকটি দাবি উত্থাপন করেন। বাঙালির বাঁচার দাবি আখ্যায়িত এই ৬-দফা প্রস্তাবে বাঙালিদের দীর্ঘদিনের বঞ্চিত আকাঙ্খাই প্রকাশ পায়। প্রকৃতপক্ষেই এটা ছিল বাঁচার দাবি।[৩৪] দাবিগুলো প্রচারের সাথে সাথে পূর্ব পাকিস্তানে নতুন চেতনার সঞ্চার হয়। শেখ মুজিবকে প্রধান আসামী করে আগরতলা ষড়যন্ত্র মামলাসহ আইউব সরকারের অন্যান্য অগণতান্ত্রিক কার্যকলাপেও বিরক্ত হয়ে বাঙালিরা স্বাধীনতার চিন্তা-ভাবনা শুরু করে। এরই পরিপ্রেক্ষিতে শুরু হয় ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, পরিণতিতে আইউব খান পদত্যাগে বাধ্য হন। উপরিউক্ত ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে ৬০ এর দশকের প্রথমদিকে এদেশের বুদ্ধিজীবী, রাজনীতিক, ছাত্র তরুণরা পূর্ব বাংলার স্বাধীনতা সংক্রান্ত কিছু কিছু বিচ্ছিন্ন চিন্তা-ভাবনা শুরু করে। আর এসব কর্মকাণ্ডের সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংশ্লিষ্টতা ছিল। বাঙালিরা বুঝতে পারে যে, পশ্চিম পাকিস্তানী শাসকগোষ্ঠীর অধীনে তাদের স্বার্থ কোনদিনই সংরক্ষিত হবে না। নিম্নে পূর্ব পাকিস্তানের স্বাধীনতা সম্বলিত কিছু চিন্তা-ভাবনা ও কর্মকাণ্ড প্রবন্ধের এই অংশে তুলে ধরা হলো ।

**স্বাধীনতা সম্বলিত কিছু চিন্তা-ভাবনা ও কর্মকান্ড:** ১৯৫৮ সালের অক্টোবরে আইউব খান দেশে সামরিক আইন জারি করার পর নভেম্বর মাসেই ময়মনসিংহে গঠিত হয় 'পূর্ব বাংলা লিবারেশন ফ্রন্ট' নামে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রথম সশস্ত্র দল। এ দলের উদ্দেশ্য ছিল সশস্ত্র বিপ্লবের মাধ্যমে পূর্ব বাংলাকে মুক্ত করা। আলী আসাদের নেতৃত্বে জামালপুরে এই দলের গোপন সেল স্থাপন করা হয়। আলী আসাদসহ পার্টির নেতৃস্থানীয় সদস্যরা অস্ত্র-শস্ত্র সংগ্রহের উদ্দেশ্যে ভারত গিয়ে কিছু পোস্টার ও প্রচারপত্র ছাপিয়ে আনে। এ কে ফজলুল হক, হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং শেখ মুজিবুর রহমানের সাথে এদের যোগাযোগ ছিল এবং শেখ মুজিব এদের অর্থ সাহায্য করতেন বলে একাধিক প্রমাণ আছে।[৩৫] পূর্ব পাকিস্তানের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গোপন প্রতিবেদন থেকে জানা যায় যে, লিবারেশন ফ্রন্টের কার্যকলাপ প্রধানত সীমাবদ্ধ ছিল প্রচারপত্র বিলি এবং পোস্টারিং-এর মধ্যে। রিপোর্ট থেকে জানা যায়

যে, এ সকল প্রচারপত্রে সামরিক শাসক ও এদের সহযোগী নেতৃবৃন্দকে উৎখাত এবং পশ্চিম পাকিস্তানের সাথে সম্পর্ক ছিন্ন করে স্বাধীন ও স্বশাসিত রাষ্ট্র প্রতিষ্ঠার আহ্বান জানানো হয়।

পূর্ব পাকিস্তানকে স্বাধীন করার ব্যাপারে ১৯৬০-৬১ সালে কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির ভেতর 'স্বাধীন পূর্ব পাকিস্তান' দাবি নিয়ে একটা সাধারণ আলোচনা হয়। কমিটির প্রায় সকলেই 'স্বাধীন পূর্ব পাকিস্তান' দাবিকে ন্যায়সঙ্গত বলে মনে করেছিলেন। এই বিষয়ে অভিমত পার্টি একটি সার্কুলারে প্রকাশও করে।[৩৬] ১৯৬১ সালের শেষের দিকে আওয়ামী লীগের শেখ মুজিবুর রহমান এবং মানিক মিয়া এবং কমিউনিস্ট পার্টির মণিসিংহ ও খোকা রায়ের মধ্যে দেশের স্বাধীনতার দাবিতে কয়েক দফা গোপন বৈঠক হয়। ঐ বৈঠকে আইউব বিরোধী আন্দোলনের বিষয়ে ঐকমত্য হয় এবং সিদ্ধান্ত হয় যে, আইউব খান কর্তৃক শাসনতন্ত্র ঘোষণার সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা আন্দোলন শুরু করবে এবং তারপর ক্রমে ক্রমে তা সারাদেশে ছড়িয়ে দেওয়া হবে। আলোচনায় আরও সিদ্ধান্ত নেয়া হয় যে, আওয়ামী লীগ ও কমিউনিস্ট পার্টি লাখ খানেক ইশতেহার বিলি করবে, ঐ ইশতেহারে সামরিক শাসনের অবসান, গণতন্ত্র প্রতিষ্ঠা, সকল রাজবন্দীর মুক্তি, ২১ দফা কর্মসূচি মোতাবেক পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন, ছাত্রদের শিক্ষার অধিকার, শ্রমিক-কৃষক ও অন্যান্য শ্রমজীবী মানুষের জরুরী দাবি-দাওয়া আদায়ের কথা থাকবে। আরও সিদ্ধান্ত হয় যে, ঐসব দাবি-দাওয়ার ভিত্তিতেই ১৯৬২ সালের ২১ ফেব্রুয়ারি থেকে ছাত্র ইউনিয়ন ও ছাত্রলীগের যৌথ উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের নিয়ে আন্দোলন শুরু করা হবে। আলোচনার এক প্রসঙ্গে শেখ মুজিবুর রহমান স্বাধীন পূর্ব বাংলার কথা বলেন।[৩৭]

পূর্ব পাকিস্তানকে কেন্দ্র করে একটি স্বতন্ত্র রাষ্ট্র প্রতিষ্ঠার বিষয়ে শেখ মুজিবুর রহমানের আগ্রহের কথা হোসেন শহীদ সোহরাওয়ার্দীর স্মৃতিচারণ থেকেও পরোক্ষভাবে জানা যায়। তিনি বলেন, The Trouble is that an unconstitutional leadership will arise, which may destroy the country and also sweep us away in the process.[৩৮] শেখ মুজিবুর রহমান ১৯৬১ সালে পূর্ব বাংলাকে স্বাধীন করার লক্ষ্যে একটি গোপন সংগঠন 'পূর্ব বাংলা মুক্তি ফ্রন্ট' গঠন করেছিলেন।[৩৯] শেখ মুজিব, চিত্তরঞ্জন সুতার[৪০] ও রুহুল কুদ্দুসকে[৪১] নিয়ে পূর্ব বাংলাকে সশস্ত্র আন্দোলনের মাধ্যমে স্বাধীন করার লক্ষ্যে কাজ শুরু করেন। এই সংগঠন পূর্ব বাংলাকে স্বাধীন করার আহ্বান সম্বলিত একটি প্রচারপত্র বিলি করে।

পূর্ব বাংলাকে স্বাধীন করার জন্য শেখ মুজিবুর রহমানের প্রচেষ্টার কথা শেখ হাসিনার বিবরণ থেকেও জানা যায়। তিনি লিখেছেন:

> তখন রাজনীতি নিষিদ্ধ ছিল। আওয়ামী লীগের সব নেতা "এবডো" ছিলেন।... আব্বা (অর্থাৎ শেখ মুজিবুর রহমান) দলকে সংগঠিত করার কাজ ও আইউব বিরোধী আন্দোলন গড়ে তোলার প্রস্তুতি নিতে থাকেন। বাংলাদেশকে স্বাধীন করার জন্য প্রতি জেলা, মহকুমা, থানায় গোপন সেল গঠন করেন। দেশকে স্বাধীন করার জন্য দলকে সুসংগঠিত করার কাজ চলতে থাকে। ছাত্রআন্দোলন গড়ে ওঠে।[৪২]

১৯৬২ সালের ছাত্র আন্দোলনের সময় জগন্নাথ কলেজে প্রতিষ্ঠিত হয় 'পূর্ব পাকিস্তান ছাত্র ফোরাম।' এ ফোরাম নারায়ণগঞ্জের একটি ছাত্রসভায় পূর্ব পাকিস্তানকে স্বাধীন করা হবে বলে শপথ গ্রহণ করেন। স্বাধীনতার বাণী জনগণের মধ্যে ব্যাপকভাবে প্রচারের জন্য ফোরাম 'অপূর্ব সংসদ' নামে সংগঠন প্রতিষ্ঠা করেন। এরা স্বাধীনতা চেতনা সম্বলিত 'অপু' নামে পত্রিকাও প্রকাশ করে। এ সংসদের উপদেষ্টা ছিলেন

ড. আহমদ শরীফ, সুফিয়া কামাল, মোফাজ্জল হায়দার চৌধুরী, অধ্যক্ষ মুহাম্মদ আবদুল হাই, শওকত ওসমান। শেখ মুজিবুর রহমান, তাজউদ্দিন আহমদ, মওলানা ভাসানীসহ আরও কেউ কেউ এদের বিষয়ে অবগত ছিলেন।[৪৩]

১৯৬২ সালের নভেম্বর মাস থেকে বাঙালির জাতীয় রাষ্ট্র 'বাংলাদেশ' প্রতিষ্ঠার লক্ষ্যে পূর্ব পাকিস্তান ছাত্র লীগের প্রগতিশীল অংশ সিরাজুল আলম খান, আবদুর রাজ্জাক ও কাজী আরেফ আহমেদের নেতৃত্বে গোপন সংগঠন 'স্বাধীনা বাংলা বিপ্লবী পরিষদ' গঠন করেন।[৪৪] জনযুদ্ধের মাধ্যমে বাংলাদেশকে স্বাধীন করাই এর চূড়ান্ত লক্ষ্য ছিল। এছাড়াও তরুণ প্রগতিশীল ছাত্র নেতৃবৃন্দ বাংলাদেশকে স্বাধীন করার চেতনা নিয়ে 'বাংলা মুক্তিফ্রন্ট' গঠনের ব্যাপারে আলোচনা অব্যাহত রাখে। বাস্তবে যদিও এসবের ভিত্তি ছিল না, তথাপি ছাত্র নেতৃবৃন্দের ভাবনার চিত্রটি এর মাধ্যমে প্রতিফলিত হয়।

১৯৬০-এর দশকের শুরুতে শুধু দেশে নয়, দেশের বাইরেও স্বাধীন বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা পরিলক্ষিত হয়। এ সময়ে ইংল্যান্ডে অধ্যয়নরত বামপন্থী ছাত্রদের একটি গ্রুপ স্বাধীন পূর্ব পাকিস্তান গঠনের প্রস্তাব নিয়ে এগিয়ে আসে। এরা 'ইস্ট পাকিস্তান হাউস' নামে একটি প্রকাশ্য সংগঠনের গোড়াপত্তন করে।[৪৫] এই সংগঠন প্রথমদিকে লন্ডন থেকে 'অসুখী পূর্ব বাংলা' শীর্ষক প্রচারপত্র প্রকাশ করে। ১৯৬৬ সালে আইউব খানের কমনওয়েলথ সম্মেলন উপলক্ষে যুক্তরাজ্য সফরকালে 'স্বাধীন পূর্ব বাংলা আন্দোলন'-এর নেতৃত্বে ব্যাপক প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়।

পাকিস্তান রাষ্ট্রের সার্বিক অসঙ্গতির প্রেক্ষাপটে ৬০-এর দশকের প্রথমার্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অবাঙালি অধ্যাপক ড. আহমেদ হাসান দানি এক সেমিনারে 'স্বাধীন বাংলাদেশের সম্ভাবনা' শীর্ষক একটি আলোচনা উত্থাপন করলে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।[৪৬] এই 'সম্ভাবনা' পূর্ব পাকিস্তানের ছাত্র এবং অগ্রসর রাজনৈতিক কর্মী সমাজকে এক নতুন দিক নির্দেশনা দেয়।

## উপসংহার

পরিশেষে বলা যায় যে, আইউব খানের অগণতান্ত্রিক ও স্বেচ্ছাচারী শাসন-শোষণের ফলে বাঙালিদের মধ্যে আত্মরক্ষার প্রয়োজনীয়তা অনুভূত হয়। ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের পর সে প্রয়োজনীয়তা আরও তীব্রভাবে তারা অনুভব করতে থাকে। যদিও ষাটের দশকের শুরু থেকেই বাঙালিরা বিচ্ছিন্নভাবে স্বাধীনতার চিন্তা-ভাবনা শুরু করে। তাৎক্ষণিকভাবে তাদের এ চিন্তা ফলপ্রসূ না হলেও আওয়ামী লীগ নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বায়ত্তশাসনের দাবি সম্বলিত ৬-দফা দাবি, যা পরবর্তীতে স্বাধীনতার দাবিতে পরিণত হয়। শুরু হয় ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান। পরিণতিতে প্রেসিডেন্ট আইউব খান ইয়াহিয়া খানের হাতে ক্ষমতা হস্তান্তরে বাধ্য হয়। ১৯৭০ সালের নির্বাচনে বাঙালিরা নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেও ক্ষমতা লাভে ব্যর্থ হয়। বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে শুরু হয় মুক্তিযুদ্ধ। দলমত নির্বিশেষে বাঙালিরা মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং বিশ্বের বুকে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়।

## তথ্যনির্দেশ

[১] দেখুন, হাসান হাফিজুর রহমান (সম্পা.), *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ, দলিলপত্র, প্রথম ও দ্বিতীয়খণ্ড* (ঢাকা: তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ১৯৮২), প্রথম খণ্ড, পৃ.৬২৩-৬২৬; দ্বিতীয় খণ্ড, পৃ. ১ (এরপর থেকে *দলিলপত্র*, ১ম খণ্ড বা ২য় খণ্ড লেখা হবে)।

[২] Shyamoli Ghosh, *The Awami League 1949-1971* (Dhaka: Academic Publishers, 1990), p. 43.

[৩] দেখুন, মযহারুল ইসলাম, *বঙ্গবন্ধু শেখ মুজিব* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৭৪), পৃ. ১৯৯।

[৪] আবু আল সাইদ, *আওয়ামী লীগের ইতিহাস* (ঢাকা: সাহিত্যপ্রকাশ, ১৯৯৩), পৃ. ১০৯।

[৫] বিস্তারিত দেখুন, মুনতাসীর মামুন ও জয়ন্ত কুমার রায়, *বাংলাদেশে সিভিল সমাজ প্রতিষ্ঠার সংগ্রাম* (ঢাকা: অবসর প্রকাশনা সংস্থা, ১৯৯৫), পৃ. ২১।

[৬] *দলিলপত্র, ২য় খণ্ড*, পৃ. ১৫-১৯।

[৭] প্রেসিডেন্ট আইয়ুব খানের ‘মৌলিক গণতন্ত্র’ বলতে ১৯৫৯ সালে মৌলিক গণতন্ত্র আদেশ বলে সৃষ্ট চার স্তর বিশিষ্ট স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থাকে বুঝায়, বিস্তারিত দেখুন, *ঐ*, পৃ. ২৮-৩০।

[৮] মযহারুল ইসলাম, *প্রাগুক্ত*, পৃ. ২২৮।

[৯] ড. মোহাম্মদ হান্নান, *বাঙালির ইতিহাস* (ঢাকা: অনুপম প্রকাশনী, ১৯৯৮), পৃ. ২০৭।

[১০] বেগম রোকেয়ার বোনের ছেলে।

[১১] দেখুন, *দলিলপত্র, ২য় খণ্ড*, পৃ. ২১৫।

[১২] অলি আহাদ, *জাতীয় রাজনীতি ১৯৪৫-৭৫* (ঢাকা: সাইদ হাসান, তা.বি.), পৃ. ৩৪০।

[১৩] আতাউর রহমান খান, *স্বৈরাচারের দশ বছর* (ঢাকা: নওরোজ কিতাবিস্তান, ২য় সংস্করণ, ১৯৭৪), পৃ. ২৮৯।

[১৪] *দৈনিক ইত্তেফাক*, ১৭ জানুয়ারি ১৯৬৪।

[১৫] আনিসুজ্জামান, *কাল নিরবধি* (ঢাকা: সাহিত্য প্রকাশ, ২০০৩), পৃ. ৩৭১।

[১৬] *ঐ*, পৃ. ৩৭২।

[১৭] Rounaq Jahan, *Pakistan Failure in National Integration* (Dhaka: The University Press Limited, 1994), p. 150.

[১৮] *Ibid*, pp. 150-151; আরও দেখুন Md. Abdul Wadud Bhuiyan, *Emergence of Bangladesh and Role of Awami Leauge* (Dhaka: The University Press Limited, 1982), p. 72.

[১৯] সাঈদ-উর-রহমান, *পূর্ব বাংলার রাজনীতি-সংস্কৃতি ও কবিতা* (ঢাকা: ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৮৩), পৃ. ৭৪।

[২০] *দলিলপত্র, ২য় খণ্ড*, পৃ. ২৪৭।

[২১] Md. Abul Kashem, "History of the Student Movement in Bengal and East Pakistan (Now Bgnaladesh) 1947-1969; An Analytical Study", Unpublished Ph.D. Thesis, Jadavpur University, Calcutta, 1992, p. 356.

[২২] Herbert Feldman, *From Crisis to Crisis 1962-1969* (London : Oxford University Press, 1972), pp. 70-73.

[২৩] হারুন অর রশিদ, ‘*আমাদের বাঁচার দাবী’ ৬দফা’র ৫০ বছর* (ঢাকা: বাংলা একাডেমি, ২০১৬), পৃ. ২৮-২৯।

[২৪] *ঐ*, পৃ. ২৯।

[২৫] *National Assembly of Pakistan Debates,* Official Report, ২২ জুন, ১৯৬৭, পৃ. ১৯৪০ (পরে NAP debates লেখা হবে)।

[২৬] এ বিষয়ে দেখুন, *NAP Debates*, ২৯ জুন, ১৯৬৭, পৃ. ২৩৮১-২৩৮৩।

[২৭] দেখুন, *দৈনিক আজাদ*, ২৮ জুন ১৯৬৭।

[২৮] গোলাম মুরশিদ, *রবীন্দ্র বিশ্বে পূর্ববঙ্গ পূর্ববঙ্গে রবীন্দ্রনাথ* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৮০), পৃ. ২৪৩-২৪৪।

[২৯] দেখুন, ড. মোসা. ছায়িদা আকতার, *আওয়ামী লীগের ভাবাদর্শিক বিকাশ, ১৯৪৯-১৯৭২* (ঢাকা: ফেমাস বুকস, ২০১৯), পৃ. ২৩৬।

[৩০] অর্থনৈতিক বৈষম্য সম্পর্কে দেখুন, ড. মো.মাহবুবর রহমান, *বাংলাদেশের ইতিহাস ১৯৪৭-৭১* (ঢাকা: সময় প্রকাশন, ১৯৯৯), পৃ. ২৪৮-২৫৩।

[৩১] দেখুন, AMA Muhith, *Bangladesh Emergence of a Nation* (Dhaka: The University Press Limited, 1992), p. 105.

[৩২] *Ibid,* p. 98.

[৩৩] হারুন অর রশিদ, *প্রাগুক্ত*, পৃ. ৩০।

[৩৪] পূর্ব বাংলা লিবারেশন ফ্রন্ট সম্পর্কে বিস্তারিত দেখুন, *দলিলপত্র ২য় খণ্ড*, পৃ. ৩১-৩২।

[৩৫] ড. কাজী খালিকুজ্জামান আহমদ, '৬-দফা ও শেখ মুজিব', *দৈনিক সংবাদ*, ১৫ আগস্ট ১৯৯৭।

[৩৬] খোকা রায়, *সংগ্রামের তিন দশক ১৯৩৮-১৯৬৮* (ঢাকা: জাতীয় সাহিত্য প্রকাশনী, ১৯৮৬), পৃ. ১৮১।

[৩৭] আওয়ামী লীগ ও কমিউনিস্ট পার্টির গোপন বৈঠক সম্পর্কে বিস্তারিত দেখুন, মণি সিংহ, *জীবন সংগ্রাম* (ঢাকা: বর্তমান সময়, ২০০৩), পৃ. ২১৪-২১৮।

[৩৮] Mohammad H.R. Talukdar (ed.), *Memoirs of Huseyn Shaheed Suhrawardy* (Dhaka: The University Press Limited, 1987), p. 75.

[৩৯] কাজী আরেফ আহমেদ, "আমাদের মুক্তিযুদ্ধ ও বাঙালির জাতীয় রাষ্ট্র বাংলাদেশ", *সাপ্তাহিক মুক্তিবার্তা*, প্রথম বর্ষ, ১৬ সংখ্যা, ১৭ ডিসেম্বর ১৯৯৭; উল্লেখ্য, কাজী আরেফ তৎকালীন ছাত্রলীগের একজন বিশিষ্ট নেতা ছিলেন।

[৪০] চিত্তরঞ্জন সুতার একজন রাজনীতিবিদ এবং বাংলাদেশের বাকেরগঞ্জ-১৪ (বর্তমান পিরোজপুর ১) আসনের প্রাক্তন সংসদ সদস্য। বিস্তারিত দেখুন, "রাজনীতির রহস্যময় পুরুষ চিত্তরঞ্জন সুতার", *দৈনিক ইত্তেফাক*, ৪ জুন ২০১৩।

[৪১] রুহুল কুদ্দুস ছিলেন একজন সিএসপি অফিসার যিনি পরবর্তীতে বঙ্গবন্ধুর রাজনৈতিক কর্মসূচী সমর্থন করার জন্য আগরতলা ষড়যন্ত্র মামলার ৩৫ জন আসামীর মধ্যে অন্যতম আসামী ছিলেন।

[৪২] শেখ হাসিনা, 'স্মৃতি বড় মধুর, স্মৃতি বড় বেদনার', *আজকের কাগজ*, ৩০ শ্রাবণ ১৪০১।

[৪৩] মোঃ শাহজাহান, "বাংলাদেশের স্বাধিকার থেকে স্বাধীনতা ১৯৬৬-১৯৭১ : একটি ঐতিহাসিক বিশ্লেষণ", অপ্রকাশিত পিএইচ.ডি অভিসন্দর্ভ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জুন: ২০০২, পৃ. ১৩২।

[৪৪] দেখুন, মোসাঃ ছায়িদা আকতার, 'আগরতলা ষড়যন্ত্র মামলা ও পূর্ব পাকিস্তানের জনপ্রতিক্রিয়া', *আইবিএস জার্নাল*, ১১শ সংখ্যা, ১৪১২, পৃ. ৭২।

[৪৫] মোঃশাহজাহান, *প্রাগুক্ত*, পৃ. ১৩৪।

[৪৬] দেখুন, ড. মোসা.ছায়িদা আকতার, *আওয়ামী লীগের ভাবাদর্শিক বিকাশ, ১৯৪৯-১৯৭২*, *প্রাগুক্ত*, পৃ. ২৩১-২৩২।

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# পিতার স্নেহের অনন্য নিদর্শন মুঘল স্থাপত্য, পরীবিবির মাজার

তাহনিয়া রহমান*

**Abstract:** [The reign of Subedar Shayasta Khan is written with Golden letter in the history of Bengal. He ruled Bengal for about two decades. He strongly established, Mughal rule in Bengal. He founded many famous architectural structural in his region. Among them paribibir Mazar is the most spectacular one which was build in Indo-Irarian style. It was as edifice of affection for is beloved daughter. The death of the very beautiful princes was unexpected & mysterious.]

**ভূমিকা:** স্থাপত্য শিল্প মানুষের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসের দর্পণ। মানব সংস্কৃতির শিরা-উপশিরায় এর ব্যপ্তি। সভ্যতার উষালগ্নে এ অনির্বাণ জ্ঞান শিখার সূচনা, এরই রন্ধ্রে, রন্ধ্রে এর পদচারণা। মানব সভ্যতার পরিচয় বহন করে বিভিন্ন কালের, বিভিন্ন যুগের তৈরি স্থাপত্য শিল্প যা কালের সাক্ষী হয়ে পরবর্তীতে ইতিহাসের সাক্ষ্য দেয়।

যুগ যুগ ধরে অসংখ্য রাজশক্তি ও বিভিন্ন রক্তধারার মানুষের আবির্ভাব ঘটেছে এই বাংলার মাটিতে। কালের অমোঘ বিধান অনুযায়ী সে সমস্ত রাজশক্তি বিলীন হয়ে গেলেও তাদের সামাজিক ও সাংস্কৃতিক প্রভাব রয়েই গেছে এই বাংলার মাটিতে। নদীমাতৃক এই বাংলায় প্রতিষ্ঠিত স্বাধীন ও অর্ধ-স্বাধীন মুসলিম রাজবংশগুলো তাদের সুবিধামত বিভিন্ন স্থানে শাসনকার্যের সুবিধার্থে বিভিন্ন প্রশাসনিক কেন্দ্র গড়ে তুলেছিল।[১] বাংলায় মুসলিম স্থাপত্য অনুশীলন বা স্থাপত্য নির্মাণের সঠিক সময় বলা অত্যন্ত দুরহ। তবে এটি নির্দ্বিধায় বলা যায় ১২০৪ খ্রিস্টাব্দের দিকে ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খলজী বাংলা বিজয় করেন এবং বিজিত অঞ্চলে বিজেতাগণ ধর্মীয় কারনে নিজেদের প্রয়োজনে কিছু কিছু ইমারত নির্মাণ করেছিলেন।[২]

সমাধির উপর যেসব ইমারত নির্মিত হয় সেগুলোকে বলা হয় মাকবারা বা সমাধিক্ষেত্র। ভারত ভূমিতে এটার একেবারে নতুন প্রবর্তন। মরদেহের উপর স্মৃতিচিহ্ন হিসেবে কোনো পবিত্র সৌধ নির্মাণ প্রথা এদেশবাসীর নিকট অজ্ঞাত ছিল। কারণ হিন্দুরা শবদেহ দগ্ধ করার পর যে ছাই ভস্ম পাওয়া যেত তা কোনো নদীগর্ভে নিক্ষেপ করা হত। এমনকি মুসলমানদের মাঝে কবরের উপর কোনো স্মৃতিচিহ্ন স্বরূপ ইমরাত নির্মাণ ইসলামের প্রাথমিক যুগে ধর্মীয়ভাবে নিষিদ্ধ ছিল। তা সত্ত্বেও ধর্মীয় বাঁধানিষেধ উপেক্ষিত হয়ে মুসলমানদের মধ্যেও সমাধিক্ষেত্র তৈরী করতে দেখা যায়।[৩]

পিরামিড নির্মাণ হয়েছিল প্রাচীন রাজকুলের যুগে এরপর থেকে সমাধি কেন্দ্রিক মন্দির নির্মাণ হতো। মিসর আরবদের রাজ্যভূক্ত হলে এ প্রথা রহিত হয়ে যায়। এ প্রথা রহিত হওয়ায় সাথে সাথে পিরামিডের আবশ্যকতাও লোপ পেয়েছিল। এশিয়া মাইনরের হ্যালিকারণাসাসে (Halicarnassus) রাজাদের সমাধির উপর সৌধ নির্মিত হয়েছিল বলে জানা যায়।[৪] ইন্দো-ইসলামিক স্থাপত্যের উৎকৃষ্টতম অংশ হচ্ছে সমাধি সৌধের উপর নির্মিত স্মৃতিসৌধগুলো। সমাধিসৌধ সাধারণত একক প্রকোষ্ঠ নিয়ে গঠিত

---

* প্রভাষক, বগুড়া কলেজ, বগুড়া।

যার কেন্দ্রে দাফনকৃত মরদেহ জানাজার পর শবাধারটিতে সমাধিস্থ করে রাখা হয় এবং সমস্ত কাঠামোটির উপর গম্বুজ ছাদ হিসেবে নির্মিত হয়ে থাকে। কখনো আবার ছাদ নির্মাণের পর কেবলমাত্র মধ্যবর্তী ছাদের অংশটুকুতে গম্বুজ নির্মাণের ব্যবস্থা করা হয়। গুরুত্বপূর্ণ মাকবারাগুলোকে সময় সময় দরগাহ্ বলা হয়ে থাকে। মূলত একটি ফার্সি শব্দ যার বাংলা প্রতিশব্দ মাজার।[৫] বাংলা অভিধানে মাজার শব্দটি বিশিষ্ট সম্মানিত ব্যক্তির সমাধি ক্ষেত্রকে বুঝানো হয়েছে।[৬]

বিভিন্ন শাসক গোষ্ঠি দ্বারা শাসিত হয়েছে আমাদের এই বাংলা। প্রায় চারশত বছর আগে এই বাংলা শাসিত হয়েছিল মুঘল সম্রাটদের অধীনে বিভিন্ন সুবাদারদের দ্বারা। কারণ মুঘল সম্রাটগণ তাঁদের বিশাল সাম্রাজ্যকে শাসনের সুবিধার্থে অনেকগুলো সুবায় বিভক্ত করেছিলেন। তেমনি বাংলা ছিল মুঘল সম্রাটদের অধীনে একটি সুবা এবং যার অধীনে এটি শাসিত হত তাঁর উপাধি ছিল সুবাদার। মুঘল সুবাদারদের মধ্যে শায়েস্তা খানের সুবাদারী বাংলার ইতিহাসের একটি স্মরণীয় অধ্যায়। তিনি প্রায় দুই যুগ ধরে বাংলায় শাসনকাজ পরিচালনা করেন। মুঘল রাজ পরিবারের সাথে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। তাঁর প্রতি মুঘলদের পরিপূর্ণ বিশ্বাসকে তিনি অটুট রেখে অত্যন্ত বিশ্বস্ততার সাথে বাংলার মুঘল শক্তিকে সুদৃঢ় করেছিলেন।

১৬৬৪ খ্রিষ্টাব্দের ৮ই মার্চ শায়েস্তা খান বাংলার  সুবাদার হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। এ সময়ে তাঁর বয়স ছিল ৬৩ বছর। শায়েস্তা খান সম্পর্কে ছিলেন সম্রাট আওরঙ্গজেবের মামা। তিনি ছিলেন সম্রাজ্ঞী নূরজাহানের ভ্রাতা আসফখানের পুত্র  এবং সম্রাজ্ঞী  মমতাজ মহলের ভাই। সুতরাং তিনি ছিলেন অভিজাত বংশের সন্তান। তাঁর শিক্ষা-দীক্ষা, রুচি অভিরুচি এবং চলাফেরা  মুঘল অভিজাতদের মতই ছিল। ৬৩ বছর বয়সে বাংলার সুবাদার নিযুক্ত হবার পূর্বে তিনি মুঘল সাম্রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন।

সুবাদার মীরজুমলার মৃত্যুর পর বাংলাদেশের শাসন কার্যে নানা বিশৃঙ্খলা দেখা দেয়। এ সময়ে বাংলা প্রদেশে একজন সুদক্ষ শাসনকর্তার প্রয়োজন হয়ে পড়ে। সম্রাট আওরঙ্গজেব শায়েস্তা খানকে বাংলার সুবাদার নিযুক্ত করেন। শায়েস্তা খান যখন বাংলার সুবাদারী গ্রহন করেন তখন তাঁর বয়স ছিল ৬৩ বছর।  তিনি মূলত দু'বার বাংলার শাসন ক্ষমতা লাভ করেন। ১৬৬৪-১৬৭৮ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রথম বার এবং ১৬৭৯-১৬৮৮ খ্রিস্টাব্দ  পর্যন্ত দ্বিতীয়বার  তিনি বাংলার সুবাদার নিযুক্ত হন। তিনি বাংলার শাসন ক্ষমতা গ্রহণকালে বৃদ্ধ বয়সে পদার্পন করলেও কয়েকজন যোগ্য সহকারীর সাহায্যে শাসনকার্য সুষ্ঠুভাবেই পরিচালনা করেন। এই সহকারীদের মধ্যে চারপুত্র তাঁকে যথেষ্ট সাহায্য করেন। তাঁর সাফল্যের মূলে তাঁর পুত্রদের অনেক অবদান ছিল[৭]।

শায়েস্তা খানের  সুদীর্ঘ শাসনকালে লোকেরা সুখ-শান্তিতে ছিল। কৃষি, শিল্প ও ব্যবসা-বাণিজ্যেও উন্নতি হয়েছিল। সম-সাময়িক পর্যটক বিবরণী থেকে শায়েস্তা খানের আমলে বাংলার প্রাচুর্য, ঐশ্বর্য় ও দ্রব্যমূল্যেও সুলভতা সম্বন্ধে জানতে পারা যায়। এই সময়ে এক টাকায় আট মন চাল পাওয়া যেত। এই ঘটনা স্মরণীয় করার জন্য শায়েস্তা খান ঢাকা থেকে চলে যাওয়ার পূর্বে দূর্গেও পশ্চিম তোরণ-দ্বার বন্ধ করে দেওয়ার আদেশ দেন এবং সেখানে লিখিত হয় যে, ভবিষ্যতে যে সুবাদারের আমলে টাকায় আট মন চাল পাওয়া যাবে, তিনি ব্যতীত আর কেউ যেন এই তোরণ-দ্বার না খোলেন। এর ফলে এই

তোরণ দ্বার বহু বৎসর বন্ধ থাকে। নবাব সুজাউদ্দিন খানের সময়ে আবার এক টাকায় আট মন চাল পাওয়া যায়। তখন মহাসমারোহে দূর্গের পশ্চিম তোরণ-দ্বার খোলা হয়।[৮]

শায়েস্তা খানের আমলে স্থাপত্য শিল্পেরও অনেক প্রসার ঘটেছিল। স্থাপত্য শিল্পের বিকাশের জন্য শায়েস্তা খানের আমলকে বাংলায় মুঘলদের স্বর্ণযুগ বলে অভিহিত করা হয়। শায়েস্তা খানের সময় ঢাকায় ছোট কাটরা, লালবাগ দুর্গ, পরীবিবির মাজার, হোসেনী দালান নিমিৃত হয়।[৯]

পরীবিবির সমাধি সৌধ বা মাজার বাংলাদেশে মুঘল স্থাপত্যের একটি অনুপম নিদর্শন। এটির নির্মাণে ও অলঙ্করণে অপূর্ব সমাবেশ ঘটেছে। রাজমহল থেকে কৃষ্ণপাথর এবং জয়পুর থেকে আনা হয়েছিল শুভ্র মার্বেল পাথর যা এর অলঙ্করনে ব্যবহৃত হয়েছিল। একটি সুউচ্চ প্রস্তর বাঁধানো প্লাট ফরমের উপর ৬৬ বর্গাকৃতি পরিসরে সমাধি ইমারতটি নির্মিত হয়েছে। এর শিল্প নৈপুন্য ও কারুকার্য তাজমহল ও ইতিমাদ-উদ-দৌলার সমাধি সৌধের কথা মনে করিয়ে দেয়।[১০] আগ্রার তাজমহল গভীর প্রেমের নিদর্শনরুপে যেমন দাঁড়িয়ে আছে, তেমনি অনন্ত স্নেহের প্রতীক হয়ে দাঁড়িয়ে আছে পরীবিবির সমাধি। সুবাদার শায়েস্তা খান কর্তৃক এটি ১৬৮৪ খ্রিষ্টাব্দে নির্মিত।[১১] আসাম-বুরুঞ্জি থেকে প্রাপ্ত একটি নতুন তথ্য অনুসারে জানা যায় যে, শেষ বয়সে সুবাদার শায়েস্তা খান তাঁর নিজের জন্য একটি সমাধি নির্মাণ করেছিলেন। সেই সময়ে ১৬৮৪ খ্রিষ্টাব্দে তাঁর অতি প্রিয় কন্যা পরীবিবির মৃত্যু ঘটে। তখন শোকাক্রান্ত পিতা ভগ্ন হৃদয়ে সুবাদার নিজের সেই সমাধি ভবনেই কন্যাকে কবর দেন।[১২]

হিন্দু ও মুসলিম স্থাপত্যের এক অপূর্ব সংমিশ্রণ ঘটিয়ে মাজারটি নির্মিত হয়েছিল। বর্গাকারে নির্মিত ১৮.১৮ মিটার বাহুবিশিষ্ট পাথরে বাঁধানো একটি প্লাটফর্মের উপরে এই সমাধিটি নির্মিত হয়েছিল। এই ইমারতটির চারকোনে ৪টি অষ্টকোনাকৃতির মিনার আছে এবং মিনারগুলো ছোট গম্বুজ দ্বারা আবৃত। মিনারগুলো পুরোটাই কাজ করা ছত্রী দ্বারা সুশোভিত। দরজার চৌকাঠের ডিজাইন করা হয়েছিল কাল পাথর দ্বারা। এই ইমারতটির ছাদ সোনালী রঙের তামার তৈরী গম্বুজ দ্বারা আচ্ছাদিত ছিল যার উপরের নকশা ছিল পদ্মফুলের মতো। সমাধি সৌধটির অভ্যন্তরভাগ নয়টি ভাগে বা কক্ষে বিভক্ত ছিল। কেন্দ্রটি কক্ষটিতে ছিল পরীবিবির সমাধি। সমাধি কক্ষটি মার্বেল পাথর দ্বারা অলংকৃত করা হয়েছে। এই মার্বেল পাথরের সমাধিটি তিন ধাপে বিভক্ত এবং এই ধাপগুলোর সামনের অংশের গভীরতা কম যা দেখে ধারনা করা যায় যে, এটি কোন মহিলার কবর। এই সমাধিটি লতা পাতায় নকশায় অলংকৃত করা হয়েছে। অপর আটটি ভাগের বা কক্ষের মধ্যে কেন্দ্রের চারটি কক্ষের পরিমাপ দৈর্ঘ্যে ১৮ ফুট ৮ ইঞ্চি এবং প্রস্থে ১০ ফুট ৮ ইঞ্চি। এই চারটি কক্ষের দেয়াল সাদা মার্বেল পাথর দিয়ে অলংকৃত করা হয়েছিল। কোণার চারটি বর্গাকৃতি দেয়াল উজ্জ্বল চকচকে টালি দ্বারা সুশোভিত করা হয়েছিল। হলুদ ও মেহেদী রঙের পটভুমিতে প্যানেলগুলো গাঢ় নীল, কমলা, সবুজ ও ধুসর রঙ্গে অলংকৃত হয়েছে এবং সেগুলোর প্রান্ত সীমা লিলি ফুলের অনুকৃতি দ্বারা চিহ্নিত করা হয়েছে। পরীবিবির সমাধি সৌধের এই জটিল পরিকল্পনা পারসিক স্থাপত্য হতে উদ্ভূত হয়ে মুঘল স্থাপত্য রীতির মধ্যে দিয়ে বাংলায় এসেছে।[১৩] এই সমাধি ইমারতের চারটি প্রবেশ পথের মধ্যে তিনটি শুভ্র পাথরের খিলান বন্ধ করে দেয়া হয়েছে এবং দক্ষিণ দিকের প্রবেশ পথটি যাতায়াতের জন্য উন্মুক্ত রয়েছে। দরজাটি চন্দন কাঠ দিয়ে নির্মিত।[১৪]

শায়েস্তা খানের এই প্রিয় কন্যা পরীবিবি সম্পর্কে বিভিন্ন আখ্যান ও মতভেদ প্রচলিত আছে। খুব সুন্দরী হওয়ার দরুন তিনি পরীবিবির নামে পরিচিত হয়ে উঠেছিলেন। তাঁর প্রকৃত নাম ইরান দুখ্ত। তাঁর সঙ্গে সম্রাট আওরঙ্গজেবের তৃতীয় পুত্র শাহজাদা আযমের ঘনিষ্ঠ প্রণয় ছিল এবং পরবর্তীতে তাঁদের বিয়ের কথাও পাকাপাকি হয়েছিল। কিন্তু অকৎসাৎ এক অজ্ঞাত কারণে পরীবিবির মৃত্যু ঘটে। এমতাবস্থায় শোকাক্রান্ত পিতা যে সমাধিক্ষেত্রটি নিজের জন্য তৈরীকরেছিলেন সেটিতেই প্রিয় কন্যার দাফন করেছিলেন।[১৫]

কথিত আছে যে, শাহজাদা আযমের সাথে পরীবিবির বিয়ে হয়েছিল কিন্তু ১৬৭৯ খ্রিষ্টাব্দে। শাহজাদা আযম সাম্রাজ্যের কাজে দিল্লি চলে যান এবং তিনি আর ঢাকায় ফিরে আসেননি। এমতাবস্থায় পরীবিবির মৃত্যু ঘটে যার সঠিক কারণ এখনও অজানা। তবে মনে করা হয় তিনি আত্নহত্যা করেছিলেন।

পরীবিবির পরিচয় নিয়ে যথেষ্ট মতভেদ রয়েছে। সাধারণত তিনি সুবাদার শায়েস্তা খানের অতিপ্রিয় কন্যা বলেই পরিচিত তা আমরা সকলেই জানি। তাঁর সঙ্গে সম্রাট আওরঙ্গজেবের তৃতীয় পুত্র শাহজাদা আযমের বিয়ের কথা পাকাপাকি হয়েছিল বলে বলা হয়ে থাকে। কিন্তু পরীবিবি হঠাৎ ১৬৮৪ খিষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হন। তাঁর মৃত্যুর কারণটি প্রশ্নবিদ্ধ। বলা হয়ে থাকে যে, শাহজাদা আযমের সাথে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল কিন্তু শাহজাদা আযম ১৬৭৯ খ্রিষ্টাব্দে দিল্লী চলে যান এবং কাজের ব্যস্ততার কারণে তিনি আর ঢাকায় ফিরতে পারেননি । ধারণা করা হয় যে, এমতাবস্থায় পরীবিবি বিষন্নতায় ভুগতে থাকেন এবং অসুস্থ হয়ে পড়েন। পরবর্তীতে ১৬৮৪ খ্রিষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হন।

অপর এক ঐতিহাসিক উল্লেখ করেন যে, গৌহাটির হিন্দু নৃপতি জয়ধজ্জরাবন এর ৯ বছরের কন্যা রমণীগভারোকে সুবাদার মীরজুমলা কর্তৃক সম্রাট আওরঙ্গজেবের কাছে নীত হলে সম্রাট আওরঙ্গজেব কন্যাটিকে নিজের মেয়ের মত করে প্রতিপালন করেন এবং ইসলাম ধর্মে দীক্ষিত করেন। তখন তাঁর নাম রাখা হয় ইরানদুখ্ত। সাবালিকা হলে সম্রাট তাঁকে এক লক্ষ আশি হাজার টাকা দেনমোহরের বিনিময়ে শাহ্জাদা আযমের সঙ্গে নিজে অভিভাবক সেজে বিয়ে দেন ১৬৭৭ খ্রিষ্টাব্দে। তিনি শাহজাদা আযমের সঙ্গে ঢাকায় আসেন এবং হঠাৎ মারা যান। তিনি অত্যান্ত রূপবতী ছিলেন এবং শাহজাদার অত্যন্ত পছন্দের মানুষ ছিলেন। শোকসন্তপ্ত শাহজাদা বহু অর্থব্যয়ে এবং অশেষ যত্ন সহকারে তাঁর কবরের উপরে এই সুবিশাল সমাধিসৌধ নির্মাণ করেন।[১৬]

তবে মাজারের পূর্ব ও পশ্চিমের দুটি শিলালিপি যার একটিতে ১০৯৫ হিজরী (১৬৮৩-৮৪ খ্রিষ্টাব্দে) সন উল্লিখিত ছিল বলে জানা যায়। সেক্ষেত্রে এটি শাহজাদা আযম কর্তৃক নির্মিত হতে পারে না। কারন তিনি ১৬৭৯ খ্রিষ্টাব্দে ঢাকা থেকে চলে যান বাংলায় আর ফিরে আসেননি। সর্বোপরি বলা যায় যে, শেষ বয়সে সুবাদার শায়েস্তা খান তাঁর নিজের জন্য একটি সমাধিক্ষেত্র নির্মাণ করেছিলেন। সেই সময়ে ১৬৮৪ খ্রিষ্টাব্দে তাঁর অতি প্রিয় কন্যা পরীবিবির মৃত্যু ঘটে। তখন শোকসন্তপ্ত হৃদয়ে সুবাদার নিজের সেই তৈরী সমাধি ভবনেই সেই কন্যাকে সমাধিস্থ করেন। এই মতই অধিক গ্রহনযোগ্য বলে মনে হয়। কারণ শাহজাদা আযমের মাত্র পনের মাস ঢাকাতে অবস্থান করার সময়ে তাঁর পক্ষে এই বিরাট ও কারুকার্যময় সৌধ নির্মাণ করা সম্ভব ছিল না।[১৭]

**উপসংহার:**

সব মতের পর্যালোচনায় এই তথ্য বেরিয়ে এসেছে যে, পরীবিবি শায়েস্তা খানের কন্যা ছিলেন এবং তিনি সৌন্দর্যের প্রতীক হিসেবে পরীবিবি নামে সুপরিচিত ছিলেন। শাহাজাদা আযমের সাথে তাঁর বিবাহ হয়েছিল ১৬৭৭ খ্রিষ্টাব্দে এবং শাহজাদা আযম ১৬৭৯ খ্রিষ্টাব্দে বাংলা ছেড়ে দিল্লীতে প্রত্যাবর্তন করেন। শাহাজাদা বিদ্রোহ দমনে ব্যস্ত হয়ে পড়লে বাংলায় আর ফিরে আসতে পারেননি। পরীবিবি ও শাহজাদা আযমের অত্যন্ত ঘনিষ্ঠ প্রণয় ছিল। এমতাবস্থায় পরীবিবি ১৬৮৪ খ্রিষ্টাব্দে অজ্ঞাত কারনে মৃত্যুবরণ করেন যার কারন এখনও অজানা। পরীবিবির মৃত্যুটি ছিল অনাকাঙ্খিত, অপ্রত্যাশিত এবং রহস্যজনক। পরবর্তীতে তাঁর অকাল মৃত্যুতে মর্মাহত পিতা মমতা ও স্নেহের প্রতীক হিসেবে লালবাগ কেল্লার ভিতরে সমাধি সৌধ বা মাজার নির্মাণ করেন যা আজও পরীবিবির মাজার নামে সমাদৃত হয়ে রয়েছে।

**তথ্য নির্দেশ ও টীকা**

১. ড. সুলতান আহমদ, *ভারতের মুসলিম স্থাপত্য*, প্রতীক প্রকাশনী সংস্থা, ২০০৩, পৃষ্ঠা ১০৮।

২. *তদেব*, পৃষ্ঠা-১০৯।

৩. *তদেব*, পৃষ্ঠা-১৯।

৪. পি. ব্রাউন, ইন্ডিয়ান আর্কিটেকচার (ইসলামিক পিরিয়ড), দিল্লী, ১৯৭৫, পৃষ্ঠা-৪।

৫. ড. সুলতান আহমদ, *পূর্বোক্ত*, পৃষ্ঠা-১৯।

৬. ড. এ.এইচ. খান, *অক্সফোর্ড বাংলা অভিধান সাহিত্য সম্ভার*, ২০১৭, পৃষ্ঠা-৭৫৯।

৭. কে.এম. রাইছ উদ্দিন খান, *বাংলাদেশ ইতিহাস পরিক্রমা*, বাংলাবাজার, ঢাকা-১১০০, খান ব্রাদার্স অ্যান্ড কোম্পানী, ২০১১, পৃষ্ঠা-৪৫৫,৪৫৬।

৮. ড. মুহম্মদ আব্দুর রহিম, *বাংলাদেশের ইতিহাস*, নওরোজ কিতাবিস্তান ৫, বাংলা বাজার, ঢাকা, ১৯৭৭, পৃষ্ঠা-২৭৩।

৯. *তদেব*, পৃষ্ঠ-৪৬৩।

১০. ড. এ. কে এম.ইয়াকুব আলী, *মুসলিম স্থাপত্য ও শিল্পকলা*, অধুনা প্রকাশন, বাংলাবাজার, ঢাকা, ২০০৬, পৃষ্ঠা-১৯৫।

১১. ড. সুলতান আহমদ, *প্রাগুক্ত*, পৃষ্ঠা-১৫৩।

১২. আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া, *বাংলাদেশের প্রত্নসম্পদ*, দিব্য প্রকাশন, বাংলাবাজার, ঢাকা, ১৯৮৪, পৃষ্ঠা-৫২৩।

১৩. ড. এ. কে এম.ইয়াকুব আলী, *প্রাগুক্ত*, পৃষ্ঠা-১৯৬।

১৪. *তদেব*, পৃষ্ঠা-১৯৫।

১৫. আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া, *প্রাগুক্ত*, পৃষ্ঠা-৫২৩।

১৬. *তদেব*, ।

১৭. আসাম বুরুঞ্জি থেকে তথ্য সংগৃহীত।

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# রোহিঙ্গা সংকটের উৎপত্তি ও ক্রমবিবর্তন

ড. মোহাম্মদ নাজিমুল হক*

ড. মো. মনিরুজ্জামান**

**Abstract:** Rohingya issue is a global concern today, however it has a long history of hardship that began from 1785 when the King of Myanmar occupied Arakan. After British control of Arakan in 1825 equipped the emergency because of wrong British strategy in Myanmar which rejected the Rohingya as an ethnic minority bunch in Rakhine. During the Japanese occupation from 1942-45 Rohingyas turned into the most exceedingly terrible casualty of Buddhist nationalism which was associated by Baurma Independence Army and extremist Rakhines. Subsequent to getting independence from the British, Myanmar Government demonstrated antagonistic mentality to the Rohingya. From that point onward, the Rohingya keep on suffering from various types of regions and human rights infringement in Myanmar because of them being denied of Myanmar citizenship. They are victims of an assortment of types of mastery, for example, subjective tax collection, land deduction, destruction of mosques, torture and abuse, extrajudicial executions, limitations on developments, constrained ejection and house demolition, implemented workers on streets and at military camps, and monetary limitations on marriage. Since the 1970s, various crackdowns on the Rohingya in Rakhine have constrained them to escape to neighboring nations. More than one million Rohingyas have moved to exile camps in the Bangladeshi region of Cox's Bazar. In this article, the writer has attempted to investigate the root and improvement of the Rohingya crisis by pin pointing the British occupied Rakhine, Japanese domination, independent Myanmar with special reference to several laws, several commission reports.

## ভূমিকা

দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সমুদ্র তীরবর্তী প্রাচীন জনপদ আরাকান। এটি বর্তমানে মিয়ানমারের একটি অঙ্গরাজ্য যা রাখাইন স্টেট নামে পরিচিত। এই জনপদে বেশ ক'টি ধর্মগোষ্ঠীর মানুষের বসবাস। এদের মধ্যে মুসলমান আর বৌদ্ধরাই প্রধান। মুসলমানদের মধ্যে প্রায় সকলেই রোহিঙ্গা নামে পরিচিত। ধর্মীয় এই স্বতন্ত্র পরিচয়ে তারা এখানে বহুকাল বসবাস করে আসছে সম্প্রীতি আর সৌহার্দ্যের সাথে। আপন আপন ধর্মমত আর সাংস্কৃতিক ধারায় প্রজন্মান্তরে বসবাস করে এসেছে। ১৮২৫ সালে ব্রিটিশরা মিয়ানমার দখল করলে আরাকানও মিয়ানমারের অংশ হিসেবে ব্রিটিশ ভারতের সাম্রাজ্যভুক্ত হয়। ব্রিটিশরা মিয়ানমারে ১৩৯ টি জাতিগোষ্ঠীর একটি তালিকা তৈরি করে, কিন্তু তাতে রোহিঙ্গা শব্দটি বাদ পড়ে যায়। ফলে বার্মার ইতিহাস থেকে তাদের অস্তিত্ব অস্বীকারের একটি সুযোগ তৈরি হয়, যা তাদের দীর্ঘ অবস্থানকে ইতিহাস থেকে মুছে দেয়।

---

* প্রফেসর, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

** প্রফেসর, ইতিহাস বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

মিয়ানমার ব্রিটিশ ভারতের অধীনস্থ থাকে ১৮২৫ থেকে ১৯৩৭ সাল অবধি। বার্মা ১৯৩৭ সালের ১লা এপ্রিল ব্রিটিশ ভারতীয় শাসন থেকে আলাদা হয়। ইংরেজরা উপনিবেশ গড়েছে, বার্মার সঙ্গে একীভূত করে শাসন করেছে। ইংরেজ ঔপনিবেশের শেষকালে বিভাজন শুরু। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে যখন ইঙ্গ-মার্কিন অক্ষশক্তির প্রতিপক্ষ জাপানিরা বার্মার দখল নিলে তখন আরাকানের রোহিঙ্গাদের অনেককেই ইংরেজদের দোসর ভাবা হলো। এসময় তারা উত্তর আরাকানে নিজেদের স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করে ইংরেজদের স্বীকৃতি চেয়েছিলেন। ইংরেজরা কথা দিলো। কিন্তু যুদ্ধ শেষে সে কথার বরখেলাপ করে বার্মার অন্তর্গত করে উপনিবেশের অবসান ঘটালো। ১৯৪৭ সালে রোহিঙ্গারা বড় একটি ভুল করে। দ্বি-জাতিতত্ত্বের হাওয়া রোহিঙ্গাদের মনে দোলাতে থাকে, আরাকানে তারা সংখ্যাগরিষ্ঠ। তারা বৌদ্ধদের সাথে থাকবে না বলে ঘোষণা দেয়, এবং গোপনে মোহাম্মদ আলী জিন্নাহ্‌র সাথে যোগাযোগ করে। মংডু ও বুথিডং এলাকাকে পূর্ব বাংলার সাথে সম্পৃক্ত করার উদ্যোগ নেয়। জিন্নাহ সেই প্রস্তাবে আগ্রহী হননি বরং প্রত্যাখ্যান করেন। কিন্তু রোহিঙ্গারা সেখানেই থেমে যাননি। তারা আরাকানে মুসলিম পার্টি গঠন করে জিহাদি আন্দোলন শুরু করে একটি বড় সশস্ত্র গ্রুপ তৈরি করে যুদ্ধ ঘোষণা করে। এই যুদ্ধ বার্মা সরকারের বিরুদ্ধে, যা ১৯৬২ সালে সামরিক অভ্যুত্থান পর্যন্ত স্থির ছিল। এই জিহাদিদের দমন করতে ১৯৭৮ সালে 'কিং ড্রাগন' অপারেশন পরিচালিত হয়, যা আজোবধি চলমান রয়েছে।

### ভূ-খণ্ড ও সীমানা

আরাকান অঞ্চলটি খ্রিস্টপূর্ব ২৬৬৬ অব্দ থেকে ১৭৮৫ খ্রিস্টাব্দে বর্মী রাজা বোধপায়া কর্তৃক দখলের পূর্ব পর্যন্ত মোটামুটিভাবে স্বাধীন ছিলো। এটি ভৌগোলিকভাবে আরাকান-এর উত্তরে মিয়ানমারের চিন প্রদেশ ও ভারত, দক্ষিণ ও পশ্চিমে বঙ্গোপসাগর, উত্তর ও পশ্চিমে নাফ নদী এবং বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম, পূর্বে মিয়ানমারের বিশাল ইয়োমা পর্বতমালা। আরাকান হলো বাংলাদেশের বান্দরবান ও কক্সবাজার জেলা সংলগ্ন। সমগ্র আরাকান অঞ্চলটি উত্তর-পশ্চিমে ১৭১ মাইল ব্যাপী জল ও স্থল সীমারেখা সহকারে বাংলাদেশ দ্বারা পরিবেষ্ঠিত, ৫০ মাইল দৈর্ঘ্য সম্পন্ন নাফ নদী দ্বারা আরাকান বাংলাদেশ থেকে বিচ্ছিন্ন। নাফ নদীর পূর্ব তীরে আরাকানের মংডু টাউনশিপ এবং পশ্চিম তীরে বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফ ও পর্যটন কেন্দ্র সেন্টমার্টিন। ব্রিটিশ শাসন পর্যন্ত আরাকানের আয়তন ছিল ২০ হাজার বর্গমাইল। ১৯৪৮ সালে স্বাধীনতা উত্তর পার্বত্য আরাকান বার্মার চিন প্রদেশে এবং দক্ষিণ আরাকানের কিছু অংশ লোয়ার বার্মার ইরাবতী অঞ্চলের অন্তর্ভুক্ত করায় বর্তমানে আরাকানের আয়তন ১৪,২০০ বর্গমাইল।[১]

### আরাকানের জনসংখ্যা

২০১৫ সালের পরিসংখ্যান অনুযায়ী মিয়ানমারের মোট জনসংখ্যা ৫২,৪০৩,৬৬৯ জন তন্মধ্যে ৮৭.৯% বৌদ্ধ, খ্রিস্টান ৬.২, মুসলিম ৪.৩%, সর্বপ্রাণবাদী ০.৮%, হিন্দু ০.৫% ও অন্যান্য ০.৩%।[২] ২০১৫ সালের হিসাব মতে, আরাকানে সম্প্রদায়গত জনসংখ্যা বিন্যাস বৌদ্ধ ৬৩.৩২%, মুসলিম ৩৪.১৮%, খ্রিস্টান ১.৪ %, হিন্দু ০.৫% উপজাতি ০.২%।[৩] আরাকানের জনসংখ্যা সম্পর্কে সঠিক পরিসংখ্যান পাওয়া অত্যন্ত দুষ্কর। রুদ্ধদার দেশ হিসেবে সেখানকার পরিস্থিতি ও জনসংখ্যার বিন্যাস উভয় ক্ষেত্রেই অস্পষ্টতা রয়েছে। মিয়ানমারের আরাকানে আদমশুমারি নিয়ে বিভিন্ন মতানৈক্য রয়েছে।

## রোহিঙ্গা পরিচিতি

রোহিঙ্গা আদিবাসী জনগোষ্ঠী হলো পশ্চিম মিয়ানমারের রাখাইন রাজ্যের একটি উল্লেখযোগ্য নৃতাত্ত্বিক জনগোষ্ঠী। রোহিঙ্গা বলে যাদের আমরা জানি, তারা নিজেদের কখনো রোহিঙ্গা বলেন না; সবসময় নিজেদের রোয়াইঙ্গা বলে পরিচয় দেয়।[৪] যে মানুষ নিজেদেরকে নিজেরা রোয়াইঙ্গা বলেন তাদের আমরা কেন রোহিঙ্গা নামে ডাকবো। প্রকৃতপক্ষে দীর্ঘ বছরের অচিন্তিত চর্চা, প্রমিত উপস্থাপনের প্রবণতা এবং মিডিয়া মধুর শব্দায়নের ভেতর দিয়ে রোয়াইঙ্গা হয়ে গেছে রোহিঙ্গা।[৫] অথচ মানব সভ্যতার লিখিত ইতিহাসে রোহিঙ্গাদের সর্বপ্রথম পরিচয় এসেছে রোয়াইঙ্গা নামে। কারণ রোয়াইঙ্গাদের সম্পর্কে প্রথম এ শব্দটি ব্যবহার করেন স্কটিশ ডাক্তার ফ্রান্সিস বুকানন-হ্যামিল্টন। তিনি ১৭৯৯ সালে রচিত একটি প্রবন্ধে আরাকানের মুসলিমদের Rooainga (রোয়াইঙ্গা) বলে চিহ্নিত করেন। কারণ তারা তার কাছে নিজেদের রোয়াইঙ্গা বলে পরিচয় দিয়েছিলেন। এটাই এ জাতীয় প্রথম শব্দ যা আরাকানের ইতিহাসে ব্যবহৃত হয় রোয়াইঙ্গা নামে। কালক্রমে এ রোয়াইঙ্গা শব্দটিই রূপান্তরিত হয়ে এখন রোহিঙ্গা নাম ধারণ করেছে। রোহিঙ্গা শব্দের উৎপত্তি নিয়ে বিশেষজ্ঞগণ নানা মত প্রকাশ করেছেন। আখতারুজ্জামানের মতে[৬], রাখাই শব্দ থেকে যথা রাখাইন > রোয়াং > রোহিঙ্গা। রোয়াং তিব্বতি শব্দ যার অর্থ আরাকান, অদ্যাবধি চট্টগ্রাম জেলার রোয়াং এবং রোয়াইঙ্গা বা রোহিঙ্গা দ্বারা যথাক্রমে আরাকান ও আরাকানের অধিবাসীকে বুঝায়।

### আরাকানে মুসলমানদের আগমন

আরাকানে মুসলমানদের প্রথম আগমন ঘটে অষ্টম শতকে। আরব বণিকরা তখন আন্তর্জাতিক বাণিজ্যে তৎপর ছিলো এবং ভারত, বাংলাদেশ, আরাকান ইত্যাদি উপকূলে ও বন্দরে যাতায়াত করতো। ফলে এই দেশগুলির সঙ্গে বিশেষ করে বন্দরে ব্যবসায়ীদের সাথে তাদের যোগাযোগ হয়। আরাকানের প্রাচীন ইতিহাস রাদজাতুং এ জানা যায় যে, আরাকানের রাজা মহত ইঙ্গ চন্দ্র এর রাজত্বকালে (৭৮৮-৮১০ খ্রি.) কয়েকটি কুলা বা বিদেশি জাহাজ রনবী দ্বীপের সঙ্গে সংঘর্ষে ভেঙ্গে যায় এবং জাহাজের মুসলমান নাবিকদের আরাকানে পাঠানো হয়।[৭] সেখানে তারা গ্রামাঞ্চলে বসবাস শুরু করে।

আরাকান অঞ্চলে মুসলমানদের আগমন সম্পর্কে আরো একটি মত আছে, ৬৮০ খ্রিস্টাব্দে ইসলামের চতুর্থ খলিফা হযরত আলী (রা.) এর পুত্র হযরত মুহম্মদ বিন হানাফি কারবালার যুদ্ধে পরাজিত হয়ে তার সৈন্যবাহিনী নিয়ে উত্তর আরাকানের আরব শাহ পাড়ায় পৌঁছান। ধারণা করা হয়, তখন থেকেই আরাকানে মুসলমানদের আগমন ঘটে।[৮] History of Burma গ্রন্থে এ ফেয়ার আরাকান অঞ্চলে বুদ্ধিস্ট রিজিওনাল ডোমিনেন্টের ভেতরে কিভাবে মুসলমানদের উদয় হয়েছে সেটা দেখানোর চেষ্টা করেছেন। ধারণা করা হয় যে, নবম-দশম শতকে আরব দেশ থেকে এবং পঞ্চদশ শতকে পারস্য থেকে বিভিন্ন বণিক ব্যবসায়ী, সুফি, দরবেশ ধর্ম প্রচারকের আগমন এবং বৃহত্তর চট্টগ্রামের কিছু মানুষের এ জায়গায় অবাধ যাতায়াত ছিলো যা বৃহত্তর আরাকান নামে পরিচিত ছিলো।[৯] চট্টগ্রামের কিছু মানুষ বছরের একটা নির্দিষ্ট সময়ে আরাকান, ইয়াংগুনে ইকোনোমিক মাইগ্রেন্টস হিসেবে যেতো এবং অনেকে সেখানে আরাকানী মেয়েদের বিয়ে করে দিনাতিপাত করতেন। মূলত অভিবাসনের কারণে অষ্টম নবম শতকে শুরু হলেও পঞ্চদশ শতকের শেষ দিকে ও ষোলো শতকের শুরুর দিকে একটা মুসলিম

কমিউনিটি সেখানে অভিবাসিত হয়।[১০] এভাবে আরাকানে মুসলমানদের অবস্থা দৃঢ় থেকে দৃঢ়তর হয় এবং মুসলিমদের এই জনগোষ্ঠীই পরবর্তীতে ক্রমান্বয়ে রোহিঙ্গা জাতিতে পরিণত হয়।

**শাসনতান্ত্রিক বিকাশ**

খ্রিস্টপূর্ব ২৬৬৬ অব্দ থেকে মারু ও কামরাজি বংশের রাজাগণ স্বাধীনভাবে আরাকানে শাসনকার্য পরিচালনা করছিলেন। ১৪৬ খ্রিস্টাব্দে মগধ থেকে চন্দ্রসূর্য নামে একজন সামন্ত রাজা আরাকান ও চট্টগ্রাম দখল করে সেখানকার রাজা হন। আরাকানের পূর্ব রাজধানী ধন্যাবতীতেই তিনি রাজধানী স্থাপন করেন।[১১] তিনি নিজে হিন্দু ও বৌদ্ধ ধর্মের দ্বারা প্রভাবিত ছিলেন বলে তার অনুসারিদের মধ্যে দু'ধর্মের লোকই ছিল। চন্দ্র সূর্যের বংশের ২৫ জন রাজা ৭৮৮ খ্রিস্টাব্দ পর্যন্ত আরাকান শাসন করেন।[১২] ৭৮৮ সালে মহৎ ইঙ্গ চন্দ্র বৈশালীতে রাজধানী স্থাপন করে আরাকানের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে চন্দ্র বংশীয় ১২ রাজা জন শাসন করেন। তাঁদের উদার নীতির কারণে আরাকানে ইসলাম প্রচার প্রসার লাভ করে। এ বংশের শেষ রাজা ঘামিংঘাতুম বর্মী উপজাতিদের অতর্কিত আক্রমণে নিহত হলে তাঁর ছেলে খেত্তাথিং সিংহাসনে অধিষ্ঠিত হন।[১৩] তিনি উপজাতি আক্রমণ থেকে বাঁচার জন্য রাজধানী চাম্পাওয়াত নগরে স্থাপন করে চাম্পাওয়াত রাজবংশের প্রতিষ্ঠা করেন।

১১০৩ সালে চাম্পাওয়াত রাজবংশের ভূতপূর্ব সপ্তম করদ রাজা মিনবুলির পুত্র লেতিয়া মেংগাং আরাকানের সিংহাসনে আরোহণ করে রাজধানী চাম্পাওয়াত থেকে স্থানান্তর করে পেরিন এ নিয়ে যান।[১৪] এ বংশের মোট ৪২ জন রাজা ১৪০৪ সাল পর্যন্ত আরাকানে ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন। ১৪৩০ থেকে ১৬৮৪ সাল পর্যন্ত আরাকান বাংলার করদরাজ্য হিসেবে শাসিত হয়।[১৫] এ সময় আরাকানের রাজারা বৌদ্ধ নামের পাশাপাশি বাংলার সুলতানদের অনুকরণে ইসলামি নাম ধারণ করতেন।

১৬৮৪ সাল থেকে ১৭৮৫ সালে বর্মি রাজা বোধপায়া দখলের আগ পর্যন্ত আরাকান মোটেও স্থিতিশীল ছিলো না। ১৭১০ সালে মান্দা উহজ্যা ক্ষমতায় আসার পর সামন্তদের ক্ষমতা ক্রমশ বেড়ে যেতে থাকে এবং এক পর্যায়ে সামন্তদের নেতৃত্বে গোটা আরাকান ৬টি কেন্দ্রে বিভক্ত হয়ে পড়ে।[১৬] কোনো সামন্ত রাজা শক্তি সংগ্রহ করে রাজধানী মোহং দখল করতে উদ্যত হলে বাকিরা একত্রে জোট বেঁধে সে উদ্যোগ ব্যর্থ করে দিতো।

১৭৮২ সালে রামরির সামন্ত রাজ থামাডা আরাকানের ক্ষমতা দখল করলে হারি নামক জনৈক সামন্ত অন্যদের সহায়তায় থামাডাকে ক্ষমতাচ্যুত করেন। হারি পূর্বসূরীর মতো সিংহাসনচ্যুত হবার ভয়ে বর্মী রাজার করদ রাজা হিসেবে আরাকান শাসনে মনস্থির করেন। যাতে অন্য সামন্তরা ষড়যন্ত্র করতে না পারে। মিয়ানমারের রাজা বোধপায়া ১৭৮৫ সালে আরাকান দখল করে নেন।[১৭] বোধপায়ার দখলের মধ্য দিয়ে আরাকানের স্বাধীনতা বিলুপ্ত হয়ে মিয়ানমারের একটি প্রদেশে পরিণত হয়। তখন থেকেই আরাকানীদের দুর্ভোগ আর গৃহত্যাগের সূচনা ঘটে।[১৮]

**ব্রিটিশ উপনিবেশ**

১৮২৫ সালে আরাকান ব্রিটিশদের দখলে আসে।[১৯] দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪২-১৯৪৫ সাল পর্যন্ত আরাকান জাপানীদের দখলে থাকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসানের পর পুনরায় আরাকান ব্রিটিশদের নিয়ন্ত্রণে আসে এবং আরাকানের ব্রিটিশ শাসনের পর ১৯৪৮ সালে মিয়ানমারের স্বাধীনতার সময়

রোহিঙ্গা মুসলমানদের দাবি উপেক্ষা করে বর্মী ও মগদের সাথে আঁতাত করে কূটকৌশলী ব্রিটিশরা আরাকানকে মিয়ানমারের অংশ হিসেবে দিয়ে দেয়।[২০] ফলে আরাকানের স্বাধীনতা চিরতরে ভূলুণ্ঠিত হবার পাশাপাশি আরাকানবাসীরা বর্মিদের পদানত শোষিত শ্রেণিতে পরিণত হয়। তাদের মধ্য থেকে ধীরে ধীরে আরাকানী জাতীয়তার চেতনাও বিলুপ্ত হয়ে যায়।

রোহিঙ্গা সমস্যা মূলত ১৯৪২ সালের পর হতেই প্রসারতা লাভ করে এবং তা আজও বিরাজমান।[২১] ১৯৪২ সালের ২৩ মার্চ জাপানি বিমান বাহিনী আকিয়াবের উপর প্রচণ্ড বোমা বর্ষণ করে। ফলে অনেক ব্রিটিশ গুর্খা, রাজপুত এবং কারেন সৈন্য নিহত হয়। জাপানিদের আক্রমণের তীব্রতা বৃদ্ধি পেলে ব্রিটিশ শক্তি আরাকান ছেড়ে পলায়ন করে; ফলে আরাকানে এক প্রশাসনিক শূন্যতার সৃষ্টি হয়।[২২] আক্রমণ থেকে বাচার জন্য লাখ লাখ লোক আপক নামক গিরিপথ দিয়ে উত্তর আরাকানের মংডু, বুচিডং এলাকায় পলায়ন করার সময় পথিমধ্যে হাজার হাজার লোক মৃত্যুবরণ করে। এ সময় প্রায় ১ লাখ রোহিঙ্গাকে হত্যা এবং প্রায় ৫ লাখ রোহিঙ্গাকে ঘরবাড়ি থেকে উচ্ছেদ করা হয়। বিতাড়িত রোহিঙ্গারা সৌদি আরব, পশ্চিম পাকিস্তান, ভারত, পূর্ব পাকিস্তান, ইরান, ইরাক, সংযুক্ত আরব আমিরাত ও পার্শ্ববর্তী দেশসহ বাংলার বিভিন্ন স্থানে এসে আশ্রয় গ্রহণ করেছিল।[২৩] দেশ স্বাধীন হলেও বার্মা সরকার এ সমস্ত শরণার্থীদের আর স্বদেশে ফিরিয়ে নেয় নি।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানীরা ইংরেজদের বার্মা থেকে বিতাড়ন করার পর Buarma Indepdendence Army'র সহযোগিতায় আরাকানে রাখাইনরা মুসলিম নিধন, নিপীড়ন ও বিতাড়নের নৃশংস তাণ্ডব চালায়। এক পরিসংখ্যান অনুযায়ী ১৯৪২ থেকে ১৯৪৪ সাল অবধি ধর্মান্ধ রাখাইন ও Buarma Indepdendence Army মিলে এক লাখ রোহিঙ্গা মুসলমানকে নির্মমভাবে হত্যা করে। পঞ্চাশ হাজারেরও অধিক রোহিঙ্গা পূর্ব বাংলায় আশ্রয় গ্রহণ করে।[২৪] এ সময় দক্ষিণ আরাকানের মুসলমান অধ্যুষিত এলাকাগুলো জনমানবহীন হয়ে পড়ে। উত্তর আরাকানের অংশ বিশেষে রোহিঙ্গারা একত্রিত থেকে আত্মরক্ষার চেষ্টা করে। তারা প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম হয়। পরে বিশ্বযুদ্ধে জাপানি অক্ষ শক্তির পরাজয় হওয়ায় জাপানিরা আরাকান ও বার্মা ছেড়ে গেলে ইংরেজরা পুনরায় আরাকানে ঢুকতে গিয়ে ঐসব রোহিঙ্গা প্রতিরোধ যোদ্ধার মুখোমুখি হয়। তারা ইংরেজদের কাছে তাদের জন্য স্বাধীন আবাসভূমির দাবি করে।[২৫] ইংরেজ সেনাপতি তাদের স্বাধীন আরাকান প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন। কিন্তু বার্মার স্বাধীনতা প্রদানের সময় তারা সেই ওয়াদার কথা বেমালুম ভুলে যায়। আরাকান ও রোহিঙ্গা মুসলমানদের ভাগ্যকে তারা বার্মার করতলে সমর্পণ করে যায়।

১৯৪৮ সালে ইংরেজ ঔপনিবেশবাদীরা মিয়ানমারের স্বাধীনতা দেয়।[২৬] তার পূর্বে ১৯৪৭ সালের ১২ ফেব্রুয়ারি মিয়ানমারের নেতা অং সান এবং অন্যান্য জাতিগোষ্ঠীর নেতারা এক ঐতিহাসিক ইউনিয়ন চুক্তি স্বাক্ষর করেন। অত্র চুক্তির বলে ইউনিয়ন অব বার্মা রাষ্ট্র প্রতিষ্ঠার পথ সুগম হয়। এই চুক্তিতে রোহিঙ্গা জাতিগোষ্ঠীর কোনো উপস্থিতি নেই। শুধু তাই নয়, রোহিঙ্গাদের স্বার্থ, অধিকার ও সাংবিধানিক সুরক্ষা সম্পূর্ণভাবে এতে উপেক্ষিত হয়।[২৭] রোহিঙ্গাদের জন্য এ এক ট্রাজেডি তথা ইংরেজ ও বার্মান কর্তৃক মোটা দাগের প্রতারণা।

**স্বাধীনতা উত্তর বার্মার শাসন ব্যবস্থা**

বার্মা ১৯৪৮ সালের ৪ জানুয়ারি ব্রিটিশদের নিকট থেকে স্বাধীনতা লাভ করার পর সংখ্যালঘু সম্প্রদায়ের মতো মুসলমানদের নিরাপত্তা ও সাংবিধানিক স্বীকৃতি প্রদানের দাবি জানিয়ে সরকারের নিকট স্মারকলিপি প্রদান করে। প্যানলং সম্মেলনের সিদ্ধান্ত মোতাবেক শান, কাচিন, কারা, কারেন ও চিন রাজ্যগুলো অঙ্গরাজ্যের মর্যাদা লাভ করে। উক্ত রাজ্যগুলোর মতোই আরাকান পৃথক ও স্বতন্ত্র জাতিসত্তা অধ্যুষিত রাজ্য হয়েও বোধপায়া কর্তৃক দখলীভুক্ত আরাকানের কোনোরকম শৃঙ্খলামুক্ত হয় নি।[২৮] যে স্বপ্ন আর প্রত্যাশায় রোহিঙ্গারা স্বাধীনতা আন্দোলনের জাতীয় নেতা জেনারেল অং সানকে সমর্থন দিয়েছিল। শাসকগোষ্ঠীর বৈষম্যমূলক আচরণ, রোহিঙ্গা মুসলমানদের ধর্মচ্যুতিকরণ ও সাংস্কৃতিক আত্মীকরণের নামে স্বতন্ত্র জাতিসত্তার বিনাশ সাধন করে ব্যাপকভাবে বর্মীকরণ তাদের স্বপ্নকে ধুলিসাৎ করে।

বার্মার জাতীয়তাবাদী নেতা অং সানসহ তাঁর ছয় মন্ত্রীকে রেঙ্গুনে হত্যার মধ্য দিয়ে বার্মার এক নতুন অধ্যায়ের সূচনা হয়। উক্ত হত্যাকাণ্ডে একই সাথে নিহত হন অং সানের মন্ত্রিসভায় মুসলমান মন্ত্রীও। পরবর্তীতে নতুন নেতা হিসেবে আবির্ভাব ঘটে জেনারেল উ নো। যেহেতু রোহিঙ্গারা আলাদা জাতিসত্তার আলাদা মর্যাদা পায়নি, সেহেতু তাদের মধ্যে অসন্তোষ বিরাজ করতে থাকে। তখন তারা স্বতন্ত্র আবাসভূমি প্রতিষ্ঠার লড়াইয়ে অবতীর্ণ হন। প্রকৃত বাস্তবতা হিসেবে বার্মার আরো কয়েকটি জাতিসত্তার ন্যায় অস্ত্র তুলে নেয়। রাজনৈতিক সমাধানের পথ ধরে অন্যদের মতো তাদেরও রাজনৈতিক অধিকার প্রদানের কথা বলে সশস্ত্র লড়াই থেকে ফিরে আনার উদ্যোগ নেয়া হয়। আর এই প্রক্রিয়ায় ১৯৪৮ সালে গঠিত হয় স্যার বো উ কমিশন।[২৯] অন্যান্য বিষয়ের সাথে তাদের দায়িত্ব দেয়া হয়েছিল আরাকানে মুসলমানদের স্বতন্ত্র রাষ্ট্র প্রতিষ্ঠার সম্ভাব্যতার বিষয় পরীক্ষা করা। আরাকানি মুসলমানদের মধ্যে অনেকেই সে সময় স্বতন্ত্র আরাকানি রাষ্ট্র প্রতিষ্ঠা না হলে পাকিস্তান রাষ্ট্রে যোগ দেয়ার ইচ্ছাও ব্যক্ত করেন। কিন্তু পাকিস্তানের নেতৃবর্গ এ বিষয়ে আদৌ কোনো আগ্রহ প্রকাশ করেননি। তারা বরং চেয়েছেন বার্মা অখণ্ড থাকুক। আর এ সময়ে বার্মা টেরিটোরিয়্যাল ফোর্সেস (বিটিএফ) রোহিঙ্গা বিরোধী অভিযান চলে আরাকানে। বিটিএফ এর নব্বই ভাগ ছিলো স্থানীয়ভাবে নিয়োগ করা উগ্র বৌদ্ধ। তারা ছিল প্রচণ্ড মুসলমান বিরোধী। তারা তাদের সাথে নিষ্ঠুর আচরণের মাধ্যমে তাদেরকে ঘরবাড়ি থেকে বিতাড়িত করে। পরবর্তীকালে বার্মা সরকার ১৯৫০ সালে রোহিঙ্গা মুসলমানদের বিষয়ে 'কেলিস কমিশন' গঠন করে।[৩০] একদিকে এমন লোক দেখানো উদ্যোগ চলছিল, অন্যদিকে বৈষম্যমূলক নিষ্ঠুর আচরণ। এইা অবস্থায় জেনারেল উ নো এর অধীনে বার্মা শাসিত হয় প্রায় দশ বছর কিন্তু সমস্যার নিরসন হলো না।

১৯৬২ সালে বার্মার সেনা নায়ক জেনারেল নে উইন ক্ষমতা গ্রহণ করে ১৯৮৮ সাল অবধি দেশ শাসন করেন। তিনি এবং তাঁর রাজনৈতিক দল রোহিঙ্গা মুসলমানদের নির্যাতন ও বিতাড়নের পলিসি গ্রহণ করেন। তারা তাদের চিরতরে উচ্ছেদের লক্ষ্য নিয়ে ধীরে ধীরে সকল নাগরিক অধিকার হরণ করেন। রোহিঙ্গা মুসলমানদের সকল ধরনের সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা হয়। কেবল অধিকার হরণ নয়, রীতিমতো ত্রাসের রাজত্ব কায়েম করে তাদের ভিটে ছাড়া করার অব্যাহত প্রচেষ্টা চলতে

থাকে। তারা নানারকম রাষ্ট্রীয় নিপীড়ন নির্যাতন আর অপকৌশলের শিকার হয়।[৩১] ফলে রোহিঙ্গাদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে ঘোর অমানিশা নেমে আসে।

১৯৭৮ সালে রোহিঙ্গাদের পরিচয় যাচাই ও লোক গণনার নামে নিবর্তনমূলক কার্যক্রম শুরু করে নে উইন সরকার। উক্ত কার্যক্রমের নাম দেয়া হয় কিং ড্রাগন। এর দ্বারা অত্যাচার ও নিগ্রহের মাত্রা এতোটাই ব্যাপক ছিল যে, অচিরেই এই কার্যক্রম ড্রাগন অপারেশন নামে পরিচিতি পায়। প্রকৃতপক্ষে এটি ছিল এক কুখ্যাত কর্মসূচি যার আড়ালে চলছিলো রোহিঙ্গা উচ্ছেদের সামরিক বেসামরিক অভিযান। এই অভিযানে সেনাবাহিনীর বর্বরতা ছিলো উল্লেখযোগ্য। তারা নিরস্ত্র রোহিঙ্গাদের নির্বিচারে হত্যা ও নারীদের ধর্ষণ করে। তাদের উপাসনালয় মসজিদ ধ্বংস করে। এই অপারেশন প্রায় দশ হাজার লোককে হত্যা করা হয়। এমন লাগাতার নিষ্ঠুরতায় টিকতে না পেরে রোহিঙ্গা নারী, পুরুষ ও শিশু প্রাণ ভয়ে ভিটামাটি ছেড়ে পার্শ্ববর্তী বাংলাদেশে পালিয়ে আসে। এ সময়ে প্রায় তিন লাখ রোহিঙ্গা আশ্রয় নেয় বাংলাদেশের কক্সবাজার জেলায়। নতুন রাষ্ট্র বাংলাদেশের জন্য একসঙ্গে এতো রোহিঙ্গা রিফিউজির আগমন সত্যিই সমস্যা হিসেবে দেখা দেয়। বাংলাদেশের ঐ সময়কার প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কৌশলী কূটনীতি কার্যকরি ভূমিকা রাখে।[৩২] এবং এ নিয়ে বিশ্ব বিবেককে নাড়া দেয়। মুসলিম বিশ্ব এ নিয়ে সোচ্চার হয়। বার্মার উপর প্রচণ্ড আন্তর্জাতিক চাপ সৃষ্টি হয়। বাংলাদেশ রোহিঙ্গা নির্যাতন বিষয়ে শক্তিশালী অবস্থান নেয় ।

নে উইন বিশ্বকে বলতে থাকেন, রোহিঙ্গারাই এই সমস্যা সৃষ্টি করেছে। নে উইন ও তাঁর সামরিক শাসকরা আরও বলেন, তারা মুসলিম জঙ্গি। তারা আসলে অবৈধ বাঙালি। তারা আরাকানে সন্ত্রাস চালিয়েছে। কিন্তু তাদের একথা ধোপে টেকেনি। বিশ্বব্যাপী প্রতিক্রিয়ার জেরে নে উইন মাথা নোয়াতে বাধ্য হন। নির্যাতনের কারণে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে রাজি হতে হয় নে উইনকে। এ নিয়ে বাংলাদেশের সঙ্গে চুক্তি সম্পাদিত হয়। ১৯৭৮ সালে বাংলাদেশে আশ্রয় নেয়া ঐ রিফিউজিদের প্রায় সবাই নিজ দেশে ফিরে যায়।[৩৩] তবে তাদের অল্প সংখ্যক নানা কায়দায় বাংলাদেশে থেকে যায়।

বিশ্ব জনমতের চাপে পালিয়ে যাওয়া রোহিঙ্গারা আরাকানে ফিরে গেল বটে, কিন্তু তাদের চাপের প্রতি জেনারেল নে উইনের সামরিক জান্তার দৃষ্টিভঙ্গির উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হলো না। তারা নানা কূটকৌশলের জালে রোহিঙ্গা মুসলমানদের অবদমনের চেষ্টারত রইল। ১৯৮২ সালে জেনারেল নে উইনের সরকার নজিরবিহীন এক রোহিঙ্গা বিরোধী আইন প্রণয়ণ করলো। উক্ত আইনের নাম বার্মা সিটিজেনশিপ আইন। এই আইনে পুরো রোহিঙ্গা জনগোষ্ঠীকে অনাগরিক ঘোষণা করা হয়। রোহিঙ্গা হয়ে পড়ে রাষ্ট্রবিহীন জাতিগোষ্ঠী। এই আইনের বিধান বলে নাগরিকত্বের অধিকার হারিয়ে অনাগরিকে পর্যবসিত হয়ে তারা অন্য কোনো অধিকার পাওয়ার যোগ্যতা হারালো।[৩৪]

১৯৮২ সালের নাগরিকত্ব আইনটি নিঃসন্দেহে বেশ জটিল। এই আইনের বিধানাবলি দেখে সহজেই অনুমিত যে, আইনটি তৈরি করা হয়েছে বিশেষভাবে রোহিঙ্গাদের টার্গেট করে। রোহিঙ্গাদের বার্মার নাগরিকত্ব থেকে বঞ্চিত করে সকল আইনি অধিকার অস্বীকার করার উদ্দেশ্য। এই আইনের বেশ কয়টি বিধান রোহিঙ্গাদের বার্মার নাগরিকত্ব পাওয়ার জন্য আবেদন করা থেকে বঞ্চিত করে। উপরন্তু এই আইন ক্রমাগত মানবাধিকার লঙ্ঘনের হাতিয়ার হয়ে আবির্ভুত হয়।[৩৫] তাই এই আইনটি একটি নিবর্তনমূলক আইন হিসেবে চিহ্নিত।

১৯৮২ সালের নাগরিকত্ব আইনের সেকশন-২ এ বার্মার নাগরিক কারা এ সংজ্ঞায় বলা হয়েছে, কেবল তারাই নাগরিক হবেন যারা বার্মিজ জাতিগোষ্ঠী। কারা জাতিগোষ্ঠী তাদের নামও স্পষ্টভাবে উল্লেখ করে দেয়া হয়েছে- কাচিন, কারেন, কায়াহ, চিন, মন, রাখাইন, শান ইত্যাদি। তবে এখানে রোহিঙ্গা জাতিগোষ্ঠীর নাম নেই। এই আইনের বিধান বলে তারা বলতে শুরু করে, রোহিঙ্গা বলে কোনো জাতিসত্তাই নেই বার্মায়।[৩৬] ১৯৮২ সালে নাগরিক আইনে বার্মার নাগরিকদের তিন শ্রেণিতে বিভক্ত করা হয়েছে। যথা-

১. পূর্ণ নাগরিক
২. সহযোগী নাগরিক ও
৩. নাগরিকত্ব প্রাপ্ত নাগরিক

১৮২৩ সালকে তারা নাগরিকত্বের ঐ রূপ ক্যাটাগরাইজেশনের ভিত্তি হিসেবে নির্ধারণ করে। প্রত্যেক ক্যাটাগরির জন্য আলাদা রঙের নাগরিকত্বের কার্ড ইস্যু করে সরকার যথা-গোলাপী, নীল ও সবুজ। আর এই রঙের বাহারে নির্ধারিত হলো নাগরিকদের মর্যাদা স্তর উঁচু, মধ্যম ও নিচু।[৩৭] রোহিঙ্গারা এই তিন ক্যাটাগরির একটিতেও পড়লো না। কোনো রঙেই রাঙলো না। তারা হয়ে পড়লো রঙবিহীন বিবর্ণ মানুষ। তারা রঙ হারালো তাদের টার্গেট করে প্রণীত কুখ্যাত এই নাগরিক আইনের সেকশন-২ এর বিধানের কারণে। উপরন্তু এই আইন প্রয়োগের বিষয়টিও ছিল ন্যায় বিবর্জিত। সাধারণত সকল আইন প্রয়োগ কিংবা বাস্তবায়নের ক্ষেত্রেই তাতে ন্যায়ানুগ বিধান রাখা হয়। দেখা হয় যেন কারো প্রতি অন্যায়ভাবে তার প্রয়োগ না হয়। কেউ যদি মনে করেন যে কোনো বিধান তার প্রতি অন্যায়ভাবে প্রয়োগ করা হয়েছে, তাহলে তিনি যেন নিরপেক্ষ বিচারিক কর্তৃপক্ষের কাছে সুবিচার প্রার্থনা করতে এবং বিচারিক আদালতে ন্যায় প্রার্থনা করতে পারেন। কিন্তু এক্ষেত্রে তাও হলো না। ন্যায়বিচার পাওয়ার পথ বন্ধ করা হলো। নাগরিকত্ব আইনের সেকশন-৪ এ বিচারিক আদালতে যাওয়ার পথ রুদ্ধ করা হলো।[৩৮] সরকারের নীতি নির্ধারণ সংস্থা স্টেট কাউন্সিল হলো বিচারালয়ের বিকল্প কর্তৃপক্ষ। এখানে যে কোনো প্রতিকার মিলবে না, সে কথা সবাই জানেন। স্টেট কাউন্সিল কি সরকারের অন্যায়ের বিপক্ষে কোনো প্রতিকার দেবে না সে কথা সর্বজন বিদিত।

১৯৮৯ সালে জাতীয় নির্বাচন হবে। ঐ নির্বাচনের জন্য ভোটার তালিকা তৈরির কাজ শুরু হয় আগেভাগেই। এই তালিকা প্রণয়ন করতে গিয়ে কর্তৃপক্ষ যাচাই বাছাই শুরু করে। তারা আরাকানে জাতীয় নিবন্ধন ও বিদেশি চিহ্নিত করণের কাজ করে। এই প্রক্রিয়ায় জাতীয় নিবন্ধন সার্টিফিকেট ও বিদেশি নিবন্ধন জনগোষ্ঠী চরম হয়রানি ও ভোগান্তির শিকার হয়। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ তাদের রোহিঙ্গা নাম চিরতরে মুছে ফেলার চেষ্টা করে। তাদের জাতিগত সত্তায় আঘাত হানে এবং সেই সাথে যুক্ত হয় ইমিগ্রেশন কর্তৃপক্ষ। তারা রোহিঙ্গাদের বিদেশি গণ্য করে রেজিস্ট্রেশন করতে গিয়ে জাতিসত্তার পরিচয়ের বেলায় বাঙালি বলে উল্লেখ করে। তারা রোহিঙ্গা মুসলমানদের নাগরিকত্ব লাভের আবেদনপত্র গ্রহণ করতে অস্বীকার করে।[৩৯] ফলশ্রুতিতে আরাকান রাজ্যের মুসলমানদের বিশাল সংখ্যক ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারেনি। তারা নাগরিকত্ব ও ভোটার তালিকা থেকে বাদ পড়ে।

১৯৮৮ সালে আবারও সামরিক বাহিনী ক্ষমতা গ্রহণ করে। এ সময়ে এই সরকারের State Law and Order Restoration Counsel (SLORC) রাখাইন রাজ্যে বেশ কিছু ক্যান্টনমেন্ট প্রতিষ্ঠার সিদ্ধান্ত

নেয়। আর সেনানিবাসগুলোর অবস্থান ঠিক করা হয় মুসলিম অধ্যুষিত এলাকাগুলোতে। বিশেষ করে উত্তর আরাকানে যেখানে মুসলমানরা সংখ্যাগরিষ্ঠ সেখানে তারা সেনানিবাস গড়ে তোলে। এই অবস্থায় জায়গা জমি থেকে উচ্ছেদ হয় মুসলমানরা।[৪০] মুসলমানরা রাষ্ট্রবিহীন অবস্থা থেকে গৃহহীন অবস্থায় পর্যবসিত হয়।

১৯৯২ সালে বাংলাদেশে আসা রোহিঙ্গা শরণার্থীর সংখ্যা সরকারি হিসেবে ছিল ২ লাখ ৫০ হাজার ৮৭৭ জন। সে বছরও প্রত্যাবাসন চুক্তি হয়। কিন্তু সে প্রত্যাবাসন হয় দীর্ঘমেয়াদি। ১৯৯২ সালের ২২ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে ২০০৫ সালের ২৮ জুলাই পর্যন্ত মোট ২ লাখ ৩৬ হাজার ৫৯৯ জনকে ফিরিয়ে নেয় মিয়ানমার সরকার। তবে ২০০৫ সালে থেকে সম্পূর্ণ বন্ধ হয়ে যায় অবশিষ্টদের প্রত্যাবাসন কার্যক্রম। আবার এই সময়ের মধ্যে আরও অনেক রোহিঙ্গা এসে যোগ দিয়েছে শরণার্থী শিবিরে। ১৯৯২ থেকে ২০১৭ সময়ে বাংলাদেশের রোহিঙ্গা উদ্বাস্তুদের পুনর্বাসন শেষ হয়নি।[৪১] ফেরানো যায়নি সবাইকে কিংবা মিয়ানমার ফেরত নেয়নি সবাইকে। নানা ফ্যাকড়া তুলে ঝুলিয়ে রেখেছে সেই অনেক বছর আগে আসা অনেক নিরন্ন মানুষের জীবন। এসব উদ্বাস্তু পরিবারের মানুষগুলোর স্বপ্ন ভেঙে গেছে সেই কবে। তাদের কোনো দেশ নেই, তাদের কোনো ভবিষ্যৎ নেই, রিফিউজি ক্যাম্পে জন্ম নেয়া তাদের সন্তানদেরও কোনো সুস্পষ্ট ভাগ্যরেখা নেই। এমনই অনিশ্চিত মানবেতর জীবন তাদের ললাটে ঝুলছে। নানা হিসাব মতে, ২০১৭ সালের ২৫ আগস্টের আগ পর্যন্ত কক্সবাজার ও বান্দরবান এলাকায় ৪ লাখ ৫০ হাজার রোহিঙ্গা শরণার্থী প্রত্যাবাসনের অপেক্ষায় ছিল। এই অবস্থায় ২০১৭ সালের সেপ্টেম্বর আবারো পালিয়ে আসা রোহিঙ্গাদের ঢল নামলো। এবার তা আরো বড় আকারে। আরো ভয়াবহ আকারে। নজিরবিহীন মর্মস্পর্শী ট্রাজেডি হয়ে প্রকাশ পেলো আরাকান থেকে প্রায় ১০ লাখ নারী পুরুষ শিশুর দেশ ছেড়ে বাংলাদেশে আসার অব্যাহত যাত্রার।[৪২] বাস্তুচ্যুত এমন মানুষের ঢল পৃথিবীর মানুষ আর কোথাও দেখেনি। এই যে পালিয়ে আসা এবং পরে আবার ফিরে যাওয়ার এমন ঘটনা চলছে, তা কিন্তু হঠাৎ ঘটে যাওয়ার মতো ঘটনা নয়। এটা প্রকৃতপক্ষে একটি জাতিগোষ্ঠীকে নিঃশেষ করে দেয়ার লক্ষ্যে পরিচালিত ও রাষ্ট্রীয় কৌশলের অংশ। এটা আসলে পদ্ধতিগত কর্মকৌশলের দৃশ্যমান ফলাফল। এই অবস্থাকে সারা দুনিয়ার বিবেকবান মানুষ বলছে জাতিগত নিধন।

আরাকান থেকে রোহিঙ্গাদের নির্মূল করার এমন নজিরবিহীন ঘটনাপুঞ্জের পেছনে অবশ্য অদৃশ্যমান অনেক বিষয়ের সঙ্গে কতগুলো সুস্পষ্ট দৃশ্যমান উপাদানের অস্তিত্ব রয়েছে। মোটাদাগে এগুলো হলো সরকারি কৌশলের অংশ হিসেবে রোহিঙ্গা বিরোধী যেসব নীতি পদ্ধতি দীর্ঘকাল থেকে চলছে। এখনও কার্যকর রয়েছে এবং সেনাবাহিনী যা বাস্তবায়ন করছে। নিচের সারণিতে সেই চালকগুলো উল্লেখ করা হয়েছে-[৪৩]

১. নাগরিকত্ব থেকে বঞ্চিত করা
২. জোরপূর্বক ভিটামাটি থেকে উচ্ছেদ
৩. জাতিগত নিধন তথা গণহত্যা
৪. নির্বিচারে ধর্ষণ ও গণধর্ষণ
৫. সম্পদ লুটে নেওয়া
৬. জবরদস্তিমূলক শ্রমে নিয়োগ করা

৭. শিক্ষা গ্রহণের অধিকার থেকে বঞ্চিত করা
৮. চলাচলের অধিকার রহিত করা
৯. অবাধে ধর্মচর্চার অধিকার হরণ করা এবং
১০. বর্ণবাদী আচরণ করা।[৪৪]

সারণীতে বর্ণিত বিষয়গুলোর মধ্যে প্রধান বিষয় হলো নাগরিকত্ব হরণ। এই অস্ত্র প্রয়োগ করেই রোহিঙ্গাদের বিরুদ্ধে ইতিহাসের নিষ্ঠুর নিপীড়ন ও হত্যাযজ্ঞ ঘটানোর যুক্তি দাঁড় করেছে সামরিক শাসিত মিয়ানমার। নাগরিকত্ব তো হলো রাষ্ট্রের সঙ্গে অধিবাসীর সম্পর্কের ভিত্তি, দায়-দায়িত্বের নির্ণয় করে সরকারের বাধ্যবাধকতা ও দায়বদ্ধতারও শিকড় ভূমি। চতুর শাসক তাই প্রথমেই এই শিকড় কেটে দিয়ে তাদের ভাসমান মানুষের মর্যাদায় ঠেলে দেয়। নাগরিকত্বের প্রতি সরকারের আচরণের যে বাছ বিচার থাকার কথা, সেই মানদণ্ড থেকে বেরিয়ে এসে বিদেশি অনাগরিক তকমা এটে দিয়ে রোহিঙ্গা জনগোষ্ঠীর সঙ্গে পাশবিক আচরণ করছে। তারা তাদের সঙ্গে আচরণের ক্ষেত্রে সকল প্রকার মৌলিক মানবাধিকার অস্বীকার করছে। রোহিঙ্গা জাতিসত্তা অস্বীকার করছে রাষ্ট্র। আর এর দ্বারা সাংবিধানিকভাবে এবং রাষ্ট্রীয় আচার-আচরণে রোহিঙ্গাদের অস্তিত্বই অস্বীকার করছে। তাদের মতে, রোহিঙ্গা বলে কোনো জাতিগোষ্ঠী নেই মিয়ানমারে। হাজার বছরেরও বেশিকাল ধরে বসবাসকারী একটি জাতিগোষ্ঠী তারা দেশের মানচিত্র থেকে, জনপরিচিতি ও ইতিহাস থেকে নিঃসংকোচে মুছে ফেলার প্রাণপণ চেষ্টা চালাচ্ছে।

রোহিঙ্গাদের জন্য নাগরিকত্ব যেন এক দুর্লভ জিনিস। কয়েক প্রজন্মব্যাপী বসবাস করেও তারা অনাগরিক। আর ঐ অনাগরিকদের নাগরিকত্ব অর্জনের নিয়ম-কানুন, প্রক্রিয়া পদ্ধতি জটিল বৈরিতাপূর্ণ। এতো পূর্বশর্ত এবং দলিল দস্তাবেজ হাজির করার প্রয়োজন হয় যে, প্রকৃতপক্ষে এর মাধ্যমে নাগরিকতার দরজা তাদের জন্য বন্ধ বলেই ধরে নেয়া যায়। তারপরও যদি তারা কেউ দরখাস্ত করতে পারেন তাহলেও তা বিবেচনার ভার চূড়ান্তভাবেই সরকারের হাতে। শুধু পূর্ণ নাগিরকত্বের বিষয়ই নয়, সহযোগী কিংবা ন্যাচারালাইজড নাগরিকত্বের বিষয়ই হোক, সকল ক্ষেত্রেই সিদ্ধান্ত সরকারের মন্ত্রিসভার উপর নির্ভর করে। সরকার এই সিদ্ধান্ত নেয় রাজনৈতিকভাবে, বিচারিক দৃষ্টিকোণ থেকে নয়। এখানে নবজাত শিশুর নাগরিকত্ব এক অভাবনীয় আইনের শর্তে বন্দি। যে শিশু জন্মালো তার নাগরিকত্ব নির্ভর করছে তার পিতা-মাতার নাগরিকত্ব থাকা না থাকার উপর। যদি পিতা কিংবা মাতার উক্ত তিন ধরনের নাগরিকত্বের কোনো এক ধরনের নাগরিকত্ব না থাকে, তাহলে সেই শিশুর নাগরিকত্ব নেই।[৪৫] অর্থাৎ জন্মলগ্ন থেকেই ঐ শিশু অনাগরিক। রোহিঙ্গা জনগোষ্ঠীতে এমন রাষ্ট্রহীন শিশু জন্মাচ্ছে প্রতিদিন।

নাগরিকত্ব না থাকার কারণে রাষ্ট্রে নেই তাদের কোনো মতামত প্রকাশের স্বাভাবিক অধিকার। জমির মালিকানা কিংবা জমি কেনার কিংবা সম্পদ অর্জনের কোনো অধিকারই তাদের নেই। ফলে তাদের পূর্ব পুরুষের আমলের জমি থেকে তারা বেদখল হচ্ছে। সকল মানবাধিকার থেকে বঞ্চিত এক ক্রীতদাসসুলভ জীবনের দুষ্টচক্রের বন্দি হয়েছে তাদের জীবন। রোহিঙ্গাদের নিজ দেশে চলাচলের স্বাধীনতা নেই । তারা তাদের নিজ গ্রামের বাইরে কোথাও অবাধে যেতে পারে না। যেতে হলে স্থানীয় পিস এন্ড ডেভেলপমেন্ট কাউন্সিলে এর চেয়ারম্যানের অনুমতি নিতে হয়। আর এই রকম অনুমতি সংগ্রহের জন্য বৈধ অবৈধ ফি দিতে হয়। তারপর ঐ অনুমতিপত্র নিয়ে গেলে ভ্রমণের বা চলাচলের

বিভিন্ন পয়েন্টে অবৈধ ফি দিতে হয় নিরাপত্তা রক্ষীদের। এমনকি নিজের শহর বা গ্রামের মধ্যে চলাচলের ক্ষেত্রেও তাদের পাস ব্যবহার করতে হয়। আর এ রকম পাস বা অনুমতিপত্র ইস্যুর ক্ষেত্রে ছয়টি কর্তৃপক্ষের সম্মতি গ্রহণ করতে হয় স্থানীয় পিস কমিটিকে। এই ছয়টি কর্তৃপক্ষ হলো-

১. নাসাকা বাহিনী
২. ইমিগ্রেশন ডিপার্টমেন্ট
৩. সামরিক গোয়েন্দা
৪. পুলিশ
৫. রায়ট পুলিশ
৬. কাস্টমস [৪৬]

রোহিঙ্গা জনগোষ্ঠীর মানুষের নিজ গ্রাম বা শহরে এবং এর বাইরে চলাচলের অনুমতি নেয়া ও পাস সংগ্রহের ক্ষেত্রে এতোগুলো কর্তৃপক্ষের সম্মতি গ্রহণের বিষয়ই প্রমাণ করে যে, এমন চলাচলের সুযোগ পাওয়া কতোটা জটিল ও দুষ্কর।

রোহিঙ্গাদের বাস্তুভিটাচ্যুত করার কার্যক্রম চলছে বেশ অনেক বছর ধরে। অনেকে একে পদ্ধতিগত ডেমোগ্রাফিক ইঞ্জিনিয়ারিং বলে আখ্যায়িত করেছেন। আবার অনেকে এই কর্মসূচিকে কৌশলগত সংখ্যা কমানো হিসেবে উল্লেখ করেছেন। অঞ্চল বিশেষে তাদের জনসংখ্যাকে বর্বরতা, নিষ্ঠুরতা ও কৌশলের মাধ্যমে সরিয়ে দেয়াটাই সামরিক এজেন্ডার বাস্তবায়ন। আর লক্ষ্যেই যেন চলছে পদ্ধতিগত ও কৌশলগত হরেক রকমের হয়রানি, নিপীড়ন, অর্থনৈতিকভাবে পঙ্গু করার নীলনকশা, ভীতির সঞ্চার ও খুন ধর্ষণের অব্যাহত ঘটনা। সামরিক বাহিনী এর নাম দিয়েছে 'কাউন্টার ইনসারজেন্সি প্রোগ্রাম'।[৪৭] ২০১৭ সালে একটি সংগঠনের থানায় হামলার কথিত ঘটনার জেরে রোহিঙ্গা নিধনযজ্ঞের যে অবাক করা বর্বরতা মিয়ানমারের সেনাবাহিনী ঘটায়, তা নিয়ে ঘোরতর বিতর্ক রয়েছে। অনেকেই জোরালো যুক্তি উপস্থাপন করে বলেন যে, কথিত হামলার ঘটনা সেনাবাহিনীরই এক কূটকৌশল। এই ঘটনা তারা আড়ালে থেকে ঘটিয়ে অক্টোবর ২০১৭ সালের বর্বরতা চালানোর যুক্তি দাড় করিয়েছে। রোহিঙ্গা জনগোষ্ঠীর লোকদের বাস্তুভিটাচ্যুত করে সেনাবাহিনীর পছন্দ করা প্রত্যন্ত দুর্গম এলাকায় নিয়ে বসতি গড়তে বাধ্য করা হয়েছে।[৪৮] আর এই কার্যক্রমে অসংখ্য রোহিঙ্গা স্থানচ্যুত মানুষে পরিণত হয়ে বিপর্যস্ত জীবনে নিক্ষিপ্ত হয়েছে।

রোহিঙ্গাদের আরও একটি সমস্যা হলো ধর্মচর্চা। রোহিঙ্গা জনগোষ্ঠীতে হিন্দু ধর্মাবলম্বী থাকলেও মুসলমানরাই প্রধান। ঐতিহাসিকভাবে তারা এ ভূখণ্ডে মর্যাদার সঙ্গে ধর্মচর্চা করে আসছে সেই আদিকাল থেকে পুরুষানুক্রমে। পাশাপাশি এখানে বৌদ্ধরা থেকেছে ও তাদের ধর্মচর্চা চালিয়েছে। এ নিয়ে ইতঃপূর্বে কখনো সমস্যা হয়নি, বরং পারস্পরিক সম্প্রীতি বিরাজ করেছে। কিন্তু জেনারেল নে উইনের ক্ষমতা গ্রহণের পর সেই সৌহার্দ্য ও সম্প্রীতির ক্ষেত্রে ফাটল সৃষ্টি করে সামরিক সরকার। বিভেদের দেওয়াল তৈরি করে দুই ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে। সামরিক সরকার অবৌদ্ধ ধর্ম চর্চার ক্ষেত্রে অনেকগুলো বিধিনিষেধ আরোপ করে।[৪৯] রোহিঙ্গা মুসলমানদের ধর্ম চর্চার ক্ষেত্রে বেশি সমস্যার সৃষ্টি

করা হয়। তাদের দাঁড়ি রাখতে ও ইসলামি কায়দায় পোশাক পরতে বারণ করা হয়। সামরিক সরকার অনেকগুলো মসজিদ ও মাদ্‌রাসা তালাবদ্ধ করে দেয়।

**রোহিঙ্গা সমস্যা উদ্ভবের কারণসমূহ**

১. ১৭৮৫ সালে মিয়ানমার আরাকান দখল করে রোহিঙ্গাদের উচ্ছেদ করে। রোহিঙ্গাদের পরিচালিত মসজিদ-মাদ্‌রাসা গুড়িয়ে দিয়ে প্যাগোডা নির্মিত হয়।

২. ১৮২৫ সালে ব্রিটেন মিয়ানমার দখল করে ১৯৩৭ সালে মিয়ানমারকে স্বায়ত্তশাসন দেয়া হয়। ১৯৩৮-৪২ পর্যন্ত সাম্প্রদায়িক দাঙ্গায় রোহিঙ্গারা ক্ষতিগ্রস্ত হয় এবং প্রাণের ভয়ে বাংলাদেশে চলে আসে।

৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান ব্রিটিশদের কাছ থেকে মিয়ানমার দখল করে নিলে রাখাইনরা জাপানিদের পক্ষাবলম্বন করে রোহিঙ্গাদের উপর ১৯৪২ সালের মার্চ মাসে হামলা করে ৫ হাজার রোহিঙ্গা হত্যা করা হয়।

৪. ১৯৪২ সালে হত্যার প্রতিশোধ হিসেবে রোহিঙ্গারা উত্তর রাখাইনে ২০ হাজার মগ হত্যা করে। কিন্তু জাপানিদের সহায়তায় মগরা রোহিঙ্গাদের কোণঠাসা করতে সক্ষম হয়।

৫. ১৯৪৭ সালে পাক-ভারত স্বাধীন হলে আরাকানের নেতারা মোহাম্মদ আলী জিন্নাহর সাথে যোগাযোগ করে আরাকানকে ইস্ট পাকিস্তানের সাথে সংযুক্ত করতে চায়। এই উদ্যোগকে রাখাইনরা বিশ্বাসঘাতকতার সাথে তুলনা করে। কিন্তু ১৯৪৮ সালে মিয়ানমার স্বাধীন হলে সরকারের সাথে রোহিঙ্গাদের সমঝোতা হয়। সমঝোতায় পার্লামেন্টে পদ, চাকরি, ভাষার স্বীকৃতির নিশ্চয়তা দেয়। কিন্তু পরে তা আর আলোর মুখ দেখেনি।

৬. স্বাধীনতা পরবর্তী ১৯৫৮ সালের দিকে বৌদ্ধরা ক্ষমতা সংহত করতে রোহিঙ্গা নির্মূল অভিযান পরিচালনা করেন। ১৯৬২ সালে মিয়ানমারে সামরিক শাসন জারি হয়। বলা বাহুল্য সুচির বাবাও একজন সামরিক জেনারেল ছিলেন। সামরিক শাসক ক্ষমতায় এসে মুসলিমদের উপর দমন-পীড়ন শুরু করে। ১৯৭৮ সালে জেনারেল নে উইন নাগমিন ড্রাগন নামে একটি অভিযানের মাধ্যমে হাজার হাজার রোহিঙ্গা হত্যা করে। সেই সময় প্রায় তিন লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়। পরবর্তীতে UNHCR ও অন্যান্য International organization -এর চাপে ফিরিয়ে নিতে বাধ্য হয়।

৭. ১৯৮২ সালের নাগরিকত্ব আইনের মাধ্যমে তিন ধরনের নাগরিকত্বের বিধান করা হয়। যথা- ১. পূর্ণাঙ্গ ২. সহযোগী ও ৩. অভিবাসী। ১৮২৩ সালের আগে মিয়ানমারে বসবাসকারী ১৩৫টি গোত্রভুক্ত নাগরিকগণই পূর্ণ নাগরিকত্ব পাবেন। আইনে রোহিঙ্গাদের ব্যাপারে কিছু বলা হয়নি।[৫০]

৮. রোহিঙ্গারা আরাকানের অভ্যন্তরীণ অন্য অঞ্চলে যেতে চাইলে মিয়ানমারের বিজিপি-এর কাছ থেকে ট্রাভেল পাশ নিতে হয়। শুধু তাই নয় নির্ধারিত সময়ের মধ্যে আসতে না পারলে নিজ গ্রামে অবাঞ্ছিত ঘোষণা করা হয়।

৯. ১৯৮২ সালের আইন অনুযায়ী ১৯৮৯ সালে মিয়ানমারে তিন ধরনের নাগরিকত্ব কার্ড দেয়া হয়- গোলাপী, নীল ও সবুজ। কিন্তু রোহিঙ্গাদের কোনো কার্ডই দেয়া হয়নি।

১০. ১৯৯০ সালের পর থেকে রোহিঙ্গাদেরকে বিয়ের জন্য সরকারের অনুমতি নিতে হয়। ২০০৫ সালের পর থেকে সরকারের পক্ষ থেকে দম্পতিদের জানিয়ে দেয়া হয় দু'য়ের অধিক সন্তান নয়।

১১. ১৯৯১ সালে Operation Pezza নামে অভিযানের মাধ্যমে রোহিঙ্গাদের উচ্ছেদ করে সেখানে বৌদ্ধদের পুনর্বাসন করা হয়।

১২. অং সান সুচির অভিযোগ রোহিঙ্গারা বাঙালি। তারা এখানকার স্থায়ী বাসিন্দা নয় এবং তারা পুলিশের উপর হামলা করছে।

১৩. রোহিঙ্গারা মাঝে মাঝে ভুল জায়গায় আক্রমণ করে। আসলে সরকারের নির্যাতন মাত্রা যখন চরমে মাত্রায় পৌঁছায় তখন রোহিঙ্গারা এই পদক্ষেপ নেন। তাছাড়া নিপোদো প্রশাসনের পেছনের লোকেরা পরিকল্পিতভাবে বৌদ্ধ ভিক্ষু হত্যা করে সেই দায় রোহিঙ্গাদের উপর চাপিয়ে দেয়।[৫১]

**রোহিঙ্গাদের আন্দোলন ও সংগ্রাম**

সামারিক বাহিনী ও মগদের বর্বরোচিত নির্যাতন নিষ্পেষণে রোহিঙ্গাদের জীবনে শাসরুদ্ধকর পরিস্থিতি শুরু হলে তাদের মধ্যকার কিছু বুদ্ধিজীবী বর্মী স্বৈরশাসনের বন্দীদশা থেকে মুক্তি পাবার নিমিত্তে অত্যন্ত গোপনীয়ভাবে ১৯৬৪ সালের ২৬ এপ্রিল Rohinga Independence Force (RIF) নামে একটি সংগঠন প্রতিষ্ঠা করেন। এই সংগঠনের নেতৃত্ব প্রদান করেন মাস্টার সুলতান আহমদ এবং জাফর হাবিব। অচিরেই উত্তর আরাকানের শহর গ্রামাঞ্চলসহ রোহিঙ্গা অধ্যুষিত বার্মায়-এর কয়েকটি শাখা প্রতিষ্ঠিত হয়।[৫২] এই সংগঠনের মাধ্যমেই বাইরের দেশগুলোর সাথে যোগাযোগ করে তাদের নতুন সংগ্রামের প্রতি সমর্থন আদায়সহ পূর্বের মুজাহিদ কিছু বিচ্ছিন্ন সদস্যকে একত্রিত করে প্রয়াস চালানো হয়। অব্যাহত হত্যা, নির্যাতন, ধর্ষণ, লুণ্ঠন ও নিজস্ব বাড়িঘর থেকে বহিষ্কারের প্রেক্ষিতে (RIF) নেতা মোহাম্মদ সুলতান আহমদ রোহিঙ্গাদের পক্ষ থেকে প্রতিবাদ জানালে, তাঁকেও বিভিন্ন নির্যাতনের শিকার হয়ে অবশেষে তৎকালীন পূর্ব পাকিস্থানে পলায়ন করতে হয়। ১৯৭৩ সালে ১২ সেপ্টেম্বর রোহিঙ্গারা সশস্ত্র সংগ্রামের জন্য জাফর হাবিবের নেতৃত্বে Rohinga Patriotic Front (RPF) নামে একটি রাজনৈতিক সংগঠন গড়ে তোলেন।[৫৩] আরাকানের উত্তর-পশ্চিম সীমান্তে তাদের কার্যাবলি সীমাবদ্ধ থাকে। নেতৃত্বের কোন্দলের কারণে ১৯৭৮ সালে উক্ত সংগঠনটি Rohinga Liberation Party নামে আরও একটি অংশে বিভক্ত হয়ে পড়ে।

নির্যাতনের পরাকাষ্টায় চল্লিশের দশক থেকে মুজাহিদ আন্দোলন, Rohinga Patriotic Front, Rohinga Liberation Party সময়ের প্রেক্ষিতে গঠনমূলক ও সশস্ত্র সংগ্রামের মধ্যদিয়ে ৮০'-এর দশকের সূচনা লগ্ন পর্যন্ত মুক্তি সংগ্রাম চালিয়ে এলেও নেতৃত্ব ও সাংগঠনিক দুর্বলতা, বাস্তবতা বিবর্জিত চিন্তা, গণযোগাযোগের অভাব প্রভৃতি কারণে লক্ষ্য হাসিলে তেমন ফলদায়ক ভূমিকা পালন করতে পারেনি। ১৯৭৮ সালের অপারেশন ড্রাগনের কারণে রোহিঙ্গারা ব্যাপকভাবে উদ্বাস্তু হবার পর

আন্তর্জাতিক বিশ্বের সাথে গভীর যোগাযোগ ও সম্পর্ক স্থাপনের সুযোগ অতীত দুর্বলতা থেকে শিক্ষা নিয়ে বর্মী সরকারের শোষণ, জুলুম ও অবিচারের বিরুদ্ধে ১৯৮২ সালে এডভোকেট নুরুল ইসলাম ও মুহাম্মদ ইউনুছ-এর নেতৃত্বে Rohinga Solidarity Organisation (RSO) প্রতিষ্ঠিত হয়। ১৯৮৮ সালের অক্টোবর মাস থেকে আরএসও সামরিক কর্মসূচি শুরু করে। সশস্ত্র সংগ্রামের জন্য প্রাথমিক পর্যায়ে মুজাহিদদের পদমর্যাদা হিসেবে প্রথমে সেকশন লিডার, প্লাটুন লিডার, কোম্পানি লিডার ও রেজিমেন্ট লিডার, দ্বিতীয় পর্যায়ে, ক্যাম্প লিডার, ডেপুটি চীফ কমান্ডার ও চীফ কমান্ডার পদবিন্যাস করা হয়। আরাকানের গভীর জঙ্গলাকীর্ণ অঞ্চলের মধ্যে কম বেশি দুরত্বে ক্যাম্প তৈরি করে ৮ থেকে ৩৫ বছর বয়সী মুক্তি সংগ্রামীদের স্বল্প মেয়াদী ১ থেকে ২ মাস এবং দীর্ঘ মেয়াদী ৩ থেকে ৬ মাস ট্রেনিং দিয়ে নিজ নিজ এলাকায় প্রেরণ করা হয়। ১৯৮৬ সালের ৩০ জুন RPF নেতা সাব্বির হুসাইন ও RSO নেতা নুরুল ইসলাম যৌথভাবে Arakan Rohinga Islamic Front গঠন করে স্বাধিকার আন্দোলনকে আরো বেগবান করেন।[৫৪]

মুক্ত স্বাধীন আরাকান রাজ্য প্রতিষ্ঠার জন্য বিভিন্নভাবে সাংগঠনিক উদ্যোগ তথা সশস্ত্র সংগ্রাম শুরু করলেও আর্থিক সংকট, সৈন্য ও অস্ত্রের স্বল্পতা, আন্তর্জাতিক বিশ্বের সমর্থন ও সহযোগিতার অভাব, অভ্যন্তরীণ দলীয় কোন্দলসহ বিভিন্ন দুর্বলতার কারণে শক্তিশালী সুসজ্জিত বর্মী বাহিনীর সাথে মোকাবেলা করতে তারা ব্যর্থতার পরিচয় দেয়। অপরদিকে ১৯৯১-৯১ সালে বর্মী সামরিক জান্তার অমানবিক নির্যাতনের প্রেক্ষিতে রোহিঙ্গারা জীবন বাঁচানোর জন্য শরণার্থী হিসেবে বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে।[৫৫] রোহিঙ্গা জনগোষ্ঠীর এমনই সংকটময় মুহূর্তে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দরা ঐক্যের প্রয়োজনীয় অনুভব করেন। এ প্রেক্ষিতে ১৯৯৮ সালের ১১ ডিসেম্বর বিভিন্ন দল ঐক্যবদ্ধভাবে সাংগঠনিক তৎপরতা পরিচালনার নিমিত্তে Arakan National Organisation নামে এক মঞ্চে যোগ দিয়ে এডভোকেট নুরুল ইসলাম-এর নেতৃত্বে আন্দোলন পরিচালনার চেষ্টা করেন।

রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর ক্রমাগত নির্যাতনের প্রতিক্রিয়া ও প্রতিবাদ হিসেবে ২০১৩ সালে আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি (ARSA) সংগঠনের উদ্ভব হয়। বিভিন্ন বিদেশি তথ্যসূত্র অনুযায়ী ২০১২ সালে আরাকানে সাম্প্রদায়িক দাঙ্গার পর রোহিঙ্গাদের ওপর মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর নির্বিচার নির্যাতনের পরিপ্রেক্ষিতে রোহিঙ্গা তরুণদের একাংশ এই রকম একটি সংগঠনের পতাকাতলে মিলিত হয়।[৫৬] তবে তাদের সদস্যসংখ্যা খুব বেশি নয়। তারা খুব একটা যে সশস্ত্র তাও নয়। ২০১৭ সালের ২৫ আগস্ট এই সংগঠন কর্তৃক নিরাপত্তা চৌকিতে হামলা চালানোর যে কথা মিয়ানমার সরকার প্রচার করেছে তাতেও তাদের তেমন সশস্ত্র দল বলে উল্লেখ করা হয়নি। মিয়ানমার সরকারের বিবৃতিতে বলা হয়েছিল যে, আরসা ঐ সব চৌকিতে নিরাপত্তা রক্ষীদের ওপর ছুরি ও ঘরে বানানো বোমা দিয়ে হামলা চালায়। বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের সঙ্গে আলাপ করে অনেকেই দেখেছেন তাদের অধিকাংশ আরসা সম্পর্কে তেমন জ্ঞান রাখেন না।

২০১৭ সালের ২৫ আ্যাগস্ট পুনরায় রোহিঙ্গাদের উপর অং সান সু চি'র সরকার যে মানবিক বিপর্যয় ঘটিয়েছেন পৈশাচিক হিংস্রতায়, পাশবিকতায় ও নিষ্ঠুরতায়, অমানবিক আচরণে, তার একটি নজির পাওয়া যাবে হিটলারের জার্মানিতে দ্বিতীয় বিশযুদ্ধের সময়কালে। হিটলার চেয়েছিল সমগ্র ইউরোপ থেকে ইহুদি জাতিকে নিশ্চিহ্ন করতে, আর অং সান সু চি চায় রোহিঙ্গাদেরকে মিয়ানমার থেকে নির্মূল

করতে- উভয় ক্ষেত্রে উদ্দেশ্য এক জাতিগত নিধন। যে অকল্পনীয় নিষ্ঠুরতার মাধ্যমে হত্যা, লুণ্ঠন,ধর্ষণ, অগ্নিসংযোগ,গুলিবর্ষণ ইত্যাদির দ্বারা রোহিঙ্গাদের নিজেদের আবাসভূমি থেকে উচ্ছেদ করা হচ্ছে, তার পক্ষে শান্তিতে নোবেল জয়ী অং সান সু চি সমর্থিত সামরিক বাহিনীর একমাত্র যুক্তি রোহিঙ্গারা নাকি ব্রহ্মদেশের অধিবাসী নয়; তারা বহিরাগত বাঙালি অনুপ্রবেশকারী। এই তথাকথিত যুক্তি যে, একটি ঘৃণ্য অসত্য তা আজ বিশ্ববাসীর জানা হয়ে গেছে। সে দেশের সেনাবাহিনী ও পুলিশের নির্মম নির্যাতন, উৎপীড়ন, হত্যা, ধর্ষণ, বাড়িঘর আগুন লাগিয়ে ব্যাপক ধ্বংসাত্মক ও হিংসাত্মক কার্যকলাপ চালালে রোহিঙ্গারা বাস্তুচ্যুত হয়ে ব্যাপকহারে বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে। বর্তমানে বাংলাদেশে প্রায় ১২ লক্ষ রোহিঙ্গা বিভিন্ন ক্যাম্পে অবস্থান করছে । তিনটি দেশ- চীন, রাশিয়া ও ভারত ছাড়া বিশ্ব সম্প্রদায় রোহিঙ্গা নির্যাতনের বিরুদ্ধে সোচ্চার হয় এবং অত্যাচার বন্ধের দাবি জানায়।[৫৭] জাতিসংঘের মহাসচিব এন্থনিও গুতরেজ প্রায় সঙ্গে সঙ্গে নিরাপত্তা পরিষদের সভা আহবান করেন। কিন্তু জাতিসংঘ কার্যত বিবৃতি ও আহবান জানানো ছাড়া রোহিঙ্গাদের জন্য কিছুই করতে পারে নি।

**আনান কমিশনের সুপারিশ**

বিশ্ব সম্প্রদায়ের চাপের মুখে পড়ে খানিকটা দেরিতে হলেও টনক নড়েছে মিয়ানমার সরকারের। রাখাইন রাজ্যের রোহিঙ্গা সঙ্কট সমাধানে জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনানের নেতৃত্বাধীন কমিশনের দেওয়া ৮৮ দফা সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে মিয়ানমার সরকার একটি কমিটি গঠন করেছে। এই কমিটি গঠনের ব্যাপারে মিয়ানমানের প্রেসিডেন্টের দফতর থেকে বলা হয়েছে, রোহিঙ্গা অধ্যুষিত এলাকায় নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক বিষয়াদির উন্নতি সাধনের লক্ষ্যে এই কমিটি গঠিন করা হয়েছে। ১৩ সেপ্টেম্বর'২০১৬ নিউইয়র্কে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে রাখাইন-এর পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকের আগে আকস্মিক এই কমিটি গঠনের কথা জানায় প্রেসিডেন্ট দফতর।[৫৮]

আনান কমিশনের সুপারিশমালায় বলা হয়েছে বাংলাদেশের সীমান্তবর্তী রাখাইনে বসবাসরত ১০ লক্ষাধিক রোহিঙ্গাকে 'বাঙালি' আখ্যা দিয়ে তাদের নাগরিকত্ব অস্বীকার করে মিয়ানমার। এজন্য তাদের নাগরিক অধিকার-বঞ্চিত করা হচ্ছে বছরের পর বছর ধরে। এ নিয়ে বারবার সহিংসতা ছড়ালেও বিষয়টির কোনো সুরাহা হয়নি। এ নিয়ে সমালোচনার প্রেক্ষিতে ২০১৬ সালের সেপ্টেম্বরে কফি আনানের নেতৃত্বে মিয়ানমারের ৬ জন এবং লেবানন ও নেদারল্যান্ডের ২ নাগরিককে নিয়ে ৯ সদস্যের উক্ত কমিশন গঠিত হয়।

কমিশনের প্রতিবেদনে মোটাদাগে রাখাইনের অর্থনৈতিক উন্নয়ন, মানবিক সহায়তা, লোকজনের অবাধ চলাচল ও নাগরিকত্ব আইন অনুযায়ী রাখাইনের বাসিন্দাদের অধিকারের বিষয়টি সুরাহা করার বিষয়ে সুপারিশ করা হয়।[৫৯] প্রতিবেদনে রাখাইনের জনগণকে 'রোহিঙ্গা'ও বলা হয়নি, মিয়ানমার সরকারের ভাষ্য অনুযায়ী 'বাঙালি'ও বলা হয়নি। বলা হয়েছে 'রাখাইনের মুসলমান সম্প্রদায়' হিসেবে।[৬০]

সুপারিশমালায় বলা হয়েছে-[৬১]

- রোহিঙ্গাদের নাগরিকত্ব প্রদান এবং মিয়ানমার ও বাংলাদেশ মিলে যৌথ যাচাই প্রক্রিয়ার মাধ্যমে তাদের নিরাপদে (বাংলাদেশ থেকে) প্রত্যাবাসন করতে হবে।

- ১৯৮২ সালের নাগরিকত্ব আইন অনুযায়ী নাগরিকত্ব যাচাই প্রক্রিয়া ত্বরান্বিত করতে এবং এরই মধ্যে নাগরিক হিসেবে যাচাই হওয়া ব্যক্তিদের সব ধরনের অধিকার ও স্বাধীনতা দিতে হবে।
- মিয়ানমারের নাগরিকত্ব আইনটি আন্তর্জাতিক রীতিনীতি, নাগরিকত্ব ও জাতিগোষ্ঠীর সঙ্গে সম্পৃক্ত করতে হবে।
- যারা মিয়ানমারের নাগরিক হিসেবে স্বীকৃতি পায়নি তাদের ঐ দেশটিতে অবস্থানের বিষয়টি হালনাগাদ করে উক্ত সমাজের অংশ করে নিতে হবে।
- জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সবার অবাধ চলাচলের সুযোগ দিতে হবে।
- রাখাইনে উন্নয়ন ও বিনিয়োগের পদক্ষেপ নিতে হবে, যাতে স্থানীয় জনগোষ্ঠীগুলোও উপকৃত হতে পারে।
- মিয়ানমারের রাজনৈতিক প্রক্রিয়ায় সব গোষ্ঠী ও সম্প্রদায়ের সদস্যদের সম্পৃক্ত করতে হবে।
- অভ্যন্তরীণভাবে বাস্তুহারাদের শিবিরগুলো বন্ধ করে সমাজেই তাদের সম্পৃক্ত করার নীতি নিতে হবে।
- সম্প্রদায়ে সম্প্রদায়ে সুসম্পর্ক সৃষ্টি এবং সমাজের সব সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- সীমান্ত ইস্যুসহ অভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ-মিয়ানমার সুসম্পর্ক জোরদার করতে হবে।
- সুপারিশ বাস্তবায়নে মিয়ানমারে কাঠামো সৃষ্টি এবং মন্ত্রী পর্যায়ের কাউকে দায়িত্ব দিতে হবে।

মিয়ানমারের রাখাইন রাজ্যবিষয়ক আন্তর্জাতিক পরামর্শ কমিশন তাদের অন্তর্বর্তী প্রতিবেদনে যে সুপারিশগুলো করেছে তা রোহিঙ্গা সমস্যাসহ বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যকার বিভিন্ন সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা পালন করতে পারে। ১৪ সেপ্টেম্বর ২০১৭ প্রকাশিত এই অন্তর্বর্তী প্রতিবেদনে বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার কথা বলা হয়েছে। এটা কার্যকর করতে দুই দেশের মধ্যে একটি যৌথ কমিশন ও আন্তর্জাতিক আইন মেনে তা বাস্তবায়নের যে পরামর্শ রয়েছে তা খুবই গুরুত্বপূর্ণ।[৬২] জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনানের নেতৃত্বে গঠিত ও আনান কমিশন নামে পরিচিত এই কমিশনের সুপারিশকে বাংলাদেশ স্বাগত জানায়।

আনান কমিশন এসব বিষয় বিবেচনায় নিয়ে রাখাইন রাজ্যে সংখ্যালঘু রোহিঙ্গাসহ সব জনগোষ্ঠীর নাগরিকত্ব নিশ্চিত করতে পরিচয় যাচাইয়ে একটি সমন্বিত ও স্বচ্ছ প্রক্রিয়া অবলম্বনের সুপারিশ করেছে। বর্তমান প্রক্রিয়া সেখানকার সংখ্যালঘু রোহিঙ্গা ও রাখাইন সম্প্রদায়ের জন্য বৈষম্যমূলক হিসেবে বিবেচিত। রাখাইন রাজ্যের এই সমস্যার চাপ বাংলাদেশকে নিতে হয় বলে সেখানকার নাগরিকত্ব-সংক্রান্ত সমস্যা বাংলাদেশের জন্যও উদ্বেগের বিষয়। বাংলাদেশে দীর্ঘদিন ধরে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়া ও প্রতিবেশি দুই দেশের মধ্যে সম্পর্ক উন্নয়নে কমিশন গঠনের সুপারিশকে বাংলাদেশ স্বাগত জানায়।[৬৩] শুধু রোহিঙ্গা প্রত্যাবাসন নয়, মানব ও মাদক পাচার, অবৈধ বাণিজ্য ও

অভিবাসন বন্ধ এবং আন্তঃসীমান্ত সন্ত্রাস বন্ধেও এ ধরনের কমিশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

রাখাইন রাজ্যের সহিংসতা ও গুরুতর মানবাধিকার লঙ্ঘনের দায়ে অভিযুক্তদের বিচারের আওতায় আনতে একটি স্বাধীন ও নিরপেক্ষ তদন্তের যে প্রস্তাব আনান কমিশন করেছে, বাংলাদেশ তার সঙ্গে একমত। ইউরোপীয় পার্লামেন্টসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের পক্ষ থেকে রাখাইন রাজ্যে ঘটে যাওয়া সহিংসতার তদন্ত দাবি করা হয়েছে। মিয়ানমারের রাখাইন রাজ্যের রোহিঙ্গাদের নাগরিকত্ব ও চলাফেরার ওপর নিষেধাজ্ঞা তুলে নেওয়ার সুপারিশ করেছে আনান কমিশন।[৬৪] জাতিসংঘের সাবেক মহাচিব কফি আনানের নেতৃত্বে গঠিত কমিশন জঙ্গিবাদের ঝুঁকি এড়িয়ে শান্তি প্রতিষ্ঠার স্বার্থে রোহিঙ্গাদের নাগরিকত্ব ও অবাধ চলাফেরার ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের সুপারিশ করেছে।

রোহিঙ্গা সমস্যার গ্রন্থিমোচনে আনান কমিশনের প্রতিবেদন পথ দেখাতে পারে। কমিশন তাদের প্রতিবেদনে রোহিঙ্গাদের নাগরিকত্ব যাচাইয়ে একটি নির্দিষ্ট কৌশল ও সময়সীমা ঠিক করার ওপরও গুরুত্বারোপ করেছে এবং বলেছে এটি হতে হবে স্বচ্ছ ও বিদ্যমান আইনের সঙ্গে সঙ্গতিপূণ। একই দিন বিকালে ইয়াঙ্গুনে এ প্রতিবেদনটি মিয়ানমারের প্রেসিডেন্ট তিন কিউ ও শীর্ষ নেত্রী অং সান সুচির কাছে তুলে দেন। মিয়ানমারের রোহিঙ্গা সমস্যাকে কেন্দ্র করে জঙ্গিবাদ বিস্তারের যে বিপদ সৃষ্টি হয়েছে তা বাংলাদেশের জন্যও হুমকিস্বরূপ। আমরা আশা করব, মিয়ানমার সরকার আনান কমিশনের প্রতিবেদনের প্রতি ইতিবাচক মনোভাব দেখাবে এবং সমস্যার জট মোচনে এগিয়ে আসবে।[৬৫] মিয়ানমারের স্থিতিশীলতা ও আঞ্চলিক শান্তির জন্যও তা প্রাসঙ্গিকতার দাবিদার।

আনান কমিশনের যেসব সুপারিশ করা হয়েছে, তা বাস্তবায়ন করাই আসল কথা। বাংলাদেশ সরকারকে এখন এ ব্যাপারে কূটনৈতিক উদ্যোগ ও আন্তর্জাতিক পর্যায়ে তৎপরতা জোরদান করতে হবে। তবে আমরা আশা করব, মিয়ানমার সরকারের উদ্যোগে গঠিত কমিশনের সুপারিশ বাস্তবায়নে মিয়ানমার নিজ থেকেই এগিয়ে আসবে।

### বাংলাদেশের ভূমিকা

বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় রোহিঙ্গা সমস্যাকে বহুবিধ, বহু-স্তরবিশিষ্ট, জটিল ও জরুরি সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। সমস্যার একটি মানবিক দিক যেমন আছে, তেমনি এর সঙ্গে সীমান্ত ও নিরাপত্তার সাথে সাথে অর্থনৈতিক, রাজনৈতিক, পরিবেশ এবং আঞ্চলিক স্থিতিশীলতার বিষয়টি গুরুত্বপূর্ণ। বাংলাদেশে রোহিঙ্গা অনুপ্রবেশ ঘটে ১৯৭৮-৭৯, ১৯৯১-৯২ এবং ২০১২ সালে। ১৯৯১-৯২ সালে উভয়পক্ষের চুক্তির ভিত্তিতে অধিকাংশ রোহিঙ্গারা নিজ দেশে প্রত্যাবর্তন করলেও ২০১৬ সালের অক্টোবর থেকে মিয়ানমার সেনাবাহিনীর নির্যাতনের মুখে রোহিঙ্গারা বাস্তচ্যুত হয়ে বাংলাদেশে ঢুকে পড়ছে। ২০১৭ সালের আগস্টে মিয়ানমার সেনাবাহিনীর চরম নির্যাতনের মুখে প্রায় ১০ লাখ রোহিঙ্গা বাস্তচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে। উদ্ভুদ পরিস্থিতিতে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যাটি জাতিসংঘের ৭২ সাধারণ অধিবেশনে উত্থাপন করেন। প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যের শুরুতে বলেছিলেন, "I have come here with a heavy heart. I have come here just after seeing the hungry, distressed and hopeless Rohingas from Myanmar who took shelter in Cox's Bazar, Bangladesh. This forcibly displaced people of

Myanmar are fleeing an `ethnic cleansing` in their own country where they have been living for centuries.” এছাড়া প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়কে পাঁচটি সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেন। প্রস্তাবসমূহ হচ্ছে ১. অনতিবিলম্বে এবং চিরতরে মিয়ানমারে সহিংসতা ও জাতিগত নিধন নিঃশর্তে বন্ধ করা; ২. অনতিবিলম্বে মিয়ানমারে জাতিসংঘ মহাসচিব-এর নিজস্ব একটি অনুসন্ধান দল প্রেরণ করা; ৩.জাতি-ধর্ম নির্বিশেষে সকল সাধারণ নাগরিকের নিরাপত্তা বিধান করা এবং এ লক্ষে মিয়ানমারের অভ্যন্তরে জাতিসংঘের তত্ত্বাবধানে সুরক্ষা বলয় গড়ে তোলা; ৪. রাখাইন রাজ্য হতে জোরপূর্বক বিতাড়িত সকল রোহিঙ্গাকে মিয়ানমারে তাদের নিজ ঘর-বাড়িতে প্রত্যাবর্তন ও পুনর্বাসন নিশ্চিত করা; এবং ৫. কফি আনান কমিশনের সুপারিশমালা নিঃশর্ত, পূর্ণ এবং দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করা।[৬৬] বাংলাদেশ সরকার ও জনগণ মনে করে উপরোক্ত প্রস্তাবগুলো যথাযত বাস্তবায়ন করা হলে রাখাইনে রোহিঙ্গা প্রত্যাবর্তন ও শান্তিপূর্ণভাবে স্বাভাবিক জীবন যাপন করতে পারবেন।

**উপসংহার**

রোহিঙ্গা মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যা। মিয়ানমারের বৃহৎ জনগণ রোহিঙ্গাদের তাদের নাগরিক মনে করে না। কোনো রাষ্ট্রের অভ্যন্তরীণ সমস্যা সমাধান করার পূর্ণ অধিকার প্রতিটি রাষ্ট্রেরই রয়েছে। রাষ্ট্রের যদি সার্বভৌমত্ব না থাকে বা অভ্যন্তরীণ সমস্যা সমাধানের সক্ষমতা না তাকে তাহলে কোনো রাষ্ট্রেরই শৃঙ্খলা তথা অস্তিত্ব থাকবে না। তাই আমি মনে করি রোহিঙ্গাদের জাতিগত সমস্যা মিয়ানমারের একান্ত অভ্যন্তরীণ সমস্যা এবং এর  সমাধান অবশ্যই মিয়ানমারকে করতে হবে। যদি কোনো রাষ্ট্র তার অভ্যন্তরীণ সমস্যা মিটাতে গিয়ে প্রতিবেশি রাষ্ট্রের জন্য সমস্যা সৃষ্টি করে তাহলে তখন তা কোনো রাষ্ট্রের অভ্যন্তরীণ সমস্যা হিসেবে গণ্য করা যেতে পারেন না। অতএব, মিয়ানমারের রোহিঙ্গা সমস্যা এখন আর মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যা নয়। ইতোমধ্যে মিয়ানমারের রোহিঙ্গা সমস্যা বাংলাদেশের জন্য গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। যা আগামীতে বাংলাদেশের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক তথা এক সুদূরপ্রসারী সীমান্ত সমস্যা সৃষ্টি করতে যাচ্ছে। রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশ যদি আন্তর্জাতিক নেতৃত্বদানকারী দেশগুলোকে নিয়ে এখনই ইতিবাচক পদক্ষেপ গ্রহণ না করে তাহলে সংকট ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকবে এতে কোনো সন্দেহ নেই। মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের কোনো বিরোধ নেই। পার্শ্ববর্তী দেশ বলে বাংলাদেশ তাদের অভ্যন্তরীণ সমস্যার দায় বইছে মাত্র। বাংলাদেশ একদিকে তার সীমিত সামর্থ্য নিয়ে নির্যাতিত রোহিঙ্গাদের মানবিক সাহায্য দিয়ে যাচ্ছে এবং অন্যদিকে বিশ্ববাসীর সমর্থন আদায়ের চেষ্টা করে যাচ্ছে। রোহিঙ্গা সমস্যা সমাধানে রোহিঙ্গাদের মিয়ানমারে তাদের নিজ ঘরবাড়িতে প্রত্যাবর্তন ও পুনর্বাসন নিশ্চিত করা এবং কফি আনান কমিশনের সুপারিশমালা নিঃশর্ত, পূর্ণ ও দ্রুত বাস্তবায়ন করা এখন সময়ের দাবি।

---

**তথ্যনির্দেশ:**

[১] মোঃ মাহফুজুর রহমান আখন্দ, *রোহিঙ্গা সমস্যা ও বাংলাদেশ*, ২য় সংস্করণ (রাজশাহীঃ পরিলেখ, ২০০৫), পৃ. ২৫।

[২] http://world population review.com/countries/myanmar-population, accesed on 4. 4. 2019.

[৩] https://en.wikipedia.org/wiki/Rakhine_State#cite_note-TUR-36, accesed on 4.4.2019

[৪] ইমরুল কায়েস, *রোহিঙ্গা গণহত্যা কাঠগড়ায় সুচি* (ঢাকাঃ গার্ডিয়ান পাবলিকেশন, ২০১৮), পৃ.১১।

[৫] রাহমান নাসির উদ্দিন, *রোহিঙ্গা নয় রোয়াইঙ্গা অস্তিত্বের সংকটে রাষ্ট্রহীন মানুষ* (ঢাকাঃ মূর্ধন্য, ২০১৭), ভূমিকা অংশ।

[৬] সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু* (ঢাকাঃ এডর্ন পাবলিকেশন্স, ২০১৯), পৃ. ৩৩।

[৭] আবদুল করিম, "রোহিঙ্গাদের হাজার বছরের ইতিহাস"মোহাম্মদ মুহিবউল্যাহ ছিদ্দিকী সম্পা. *আরাকানের মুসলমান: ইতিহাস ও ঐতিহ্য* (চট্টগ্রাম: আরাকান হিস্টরিক্যাল সোসাইটি, ২০০০), পৃ. ৬৮।

[৮] রাহমান নাসির উদ্দিন, *রোহিঙ্গা নয় রোয়াইঙ্গা অস্তিত্বের সংকটে রাষ্ট্রহীন মানুষ*, পৃ. ৫৮।

[৯] G. E. Harvey, *History of Burma: From the Earliest Times to 10 March 1824. The Beginning of the English Conquest* (London: Frank Cass & Co., 1967), p. 168.

[১০] শেখ মাসুম কামাল, *সামাজিক ইতিহাসের অন্তরালে রোহিঙ্গা সংকট* (ঢাকাঃ জাতীয় সাহিত্য প্রকাশ, ২০১৮), পৃ. ৪৬।

[১১] Moshe Yegar, *The Muslims of Burma: A Study of Minority Groups* (Jerusalem: Hebrew University, 1972), P. 149.

[১২] সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু* (ঢাকাঃ এডর্ন পাবলিকেশন্স, ২০১৯), পৃ. ৬৯।

[১৩] মোঃ মাহফুজুর রহমান, *রোহিঙ্গা সমস্যাঃ বাংলাদেশের দৃষ্টিভঙ্গি* (ঢাকাঃ ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৫), পৃ. ২৬।

[১৪] মোঃ মাহফুজুর রহমান আখন্দ, *আরাকানের মুসলমানদের ইতিহাস* (ঢাকাঃ বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লি., ২০১৭), পৃ. ১৪৮-১৪৯।

[১৫] মুহম্মদ এনামুল হক ও আব্দুল করিম, আরাকান-রাজসভা, মোহাম্মদ মুহিবউল্যাহ ছিদ্দিকী সম্পা. *আরাকানের মুসলমানঃ ইতিহাস ও ঐতিহ্য* (চট্টগ্রামঃ আরাকান হিস্টরিক্যাল সোসাইটি, ২০০০), পৃ. ১৩।

[১৬] ইমরুল কায়েস, *রোহিঙ্গা গণহত্যা কাঠগড়ায় সুচি*, পৃ. ১৩-১৪।

[১৭] Mohammed Younus, *A History of Arakan: Past & Present* (Chittagong: Magenta Colour, 1994), P. 49.

[১৮] G. E . Harvey, *Outline of Burmese History* (London: Longmans,1974), p. 47.

[১৯] মোঃ মাহফুজুর রহমান আখন্দ, *আরাকানের মুসলমানদের ইতিহাস* (ঢাকাঃ বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ, ২০১৭), পৃ.৩১।

[২০] Muhammad Ali Chowdhury, *Bengal-Arakan Relations* (Kolkata: Firma KLM Privet Limited, 2004), P. 67

[২১] A. Spinal, "English Relations with Burma in the time of Cornwallis and Shore, 1786-1798," *Bengal Past and Present*, Vol. XL, 1930, P.23.

[২২] R. B. Smart, *British Burma Gazetteers*: *Akyab District*, vol. A (Rangoon: Govt. Secrateriat Press, 1917), P. 347.

[২৩] মোঃ সিরাজুল ইসলাম, *ইঙ্গ-বর্মী সম্পর্ক* (ঢাকাঃ বাংলা একাডেমি, ১৯৯৮), পৃ. ১২৭। G. E. Harvey, *History of Burma: From the Earliest Times to 10 March 1824. The Beginning of the English Conquest* (London: Frank Cass & Co., 1967), p.19.

[২৪] I. Ahmed ed. *The Plight of the Stateless Rohingyas* (Dhaka: The University Press Ltd., 2010), p. 23.

[২৫] সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু*, পৃ.৭১।

[২৬] সৈয়দ ফারুক হোসেন, *রক্তাক্ত আরাকান মানবিক বাংলাদেশ* (ঢাকাঃ মেরিট ফেয়ার প্রকাশন, ২০১৮),পৃ.৩০।

[২৭] David I Steinberg, *Burma: The State of Myanmar,* P. 129.

[২৮] মাহফুজুর রহমান আখন্দ, *রোহিঙ্গা সমস্যা ও বাংলাদেশ* (রাজশাহীঃ পরিলেখ, ২০১৮), পৃ. ৭১।

[২৯] Muhammad Ali Chowdhury, *Bengal-Arakan Relations,* p. 86.

[30] J. A. Berlie, *The Burmanization of Myanmar's Muslims,* P. 197.

[৩১] মুহাম্মদ ইউনুছ, *অধিকৃত আরাকান জনগণ দেশ ও ইতিহাস* (আরাকানঃ আর এসও, ১৯৮৯), পৃ. ১৪৬।

[৩২] সামিউল আহমদ খান, "রোহিঙ্গা মুসলমান" *ইসলামিক ফাউন্ডেশন পত্রিকা*, মুসলিম বিশ্ব সংখ্যা, তেইশ বর্ষ, ১৯৮৩, পৃ. ৬৫।

[৩৩] মুহাম্মদ ইউনুছ, *অধিকৃত আরাকান জনগণ দেশ ও ইতিহাস*, পৃ. ১৮৭।

[৩৪] J. A. Berlie, *The Burmanization of Myanmar's Muslims,* P. 209.

[৩৫] আলতাভ পারভেজ, *জাতিগত সংঘাতের সাত দশক* (ঢাকা:ঐতিহ্য, ২০১৯), পৃ.৭১।

[৩৬] তদেব, পৃ. ৭৪।

[৩৭] Hossain Ahmed Shuvo, *Non- Refoulement and Rohinga Outcry Dissection & Striking a Balance* (Dhaka: Shiri Prokashaon, 2013), p. 49.

[৩৮] J. A. Berlie, *The Burmanization of Myanmar's Muslims,* P. 225.

[৩৯] সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু*, পৃ.৭২-৭৬।

[৪০] সামিউল আহমদ খান, "রোহিঙ্গা মুসলমান" *ইসলামিক ফাউন্ডেশন পত্রিকা*, পৃ. ৬৭।

[৪১] সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু*, পৃ.৭৭।

[৪২] Moshe Yegar, *The Muslims of Burma: A Study of Minority Groups,* P. 149.

[৪৩] মুহাম্মদ ইউনুছ, *অধিকৃত আরাকান জনগণ দেশ ও ইতিহাস*, পৃ. ১৯১।

[৪৪] A Jean Berlie, *The Burmanization of Myanmar's Muslims* (Bangkok: White Lotus Co., 2008), P. 126.

[৪৫] সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু*, পৃ.৮১। M Shamser Ali, "Arakan Rule in Chittagong" *Journal of Asiatic Society of Pakistan,* Vol. xii, No. 3. 1967, p. 58.

[৪৬] Abdur Razzaq and Mahfuzul Hoque, *A Tale of Refugees Rohingyas in Bangladesh* (Dhaka: Centre for Human Rights, 1995), p. 39.

[৪৭] জামাল উদ্দিন, *লুণ্ঠিত আরাকানে রোহিঙ্গা জাতির আর্তনাদ* (চট্টগ্রামঃ বলাকা প্রকাশন, ২০১৮), পৃ. ২১৩।

[৪৮] রাহমান নাসির উদ্দিন, *রোহিঙ্গা নয় রোয়াইঙ্গা অস্তিত্বের সংকটে রাষ্ট্রহীন মানুষ*, পৃ. ৮৫-৮৬।

৪৯ মুহাম্মদ আবুল হোসেন মাহমুদ, *বার্মায় মুসলিম গণহত্যা* (ঢাকাঃ বর্মী মুসলিম কেন্দ্রীয় সাহায্য কমিটি, ১৯৭৮), পৃ.৫-৬।

৫০ সৈয়দ ফারুক হোসেন, *রক্তাক্ত আরাকান মানবিক বাংলাদেশ*, পৃ. ৬০-৬২।

৫১ Mohammad Yunus, *A history of Arakan: Past and Present* (Chittagong: Magenta Colour, 1984), P.42.

৫২ জামাল উদ্দিন, *লুণ্ঠিত আরাকানে রোহিঙ্গা জাতির আর্তনাদ*, পৃ. ২০৫। U. Kyaw, *Background of the Rohingya Problem, Rakhine Tazaung Magazine* (Rangoon: Rangoon University Arakanese Culture Association, 1995), p. 29.

৫৩ মোঃ মাহফুজুর রহমান, *রোহিঙ্গা সমস্যা ও বাংলাদেশের দৃষ্টিভঙ্গী* (ঢাকাঃ ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৫), পৃ.৮৪।

৫৪ Mohammed Yunus, *A History of Arakan: Past and Present*, P. 115.

৫৫ জামাল উদ্দিন, *লুণ্ঠিত আরাকানে রোহিঙ্গা জাতির আর্তনাদ*, পৃ. ২০৭।

৫৬ সিরাজ উদ্দিন সাথী, *রোহিঙ্গাদের বিষাদ-সিন্ধু*, পৃ. ১১৩।

৫৭ সৈয়দ ফারুক হোসেন, *রক্তাক্ত আরাকান মানবিক বাংলাদেশ* (ঢাকাঃ মেরিট ফেয়ার প্রকাশন, ২০১৮), পৃ.১০৫।

৫৮ ইমরুল কায়েস, *রোহিঙ্গা গণহত্যা কাঠগড়ায় সুচি* (ঢাকাঃ গার্ডিয়ান পাবলিকেশন, ২০১৮), পৃ. ৯৫-৯৬।

৫৯ সৈয়দ ফারুক হোসেন, *রক্তাক্ত আরাকান মানবিক বাংলাদেশ*, পৃ. ২১৫।

৬০ https://storage.googleapis.com/kofiannanfoundation.org/2017/08/FinalReport_Eng.pdf, accessed on 24 may 2019.

৬১ https://storage.googleapis.com/kofiannanfoundation.org/2017/08/FinalReport_Eng.pdf, accessed on 25 may 2019.

৬২ সৈয়দ ফারুক হোসেন, *রক্তাক্ত আরাকান মানবিক বাংলাদেশ*, পৃ. ২১৬-২১৭।

৬৩ ইমরুল কায়েস, *রোহিঙ্গা গণহত্যা কাঠগড়ায় সুচি*, পৃ. ৯৭।

৬৪ https://storage.googleapis.com/kofiannanfoundation.org/2017/08/FinalReport_Eng.pdf, accessed on 25 May 2019.

৬৫ সৈয়দ ফারুক হোসেন, *রক্তাক্ত আরাকান মানবিক বাংলাদেশ*, পৃ. ২১৮।

৬৬ "রোহিঙ্গা সংকটঃ বাংলাদেশ কর্তৃক গৃহীত পদক্ষেপ ও পর্যালোচনা", গোলটেবিল আলোচনার কার্যবিবরণী (ঢাকাঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, ২০১৭), পৃ. ১৬-১৯।

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# আফগানিস্তানে মার্কিন যুক্তরাষ্ট্রের আভিযানঃ একটি ঐতিহাসিক বিশ্লেষণ

ড. মো. ফজলুল হক*

**Abstract:** The invasion of the United States of Afghanistan occurred after the attacks in 11 September, 2001 and was supported by close US allies. The conflict was also known as the US war in Afghanistan, which was aimed to dismantle al-Qaeda and to establish it as a safe base of operations in Afghanistan by removing the Taliban from power. The United Kingdom was a key ally of the US, offering support for military action from the start of preparations for the invasion. It followed the Afghan Civil War's 1996–2001 between the Taliban and the Northern Alliance groups. US President George W. Bush demanded that the Taliban handed over Osama bin Laden and expel al-Qaeda. The Taliban declined to extradite him. As a result, the US launched Operation Enduring Freedom on 7 October, 2001 with the United Kingdom.The US and its allies rapidly drove the Taliban from power by 17 December, 2001, and built military bases near major cities across the country. Most of al-Qaeda and Taliban members were not captured, escaping to neighboring Pakistan or retreating to rural or remote mountainous regions during the Battle of Tora Bora. In December 2001, the United Nations Security Council established the International Security Assistance Force (ISAF) to oversee military operations in the country and train Afghan National Security Forces. In the popular elections of 2004, Hamid Karzai was elected president of the country, named the Islamic Republic of Afghanistan. In August 2003, NATO became involved as an alliance, taking the helm of ISAF. One portion of US forces in Afghanistan operated under NATO command; the rest remained under direct US command. Taliban leader Mullah Omar reorganized the movement, and in 2002, it launched an insurgency against the government and ISAF. This article highlights the different stages of invasion towards Afghanistan.

## ভূমিকা

২০০০ খ্রিস্টাব্দে ১১ সেপ্টেম্বরের আমেরিকার টুইন টাওয়ারে (Twin Towers) হামলার পরে মার্কিন যুক্তরাষ্ট্র ঘনিষ্ট মিত্রদের সহযোগিতা নিয়ে আফগানিস্তানে আক্রমণ শুরু করে। এই যুদ্ধটি আফগানিস্তানে মার্কিনিদের যুদ্ধ নামে পরিচিত।[১] এ যুদ্ধটি ১৯৯৬ থেকে ২০০১ খ্রিস্টাব্দ নাগাদ চলমান আফগান গৃহযুদ্ধের পরেই সংঘটিত হয়েছিল। এ যুদ্ধের মূল উদ্দেশ্য ছিল আল-কায়দা ধ্বংস করা এবং তালেবানদের ক্ষমতাচ্যুত করে আফগানিস্তানে আল-কায়দার নিরাপদ কার্যক্রম বন্ধ করে দেওয়া। ২০০৩ খ্রিস্টাব্দের আগস্ট মাস থেকে ন্যাটো (NATO) আন্তর্জাতিক নিরাপত্তায় সহায়তা প্রদানকারী বাহিনীর কর্ণধার হিসেবে এ যুদ্ধে অংশ নেয়।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ তালেবানদের কাছে ওসামা বিন লাদেনকে হস্তান্তর করা ও আল-কায়দা বিতাড়িত করার দাবি জানায়। ইতোপূর্বে, বিন লাদেনকে ১৯৯৮ খ্রিস্টাব্দ থেকে এফবিআই ও

* প্রফেসর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

১৯৯৯ খ্রিস্টাব্দ থেকে জাতিসংঘ খুঁজছিল। তালেবানরা ৯/১১ হামলায় লাদেনের সম্পৃক্ততার প্রমাণ উপস্থাপন না করা পর্যন্ত তাকে (ওসামা বিন লাদেনকে) ও তাঁর অন্যান্য সহযোগী সন্ত্রাসীদের হস্তান্তর করতে এবং সন্ত্রাসী কার্যক্রম বন্ধ করতে অস্বীকার করে।[২] যুক্তরাষ্ট্র এটিকে অর্থহীন সময়ক্ষেপণের কৌশল হিসেবে বিবেচনা করে তাদের দাবি প্রত্যাখ্যান করে এবং ২০০১ খ্রিস্টাব্দের ৭ অক্টোবর থেকে যুক্তরাজ্যকে সাথে নিয়ে অপারেশন ইনডিউরিং ফ্রিডম (Operation Enduring Freedom) শুরু করে। পরবর্তীতে উত্তরাঞ্চলীয় জোটসহ (Northern Alliance) আরও দুটি বাহিনী এতে যোগদান করে।[৩] যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা শীঘ্রই ২০০১ খ্রিস্টাব্দের ১৭ ডিসেম্বরের মধ্যে তালেবানদের ক্ষমতাচ্যুত করে এবং দেশের প্রধান প্রধান শহরগুলোতে সেনা-সমাবেশ ঘটায়। বেশিরভাগ তালেবান ও আল-কায়দাদের গ্রেফতার করা যায়নি। কারণ ২০০১ খ্রিস্টাব্দে তোরা বোরা যুদ্ধের (Battle of Tora Bora) সময় প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তানে পালিয়ে যায় এবং গ্রামাঞ্চল ও দূরবর্তী পাহাড়ি অঞ্চলে আত্মগোপন করে।

২০০১ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ আফগানিস্তান নিরাপত্তাবাহিনীকে প্রশিক্ষণ প্রদান ও দেশের অভ্যন্তরে সামরিক কার্যক্রম পরিচালনার জন্য আন্তর্জাতিক নিরাপত্তা সহায়তা প্রদানকারী বাহিনী International Security Assistance Force (ISAF) গঠন করে। ২০০১ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসে জার্মানির বন সম্মেলনে হামিদ কারজাইকে প্রধান করে আফগানিস্তানের অন্তর্বর্তীকালিন সরকার গঠন করা হয় যা কাবুলে অনুষ্ঠিত ২০০২ খ্রিস্টাব্দের লয়া জিগগার মাধ্যমে প্রশাসনের অনুমোদন লাভ করে। ২০০৪ খ্রিস্টাব্দের সাধারণ নির্বাচনে হামিদ কারজাই আফগানিস্তানের প্রেসিডেন্ট নির্বাচিত হন। বর্তমানে আফগানিস্তান 'ইসলামী প্রজাতান্ত্রিক আফগানিস্তান' নামে পরিচিত। ২০০৩ খ্রিস্টাব্দে ন্যাটো আইএসএএফ-এর নেতৃত্ব গ্রহণ করে। ন্যাটোর নির্দেশণায় মার্কিন বাহিনীর একটি অংশ আফগানিস্তানে কাজ করে, অবশিষ্টরা সরাসরি যুক্তরাষ্ট্রের নির্দেশণায় কাজ করে। তালেবান নেতা মোল্লা উমর ২০০৩ খ্রিস্টাব্দে পুনরায় তালেবানদের সংগঠিত করে এবং সরকার ও আইএসএএফ'র বিরুদ্ধে আন্দোলন শুরু করে।[৪]

### আফগানিস্তানে গৃহযুদ্ধের কারণসমূহ

১৯৭৩ খ্রিস্টাব্দে বাদশা জহির শাহের চাচাতো ভাই মুহাম্মদ দাউদ খানের নেতৃত্বে এক রক্তপাতহীন অভ্যুত্থানের মাধ্যমে তাঁকে ক্ষমতাচ্যুত করার পর থেকেই আফগানিস্তানের রাজনৈতিক অবস্থা ভেঙে পড়তে থাকে। দাউদ খান ১৯৫৩ খ্রিস্টাব্দ থেকে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন এবং অর্থনীতির আধুনিকীকরণ, নারীমুক্তি ও পশতুন জাতীয়তাবাদের ব্যাপক উন্নতি করেন। এ কারণে প্রতিবেশী পাকিস্তান তার অবাধ্য পশতুন জাতির জনগণ নিয়ে বিপাকে পড়ে। ১৯৭০-এর দশক থেকে পাকিস্তানের প্রধানমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো আফগান সরকারের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য আফগানিস্তানের ইসলামী নেতাদের বিশেষ করে বুরহান উদ্দিন রব্বানী ও গুলবুদ্দিন হেকমতিয়ারকে উৎসাহিত করতে থাকে। ১৯৭৮ খ্রিস্টাব্দে দাউদ খান তার সরকারের সহযোগী দল, ডেমক্রেটিক পার্টি অব আফগানিস্তান (পিডিপিএ[৫])-এর এক অভ্যুত্থানে নিহত হন। পিডিপিএ বিবাহ প্রথার সংস্কার সাধন, গণশিক্ষা কর্যক্রমের উন্নয়ন ও ভূমি মালিকানা আইনের পুনর্গঠনের মাধ্যমে সমাজতান্ত্রিক পরিবর্তনের দিকে এগিয়ে যায়। এতে জাতিগত রীতি বিলুপ্ত হলে গ্রামাঞ্চলের বিরোধী ইসলামী নেতারা ক্ষিপ্ত হয়ে উঠে।

পিডিপিএ'র কঠোর ব্যবস্থার বিপক্ষে ইসমাইল খান হিরাতের বিদ্রোহের মধ্য দিয়ে প্রকাশ্য বিদ্রোহের মুখোমুখি হতে থাকে। পিডিপিএ অভ্যন্তরীণ নেতৃত্বের কোন্দলে আক্রান্ত হয় এবং ১৯৭৯ খ্রিস্টাব্দের ১১ সেপ্টেম্বরের অভ্যন্তরীণ অভ্যুত্থানের কারণে দুর্বল হয়ে পড়ে। এ অভ্যুত্থানে হাফিজুল্লাহ আমিন নূর মুহাম্মদ তারাকিকে উৎখাত করে। সোভিয়েত ইউনিয়ন পিডিপিএ'র দুর্বলতা অনুভব করে আমিনকে উৎখাত করে বারবাক কারমালের নেতৃত্বাধীন পিডিপিএ'র আরেক অংশকে ক্ষমতায় বসানোর জন্য তিন মাস পরে সামরিক বাহিনীর হস্তক্ষেপ কামনা করে।

আফগানিস্তানের সোভিয়েত বিরোধীরা ১৯৭৯ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসে স্নায়ুযুদ্ধ চরম পর্যায়ে পৌঁছায় এবং সোভিয়েত সমর্থিত ডেমক্রেটিক রিপাবলিক অব আফগানিস্তানের বিরুদ্ধে তাদের বিদ্রোহকে সমর্থন প্রদানের জন্য যুক্তরাষ্ট্র, পাকিস্তান, সউদী আরব ও চীনকে আহবান করে। ধর্মনিরপেক্ষ সমাজতান্ত্রিক সরকার বেশিরভাগ শহর নিয়ন্ত্রণে নেয়। এর বিপরীতে ধর্মীয় মনোভাবের মুজাহিদিনরা বেশিরভাগ গ্রাম নিয়ন্ত্রণে নেয়। রব্বানী, হেকমতিয়ার ও ইসমাইল খানের সাথে জালালুদ্দিন হাক্কানি নামে আরও একজন মুজাহিদিন নেতা ছিলেন। মুজাহিদিনদের জন্য বিদেশি সহায়তা লাভের নিমিত্তে সিআইএ পাকিস্তানি আন্ত-রাষ্ট্র গোয়েন্দা সংস্থার সাথে ঘনিষ্টভাবে কাজ করে। যুদ্ধটি ওসামা বিন লাদেনসহ "আফগান আরব" নামের স্বেচ্ছাসেবক দলকেও আকৃষ্ট করে।

১৯৮৯ খ্রিস্টাব্দের মে মাসে আফগানিস্তান থেকে সোভিয়েত সেনা প্রত্যাহারের পরে নজিবুল্লার নেতৃত্বে ১৯৯২ খ্রিস্টাব্দ পর্যন্ত পিডিপিএ সরকার বহাল থাকে। সে সময় সোভিয়েত ইউনিয়নের পতনের ফলে দেশটি সাহায্য থেকে বঞ্চিত হয় এবং উজবেক জেনারেল আব্দুর রশিদ দোস্তামের দল ত্যাগের কারণে কাবুলের দ্বার উন্মুক্ত হয়। রাজনৈতিক ক্ষেত্রে আফগান সমাজতন্ত্রের প্রকাশ ঘটে। অবশিষ্ট মুজাহিদিনরা ক্ষমতার প্রতি আকৃষ্ট হয়ে পড়লে ওসামা বিন লাদেন দেশটি ত্যাগ করে চলে যান এবং আফগানিস্তানের প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের আগ্রহের কমতি ঘটতে থাকে।

**শাসন ব্যবস্থার অরাজকতা ১৯৯২-১৯৯৬**

১৯৯২ খ্রিস্টাব্দে বোরহান উদ্দিন রব্বানী ইসলামিক ষ্টেট অব আগানিস্তানের রাষ্ট্রপতি নির্বাচিত হন। কিন্তু কাবুলে নিয়ন্ত্রণ রাখার জন্য তাঁকে অন্যান্য যোদ্ধাবাজদের সাথে যুদ্ধ করতে হয়। ১৯৯৪ খ্রিস্টাব্দের শেষের দিকে রব্বানীর প্রতিরক্ষা মন্ত্রী আহমদ শাহ মাসুদ কাবুলে হেকমাতিয়ারকে পরাজিত করেন এবং রাজধানীতে চলমান বোমা বিস্ফোরণের সমাপ্ত করেন।[৬] মাসুদ জাতীয় সমন্বয়সধনের উদ্দেশ্যে দেশব্যাপী একটি রাজনৈতিক প্রক্রিয়া শুরু করতে চেষ্টা করেন। পশ্চিমের ইসমাইল খান এবং উত্তরের দোস্তামসহ অন্যান্য যোদ্ধাবাজরা তাদের নিয়ন্ত্রণ বাজায় রাখে।

১৯৯৪ খ্রিস্টাব্দে পশতুন মুজাহিদিন মোল্লা উমর কান্দাহারে ফিরে এসে তালেবান নামে একটি সংগঠন প্রতিষ্ঠিত করেন। মোল্লা উমর পাকিস্তানের একটি মাদ্রাসায় লেখাপড়া করেন। তার অনুসারীরা ছিল ধর্মীয় শিক্ষার্থী যারা তালেবান নামে পরিচিত ছিল। তারা ইসলামের বিধান কঠোরভাবে বাস্তবায়নের মাধ্যমে জায়গির প্রথা উচ্ছেদ করতে বদ্ধপরিকর। ১৯৯৪ খ্রিস্টাব্দের নভেম্বর মাসের মধ্যে তারা সমগ্র কান্দাহার দখল করে নেয়। তারা সরকারের দেওয়া জোট সরকার গঠনের প্রস্তাব অস্বীকার করে এবং ১৯৯৫ খ্রিস্টাব্দে কাবুলের দিকে যাত্রা করে।

**তালেবান আমিরাত বনাম উত্তরাঞ্চলীয় জোট**

১৯৯৪ খ্রিস্টাব্দে তালেবানদের প্রাথমিক বিজয় পরর্তীতে কতগুলো ধারাবাহিক পরাজয়ের অনুবর্তী হয়েছিল। পাকিস্তান তালবানদেরকে জোরালোভাবে সমর্থন প্রদান করে। আমিন সাইকলসহ (Amin Saikal) অন্য বিশ্লেষকরা দলকে পাকিস্তানের প্রক্সি বাহিনী হিসেবে মন্তব্য করেন যা তালেবানরা অস্বীকার করে। ১৯৯৫ খ্রিস্টাব্দের প্রথম দিকে তালেবানরা কাবুলে শেল নিক্ষেপ শুরু করে কিন্তু মাসুদ তাদেরকে প্রতিহত করেন।

১৯৯৬ খ্রিস্টাব্দের ২৭ সেপ্টেম্বর তালেবানরা পাকিস্তানের সামরিক ও সউদী আরবের অর্থনৈতিক সমর্থনে কাবুল দখল করে এবং ইসলামিক আমিরাত অব আফগানিস্তান প্রতিষ্ঠা করে। তারা তাদের ইসলামের মৌলবাদী ব্যাখ্যা জারি করে এবং পুরুষ আত্মীয়কে সাথে না নিয়ে নারীদেরকে কর্মক্ষেত্রে ও বিদ্যালয়ে যেতে এবং তাদের গৃহ ত্যাগ করতে নিষেধ করে। পাকিস্তানি বিশেষজ্ঞ আহমদ রশিদের মতে, "১৯৯৪ থেকে ১৯৯৯ খ্রিস্টাব্দের মধ্যে প্রায় ৮০০০০ থেকে ১০০০০০ পাকিস্তানি প্রশিক্ষণ নেয় এবং তালেবানদের পক্ষে আফগানিস্তানে যুদ্ধ করে।"[৭]

মাসুদ এবং দোস্তাম-এর সাবেক শত্রুরা তালেবানদের বিরুদ্ধে একটি ঐক্যজোট গঠন করে যা সাধারণভাবে উত্তরাঞ্চলীয় জোট নামে পরিচিতি লাভ করে। মাসুদের তাজিক বাহিনী ও দোস্তামের উজবেক বাহিনীর সাথে যুক্তফ্রন্টে হাজারা দল আব্দুল হক এবং হাজি আব্দুল কাদিরের নেতৃত্বে পশতুন সেনাদের একত্রিত করে। আব্দুল হকও সীমিতসংখ্যক পশতুন তালেবানদের একত্র করে। সকলেই আফগানিস্তানের নির্বাসিত বাদশাহ জহির শাহের সাথে কাজ করতে একমত হয়। আন্তর্জাতিক কর্মকর্তারা নতুন জোটের কর্মকর্তাদের সাথে সাক্ষাত করেন, এ জোটকে সাংবাদিক স্টিভ কোল (Steve Coll) "বৃহত্তর পশতুন-তাজিক জোট" বলে আখ্যায়িত করেন। তিনি বলেন, "এটি অবিশ্বাস্য যে আজ আপনারা পশতুন, তাজিক, উজবেক, হাজারা সবাই জাতিগতভাবে সুষম আফগানিস্তান প্রতিষ্ঠার জন্য বাদশাহ জহির শাহের ব্যানারে কাজ করতে প্রস্তুত হয়েছেন।"[৮] উত্তরাঞ্চলীয় জোট রাশিয়া, ইরান, তাজিকিস্তান ও ভারত থেকে বিভিন্নভাবে সমর্থন লাভ করে।

তালেবানরা ১৯৯৮ খ্রিস্টাব্দে মাজার-ই-শরিফ দখল করে এবং দোস্তামকে নির্বাসনে যেতে বাধ্য করে। তারা নৃশংস যুদ্ধ চলায়। জাতিসংঘের মতে তালেবানরা উত্তর ও পশ্চিম আফগানে একচ্ছত্র নিয়ন্ত্রণ লাভের জন্য নিয়মিত গণহত্যা চালায়। জাতিসংঘের কর্মকর্তাগণ বলেন যে "১৯৯৬ থেকে ২০০১ খ্রিস্টাব্দের মধ্যে ১৫টি গণহত্যা চালানো হয়।" তালেবানরা বিশেষ করে শিয়া হাজারাদের বিরুদ্ধে অভিযান চালায়। ১৯৯৭ খ্রিস্টাব্দের উজবেক জেনারেল আব্দুল মালেকের প্রদত্ত তিন হাজার তালেবানের মৃত্যুদণ্ডের প্রতিশোধ হিসেবে ১৯৯৮ খ্রিস্টাব্দে মাজার-ই-শরিফ দখল করে তালেবানরা ৪০০০ সাধারণ জনতাকে হত্যা করে। ওসামা বিন লাদেনের কথিত ০৫৫ সেনাদল আফগানিস্তানের গণহত্যার জন্য দায়ী।[৯] জাতিসংঘের প্রতিবেদনে প্রত্যক্ষদর্শী গ্রামবাসীদের বরাত দিয়ে উপস্থাপন করে যে, "আরব যোদ্ধারা মানুষের গলা কাটতে ও চামড়া খসাতে বড় বড় ছুরি ব্যবহার করছে।"

২০০১ খ্রিস্টাব্দের মধ্যে তালেবানরা দেশটির প্রায় নব্বই ভাগ দখল করে নেয়, উত্তরাঞ্চলীয় জোটকে পরাজিত করার মাধ্যমে দেশের উত্তারাংশে তাদের দখল নিশ্চিত করে। তালেবান বাহিনীর পাশাপাশি

২৮,০০০ থেকে ৩০,০০০ পাকিস্তানি এবং ২,০০০ থেকে ৩,০০০ আল-কায়দা বাহিনী যুদ্ধ করে। অনেক পাকিস্তানি সেনা মাদ্রাসা থেকে নিয়োগ দেওয়া হয়েছিল। ১৯৯৮ খ্রিস্টাব্দের এক প্রতিবেদনে যুক্তরাষ্ট্রের প্রশাসন নিশ্চিত করেছিল যে "২০-৪০ ভাগ নিয়মিত তালেবান যোদ্ধা ছিল পাকিস্তানি।" প্রতিবেদনে বলা হয়, "তালেবানদের সাথে যুদ্ধে অংশ গ্রহণকারী পাকিস্তানি যোদ্ধাদের তাদের মৃতদেহও পাকিস্তানে ফিরে না আসা পর্যন্ত অনেকের পিতামাতা তাদের সন্তানদের সম্পর্কে কিছুই জানতে পারেনি।" যুক্তরাষ্ট্র সরকার ও মানবাধিকার পর্যবেক্ষণ সংস্থার প্রতিবেদনে বলা হয়, "আফগানিস্তানে অন্যান্য পাকিস্তানি যোদ্ধাদের মধ্যে ছিল নিয়মিত সেনাসদস্য, বিশেষ করে সীমান্তরক্ষী বাহিনীর সদস্য ছাড়াও এ যুদ্ধে পাকিস্তানি সেনারা সরাসরি অংশ নেয়।" আগ্রাসনের সময় ০৫৫ সেনা দলে অন্তত ৫০০ জন সৈনিক ছিল এবং ১১ সেপ্টেম্বরের হামলার পরে আরও প্রায় ১,০০০ আরব, ইরান ও পাকিস্তান অতিক্রম করে আফগানিস্তানে প্রবেশ করে এবং জালালাবাদ, খোস্ত, কান্দাহার ও মাজার-ই-শরিফে আশ্রয় নেয়। ১১ সেপ্টেম্বরের হামলার কয়েক সপ্তাহ আগে গুজব ছড়িয়ে পড়ে যে ০৫৫ সেনাদলের শীর্ষ নেতৃত্ব গ্রহণ করেছেন জুমা নামানগানি (Juma Namangani)।[১০]

**আল-কায়দা**

১৯৯৬ খ্রিস্টাব্দের আগস্ট মাসে ওসামা বিন লাদেনকে সুদান ত্যাগ করার জন্য চাপ প্রদান করা হয়। তিনি তখন সুদান ছেড়ে আফগানিস্তানের জালালাবাদে প্রবেশ করেন। তিনি ১৯৮০'র দশকে সোভিয়েতের বিরুদ্ধে মুজাহিদিনদের সাহায্য করার জন্য আল-কায়দা গঠন করেন, কিন্তু যোদ্ধাবাজদের মধ্যে যুদ্ধ করতে গিয়ে আশাহত হয়ে পড়েন। তিনি মোল্লা উমরের সাথে হাত মিলিয়ে পূর্ব আফগানিস্তানে আল-কায়দা কার্যক্রম পরিচালনা শুরু করেন।

যুক্তরাষ্ট্রের ৯/১১ কমিশন প্রতিবেদনে প্রকাশ করা হয় যে তালেবানদের ছত্রছায়ায় আল-কায়দা সেনাদের প্রশিক্ষণ প্রদান, অস্ত্র আমদানি, অন্যান্য জিহাদিদের সাথে সমন্বয়সাধন এবং সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা পরিকল্পনা প্রণয়ন করার স্থান হিসেবে আফগানিস্তানকে ব্যাবহার করতে সক্ষম হয়েছে। আল-কায়দা আফগানিস্তানে নিজস্ব ক্যাম্প স্থাপনে সমর্থ হয় তখন এ সংগঠনটি অন্যান্য সংগঠনের প্রশিক্ষণ ক্যাম্পগুলোকে সাহায্য করে। ৯/১১ আগে প্রায় ১০,০০০ থেকে ২০,০০০ লোক এ সুবিধা লাভ করে এবং যাদের অধিকাংশকেই যুক্তফ্রন্টের বিরুদ্ধে তালেবানদের পক্ষে যুদ্ধ করতে পাঠানো হয়। আল-কায়দার মধ্যে অল্পসংখক যোদ্ধাদের রেখে দেওয়া হয়।

১৯৯৮ খ্রিস্টাব্দে যুক্তরাষ্ট্রের দূতাবাসে বোমা হামলায় বিন লাদেনের সম্পৃক্ততা প্রমাণ হলে প্রেসিডেন্ট বিল ক্লিনটন জঙ্গী প্রশিক্ষণকেন্দ্রে ক্ষেপনাস্ত্র হামলা চালানোর নির্দেশ দেন। যুক্তরাষ্ট্রের কর্মকর্তাগণ লাদেনকে হস্তান্তর করার জন্য তালেবানদের চাপ দেয়। ১৯৯৯ খ্রিস্টাব্দে আন্তর্জাতিক সম্প্রদায় লাদেনকে হস্তান্তর করার দাবি জানিয়ে তালেবানদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে। তালেবানরা বার বার এ দাবী অস্বীকার করে যদিও তালেবান কর্তৃক লাদেনেকে হস্তান্তরের বিনিময় গ্রহণ সংক্রান্ত পদক্ষেপের সংবাদ ছড়িয়ে পড়েছিল।

১৯৯০'র দশকে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা (সিআইএ) আধাসামরিক বাহিনী বিন লাদেনকে হত্যা করা অথবা গ্রেফতার করার জন্য আফগানিস্তানে সক্রিয়ভাবে গোপন অপারেশন পরিচালনা করে। এ দল

অনেক আক্রমণের পরিকল্পনা নিয়েছিল কিন্তু তা বাস্তবায়নের জন্য প্রেসিডেন্ট ক্লিনটনের অনুমতি লাভ করতে পারেনি। তাদের প্রচেষ্টায় আফগান নেতৃস্থানীয়দের সাথে সুসম্পর্ক প্রতিষ্ঠিত হয়, যা ২০০১ খ্রিস্টাব্দের আফগান আক্রমণের এর প্রয়োজনীয়তা প্রমাণিত হয়।

**যুক্তরাষ্ট্র কর্তৃক আফগান নীতির পরিবর্তন**

ক্লিনটন প্রশাসন পাকিস্তানকে সমর্থন প্রদান করে কিন্তু ১৯৯৮ থেকে ১৯৯৯ খ্রিস্টাব্দ পর্যন্ত আফগানিস্তানের প্রতি কোনো স্পষ্ট সিদ্ধান্ত গ্রহণ করে নি। উদাহরণসরূপ ১৯৯৭ সালে যুক্তরাষ্ট্রের সরকারি কর্মকর্তা রবিন রাফেল মাসুদকে তালেবানদের কাছে আত্মসমর্পণ করার আহবান জানিয়েছিল। তার জবাবে মাসুদ বলেছিলেন যতক্ষণ পর্যন্ত তিনি তার কুড়ে ঘরের জায়গাটুকু নিয়ন্ত্রণ করতে সমর্থ হবেন ততক্ষণ পর্যন্ত তিনি তা তালেবানদের হাত থেকে রক্ষা করে যাবেন। এ সময়ের মধ্যে ক্লিনটন প্রশাসনের বৈদেশিক নীতির উর্ধ্বতন কর্মকর্তাগণ আফগানিস্তানের উত্তরাঞ্চলে গিয়ে যুক্তফ্রন্টকে বোঝাতে চেষ্টা করে যাতে তারা তালেবানদের বিরুদ্ধে বিশেষ ফায়দা লাভের জন্য কোনো সুযোগ-সুবিধার আশ্রয় না নেয়। তারা জোরালোভাবে বোঝাতে চেষ্টা করে যে এটি যুদ্ধ বিরতি ও অস্ত্র নিষেধাজ্ঞার উপযুক্ত সময়। সেসময় প্রধানত সউদী আরবের অর্থায়নে পাকিস্তান, তালেবানদের পুনর্গঠন ও পুনরায় সজ্জিত করণের জন্য বার্লিনের মতো বিমান যোগাযোগ শুরু করে।[11]

১৯৯৮ খ্রিস্টাব্দে যুক্তরাষ্ট্রের দূতাবাসে বোমা হামলার পরে যুক্তরাষ্ট্রের নীতির পরিবর্তন ঘটে। পরবর্তীতে ওসামা বিন লাদেন সে বোমা হামলার জন্য দোষী সাব্যস্ত হয়। ১৯৯৯ খ্রিস্টাব্দে যুক্তরাষ্ট্র ও জাতিসংঘ উভয়েই জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ১২৬৭ নং রেজুলেশনের মাধ্যমে তালেবানদের ওপর নিষেধাজ্ঞা জারি করে। এর মাধ্যমে ওসামা বিন লাদেনকে বিচারের জন্য যুক্তরাষ্ট্রের কাছে হস্তান্তর করতে এবং আফগানিস্তানের সকল সন্ত্রাসী প্রশিক্ষণ কেন্দ্র বন্ধ করে দেওয়ার জন্য তালেবান নেতাদের কাছে দাবি জানান।[12] ১৯৯৮ খ্রিস্টাব্দের বোমা হামলার পরে শুধু বিন লাদেনকে খুঁজে বের করার ক্ষেত্রে মাসুদ ও যুক্তরাষ্ট্র পরস্পর সহযোগী হিসেবে সিআইএ'র কাজে সহায্য করে। যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন তালেবানদের বিরুদ্ধে যুদ্ধ করার ক্ষেত্রে মাসুদকে কোনোরূপ সমর্থন প্রদান করে নি।

২০০১ খ্রিস্টাব্দ নাগাদ সিআইএ কর্মকর্তারা মাসুদকে জানিয়েছিল যে তাদের পক্ষ থেকে নীতি পরিবর্তনের প্রক্রিয়া চলছে। নিকটবর্তী পূর্ব বিভাগ ও কাউন্টার সন্ত্রাসী কেন্দ্রের সাথে কর্মরত সিআইএ আইনজীবী আফগানিস্তানে একটি গোপন কর্মসূচি চালানোর অনুমোদন চেয়ে প্রেসিডেন্ট জর্জ ডাব্লিউ বুশের স্বাক্ষর গ্রহণের খসড়া প্রণয়ন করতে শুরু করে। পরিকল্পনা প্রণয়ন করা হয় যে কোনো এক দশকের প্রথমে আফগানাযুদ্ধে মাসুদকে সমর্থন করার অনুমতি চাওয়া হবে। ক্লিনটন প্রশাসনের কাউন্টার টেরোরিজম সিকিউরিটি গ্রুপের প্রধান, রিচার্ড এ. ক্লার্ক (Richard A. Clarke) এবং পরবর্তীতে বুশ প্রশাসনের একজন কর্মকর্তা ২০০১ খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে বুশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা কন্ডলিজা রাইজের (Condoleezza Rice) আগমনের তথাকথিত পরিকল্পনা উপস্থাপন করেন।

২০০১ খ্রিস্টাব্দের আগস্ট মাসে যুক্তরাষ্ট্রের নীতির একটি পরিবর্তন কার্যকর হয়। বুশ প্রশাসন মাসুদকে সমর্থন দিতে সম্মত হয়। জাতীয় নিরাপত্তা পরিষদের উর্ধতন কর্মকর্তাদের এক সমাবেশে সিদ্ধান্ত নেওয়া হয় যে বিন লাদেন ও আল-কায়দার অন্যান্য সদস্যদের হস্তান্তর করার জন্য তালেবানদেরকে চরমপত্র

দেওয়া হবে। যদি তালেবানরা অস্বীকার করে তবে যুক্তরাষ্ট্র গোপনে তালেবানবিরোধী শক্তিকে সামরিক সাহায্য প্রদান করবে। যদি এসকল পরিকল্পনা বিফলে যায় তবে "প্রতিনিধিগণ সিদ্ধান্ত নেন যে আরও অধিক মাত্রায় সরাসরি আক্রমণের মাধ্যমে তালেবান প্রশাসনের পতন ঘটানো হবে।"[13]

## ৯/১১ প্রাককালে উত্তরাঞ্চলীয় জোটের অবস্থান

আহমদ শাহ মাসুদ ছিলেন আফগানিস্তানে অবস্থানরত একমাত্র জোট নেতা। তার নিয়ন্ত্রিত এলাকায় গণতান্ত্রিক বিধান চালু করেন এবং নারী অধিকার ঘোষণায় স্বাক্ষর করেন। ফলে অনেক সাধারণ লোক তার নিয়ন্ত্রিত এলাকায় পালিয়ে যায়। সর্বমোট প্রায় এক মিলিয়ন লোক তালেবানদের ছেড়ে পালিয়ে যায়।

২০০০ খ্রিস্টাব্দের শেষের দিকে আফগানিস্তানের রাজনৈতিক অস্থিরতার অবসান ঘটানোর জন্য মাসুদ আনুষ্ঠানিকভাবে উত্তর আফগানিস্তানে নতুন জোটের "একটি লয়া জিরগা বা পূর্বপুরুষদের ঐতিহ্যগত পরিষদের" এক সমাবেশের আহবান করেন। অবশেষে পশতুন, তাজিক, হাজারা ও উজবেকদের মধ্যে শান্তি প্রতিষ্ঠা প্ররিকল্পনার উন্নতি হয়। তাদের মধ্যে হামিদ কারজাই উপস্থিত ছিলেন।

২০০১ খ্রিস্টাব্দের প্রথম দিকে মাসুদ অন্যান্য গোত্র প্রধানদের সাথে নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে আফগান জনসাধারণের জন্য মানবিক সাহায্যের আবেদন জানাতে ব্রাসেলসে অবস্থিত ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তরে যান। তিনি বলেন যে তালেবান ও আল-কায়দা ইসলামের ভুল ব্যাখ্যা করেছে এবং পাকিস্তান ও ওসামা বিন লাদেনের সাহায্য ছাড়া তালেবানরা তাদের সশস্ত্র বিদ্রোহ এক বছরও টিকিয়ে রাখতে পারবে না। এ সফরে তিনি সতর্ক করেন যে তার গোয়েন্দা সংস্থা যুক্তরাষ্ট্রে একটি বড় রকমের আসন্ন হামলার তথ্য পেয়েছে।

২০০১ খ্রিস্টাব্দের ৯ সেপ্টেম্বর মাসুদ আফগানিস্তানের তাখার প্রদেশের খোজা বাহাউদ্দিনের সাক্ষাতকার নেওয়ার সময় সাংবাদিকদের সাংবাদিক বেশধারী দুজন আরবের আত্মঘাতি হামলায় মাসুদ আহত হন। আত্মঘাতি হামলাকারীরা ভিডিও ক্যামেরার মধ্যে লুকিয়ে রাখা বোমার বিস্ফোরণ ঘটিয়েছিল। হেলিকপ্টার যোগে হাসপাতালে নেওয়ার পথে মাসুদ মৃত্যুবরণ করেন। হাজার হাজার শোকার্ত আফগানের উপস্থিতিতে একটি প্রত্যন্ত এলাকায় তাঁকে সমাহিত করা হয়।

## ২০০১ খ্রিস্টাব্দে ১১ সেপ্টেম্বরের (৯/১১) হামলা

২০০১ খ্রিস্টাব্দের ১১ সেপ্টেম্বর সকালে আল-কায়দা মার্কিন যুক্তরাষ্ট্রে হামলা চালায়। চারটি যাত্রীবাহী জেট বিমান ছিনতাই করা হয়েছিল। আল-কায়দা হাম্বারগ সেলের সদস্য ছিনতাইকারীরা ইচ্ছাকৃতভাবে দুটি যাত্রীবাহী জেট বিমান নিউ ইয়র্ক শহরে অবস্থিত বিশ্ব বানিজ্যকেন্দ্র টুইন টাওয়ারে আঘাত করে। সংঘর্ষের কারণে সৃষ্ট আগুনে পুড়ে দুই ঘন্টার মধ্যে দুটি ভবন ধসে পড়ে এবং অন্যান্য আরও ভবন ক্ষতিগ্রস্ত হয়। অপহরণকারীরা ভার্জিনিয়ার আর্লিংটন শহরে অবস্থিত পেন্টাগনে তৃতীয় বিমানটি দিয়ে আঘাত হানে। চতুর্থ বিমানের চালক ও কিছু যাত্রী বিমানে পুন:দখল নেওয়ার চেষ্টা করলে সেটি পেনসিলভানিয়ার শ্যাংকসভিলের নিকটে একটি মাঠে বিধ্বস্ত হয়। অপহরণকারীরা এ বিমানটি দিয়ে ওয়াশিংটন ডিসির হোয়াইট হাউস অথবা রাজধানীতে আঘাত হানার জন্য যাচ্ছিল। কোনো যাত্রীই বেঁচে ছিল না। ১৯ জন ছিনতাইকারীসহ মোট ২৯৯৬ জন লোক এ হামলায় প্রাণ হারায় এবং ৬,০০০ লোক

আহত হয়। নিউ ইয়র্কের রাষ্ট্রীয় চিকিৎসা বিভাগের মতে অগ্নি নির্বাপক দল ও পুলিশের সদস্যসহ প্রায় ৮৩৬ জন অগ্নিদগ্ধ মানুষ ২০০৯ খ্রিস্টাব্দের জুন মাসের মধ্যে মারা যায়।[১৪]

১১ সেপ্টেম্বরে তালেবান বৈদেশিক মন্ত্রী ওয়াকিল আহমেদ মুত্তা ওয়াকিল সন্ত্রাসী হামলা এবং এ হামলার সাথে যারা জড়িত তাদের প্রতি নিন্দা প্রকাশ করেন। কিন্তু শীঘ্রই মোল্লা উমর এক বক্তব্যে বলেন যে ওসামা বিন লাদেন এই হামলার সাথে জড়িত নয়। পরের দিন প্রেসিডেন্ট বুশ এই হামলাকে শুধু সন্ত্রাসী হামলাই বলেননি বরং এ হামলাকে তিনি 'যুদ্ধ' বলে আখ্যায়িত করেন এবং প্রতিজ্ঞা করেন যে শত্রু যেই হোক তাকে খুঁজে বের করা হবে, তার বিচার করা হবে এবং তাকে তার এলাকায় নিরাপদে থাকতে দেওয়া হবে না। ১৩ সেপ্টেম্বরে পাকিস্তানে নিযুক্ত তালেবান রাষ্ট্রদূত আব্দুল সালাম জাইফ বলেন যে যদি সন্ত্রাসী হামলায় বিন লাদেনের জড়িত থাকার স্পষ্ট প্রমাণ পাওয়া যায় তবে তালেবানরা তাকে হস্তান্তরের বিষয়টি বিবেচনা করবে। ওসামা বিন লাদেন ২০০৪ খ্রিস্টাব্দে আনুষ্ঠানিক ভাবে ৯/১১ হামলার দায়ভার গ্রহণ করেন, যদিও তিনি ২০০১ খ্রিস্টাব্দের ১৭ সেপ্টেম্বরে এক বিবৃতিতে এবং ২০০১ খ্রিস্টাব্দের ২৯ সেপ্টেম্বরে এক সাক্ষাতকারে এই হামলার সাথে জড়িত থাকার কথা অস্বীকার করেছিলেন।

১৪ সেপ্টেম্বরের এক স্মারকলিপিতে যুক্তরাষ্ট্র দাবি করে যে তালেবানদেরকে আফগানিস্তানে আল-কায়দাকে দেওয়া সকল সাহায্য, বিন লাদেন ও তার সহযোগীদের গোয়েন্দাতথ্য সরবরাহ করা বন্ধ করতে হবে এবং আফগানিস্তান থেকে সকল সন্ত্রাসীদের বহিষ্কার করতে হবে। ১৮ সেপ্টেম্বরে পাকিস্তানের আইএসআই'র প্রধান মাহমুদ আহমেদ এই দাবি মোল্লা উমর ও সিনিয়র তালেবান নেতাদের কাছে উপস্থাপন করেন। স্মারকলিপির সকল দাবির প্রতি তাদের অনাস্থা ছিলনা। মাহমুদ প্রতিবেদনে বলেন যে তালেবান নেতৃবৃন্দ গভীর ভাবনায় আছে এবং বিশিষ্ট আলেমদের অনুমোদনের অপেক্ষা করছে যারা এই বিষয়ে সিদ্ধান্ত দেওয়ার জন্য সমাবেশ করছিলেন। ২০ সেপ্টেম্বরের কংগ্রেসে প্রেসিডেন্ট বুশ দাবি জানান যে তালেবানদেরকে ওসামা বিন লাদেন ও অন্যান্য সন্দেহভাজন সন্ত্রাসীদেরকে হস্তান্তর করতে হবে এবং আল-কায়দাদের ভিত্তি গুড়িয়ে দিতে হবে।[১৫] এই দাবিগুলো উন্মুক্ত ছিল না। তালেবানদেরকে অবশ্যই এই দাবিগুলো অতিদ্রুত পূরণ করতে হবে। তারা সন্ত্রাসীদের হস্তান্তর করবে না হলে তাদের ভাগ্যেও তাই ঘটবে যা ঘটবে আল-কায়দা সন্ত্রাসীদের ভাগ্যে।

একই দিনে সারা আফগানিস্তানের প্রায় একহাজার আলেম বিন লাদেনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য একত্রিত হয় এবং ৯/১১ হামলায় নিহতদের প্রতি সমবেদনা প্রকাশ করে এবং ইসলামী ইমামদেরকে দেশ ত্যাগের জন্য বিন লাদেনের প্রতি চাপ প্রয়োগের সুপারিশ করে একটি ফতোয়া প্রদান করে এবং বর্তমান সমস্যার সমাধানের জন্য জাতিসংঘ ও ওআইসির কাছে প্রকৃত ঘটনা উদঘাটন ও সাধারণ জনগণের ভোগান্তি এড়াতে স্বাধীন তদন্ত দাবী করে। এই ফতোয়াতে সতর্ক করা হয় যে যদি যুক্তরাষ্ট্র এই সিদ্ধান্তের সাথে একমত পোষণ না করে আফগানিস্তানে আক্রমণ করে তাহলে "জিহাদ করা সকল মুসলমানের কর্তব্য হয়ে দাঁড়াবে।" অধিকন্তু সে দিনেই পাকিস্তানে নিযুক্ত আফগানিস্তানের রাষ্ট্রদূত বলেন "আমরা ওসামা বিন লাদেনকে সমর্পণও করব না আবার তাকে দেশ ছেড়ে যেতেও বলব না।" এই দাবিগুলো যুক্তরাষ্ট্র অপ্রয়োজনীয় বলে প্রত্যাখান করে দেয়।

২১ সেপ্টেম্বরে পাকিস্তানে নিযুক্ত তালেবান প্রতিনিধি যুক্তরাষ্ট্রের দাবিগুলোর প্রতি অস্বীকৃতি জানায়। জাইফ জানায় প্রয়োজনে তালেবানরা যুক্তরাষ্ট্রের সাথে যুদ্ধ করতে প্রস্তুত আছে। তার সহযোগী সোহেইল শাহিন সতর্ক করেন যে যুক্তরাষ্ট্র আক্রমণ করলে তাদের ভাগ্যেও তাই ঘটবে যা এর আগের শতাব্দীতে সোভিয়েত ইউনিয়ন ও গ্রেড ব্রিটেনের ভাগ্যে ঘটেছিল। তিনি বলেন যে আলেমদের সিদ্ধান্তটি ছিল শুধু সুপারিশমাত্র আর লাদেনকে অবশ্যই দেশ ত্যাগ করতে বলা হবে না। কিন্তু পরামর্শ দিলেন "যদি আমেরিকা উপযুক্ত প্রমাণ দেয় তবে আমরা তাদেরকে সহযোগিতা করব। আমেরিকায় আমি যদি মনে করি যে আপনি একজন সন্ত্রাসী তবে কি তথ্যপ্রমাণ ছাড়াই আপনাকে শাস্তি দেওয়া বৈধ হবে?" "এটা একটি আন্তর্জাতিক নীতি। যাদি আপনি সেই নীতি অনুসরণ করেন তবে আফগানিস্তানে তা ব্যবহার করলেন না কেন?" এর আগে মোল্লা উমর এক বিবৃতিতে তথ্য প্রামাণের দাবি উপস্থাপণ করে অন্য কোনো ইসলামী দেশের ধর্মীয় বিচারালয়ে বিচারের জন্য ওসামা বিন লাদেনকে হস্তান্তরের কথা স্বীকার করেছিলেন। তিনি অন্য সন্দেহভাজন সন্ত্রাসীদের হস্তান্তরের ও প্রশিক্ষণ ক্যাম্পগুলো বন্ধ করে দেওয়ার দাবির প্রতি সমর্থন প্রদান করেন নি।

২৮ সেপ্টেম্বরে বুশ মন্তব্য করেন "প্রথমত, তালেবানদের সাথে কোনো আলোচনা নেই। আমি যা বলেছি তারা তা শুনেছে। আর এখন তারা সে অনুযায়ী কাজ করতে পারে। আর আমরা শুধু লাদেনকেই বিচারের আওতায় আনতে চেয়েছি, তা নয়; এটা আফগানিস্তানে অবস্থানরত তার সংস্থার সকলের জন্য। এবং শুধু তাদেরকেই নয় যারা সরাসরি বিন লাদেনের সাথে জড়িত বরং তাদেরকে হস্তান্তর করতে হবে যারা বিন লাদেনকে আফগানিস্তানে আশ্রয় দিয়েছে এবং সহযোগিতা করে। অবশেষে আমরা সেখানে সন্ত্রাসীদের আস্তানাগুলো সম্পূর্ণভাবে ধ্বংস করতে চাই। আমার যা বলার তা আমি তাদেরকে বলে দিয়েছি। আর আমি আশা করি, তারা শুধু আমার কথা শুনবেই না বরং আমি যা বলেছি তা করবে।"

২৪ সেপ্টেম্বরে মাহমুদ পাকিস্তানে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে বলেছিলেন তালেবানরা আমেরিকান হামলার মোকাবিলায় দুর্বল ও ক্ষীণ হলেও সন্ধির মাধ্যমেই প্রকৃত বিজয় আসবে (তালেবানদের অপসারণ করেই) অন্যথায় আফগানিস্তান ভয়াবহ যুদ্ধক্ষেত্রে পরিণত হবে। ২৮ সেপ্টেম্বরে তিনি তার নেতৃত্বে আটজন পাকিস্তানি ধর্মীয় নেতাকে নিয়ে মোল্লা উমরকে বুঝাতে যান যে লাদেনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি যেন ইসলামী দেশের নেতৃবৃন্দের মতামত গ্রহণ করেন কিন্তু মোল্লা উমর তা প্রত্যাখ্যান করেন।

১ অক্টোবর পাকিস্তানের সবচেয়ে গুরুত্বপূর্ণ ইসলামী দল, জামাত-ই-ইসলামীর আমির কাজী হুসাইন আহমদের দেওয়া একটি প্রস্তাবে সহমত পোষণ করেন। প্রস্তাবটি ছিল, "বিন লাদেনকে পাকিস্তানে এনে পেশোয়ারে গৃহবন্দি রাখা হবে এবং শারিয়া আইনের মাধ্যমে আন্তর্জাতিক ট্রাইবুনালে বিচার কাজ পরিচালনা করা হবে।" প্রস্তাবটিতে লাদেনের অনুমতি গ্রহণের কথা বলা হয়। পাকিস্তানের রাষ্ট্রপতি পারভেজ মোশাররফ এ পরিকল্পনা বন্ধ করে দেন, কারণ তিনি বিন লাদেনের নিরাপত্তা নিশ্চিত করতে অপারগতা প্রকাশ করেন। ২ অক্টোবরে জাইফ যুক্তরাষ্ট্রের কাছে আলোচনার প্রস্তাব দেন, "আমরা এ বিষয়টি নিয়ে দেশ ও অঞ্চলের জনগণের দুর্ভোগ বাড়াতে চাই না।" তিনি আবেদন করেন, "আফগান

জনগণের খাদ্য দরকার, সাহায্য দরকার, আশ্রয় দরকার, যুদ্ধের প্রয়োজন নেই।" তবে তিনি পুনর্ব্যাক্ত করেন যে তথ্যপ্রমাণ না দেওয়া পর্যন্ত বিন লাদেনকে কারও কাছে হস্তান্তর করা হবে না।

যুক্তরাষ্ট্রের একজন সরকারী মুখপাত্র তালেবানদের কাছে প্রমাণ উপস্থাপণ কারার বিষয় নিয়ে বলেন, "আমার যেটা মনে হয় তারা কোনো গুরুতর অনুরোধ না করে বরং তারা বিলম্ব ও কৌশল গ্রহণমূলক অনুরোধ জানায়। দ্বিতীয়ত, তারা অনেক দেরি করে ফেলেছে। তারা ইতোমধ্যে জাতিসংঘের সিদ্ধান্ত পেয়ে গেছে যে পূর্ব আফ্রিকায় বোমা বিস্ফোরণ করায় আল-কায়দা ও আল-কায়দা নেতাদের দেশ থেকে বের করে দেওয়া এবং তাদের দেশের মধ্যে আল-কায়দার কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আর দেরি করা উচিতহ হবে না। কোনো কিছু জিজ্ঞাসা করার প্রয়োজন নেই। ইতোমধ্যে তারা আন্তর্জাতিক বাধ্যবাধকতার মধ্যে আছে, আর তাদেরকে এটা পূরণ করতে হবে। ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার সন্ত্রাসীদেরকে হস্তান্তর করতে অথবা ক্ষমতা থেকে সরে যেতে তালেবানদেরকে আহবান জানায়।

৯/১১ হামলায় লাদেনের জড়িত থাকার ব্যাপারে পাকিস্তান সরকারকে কিছু তথ্য প্রদান করা হয়েছিল, যেগুলো দেখে পাকিস্তানের নেতৃবৃন্দ বলেছিলেন তাদেরকে যে উপকরণ দেখানো হয়েছে সেগুলো আইন-আদালতে অভিযোগ দাখিল করার ক্ষেত্রে যথেষ্ট। যুক্তরাষ্ট্র পাকিস্তানের গোয়েন্দা প্রধান লে. জেনারেল মাহমুদ আহমদকে যে প্রমাণাদি দিয়েছিলেন তিনি তা তালেবান নেতৃবৃন্দকে দেখিয়ে ছিলেন। ৪ অক্টোবর ব্রিটিশ সরকার সে আক্রমণে বিন লাদেনের জড়িত থাকার প্রমাণাদির সার সংক্ষেপ জনসম্মুখে প্রকাশ করে ছিল।[১৬] প্রমাণে বলা হয় যে, বিন লাদেনকে আশ্রয় দেওয়ার ব্যাপারে তালেবানদেরকে বার বার সতর্ক করা হয়েছে কিন্তু আন্তর্জাতিক সম্প্রদায়ের দাবি থাকা সত্ত্বেও তা প্রত্যাখ্যান করা হয়েছে। তালেবানদেরকে ১৯৯৮ খ্রিস্টাব্দে দূতাবাসে হামলায় লাদেনের জড়িত থাকার প্রমাণ দেওয়া হয়েছিল তথাপিও তারা কোনো পদক্ষেপ গ্রহণ করেনি।

৫ অক্টোবর তালেবানরা যুক্তরাষ্ট্র কর্তৃক বিন লাদেন জড়িত থাকার প্রমাণ উপস্থাপন করা সাপেক্ষে বিন লাদেনকে আফগান আদালতে হাজির করার প্রস্তাব দিয়েছিল। যুক্তরাষ্ট্র সরকার এটাকে বিলম্ব ও দোষ এড়ানোর কৌশল বলে তা প্রত্যাখ্যান করে। ন্যাটো কমান্ডার জর্জ রবার্টসন বলেন "যে প্রমাণ পাওয়া গেছে তা স্পষ্ট ও বাধ্যতামূলক।" ৭ অক্টোবরে বিমান হামলা শুরু হওয়ার পরে প্রেসিডেন্ট বুশ বলেছিলেন "পূর্ণ সতর্কবাণী দেওয়া হয়েছে এবং সময় শেষ হয়ে গেছে।" একই দিনে যুক্তরাষ্ট্রের সরকারি প্রজ্ঞাপনে পাকিস্তান সরকারের মাধ্যমে শেষ বার্তা দিয়েছিল যে, হয় তারা আল-কায়দা নেতাদের হস্তান্তর করুক নয়ত তালেবান শাসনের প্রত্যেকটি খুঁটি ভেঙে ফেলা হবে।

১১ সেপ্টেম্বরে প্রস্তাব করা হয় "এখনও তালেবানদের দ্বিতীয় সুযোগ আছে। শুধু লাদেনকে নয় তার সাথে তার নেতাদেরকে, সেনাদেরকে এবং অন্যান্য দুর্বৃত্ত ও অপরাধীদের হস্তান্তরের জন্য।" ১৪ অক্টোবর তালেবানদের তৃতীয় সারির নেতা আবদুল কবির প্রস্তাব দেন যদি যুক্তরাষ্ট্র বিন লাদেনের জড়িত থাকার প্রমাণ দেয় ও বোমা হামলা বন্ধ করে তবে নিরপেক্ষ তৃতীয় কোনো দেশে বিন লাদেনকে হস্তান্তর করা হবে। তিনি বিন লাদেন ব্যতীত অন্যান্য সন্দেহভাজন সন্ত্রাসীদের হস্তান্তরের ব্যাপারে স্পষ্ট করে কিছু বলেননি। প্রেসিডেন্ট বুশ প্রস্তবটিকে অগ্রহণযোগ্য বলে প্রত্যাখ্যান করেন। ১৬ অক্টোবর তালেবান পররাষ্ট্রমন্ত্রী মুতায়াক্কিল একটি প্রস্তাব উত্থাপন করেন যাতে প্রমাণের দাবি বাদ দেওয়া হয়।

তবে মুতাওয়াক্কিল তালেবানদের অভ্যন্তরীণ কোনো ব্যক্তি ছিলেন না, তিনি বোমা হামলা বন্ধ করতে চেয়েছিলেন যাতে তিনি আপসে আসার জন্য মোল্লা উমরকে বোঝাতে পারেন।

**আফগানিস্তান অভিযানের যৌক্তিক ভিত্তি**

২০০১ খ্রিস্টাব্দের ১৪ সেপ্টেম্বরে মার্কিন কংগ্রেস সন্ত্রাসীদের বিরুদ্ধে সামরিক শক্তি ব্যাবহারের অনুমোদন দেয়। এ অনুমোদনে ১৮ সেপ্টেম্বর প্রেসিডেন্ট বুশ স্বাক্ষর করেন। এর মাধ্যমে ৯/১১ হামলায় জড়িতদের এবং তাদেরকে যারা আশ্রয় দিয়েছে তাদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক শক্তি ব্যাবহারের ক্ষমতা প্রদান করে। জাতিসংঘের সংবিধানের ২(৪) অনুচ্ছেদে বলা হয়েছে, যাতে সমস্ত সদস্যরাষ্ট্র স্বাক্ষর করে যার ফলে এই অনুমোদনকে যুক্তরাষ্ট্র "দেশীয় আইনে" পরিণত করে।[১৭] অবস্থার প্রেক্ষিতে জাতিসংঘ অনুমোদন না দেওয়া পর্যন্ত জাতিসংঘের অন্তর্ভুক্ত কোনো দেশকে তার আঞ্চলিক অখণ্ডতা ও রাজনৈতিক স্বাধীনতার বিরুদ্ধে ভীতি প্রদর্শন অথবা সামরিক শক্তি প্রয়োগ করা নিষিদ্ধ অথবা জাতিসংঘের সংবিধানের ৫১ ধারা অনুযায়ী তা হবে স্বীয় আত্মরক্ষা। যদিও জাতিসংঘের নিরাপত্তা পরিষদ যুক্তরাষ্ট্রের নেতৃত্বে সামরিক অভিযানের অনুমতি প্রদান করেনি তথাপিও এটা (সামগ্রীকভাবে অনুমদন প্রাপ্ত না হলেও) জতিসংঘের সংবিধান অনুযায়ী তা ছিল অধিকাংশের সমর্থিত আত্ম-রক্ষামূলক অভিযান।

আক্রমণকারীরা যুক্তি উপস্থাপন করে যে এ অভিযানের জন্য জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অনুমতির প্রয়োজন ছিল না। কেননা এই অভিযানটি জাতিসংঘের সংবিধানের ৫১ ধারা অনুযায়ী বৈধ স্বীয় আত্মরক্ষা মূলক অভিযান। বিশেষ করে যুক্তি উপস্থাপন করা হয় যে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কতগুলো রেজুলেশনে আফগানিস্তানের ব্যাপারে বলা হয় যে, তালেবানরা পরোক্ষভাবে আল-কায়দার আক্রমণের জন্য দায়ী এবং যদিও জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো সংশোধনী দ্বারা আফগানিস্তানে আক্রমণ করা বৈধ করা হয়নি, নিরাপত্তা পরিষদ দেশটিকে স্থিতিশীল করার জন্য একটি সামরিক অভিযান অনুমোদনের নিমিত্তে দ্রুত পদক্ষেপ নেয়। সমালোচকগণ দোষারোপ করে যে ৫১ ধারা অনুযায়ী আক্রমণটি অবৈধ, কারণ ৯/১১ হামলা কোনো সামরিক হামলা ছিল না, আর তা ছিল অরাষ্ট্রীয় নেতাদের পরিচালিত। সমালোচকগণ দাবি করেন যে যদি কোনো রাষ্ট্র ৯/১১ হামলা করতো তবে বোমাহামলা ব্যাতীত আত্ম-রক্ষামূলক অভিযান সংবিধান অনুযায়ী বৈধ হতো। তারা আত্মরক্ষার হামলাকে ছদ্মবেশী হামলা বলে ব্যাখ্যা করেন, যা ছিল "তাৎক্ষণিক, অপ্রতিরোধ্য, উপায়ান্বেষণ বর্জিত, এবং আলোচনা বিতর্ক বা আলোচনা ছাড়া একটি হামলা।"

২০০১ খ্রিস্টাব্দের ২০ ডিসেম্বর হামলার দুই মাসের অধিক সময় অতিবাহিত হওয়ার পরে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ নিরাপত্তা নিশ্চিত করার জন্য আফগানিস্তানের অন্তর্বর্তী প্রশাসনকে আন্তর্জাতিক নিরাপত্তা সহায়তা বাহিনী গঠনের অনুমোদন দেয়। ২০১৩ খ্রিস্টাব্দের মার্চ মাসে যুক্তরাষ্ট্র ইরাকে হামলা করলে ১১ আগস্ট ন্যাটোকে আইএসএএফ পরিচালনার অনুমোদন দেওয়া হয়।

**২০০১: তালেবানদের অপসারণ**

যৌথ বাহিনীর প্রধান জেনারেল টমি ফ্রাঙ্কের (General Tommy Franks) সামগ্রিক নেতৃত্বে আক্রমণ করার জন্য চারটি প্রধান বাহিনী গঠন করা হয়। বাহিনীগুলো হলো Combined Joint Special

Operations Task Force (CJSOTF), Combined Joint Task Force-Mountain (CJTF-Mountain), Joint Interagency Task Force-Counterterrorism (JIATF-CT) Ges Coalition Joint Civil-Military Operations Task Force (CJCMOFT).[18]

যৌথ বাহিনীতে সাদা-কালো উভয় সৈনিক ছিল এবং তিনটি উপ বাহিনীতে বিভক্ত করা হয়েছিল। উত্তর অঞ্চলের যৌথবাহিনী (যাকে বলা হতো টাস্ক ফোর্স ড্যাগার), দক্ষিণ অঞ্চলের যৌথ বাহিনী (যাকে বলা হতো টাস্ক ফোর্স কে-বার) এবং টাস্ক ফোর্স সোর্ড (পরবর্তীতে যার নাম দেওয়া হয় টাস্ক ফোর্স ১১)। ২০০১ খ্রিস্টাব্দের ১০ অক্টোবর কর্নেল জেমস মোলহোল্যান্ড'র (Colonel James Mulholland) নেতৃত্বে টাস্ক ফোর্স ড্যাগার (Task Force Dagger) গঠন করা হয় এবং ১৬০তম SOAR থেকে হেলিকপ্টার সাহায্যসহ তার পঞ্চম বাহিনী গঠন করা হয়। ড্যাগার বাহিনীকে উত্তর আফগানিস্তানে পাঠানো হয়। ১০ অক্টোবর নৌবাহিনীর SEAL ক্যাপ্টেন রবার্ট হারওয়ার্ড এর নেতৃত্বে টাস্ক ফোর্স কে-বার গঠন করা হয় এবং আফগানিস্তানের দক্ষিণ অঞ্চলে পাঠানো হয় এবং SEAL টিম ২, ৩ ও ৮ এবং ফার্স্ট ব্যাটেলিয়ান, থার্ড স্পেশাল ফোর্সেস গ্রুপ নিয়ে গ্রীন বেরেষ্ট গঠন করা হয়। টাস্ক ফোর্স মূলত SR এবং SSE মিশন পরিচালনা করত, যদিও কিছু থার্ড SFG ODA বৈদেশিক ও অভ্যন্তরীণ নিরাপত্তা ও অপ্রচলিত যুদ্ধের জন্য তালেবান-বিরোধী জঙ্গীদের পরামর্শ দেওয়ার জন্য পাঠানো হয়েছিল। ২০০১ খ্রিস্টাব্দের অক্টোবর মাসের প্রথম দিকে টাস্ক ফোর্স সোর্ড গঠন করা হয়েছিল। এটি ছিল সরাসরি যৌথ বাহিনীর Joint Special Operations Command (JSOC) পরিচালিত একটি black SOF বাহিনী। এটি ছিল তথাকথিত শিকারী-হত্যাকারী বাহিনী যাদের দায়িত্ব ছিল আল-কায়দা ও তালেবানদের নেতৃস্থানীয়দের এবং HVT গ্রেফতার অথবা হত্যা করা। প্রাথমিকভাবে সোর্ড গঠিত হয়েছিল ডেলটা ফোর্স (টাস্ক ফোর্স গ্রীন) এবং DEVGRU (Task Force Blue) র‍্যাঙ্গার প্রটেকশন ফোর্স টীম (টাস্ক ফোর্স রেড) ও ১৬০তম SOAR (টাস্ক ফোর্স ব্রাউন) নিয়ে। ব্রিটিশ স্পেশাল বোট সার্ভিসকে সোর্ড বাহিনীর মধ্যে সরাসরি অন্তর্ভুক্ত করা হয়েছিল।

SOF'র পাশাপাশি প্রচলিত CJTF-Mountain ব্যপকভাবে ব্যাবহার করা হয়েছিল। মাউনটেইন প্রথমিকভাবে তিনটি বিশেষ কমান্ড অন্তর্ভুক্ত করা হয়েছিল, কিন্তু মাত্র একটি ছিল বিশেষ অভিযান–টাস্ক ফোর্স ৬৪, একটি বিশেষ টাস্ক ফোর্স যা অষ্ট্রেলিয়ার এসএএস সেনাবাহিনী দিয়ে গঠন করা হয়েছিল। যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ১৫তম MEU নিয়ে টাস্ক ফোর্স ৫৮ গঠন করেছিল, পরবর্তীতে এর নাম দেওয়া হয়েছিল Task Force Rakkasan। JIATF-CT (Task Force Bowie) ব্রিগেডিয়ার জেনারেল গেরি হ্যারেল (Brigadier General Gary Harrell) পরিচালিত এই বাহিনীটি ছিল একটি গোয়েন্দা বাহিনী এবং সংযোজন কার্যকলাপ যা Operation Enduring Freedom–Afghanistan (OEF-A) অংশগ্রহণকারী যুক্তরাষ্ট্রের যৌথ বাহিনীর সেনা দল ও বহুসংখ্যক স্থানীয় গোয়েন্দা ও আইন প্রয়োগকারী বাহিনীর সমন্বয়ে গঠিত হয়েছিল। Bowie ৩৬ জন সৈন্য ও বিভিন্ন এজেন্সি যেমন এফবিআই, এনএসএ, সিআইএ এবং এসওএফ এর যোগাযোগ অফিসারের মধ্য থেকে ৫৭ জন সৈন্য নিয়ে গঠিত হয়। প্রশাসনিকভাবে Bowie'র মধ্যে এ্যাডভান্স ফোর্স অপারেশনের (AFO) ব্যবস্থা করা হয়েছিল। এএফও'র ছিল ৪৫ জন পরিদর্শনকারী যারা ছিল DEVGRU থেকে নির্বাচিত এবং সিয়ালের প্রযুক্তি বিশেষজ্ঞগণের সমর্থিত SEAL বাহিনী। টিএফ সোর্ডকে সহায়তা করার জন্য এবং যুদ্ধের ময়দানে গোয়েন্দা প্রস্তুতির জন্য সিআইএ'র সাথে ঘনিষ্টভাবে কাজ করা এবং সরাসরি টিএফ সোর্ডে

প্রতিবেদন দেওয়ার জন্য এএফও গঠন করা হয়েছিল। এএফও পাকিস্তানের সীমান্ত সংলগ্ন আল-কায়দা প্রধান এলাকায় দুই তিন জনের ছোট দল প্রেরণ করে গোপন নজরদারীর কাজ করতো, এএফও শত্রুর গতিবিধি ও সংখ্যা এবং পরিবেশের অবস্থা পর্যবেক্ষণ করে প্রতিবেদন প্রদান করার জন্য পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করতো, তার অধিকাংশ কাজ করতো পায়ে হেঁটে অথবা এটিভি'র মাধ্যমে। ওইএফ-এ সমর্থিত চূড়ান্ত টাস্ক ফোর্স ছিল CJCMOFT যার দায়িত্ব ছিল জনসাধারণের বিষয়গুলো সামলানো এবং মানবিক কার্যক্রম পরিচালনা করা।

## প্রথম অভিযান

**৯/১১** হামলার ৫০ দিন পরে ২০০১ খ্রিস্টাব্দের ২৬ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্র গোপনে কাবুলের উত্তরে পাঞ্জেসরি উপত্যকায়, গ্যারি স্ক্রোয়েনের (Gary Schroen) নেতৃত্বে সীয়ালের এ্যাক্টিভিটিজ ডিভিসন ও কাউন্টার টিররিজম সেন্টারের সাত থেকে আট জন সদস্য পাঠায়। তারা উত্তর আফগানিস্তানে মৈত্রী বাহিনী গঠন করে, যা 'জাওব্রেকার (Jawbreaker)' নামে খ্যাত ছিল এবং সাবেক স্পেশাল বাহিনীর দ্বারা গঠিত যারা ছিল যোগাযোগ ও ভাষা বিশেষজ্ঞ। তারা সমর্থন আদায়ের জন্য তিনটি কার্ডবোর্ডে তিন মিলিয়ন ডলার নিয়ে আসে। জাওব্রেকার উত্তরাঞ্চলীয় জোটের প্রধান জেনারেল আব্দুর রশিদ দোস্তামের সাথে যোগাযোগ করে এবং সে এলাকায় বিশেষ সেনাবাহিনীর প্রবেশপথ প্রস্তুত করে। জাওব্রেকার দল তাদের সাথে উপগ্রহের মাধ্যমে র‍্যাগলেতে স্টাফ হেড কোয়ার্টার ও সেন্ট্রাল কমান্ডের সাথে তাৎক্ষণিক যোগাযোগ করার মতো যন্ত্র নিয়ে এসেছিল যারা অপারেশন ক্রিসেন্ট উইন্ড ও অপারেশন ইনডিওর ফ্রিডম পরিচালনার দায়িত্বে ছিল। দলটি অপারেশন ক্রিসেন্ট উইন্ড পরিচালনার একটি শক্তিশালী চিত্র অঙ্কন করেছিল।

## প্রথমিক বিমান হামলা

২০০১ খ্রিস্টাব্দের ৭ অক্টোবর যুক্তরাষ্ট্র প্রকাশ্যে আফগানিস্তানে সামরিক অভিযান শুরু করে। কাবুলের বিমান ঘাটিতে, কান্দাহারে মোল্লা উমরের বাড়িতে এবং জালালাবাদ শহরে বিমান হামলা চালানো হয়। বোমা হামলা শুরু হওয়ার আগের দিন মানবাধিকার পরিদর্শন সংস্থা একটি প্রতিবেদন তৈরী করে, যেখানে তারা যুক্তি উপস্থাপন করে যে তাদের মানবাধিকার রেকর্ডের কারণে উত্তরাঞ্চলীয় জোটকে কোনো সামরিক সহায়তা দেওয়া হবে না।

আন্তর্জাতিক সময় বিকেল ৫ টায় প্রেসিডেন্ট বুশ তার ভাষণে জাতির কাছে এই হামলার খবর নিশ্চিত করে এবং প্রধান মন্ত্রী ব্লেয়ারও তার জাতির উদ্দেশ্যে ভাষণ প্রদান করে। প্রেসিডেন্ট বুশ তাঁর বক্তব্যে বলেন, তালেবান অধ্যুষিত এলাকা ও তাদের প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে হামলা চালানো হবে। আফগানিস্তানের ক্ষুধার্থ ও ভোগান্তির শিকার নারী, পুরুষ ও শিশুদের জন্য খাদ্য ও চিকিৎসা সেবা প্রদান করা হবে। তালেবানদের অধিকাংশ পুরাতন ভূমি থেকে আকাশে নিক্ষেপণ যোগ্য এসএ-২ ও এসএ-৩ মিসাইল এবং পর্যবেক্ষণ রাডার ও কমান্ড ইউনিট তার সাথে তালেবানদের ক্ষুদ্র নৌবহর এমআইজি-২১ ও সু-২২ প্রথম রাতেই ধ্বংস হয়ে যায়।

তালেবানদের প্রশিক্ষণ কেন্দ্র এবং বিমান হামলা প্রতিরোধ ব্যবস্থা যুক্তরাষ্ট্রের ১০১তম কমব্যাট এভিয়েশন ব্রিগেট থেকে অ্যাপাচি হেলিকপ্টার ও বিমান হামলায় ধ্বংস হয়ে যায়। যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ক্রুজার ডিস্ট্রয়ার ও রয়্যাল সাবমেরিনগুলো বেশ কিছু টমহাক ক্রুজ ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণ করে।

প্রাথমিকভাবে কাবুল, জালালাবাদ ও কান্দাহারে হামলা চালানো হয়। কয়েক দিনের মধ্যেই তালেবানদের অধিকাংশ প্রশিক্ষণকেন্দ্র ও বিমান হামলা প্রতিরোধ ব্যাবস্থাগুলো ব্যাপকভাবে ধ্বংসপ্রাপ্ত হয়ে যায়। নির্দেশনা, নিয়ন্ত্রণ ও যোগাযোগ ব্যাবস্থার উপর জোর দিয়ে হামলা চালানো হয়েছিল। উত্তরাঞ্চলীয় জোট মুখোমুখী যুদ্ধে অংশ নেয় কিন্তু কোনো যুদ্ধে তারা জয় নিশ্চিত করতে পারেনি।

বিমান হামলার প্রথম দিকে মাজার-ই-শরিফের কাছে ০৫৫ যোদ্ধাদের একটি সৈন্যবাহিনী ছিল মার্কিন বিমানের প্রধান লক্ষ্যবস্তুর একটি। ডোনাল্ড রামসফেল্ড সেই সেনাবাহিনীকে আল-কায়দা প্রধান পদাতিক বাহিনী হিসেবে চিহ্নিত করে। প্রথমদিকে বিন লাদেন একটি ভিটিও প্রকাশ করেন যাতে তিনি আফগানিস্তানের সকল হামলার প্রতি নিন্দা প্রকাশ করেন।

২০০১ খ্রিস্টাব্দে ১৮ অক্টোবর Operational Detachment Alpha (ODA) ৫৫৬ ও ৫৯৫ দল সাথে বিমান বাহিনীর যুদ্ধক্ষেত্র নিয়ন্ত্রণকারীদের মধ্য থেকে দ্বিতীয় ব্যাটেলিয়ানের ১৬০তম এসওএআর থেকে ৩০০ কি.মি.র অধিক এলাকা জুড়ে হিন্দুকুশ পর্বতমালায় শূন্য দৃশ্যমান অবস্থার মধ্যে দুটি MH-47E Chinook হেলিকপ্টারে মাজার-ই-শরিফের দক্ষিণে অবস্থিত দারি-আ-সুফ উপত্যকায় উজবেকিস্তানের কার্সি-খানাবাদ এয়ার ব্যাস থেকে পঞ্চম স্পেশাল সেনাদলের ১২ জন সৈন্যের গ্রিন ব্যারেট দল পাঠানো হয়েছিল। সে সময় বিমান যুদ্ধের একটি বিশ্ব রেকোর্ড স্থাপন করে ১১ ঘণ্টার মিশন চলাকালীন চিনুক তিনবার বিমানে ফেরত পাঠানো হয়েছিল। তারা সিয়ার ও উত্তর জোটের সাথে সংযোগ স্থাপন করেছিল। যুক্তরাষ্ট্রের পদাতিক ও বিমান বাহিনীর সহায়তায় উত্তরজোট কয়েক সপ্তাহর মধ্যে তালেবানদের অনেক শহর দখল করে নেয়।

২০০১ খ্রিস্টাব্দের অক্টোবর মাসের মাঝামাঝি ব্রিটিশ ২২তম এসএএস রেজিমেন্ট, টেরিটরিয়াল এসএএস রেজিমেন্টের সদস্যদের দ্বারা শক্তিশালী হয়ে ওইএফ-এ'র সমর্থনে দক্ষিণ-পশ্চিম আফগানিস্তানে প্রসার লাভ করে। তারা প্রধানত অপারেশন ডিটারমাইন নামের অভিযানের অধিনে গতানুগতিক পরিদর্শনমূলক কাজ করেছিল। এই কাজগুলোর মধ্যে একটিও শত্রু যোগাযোগের মাধ্যমে হয়নি মরুভূমিতে চলাচল যোগ্য পেট্রোলচালিত যানে চলাচল করেছিল এবং এটিভিগুলো প্রয়োজন অনুযায়ি পরিবর্তন করেছিল। পনের দিনের একটি সহযোগী মিশন শেষ হলে উভয় সেনাদল যুক্তরাজ্যে তাদের ব্যারাকে ফিরে যায়।[১৯]

**অবজেক্টিভ রাইনো ও গেকো**

২০০১ খ্রিস্টাব্দের ১৯ অক্টোবর রাত্রে থার্ড ব্যাটেলিয়ান থেকে ২০০ জন সৈন্য, ৭৫ রেঞ্জার রেজিমেন্ট, ৪ লকহীড এমসি-১৩০ বিমান থেকে "অবজেক্টিভ রাইনো (Objective Rhino)" কান্দাহারের দক্ষিণে একটি বিমান বন্দরে এসি-১৩০ গানসিপের বেস্টনীতে প্যারাসুটের মাধ্যমে অবতরণ করে। এই রেঞ্জার বন্ধ কারার আগে বি-টু স্পিরিট স্টীল্থ বোমা হামলার মাধ্যমে এলাকাটি খালি করে নেওয়া হয়েছিল। এ অভিযানে মাত্র একজন তালেবান যোদ্ধা ছাড়া কোনো প্রকার প্রতিরোধ যুদ্ধের সম্মুখীন হয়নি, যাকে

সহজেই হত্যা করে উদ্দেশ্য অনুকূলে আনা হয়েছিল। একটি ছোট তালেবান বাহিনী একটি পিকআপ ট্রাকে প্রতিরোধ যুদ্ধের জন্য এগিয়ে আসে যাদেরকে এসি-১৩০ বিমান আক্রমণে ধ্বংস করে ফেলা হয়। অভিযানটি নিরাপত্তা প্রদান করে যখন এমসি-১৩০ থেকে জ্বালানি ব্লাডার ব্যবহার করে একটি এফএআরপি প্রতিষ্ঠা করা হয়। অভিযানটি পরবর্তীতে ১৫তম মেরিন এক্সপেডিচার ইউনিট এফওবি রাইনো'র জন্য বিমান পরিবহনের পথ তৈরি করে। সম্ভবত তারাই ছিল আফগানিস্তানের মাটিতে পা রাখা প্রথম সাধারণ সৈনিক। কোনো প্রকার হতাহতের কারণে অভিযানটি ক্ষতিগ্রস্থ হয়নি (দুই জন সৈনিক লাফ দিতে গিয়ে নিজেই আহত হয়েছিল) যদিও যুদ্ধ উপকরণের দায়িত্বপ্রাপ্ত দুজন সৈন্য অভিযানে নিহত হয়েছিল যখন তাদের এমএইচ-৬০এল হেলিকপ্টার পাকিস্তানের ৩/৭৫ রেঞ্জার কোম্পানির অস্থায়ী অবস্থান কেন্দ্রে অবজেক্টিভ হোন্ডার কাছে বিদ্যুৎ না থাকার কারণে হেলিকপ্টারটি আঘাত হেনেছিল।

একই সাথে ডেল্টা ফোর্স সেনাদের একটি কোয়াড্রন টাস্ক ফোর্স সোর্ড সেনাদের সহায়তায় কান্দাহার শহরের বাইরে একটি এলাকায় অভিযান পরিচালনা করে (যা অবজেক্টিভ গেকো নামে পরিচিত)। এর লক্ষ্য ছিল মোল্লা উমর কান্দাহার শহরের উপকণ্ঠে তার গ্রীষ্মকালীন অবকাশযাপন কুটিরে আছেন বলে সন্দেহ করা হয়েছিল। USS Kitty Hawk থেকে চারটি এমএইচ-৪৭ই হেলিকপ্টার ভারত মহাসাগর থেকে ৯১ জন সৈন্য নিয়ে উড্ডয়ন করে। আক্রমণকারী দলগুলো ডেল্টা থেকে নেওয়া হয়েছিল যখন টহল বাহিনী সে এলাকাটি সুরক্ষিত করেছিল এবং ব্লকিং পজিশনগুলো বন্ধ করে দিয়েছিল। সৈন্য প্রবেশ করানোর আগে এসি-১৩০ ও এমএইচ-৬০এল ডাইরেক্ট এ্যাকশন প্রেন্টেটরস থেকে গোলা ছুড়ে লক্ষ্যস্থলটি ধুলিস্যাৎ করা হয়েছিল। আক্রমণকারীরা লক্ষ্যস্থলে কোনো প্রতিরোধ যুদ্ধের সম্মুখীন হয়নি এবং তারা তালেবান নেতাদের কোনো চিহ্ন খুঁজে পায়নি। তাই তারা লক্ষ্যস্থলটি পরীক্ষার জন্য গোয়েন্দা অন্বেষণ চালু করে। সে সময় তাদের হেলিকপ্টার রাইনোতে নতুন প্রতিষ্ঠিত এফএআরপিতে জ্বালানি নেওয়ার জন্য অবতরণ করে। যেহেতু দলগুলো যুদ্ধের জন্য প্রস্তুত ছিল একটি বৃহদাকার তালেবান বাহিনী প্রতিরোধ যুদ্ধে বের হয়ে আসে এবং ছোটখাট অস্ত্রের গোলা ও আরপিজি'র (RPG) মাধ্য যুক্তরাষ্ট্রের সেনাদের আক্রমণ শুরু করে। ডেল্টা ফোর্স ও টহলবাহিনী যুদ্ধে জড়িয়ে পড়ে এবং তুমুল যুদ্ধ শুরু হয়। একটি যৌথ যুদ্ধ নিয়ন্ত্রক আক্রমণকারী সৈন্যের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন করার অনুমতি দিয়ে এবং এমারজেন্সি হেলিকপ্টার অবতরণ অঞ্চল প্রত্যাহার করে এসি-১৩০ ও ডিএপি থেকে সরাসরি গোলা ছুড়তে থাকে। একটি এমএইচ-৪৭ই লক্ষ্যস্থলে তাড়াহুড়া করে অবতরণ করতে গিয়ে একটি চাকা হারিয়ে ফেলে। প্রায় ৩০ জন তালেবান যোদ্ধা বন্দুক যুদ্ধে নিহত হয়। কোনো মার্কিন সেনা হতাহত হয়নি, তবে বার জন ডেল্টা সেনা আহত হয়েছিল। তালেবানদের দখলে থাকা এলাকায় একটি গোয়েন্দা বাহিনী রেখে আসার ব্যাপারে ডেল্টার গৃহীত পরিকল্পনা তালেবান আক্রমণের কারণে ব্যর্থ হয়ে যায়।[২০]

### পরবর্তী বিমান হামলা

ওডিএ ৫৯৫ এর গিন ব্যারেট দুটি উপাদানে বিভক্ত আলফা ও ব্রাভো। আলফা মাজার-ই-শরিফের আসন্ন আক্রমণের পরিকল্পনা করার জন্য উজবেক যোদ্ধাবাজ জেনারেল দোস্তামের সাথে ঘোড়ায় আহরণ করে তার সদর দপ্তরে যায়। ব্রাভো অভিযান পরিচালনার স্থান ভালোভাবে পর্যবেক্ষণের জন্য

আলমা টাক পর্বতমালার মধ্যদিয়ে যোগাযোগ করার জন্য তালেবানদের দারি-এ-সোউফ (Dari-a-Souf) উপত্যকা পরিষ্কার করার কাজ করে।

২০০১ খ্রিস্টাব্দের ২০ অক্টোবর ওডিএ ৫৯৫-এর অংশ আলফা, দোস্তামকে খুশি করে বি-৫২ থেকে সর্বপ্রথম জেডিএএম বোমা বর্ষণ করে, যিনি (দোস্তাম) শীঘ্রই বেতার যন্ত্রের মাধ্যমে তালেবানদের বারবার উপহাস করে। এ আক্রমণের অংশ হিসেবে আমেরিকানরা পাশতু ও দারি উভয়ের মধ্যে সম্প্রচারিত বেতারে আল-কায়দা ও তালেবানদেরকে অপরাধী ও সঠিক মুসলমান নয় বলে দাবি করে সম্প্রচার শুরু করে এবং বিন লাদেনের অবস্থান সম্পর্কে তথ্য প্রদানকারীকে ২৫ মিলিয়ন মার্কিন ডলার উপহার দেওয়ার কথা ঘোষণা করে।

দুই সপ্তাহের অভিযানে উত্তরজোট তাদের অভিযান আরও সামনে নেওয়ার দাবি করে। ইউএসএএফ ট্যাক্টিক্যাল এয়ার কন্ট্রল পার্টির যুক্তরাষ্ট্রের পঞ্চম স্পেশাল ফোর্সেস গ্রুপ অপারেশনাল ডিটাচমেন্ট আলফার অনেকগুলো দলের সাথে যোগ দিয়েছিল। তারা তালেবানদের যানবাহন, বিমান বিধ্বংসী অস্ত্র, সাঁজোয়া যান, তাদের আশ্রয়স্থল এবং গোলা বারুদ সরবরাহের উপর বিমান হামলার আহবান জানিয়েছিল। ২৩ অক্টোবর যোদ্ধাবাজ বুরিল্লাহ খানের সাথে কাজ করার জন্য কুন্দুজের নিকটে একটি এলাকা ODA 585 একটি এলাকা ঘিরে ফেলে।

যুক্তরাষ্ট্র EC-130E কমাণ্ডু সলো বিমান দিয়ে বেতার সম্প্রচারের মাধ্যমে পশতু ও দারি জাতির সাধারণ জনগোষ্ঠির মধ্যে মানসিক হামলা চালায়। বেতারের মানব সেবামূলক সম্প্রচার বন্ধ করে দেওয়া হয়েছিল আর তাতে জোট বেতার সম্প্রচার কেন্দ্র থেকে শুধু খবর ও আফগানী সংগীত সম্প্রচার করা হতো। বিশেষ অভিযান পরিচালনাকারী একটি বিমান থেকে বিপুল পরিমাণ মস্তিষ্ক ধোলায় (Psy Ops) লিফলেট ফেলেছিল যাতে আল-কায়দা ও তালেবানদের অপরাধী এবং আফগানিস্তান ধ্বংসকারী হিসেবে উপস্থাপন করা হয়েছিল এবং বিন লাদের মাথা যে এনে দিতে পারবে তাকে পঁচিশ মিলিয়ন মার্কিন ডলার পুরস্কার দেওয়ার ওয়াদা করা হয়েছিল।

F/A-18 হর্নেট বোমারু বিমান তালেবানদের যানবাহনের উপযুক্ত স্থানে আঘাত হানে যখন অন্য বিমান তালেবানদের প্রতিরক্ষাব্যুহতে ক্লাস্টার বোমার হামলা চালায়। নভেম্বরের শুরুতে যুক্তরাষ্ট্রের বিমান ডেইজি কাউন্টার বোমা ও AC-130 গানসিপ দিয়ে সম্মুখ আক্রমণ শুরু করে। ২ নভেম্বরের মধ্যে তালেবানদের শক্তি প্রায় ধ্বংস হয়ে যায় এবং কাবুলে অভিযান চালানো সহজ হয়ে যায়। লেখক স্টীফেন তান্নের (Stephen Tanner)-এর মতে, "যুক্তরাষ্ট্রের এক মাসকাল বোমাহামলার পরে ইউরোপ, মধ্যপ্রাচ্য ও পাকিস্তান থেকে ওয়াশিংটনে সংবাদ পৌঁছতে থাকে যেখানে মোশাররফ বোমা হামলা বন্ধের জন্য অনুরোধ করেছিল। অনুমানের উপর নির্ভর করে হলেও যুক্তরাষ্ট্র তার বিজ্ঞানীদের তৈরী সর্বাধুনিক শক্তিশালী অস্ত্রের মাধ্যমে আঘাত করে।" এছাড়াও ২ নভেম্বরে দশ সদস্যের ODA 553 বাহিনী বামাইনে প্রবেশ করে এবং জেনারেল করিম খলিলির সৈন্যদের সাথে যোগ দেয়, বৈরি আবহাওয়ার জন্য কয়েক রাত অপেক্ষার পরে ODA 534 বাহিনী দারি-এ-বলখ উপত্যকায় অবস্থান নেয় এবং জামাত-ই-ইসলামীর আমির মুহাম্মদ আতার জঙ্গীবাহিনীদের সহায়তা শুরু করে।

সাহসী ODA 595 দল দারি-এ-সৌফ (Dari-a-Souf) উপত্যকায় নিজস্ব বিমান হামলা শুরু করে। তালেবানদের শক্তিশালী ঘাটি ধবংস করে দেয় এবং উত্তরাঞ্চলে শত্রুসেনাদের উৎখাত করে সকল প্রয়াস ব্যর্থ করে দেয়। যৌথভাবে প্রায় বিরামহীন বিমান হামলা চলতে থাকে এবং তালেবানরা মাজার-ই-শরিফের দিকে প্রত্যার্পন শুরু করে। দোস্তাম  বাহিনী ও ODA 595-এর আলফা দল, তালেবান বিদ্রোহীদের উপর তাদের বিশেষ সামরিক শক্তি লেজার মার্কার দিয়ে বোমা হামলা শুরু করে। লেজার মার্কার এক ধরণের যন্ত্র যা লক্ষ্যস্থলে লেজার স্থির করে জেডিএএম-এর মতো একটি স্মার্ট বোমা লক্ষ্যস্থলে নিক্ষিপ্ত হয়।

সোমালি সমতল এলাকায় ODA 555 বাহিনী এবং সিআইএ জওব্রেকার (Jawbreaker) দল ফাহিম খানের দলের সাথে মিলিত হয়ে সাবেক সোভিয়েত ইউনিয়নের বাগরাম বিমানবন্দরের দক্ষিণপূর্ব সীমান্তে তালেবানদের অবস্থানের উপর বিমান হামলা শুরু করে। গ্রিন ব্যারেটস একটি পরিত্যাক্ত বিমান নিয়ন্ত্রণ টাওয়ারে পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করে এবং দুটি বিএলইউ-৮২ ডেইজি কাটার বোমা নিক্ষেপ করতে সক্ষম হয়, যা তালেবানদের দৈহিক ও মানসিকভাবে বিধ্বস্ত করে। ২০০১ খ্রিস্টাব্দের ৫ নভেম্বরের মধ্যে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ দারি-এ-সৌফ উপত্যকায় তালেবান অধ্যুষিত বায় বেকে নামক একটি গ্রামে দোস্তাম ও তার বাহিনীর আক্রমণ বন্ধ রাখে। উত্তরাঞ্চলীয় জোটের আগের দুটি আক্রমণ তালেবানদের প্রতিরোধের মুখে পড়ে ফিরে আসায় দোস্তাম বি-৫২ হতে ক্রমাগত বোমা বর্ষণের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু দোস্তামের একজন প্রতিনিধি ভুল বুঝে এবং বোমার পরিবর্তে ২৫০ জন অশ্বারোহী উজবেক বাহিনীকে তালেবানদের পশ্চাদধাবনে পাঠিয়ে দেয়। শেষ পর্যন্ত তিন চারটি বোমা যথাসময়ে বর্ষণ করা হয় এবং তালেবানদের প্রতিরক্ষা দেওয়াল ভাঙতে সক্ষম হয়।

৮ নভেম্বর ওডিএ ৫৮৬ ও ৫৯৪ আফগানিস্তানের এমএইচ-৪৭ এলাকায় প্রবেশ করে এবং সিআইএ পরিচালিত এসএডি বিমানবাহিনীর পরিচালকের বাহিনী দ্বারা আফগান-তাজিক সীমান্ত দখল করে নেয়। ওডিএ ৫৮৬ জেনারেল দাউদ খানের সেনাদের সাথে কুন্দুজ পর্যন্ত বিস্তার লাভ করে এবং ওডিএ ৫৯৪ পাঞ্জেশরিতে ওডিএ ৫৫৫'র সেনাদের সহায়তা প্রদানের জন্য যায়।

বুশ ২০০১ খ্রিস্টাব্দের ১০ নভেম্বর জাতিসংঘের সমাবেশে ভাষণ দেওয়ার জন্য নিউইয়র্ক সিটিতে গিয়েছিলেন। তিনি তার বক্তব্যে বলেছিলেন যে, শুধু যুক্তরাষ্ট্র নয় পৃথিবীর অন্য দেশেও পুনরায় হামলা চালানো হতো। লেখক স্টীফেন তান্নার পর্যবেক্ষণ তার বক্তব্যে প্রতিফলিত ছিল। পৃথিবীর অধিকাংশ দেশ নতুন করে আমেরিকাকে সমর্থন জানায় সাথে সাথে জার্মানি, ফ্রান্স, ইটালি, জাপান এবং আরও অনেক দেশ উপকরণ দিয়ে সাহায্য করার প্রতিশ্রুতি ব্যক্ত করে। আল-কায়দা যোদ্বারা আফগানিস্তানের শহরগুলোর নিরাপত্তার দায়িত্বভার গ্রহন করে। উত্তরাঞ্চলীয় জোটের সৈন্যরা তালেবানদের সরবরাহ লাইন বন্ধ করে মাজার-ই-শরিফ অবরোধ করতে এবং তালেবানদের সরঞ্জামাদি আটক করতে এবং পরে কাবুল দখল করেতে চেয়েছিল। প্রথম কয়েকমাস খুব স্বল্প সংখ্যক মার্কিন সৈন্য এতে সম্পৃক্ত হয়। শুধুমাত্র বিশেষবাহিনী ও গোয়েন্দা অফিসারগণ সামরিক সৈন্য বেষ্টিত হয়ে আফগান জঙ্গীদের সাথে সমঝোতার চেষ্টা করেছিল। সমঝোতায় ব্যর্থ হয়ে বিমান হামলার মাধ্যমে তালেবানদের বিক্ষিপ্ত করার পরে তারা যুদ্ধের জন্য অগ্রসর হয়েছিল।

কাবুলের পূর্ব দিকে পাকিস্তানের সীমানায় তোরা বোরা (Tora Bora) পর্বতমালা অবস্থিত। মার্কিন বিশ্লেষকগণ বিশ্বাস করেন যে তালেবান ও আল-কায়দা এই পর্বত মালার পিছনে গুহা ও ভূগর্ভস্থ বাঙ্কার খনন করে বিশাল বাহিনী অবস্থান করছে। এ এলাকাটি শক্তিশালী B-52 বোমা হামলার আওতায় আনা হয়েছিল। যুক্তরাষ্ট্র ও উত্তরাঞ্চলীয় জোটে আলাদাভাবে ভিন্ন ভিন্ন জায়গায় আক্রমণ শুরু করে। যখন যুক্তরাষ্ট্র ওসামা বিন লাদেনের জন্য তল্লাশি চালাচ্ছিল তখন উত্তরাঞ্চলীয় জোট তালেবানদের ধ্বংস করতে চেয়েছিল।[২১]

**মাজার-ই-শরিফের যুদ্ধ**

মাজার-ই-শরিফে হযরত আলীর (রা.) ঘর বা ব্লু মসজিদ অবস্থিত, মুসলমানদের নিকট এটি পবিত্র স্থান। এছাড়াও এটি একটি গুরুত্বপূর্ণ পরিবহণ কেন্দ্র। এখানে দুটি প্রধান বিমানবন্দর এবং উজবেকিস্তানে সরবরাহের প্রধান রাস্তা অবস্থিত। এই শহরটি দখল হলে মানবিক সাহায্য কার্যক্রম একটি ভয়ঙ্কর খাদ্য সংকট দূর করতে সক্ষম হবে, যা ষাট লক্ষেরও বেশি মানুষের খাদ্যসংঙ্কটের কারণ হয়ে ছিল। সঙ্কটাপন্ন মানুষের বেশিসংখ্যক বাস করত মাজার-ই-শরিফের দক্ষিণ ও পশ্চিমের পল্লী এলাকায়। ২০০১ খ্রিস্টাব্দের ৯ নভেম্বর দোস্তাম ও আতা মুহাম্মদ নূরের নেতৃত্বে উত্তরাঞ্চলীয় জোটের সৈন্যরা পুল-ই-ইমাম বুখারি ব্রিজ অতিক্রম করে এবং শহরের প্রধান সামরিক কেন্দ্র ও বিমান বন্দর দখল করে নেয়।

ওডিএ ৫৯৫ এবং ওডিএ ৫৩৪ ও সিআইএ'র স্পেশাল কার্য পরিচালনা বিভাগের সাতজন সদস্য উত্তরাঞ্চলীয় জোটের প্রায় দুই হাজার সৈন্যকে সহায়তা প্রদান করে, যারা ঘোড়ার পিঠে সোয়ার হয়ে, পায়ে হেঁটে, পিকাপ ট্রাকে এবং বিএমপি সাঁজোয়া যানে মাজার-ই-শরিফ আক্রমণ করেছিল। মার্কিন বাহিনী গুরুত্বপূর্ণ বিমানহামলা করে সাহায্য করেছিল, যা তালেবানদের যানবাহন ও অস্ত্র ধ্বংস করেছিল। ৯০ মিনিটের একটি সংক্ষিপ্ত কিন্তু রক্তক্ষয়ী যুদ্ধের পরে তালেবানরা পালাতে এবং আত্মসমর্পণ করতে শুরু করে। এ শহরের পতন ছিল তালেবানদের জন্য শরীরে আঘাতের মতো যা তাদের কঠিন মানসিক যন্ত্রণার কারণ হয়ে ওঠে। যদিও যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় নির্দেশনা প্রকৃতপক্ষেই বিশ্বাস করতেন যে পরের বছর পর্যন্ত এই শহরটি ভালোভাবেই তালেবানদের হাতে থাকবে এবং যে কোনো প্রকারের শক্তিশালী যুদ্ধ খুব ধীর গতিতেই অগ্রসর করতে হবে। মার্কিন সেনাদের জনসাধারণ বিষয়ক দল ৯৬তম সিভিল এফেয়ার্স ব্যাটেলিয়ন এবং কারিগরি মানসিক আক্রমণকারী দল ১৪তম সাইকলোজিক্যাল অপারেশন গ্রুপ, গ্রিন ব্যারেট ও টাস্ক ফের্স ড্যাগারের সাথে শীঘ্রই মাজার-ই-শরিফের অধিবাসীদের মনজয় করার জন্য কাজ শুরু করে। পরবর্তীতে গুজব উঠে যে মোল্লা দাদুল্লাহ আট হাজার সৈন্য নিয়ে শহরটি পুনরুদ্ধারের জন্য অগ্রসর হয়। ১০ম মাউন্টেইন ডিভিশনের একহাজার মার্কিন সেনা বিমান যোগে শহরে প্রবেশ করে এবং সহজেই একটি ক্ষেত্র তৈরি করে যেখান থেকে কাবুল ও কান্দাহারে পৌঁছা যাবে। মার্কিন বিমানসেনারা একটি বিমান ঘাটি দখল করে যার সাহায্যে প্রয়োজন মতো আরও মানব কল্যাণমূলক কাজে সাহায্য ও মানবিক সাহায্য প্রদান করা সম্ভব হয়।

যুক্তরাষ্ট্রের সৈন্যরা শীঘ্রই মাজরা-ই-শরিফের বেতার কেন্দ্র এবং ভূতপূর্ব তালেবান শারিয়া বেতার কেন্দ্র থেকে সম্প্রচার শুরু করে সাবেক রাষ্ট্রপতি বোরহান উদ্দিন রব্বানীর একটি বক্তব্যও প্রচার করে। ১০ নভেম্বর সি স্কোয়াড্রনের এসবিএস'র সৈন্যরা সম্প্রতি বিজয়কৃত বাগ্রাম বিমানঘাটিতে প্রবেশ করে এবং

শীঘ্রই উত্তরজোটের নেতাদের সাথে একটি রাজনৈতিক অস্থিরতা সৃষ্টি করে যা ব্রিটিশ সৈন্যরা সৃষ্টি করতে ব্যর্থ হয়েছিল। ১১ নভেম্বর আফগানিস্তানের উত্তরাঞ্চলের কেন্দ্রে তালুকান শহরের বাইরে ওডিএ ৫৮৬ জেনারেল দাউদ খানকে পরামর্শ দিচ্ছিল এবং প্রস্তুতিমূলক বিমান হামলার জন্য একটি বাহিনীর সমন্বয় সাধন করছিল তখন হঠাৎ করে সাধারণ জনতা সকলকে বিস্মিত করে তালেবান অধ্যুষিত শহরটিতে তালেবানদের উপর অতর্কিত হামলা চালায়। প্রথম বোমা প্রতীত হওয়ার আগেই শহরটির পতন ঘটে।[২২]

### কাবুল পতন

১২ নভেম্বর রাতের আঁধারে তালেবানরা কাবুল ছেড়ে পালিয়ে যায়। উত্তরজোটের সৈন্যরা (ওডিএ ৫৫৫ এর সহযোগিতায়) পরের দিনে বিকেলে শহরের পার্কে লুকিয়ে থাকা প্রায় বিশজন যোদ্ধার সাথে যুদ্ধ করে শহরে প্রবেশ করে। এ দলটিকে পনের মিনিটের যুদ্ধে হত্যা করা হয়। এ দলকে নিষ্ক্রিয় করার পরে কাবুল জোটসৈন্যদের দখলে আসে।

কাবুল পতের পর থেকে তালেবানদের অবস্থানের দ্রুত পতন হতে থাকে। ২৪ ঘণ্টার মধ্যে হিরাত ও ইরানের সীমান্তসহ আফগানিস্তানের সকল প্রদেশের পতন ঘটে। স্থানীয় পশতুন কমান্ডার ও যুদ্ধবাজরা জালালাবাদসহ দক্ষিণপশ্চিম আফগান দখল করে নেয়। তালেবানরা উত্তরের কুন্দুজ শহরে ফিরে এসে একত্রিত হয়। ১৬ নভেম্বরের মধ্যে তালেবানদের উত্তরাঞ্চলের শেষ শক্তিশালী অবস্থান অবরোধের আওতায় আসে। বিদেশি সৈন্যদের সহায়তায় প্রায় দশ হাজার তালেবান যোদ্ধা প্রতিরোধ যুদ্ধ চালাতে থাকে। এরপর তালেবানদেরকে আফগানিস্তানের দক্ষিণে তাদের কেন্দ্রীয় শহর কান্দাহারের দিকে ফিরে যেতে বাধ্য করা হয়।

আফগানিস্তানের অন্যত্র ব্রিটিশ ও মার্কিন সৈন্যরা উত্তরাঞ্চলী জোটের সৈন্য ও অন্যান্য বিরোধী দলের সৈন্যদের সাথে সম্মিলিত হয়ে ২০০১ খ্রিস্টাব্দের নভেম্বর মাসে হিরাত দখল করে। কানাডা ও অস্ট্রেলিয়া সৈন্য দিয়ে সহায়তা করে। অন্যান্য দেশগুলো তাদের স্থল ও আকাশ সীমা ব্যবহারের অনুমতি দিয়ে সহায়তা প্রদান করে। ফলে সবকিছু হারিয়ে, তালেবান ও আলকায়দাদের জীবিত সেনারা তাদের আন্দোলনের জন্মস্থান কান্দাহার ও তোরা বোরা'য় ফিরে যায়।

১৩ নভেম্বরের মধ্যে আল-কায়দা ও তালেবান সৈন্যরা সম্ভবত বিন লাদেনসহ জালালাবাদ শহরের ৫০ কিমি দক্ষিণ-পশ্চিমে তোরা বোরায় একত্রিত হয়। প্রায় ২,০০০ আল-কায়দা ও তালেবান যোদ্ধা বাঙ্কার ও গুহায় নিজেদেরকে সুরক্ষিত করে। ১৬ নভেম্বরে যুক্তরাষ্ট্র দুর্গম পার্বত্য অঞ্চলে বোমা হামলা শুরু করে। প্রায় একই সময়ে সিআইএ এবং স্পেশাল ফোর্স সে এলাকায় স্থানীয় যুদ্ধবাজদের তালিকা তৈরি করে একটি আসন্ন হামলার পরিকল্পনা তৈরি করে।[২৩]

### অবজেক্টিভ উলভারাইন এবং র‍্যাপটর

১৩ নভেম্বর ৭৫ রেঞ্জার রেজিমেন্ট তার দ্বিতীয় যুদ্ধ-প্যারাসুট আফগানিস্তানে নিয়ে আসে। ১৬০তম এসওএআর দ্বারা পরিচালিত একটি অনুসরণীয় আক্রমনের জন্য এফএআরপি নিশ্চিত করার লক্ষ্যে এক প্লাটুনের মতো নিরাপত্তা সৈন্য সাথে রেঞ্জার রিকনেইনসেস ডিটাসমেন্টের তিনটি দল ও আটজন বিমানবাহিনীর কারিগরি অপারেটরসহ কান্দাহারের দক্ষিণ-পশ্চিম দিকের একটি এলাকায় প্যারাসুটের

সাহায্যে অবতরণ করে, যাদের কোড নাম ছিল বাসতোজেন (Bastogne)। একজোড়া এমসি-১৩০ কারগো শীঘ্রই নবনির্মীত বিমানবন্দরে অবতরন করে এবং চারটি ৬ জে লিটলবার্ড হেলিকপ্টার জমা দেয়। লিটলবার্ড হেলিকপ্টার গুলো তালেবানদের অবস্থানের উপর হামলা করতে উড্ডয়ন করা হয় আর এই অভিজানের কোড নাম দেওয়া হয় অবজেক্টিব উলভারাইন (Objective Wolverine)। তালেবানদের অবস্থান গুড়িয়ে দিয়ে লিটল বার্ড গ্রুপ অস্ত্র ও জ্বালানি নেওয়ার জন্য ফিরে আসে, এর পরে তারা তালেবানদের দ্বিতীয় অবস্থানের উপর হামলা চালাতে অভিযান চালায়। এ অভিযানের নাম দেওয়া হয় অবজেক্টিব র‍্যাপ্টটর (Objective Raptor)। তাদের মিশন শেষে লিটল বার্ডস এফএআরপি-তে ফিরে আসে এবং সেগুলোকে এমসি-১৩০-এ উঠিয়ে পাকিস্তানে নিয়ে যাওয়া হয়। কয়েক রাত পরে অপারেশন রিলেন্টলেস স্ট্রাইক নামে অনুরূপ আরও একটি অভিযান চালানো হয়। এ সময় রেঞ্জার সৈন্যরা তাদের পরিবর্তিত HMMWV এবং ল্যান্ডরোভার চালিয়ে দূরবতী একটি মরুময় অঞ্চলে আক্রমণ চালায়। এটা ছিল আফগানিস্তানের মাটিতে ১৬০তম এসওএআর-এর লিটল বার্ড পাইলটদের পরিচালিত প্রথম অভিযান, কারণ পার্বত্য অঞ্চলের উঁচু উঁচু টিলায় হেলিকপ্টার চালানো সম্ভব ছিল না। ইতোমধ্যে ২০০১ খ্রিস্টাব্দের ১৪ থেকে ১৬ নভেম্বরের মধ্যে যুক্তরাষ্ট্র আল-কায়দার শীর্ষ তিন নেতাকে হত্যা করতে সক্ষম হয়। মুহাম্মদ আতেফ (Mohammed Atef) এবং তার সাথে তার দেহরক্ষী আবু আলী আল-ইয়াফি এবং আরও ছয়জনকে তার কাবুলের বাড়িতে বোমা হামলার মধ্যমে হত্যা করা হয়।

**তারিনকোট-এর যুদ্ধ**

২০০১ খ্রিস্টাব্দের ১৪ই নভেম্বর ওডিএ ৫৭৪ ও হামিদ কারজাই কিছু গেরিলা যোদ্ধা সাথে নিয়ে 4 MH-60K কে হেলিকপ্টারে উরুজগান প্রদেশে প্রবেশ করে। কারজাই-এর সৈন্য এলে তারিনকোট শহরের অধিবাসীরা বিদ্রোহ শুরু করে এবং তালেবানদের শাসন প্রত্যাখ্যান করে। কারজাই তারিনকোটের নেতৃস্থানীয়দের সাথে সাক্ষাত করতে যান। তিনি সেখানে থাকাকালীন তালেবানদের প্রায় ৫০০ সেনা সে শহর পুনর্দখলের জন্য যায়। কারজাই-এর সামান্য সৈন্য সাথে আমেরিকান মিত্রবাহিনী যাতে ওডিএ ৫৭৪-এর বিশেষ মার্কিন সেনা ও ইউএস বিমান বাহিনী কম্ব্যাট কন্ট্রলার টেক সার্জেন্ট এ্যালেক্স ইয়োসিমোটো (Sergeant Alex Yoshimoto) বাহিনী তাদেরকে বাধা দেওয়ার জন্য শহরের সামনের দিকে এগিয়ে যায়। ইয়োসিমোটোর পরিচালিত ব্যপক বিমান হামলার সাহায্যে মার্কিন-আফগান যৌথ বাহিনী তাদেরকে থামাতে সমর্থ হয় এবং তাদেরকে শহর থেকে তাড়িয়ে দেয়।

তারিনকোটে তালেবানদের পরাজয় ছিল কারজাই-এর জন্য একটি গুরুত্বপূর্ণ বিজয়। এ বিজয়ের ফলে তিনি তার নব গঠিত গেরিলা বাহিনীতে আরও সৈন্য নিয়োগ করতে সক্ষম হন। তার এ বাহিনীতে প্রায় আটশজন লোক নিয়োগপ্রাপ্ত হয়। ৩০ নভেম্বরে তারা তারিনকোট ত্যাগ করে কান্দাহারের দিকে অগ্রসর হয়।

**কুন্দুজ পতন**

টাস্ক ফোর্স ড্যাগার তালেবানদের উত্তর দিকের শেষ শক্তিশালী অবস্থান কুন্দুজ দখলের প্রতি মনোনিবেশ করে। যেহেতু তোরা বোরাতে বোমা হামলা বেড়েছিল তাই কুন্দুজের অবরোধ চলছিল। জেনারেল

দাউদ ও ওডিএ ৫৮৬ তালেবানদের প্রতিরক্ষা ব্যুহ ধ্বংস করার জন্য ব্যাপক বিমান হামলা অব্যাহত রাখে। ১১ দিন যুদ্ধ ও বোমা হামলা চলার পরে ২৩ নভেম্বরে তালেবানরা উত্তরাঞ্চলীয় জোটের সেনাদের কাছে আত্মসমর্পণ করে। আত্মসমর্পণের সামান্য আগে পাকিস্তানি বিমান তাদের গোয়েন্দা ও সেনাদের বের করে নিয়ে যায়, যারা উত্তরাঞ্চলীয় জোটের বিরুদ্ধে তালেবানদের সাহায্য করছিল। এই বিমানটি প্রায় পাঁচ হাজার তালেবান ও আল-কায়দা যেদ্ধাদের বের করে নিয়ে আসে।[২৪]

**ট্রেন্টের অভিযান**

প্রধানমন্ত্রী টনিব্লেয়ারের সাথে রাজনৈতিক সমঝোতার পরে, এসএএস-কে তালেবানদের একটি আফিম খামার ধ্বংসের জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল। সে খামারটি ছিল কান্দাহার থেকে ২৫০ মাইল দক্ষিণ-পশ্চিমে। খামারটি ৮০ থেকে ১০০ জন বিদেশি সৈন্য পরিচালনা করতো। এর নিরাপত্তা দেওয়া হতো পরিখা ও অস্থায়ী বাঙ্কার খনন করে। এসএএস-কে পূরো দিনের আলোতে খামারটিতে হামলা চালাতে বলা হয়েছিল। CENTCOM কর্তৃক সময়সীমা বেঁধে দেওয়া হয়েছিল। এ আক্রমণ বিমানের সহায়তার উপর নির্ভশীল ছিল। শুধু মাত্র এক ঘন্টার বিমান সহায়তা দেওয়া হয়েছিল। সময়সীমা বেঁধে দেওয়ার অর্থ ছিল এ অভিযানের আগে সে স্থানটি পরিপূর্ণভাবে নিরিক্ষন করা হয়নি। ২২ এসএএস-এর সেনাপ্রধান এই হামলার দায়িত্ব গ্রহণ করে। যুক্তরাষ্ট্রের সেনাদের জন্য খুব স্বল্প বিজয়ের নিশ্চয়তা ছিল এবং ধারণা করা হতো যে বিমান থেকেই কাজটি সমাধা করা হবে যদি ব্রিটিশরা আফগানিস্তানে বড় ভূমিকা না রাখতে পারতো। যুক্তরাষ্ট্রের এসওএফ কমান্ডাররা তাদের নিজেদের ইউনিট থেকে কাজটি সমাধা করতো। খামারটির কৌশলগত গুরুত্ব কখনও ব্যাখ্যা করা হয়নি।

G Squadron হতে আট সদস্যের একটি টহল বিমান বাহিনী দিয়ে ২০০১ খ্রিস্টাব্দের নভেম্বর মাসে অভিযান শুরু হয়। সে সেনাদল সি-১৩০ হ্যাকিউলিস অঞ্চলে প্রধান আক্রমণ চালানোর আগে রাজস্তানের একটি মরুময় এলাকায় বিমান থেকে পরীক্ষামূলক প্যারাসুট জাম্পে অংশ নেয়। উন্নত বিমান বাহিনীর সদস্য এই পরীক্ষামূলক অভিযানকে যথার্থ বলে বিবেচনার পরের দিনে সি-১৩০-এর একটি বিমান অবতরণ করতে শুরু করে। প্রতিটি অবতরণ এসএএস-দের জন্য তাদের যানবাহনে অবতরণ করার মতো যথেষ্ট দীর্ঘ ছিল। জি স্কুয়াড্রন থেকে বিমানটি এমনভাবে অবতরণ করানো হয় যেন তা পুনরায় অবতরণের আগে মরুভূমির লক্ষ্যস্থলে পৌঁছাতে পারে। বিমান বাহিনীকে ৩৮টি স্থলযান, ২টি যুদ্ধযান ও  ৮টি কাউসাকি ডার্ট বাইকে বহন করা হয়। তারা প্রস্তুতি নিয়ে তাদের লক্ষ্যের দিকে এগিয়ে যায়। যান্ত্রিক সমস্যার কারণে রাস্তায় একটি স্থলযান ভেঙে যায়। গাড়িটি সেখানে ফেলে রাখা হয় এবং এর তিনজন যাত্রী গাড়িটি পহারা দেওয়ার জন্য সেখানে থেকে যায় (যখন হামলাকারী বাহিনী বিতাড়িত হয় তখন তারা তাদেরকে সাথে নিয়ে আসে)। হামলাকারী বাহিনী পূর্ব নির্ধারিত একটি স্থানে উপস্থিত হয়ে দুটি দলে বিভক্ত হয়। সে দুটি দল হলো প্রধান আক্রমণকারী বাহিনী ও এফএসবি (ফারায় সাপোর্ট বেজ)। লক্ষ্যস্থলে হামলা করার জন্য ‘এ’ স্কোয়াড্রনকে (সেনাদলকে) দায়িত্ব দেওয়া হয়েছিল। তখন ‘জি’ স্কোয়াড্রনকে এফএসবি’র দায়িত্ব দেওয়া হয়েছিল, জি স্কোয়াড্রনের দায়িত্ব ছিল এ স্কোয়াড্রনকে লক্ষ্যের দিকে এগিয়ে দিয়ে শত্রুদেরকে পর্বতারোহী গাড়ি জিপিএমজি ৫০ কিল এইচএমজি মিলান ট্যাঙ্ক বিধ্বংসী মিসাইল সাথে ৮১এমএম মর্টার ও এম ৮২ এএল স্লিপার রাইফেল দিয়ে দমন করা (সৈন্যরা আর্টিলারি বন্দুকের কার্যক্ষমতার বাইরে ছিল)।

আক্রমণ শুরু হয় একটি প্রস্তুতিমূলক বিমান অভিযানের পরে। এ স্কোয়াড্রন তাদের অস্ত্রের গেলা ছুড়ে তার সূচনা কেন্দ্র থেকে সরে যায়। তারা তাদের লক্ষ্যকেন্দ্রের পরিসীমার বাইরে তাদের যানবাহন হতে অবতরন করে এবং মূল স্থানের দিকে পদব্রজে এগিয়ে যায়। সে সময় জি স্কোয়াড্রন মূল লক্ষ্যস্থলে তাদের ভারী অস্ত্রের গোলা ছুড়তে থাকে। গোলা বারুদ নিয়ে অস্ত্রাগার থেকে বের হয়ে আসার পূর্ব পর্যন্ত সহায়তামূলক বিমান হামলা চলতে থাকে। সর্বশেষ গিরিপথে একটি মার্কিন নৌবাহিনী এফ-১৮ হর্নেট ২০ এমএম কামান দিয়ে বাঙ্কারে আঘাত হানে। যার আঘাত থেকে জি স্কোয়াড্রনের অনেক সৈন্যকে সামান্য লক্ষ্যভ্রষ্ট হয়ে আঘাত হানে। এ স্কোয়াড্রন মূল লক্ষ্যের কাছাকাছি পৌঁছে, তখন এসএএস-এর অনেক সৈন্য আহত হয়। আল-কায়দা সৈন্যরা খুব ভালো প্রশিক্ষণপ্রাপ্ত ছিল না কিন্তু তারা ছিল কট্টর যোদ্ধা এবং খুবই যুদ্ধাংদেহী। এসএএস সেনাদের প্রতিটি ভালো ফলাফলের জন্য ভয়ঙ্কর যুদ্ধ করতে হয়েছিল। এফএসবি-এর কমান্ডার সে আক্রমণে অংশ নিয়েছিল। সে এ স্কোয়াড্রনের সেনাদের প্রণোদিত করার জন্য এসেছিল, যখন সে বুঝতে পারল যে অভিযানটি থেমে যাচ্ছে, তারা শত্রুদের থেকে কয়েকশত মিটার দূরে অবস্থান করছে, তখন তিনি তার পায়ে একে ৪৭-এর একটি গুলির দ্বারা আঘাত প্রাপ্ত হন। অবশেষে এ স্কোয়াড্রনের সৈন্যরা তাদের লক্ষ্যে পৌঁছে। মূল ভবন দখল করে যতদূর সম্ভব গোয়েন্দা উপকরণ সংগ্রহ করে। চার ঘণ্টা অভিযান চলে এবং মোট চারজন এসএএস সৈন্য আহত হয়। এ অভিযানটি ব্রিটিশে সংঘটিত সব থেকে বড় এসএএস-এর অভিযান হিসেবে ইতিহাসে খ্যাতি লাভ করে।

### কালা-ই-জাঙ্গির যুদ্ধ

২৫ নভেম্বর তালেবান ও সন্ত্রাসী জেল বন্দীদের মাজার শরিফের পাশে কালা-ই-জাঙ্গি দুর্গে নেওয়া হয়। কিছু তালেবান সেখানকার উত্তরাঞ্চলীয় জোটের প্রহরীদের হামলা চালায়। এই ঘটনার ফলে প্রায় ৬০০ বন্দী বিদ্রোহ শুরু করে, তারা শীঘ্রই মধ্যযুগের একটি দুর্গের দক্ষিণ দিকের অংশ, একটি একে ৪৭, আরপিজি এবং নৈবাহিনীর ব্যবহৃত অস্ত্রের গুদাম দখল করে নেয়। জনি মিখাইল স্পান (Johnny Micheal Spann) দুর্গে অবস্থানরত দুজন সিআইএ এসএডি পরিচালকদের একজন যে বন্দীদের জিজ্ঞাসাবাদ করছিল, তাকে হত্য করা হয়, আর এ সৈন্যই হলো আমেরিকার যুদ্ধে নিহত প্রথম সৈন্য।[২৫]

অপর সিআইএ পরিচালক দেভ (Dave) CENTCOM-এর সাথে যোগাযোগ করতে সমর্থ হন। তিনি সাহায্যের জন্য মাজার-ই-শরিফের টিএফ ডেগার সেফ হাউজে এসওএফ সেনাদের সংকেত পৌঁছে দেন। সেফ হাউজে ডেল্টা ফোর্স, কিছু গ্রিন ব্যারেস এবং এম স্কোয়াড্রনের কিছু এসবিএস সৈন্য ছিল। সেসময় সেফ হাউজে অবস্থানরত সৈন্যদের নিয়ে একটি বাহিনী গঠন করা হয়। এ বাহিনীতে ছিল তৃতীয় বেটেলিয়নের কিছু কেন্দ্রীয় সেনা, ৫ম এসএফজি, এক জোড়া ইউএসএএফ লিয়াজো অফিসার, সামান্য কিছু সিআইএ এসএডি পরিচালক এবং এসবিএস দল। আট সদস্যের এসবিএস দল একটি ল্যান্ড রোভার ৯০-তে এবং গ্রিন ব্যারেট এবং সিআইএ একটি ছোট ভ্যানে করে আসে এবং বিদ্রোহ থামাতে একটি Stem the tide যুদ্ধ চালিয়ে বন্দীদের ধরতে থাকে। ফলে সিআইএ পরিচালক দেভ প্রাণে বেঁচে যায়, এরপরে সৈন্যরা স্পানের দেহে মনোনিবেশ করে। বিদ্রোহীদের সাথে চারদিন যুদ্ধ চালানোর পরে গ্রিন ব্যারেট তালেবানে বন্দীদের উপর একাধিক বিমান হামলা চালায়, সেসময় একটি

সিএএস-এর মিশনের একটি জেডিএএম ভুল নির্দেশ দিয়েছিল তাতে হামলাটি যৌথ বাহিনী ও উত্তরাঞ্চলীয় জোটের সেনাদের অবস্থানের কাছে বিস্ফোরিত হয়। ফলে ৫ জন গ্রিন ব্যারেট ও চার জন এসবিএস অপারেটর মারাত্মকভাবে আহত হয়।

এসি-১৩০ গানসিপ থেকে সরারাত বোমা হামলা চালানো হয়, পরের দিন যখন উত্তরাঞ্চলীয় জোট টি-৫৫ ট্যাঙ্কগুলো কেন্দ্রস্থলে আনে এবং তালেবানদের অবস্থানরত কক্ষগুলোতে শেল নিক্ষেপ করে তখন বিদ্রোহ সম্পূর্ণ রূপে থেমে যায়। সারা সপ্তাহ যুদ্ধ চলার পর যখন সর্বশেষ কাজগুলো করেছিল তখন দোস্তামের উত্তরজোটের সৈন্যরা গ্রিন ব্যারেট-এসবিএস দল স্প্যানের দেহ উদ্ধার করছিল। স্পেশাল বোট সার্ভিস ইউনিট, আরমি স্পেশাল ফোর্স, উত্তরাঞ্চলীয় জোটের সৈন্য ও বিমান বাহিনীর বোমা হামলাসহ সাত দিন যুদ্ধ চলার পরে বিদ্রোহ থেমে যায়। এই যুদ্ধে ৮৬ জন তালেবান বেঁচে ছিল ৫০ জন উত্তরজোটের সেনা নিহত হয়েছিল। এই বিদ্রোহটি ছিল উত্তর আফগানিস্তানের শেষ যুদ্ধ।

**কান্দাহার দখল**

ODA ৫৭৪ ও হামিদ কারজাই স্থানীয় পশতুন বন্ধুসুলভ গোত্র থেকে সৈন্য সংগ্রহ করতে করতে কান্দাহারের দিকে এগিয়ে যেতে থাকে। তার বাহিনীর সাথে পথিমধ্যে ৮০০ সৈন্য যোগদান করে। তারা দুইদিন তালেবানদের সাথে যুদ্ধ করে। কৌশলগত কারণে তালেবানরা সৈয়দ-আউম-কালায় (Sayd-Aum-Kalay) ব্রিজে নিয়ন্ত্রণ রেখেছিল। অবশেষে যুক্তরাষ্ট্রের বৈমানিক শক্তির সাহায্যে এটি দখল করে এবং কান্দাহারের পথ উন্মুক্ত করে। নভেম্বরের শেষ নাগাদ কান্দাহার ছিল তালেবানদের শেষ শক্তিশালী ঘাটি এবং তা অস্তে আস্তে চাপের মুখে পড়তে থাকে। কারজাই ও গুল আঘা সিরাজির (তালেবানদের ক্ষমতা দখলের আগে কান্দাহারের গভর্ণর) পরিচালিত প্রায় তিন হাজার আদিবাসী সৈন্য পূর্ব দিক থেকে তালেবানদের উপর চাপ প্রয়োগ করতে থাকে এবং কান্দাহার শহরের উত্তর দিকের যোগাযোগ ব্যাবস্থা বন্ধ করে দেয়। উত্তরাঞ্চলীয় জোটের সৈন্যরা উত্তর ও উত্তরপূর্ব দিক থেকে অগ্রসর হয়। ওডিএ ৫৮৩ গুল আঘা সিরাজিকে সাহায্য করার জন্য কান্দাহারের দক্ষিণপূর্ব দিকের সিন-নারাই উপত্যকায় প্রবেশ করে। ২৪ নভেম্বরের মধ্যে ওডিএ ৫৮৩ পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করে গোলা বর্ষণের মাধ্যমে তালেবানদেরকে ধ্বংস করতে সক্ষম হয়।

ইতোমধ্যে ২৫ নভেম্বর প্রায় ১০০০ মার্কিন নৈসেনা সিএইচ-৫৩ সুপার স্টেলিন হেলিকপ্টারের মাধ্যমে কান্দাহারের দক্ষিণে একটি মরুভূমিতে প্রবেশ করে এবং ক্যাম্প রাইনো নামে একটি প্রশস্ত বিমান পরিচালনা কেন্দ্র স্থাপন করে। এটা ছিল যৌথ বাহিনীর প্রথম বিমান পরিচালনা কেন্দ্র এবং অন্য কেন্দ্রগুলোকেও সচল করেছিল। যুক্তরাষ্ট্রের পদাতিক বাহিনীর অংশগ্রহণে রাইনো দখলের একদিন আগে একটি গুরুত্বপূর্ণ যুদ্ধ সংঘটিত হয়। পনেরটি গাড়িতে করে তালেবান অস্ত্রধারীরা সে স্থানে এগিয়ে অসে এবং হেলিকপ্টার গানসিপ থেকে আক্রমণ করে তাদের অনেককেই ধ্বংস করা হয়। এদিকে শহরের ভিতরে তালেবানদের অবস্থান ধ্বংস করার জন্য বিমান হামলা অব্যাহত থাকে, যেখানে মোল্লা উমরের অবস্থান ছিল। যদিও নভেম্বরের শেষ নাগাদ আফগানিস্তানের ৩০টি প্রদেশের মধ্যে মাত্র চারটিতে মোল্লা উমরের লোকজন নিয়ন্ত্রণ রেখেছিল তবু তিনি বেপরোয়া ছিলেন। তিনি তার সেনাদের আমরণ যুদ্ধের জন্য আহবান জানিয়ে ছিলেন।

৫ ডিসেম্বরে ওডিএ ৫৭৪ থেকে ছোড়া ২০০০ আইবি জিপিএস-পরিচালিত একটি বোমা গ্রিন ব্যারেট-এর মধ্যে পতিত হয়। এতে তিন জন সদস্য নিহত হয় এবং বাঁকি সবাই আহত হয়। ২০ জনেরও বেশি কারজাই-এর সৈন্য নিহত হয় এবং কারজাই নিজেও সামান্য আঘাত প্রাপ্ত হন। তার কাছেই ডেলটা ফের্সের একটি পরিদর্শক দল তাদের পিনজগরে (Pinzgauers) আরোহণ করে এবং সে এলাকা দখল করে নেয়। ডেল্টা চিকিৎসক দল গ্রিন ব্যারেটে আহতদের নিয়ে কাজ করছিল। সাথে সাথে ওডিবি ৫৭০ ও ওডিএ ৫২৪ থেকে একটি USMC CH-53 হেলিকপ্টার আহতদের উদ্ধারের জন্য পাঠিয়ে দেওয়া হয় এবং তাৎক্ষণিকভাবে ওডিএ ৫৭৪ এর অপারেটরদের প্রতিস্থাপন করা হয়। ৬ ডিসেম্বরে কারজাইকে বলা হয় যে তিনি হবেন পরবর্তী আফগান রাষ্ট্রোপতি। তিনি সৈয়দ-আউম-কালায় এর চারদিকে এবং সমস্ত কান্দাহার শহরে তালেবান সৈন্যের সফল আত্মসমর্পণ নিয়েও আলোচনা করেন। ওডিএ ৫২৪ ওডিএ ৫৭০ এবং হামিদ কারজাই-এর জঙ্গী বাহিনী শহরটি দখল করার জন্য শেষ চেষ্টা শুরু করে। ৭ ডিসেম্বরে সেরজাই-এর সৈন্যরা কান্দাহারের বিমান বন্দর দখল করে এবং কান্দাহার শহরের ভিতরে প্রবেশ করে। উমর তার বিশ্বস্ত একদল অনুসারী নিয়ে কান্দাহার শহর থেকে পালিয়ে যায় এবং উত্তর-পশ্চিমের উরুজগান প্রদেশের পর্বতমালায় প্রবেশ করেন। এভাবে তালেবানরা তাদের যোদ্ধা ও অস্ত্র সমর্পণের প্রতিশ্রুতি প্রত্যাখ্যান করে। সর্বশেষ তাকে একটি মটরসাইকেলের বহরে দেখা যায়। অন্য তালেবান যোদ্ধারা পাকিস্তানে এবং পাকতিয়া প্রদেশে পালিয়ে যায়। একই দিনে আফগানিস্তানে  তালেবান নিয়ন্ত্রণের সমাপ্তি ঘটিয়ে সীমান্ত এলাকার স্পিন বোল্ডাক (Spin Boldak) শহরও দখল করে। গুল আঘার নেতৃত্বে আফগান সৈন্যরা কান্দাহার দখল করে। একই সময়ে মার্কিন মেরিন সৈন্যরা বিমানবন্দর  দখল করে মার্কিন ভিত্তি প্রতিষ্ঠা করে।

**তোরা বোরার যুদ্ধ**

কাবুল ও কান্দাহারের পতনের পরে বিন লাদেন ও অন্যান্য নেতৃস্থানীয় আল-কায়দা বাহিনী জালালাবাদ ও নানগরহার প্রদেশ পরিহার করে সেখান থেকে তারা পাকিস্তান সীমান্ত থেকে ২০ কিলোমিটার দূরে সাদা পর্বতের তোরা বোরা অঞ্চলে প্রবেশ করে। এখানে আফগান-সোভিয়েত যুদ্ধের সময় মুজাহিদিনদের তৈরি করা প্রতিরক্ষাব্যূহ ও গুহা-সংযোগ ছিল। এখান থেকে উদ্ধারকৃত উপকরণ তালেবান ও আল-কায়দা সন্ত্রসীদের জিজ্ঞাসাবাদের তথ্যের ভিত্তিতে বোঝা যায় যে, সে এলাকায় উল্লেখযোগ্য সংখ্যক বিদেশি যোদ্ধা এবং উল্লেখযোগ্য এইচভিটি-দের উপস্থিতি ও বিচরণ ছিল। সেভিয়েতের সময়কালীন যে অভিজ্ঞতা অর্জিত হয়েছিল তার ভয়ে গতানুগতি সৈন্য সমাবেশ ছাড়াও হোয়াইট হাউজ ও পেন্টাগান ইউএস এসওএফ-এর সহায়তায় আফগান জঙ্গী বাহিনী দিয়ে সে এলাকাটি জনশূন্য করে আল-কায়দা সেনাদের ধ্বংস করার সিদ্ধান্ত নেওয়া হয়।

ওডিএ ৫৭২ ও একটি সিআইএ জব্রেকার (Jawbreaker) দল (সিআইএ সদরদপ্তরের ছোট একটি দল) পূর্ব দিকের দুজন যোদ্ধাবাজ হযরত আলী ও মুহাম্মদ জামান (এদের উভয়ের প্রতি উভয়ের গভীর সন্দেহ ছিল) পরিচালিত তালেবান বিরোধী সৈন্যদের সিআইএ হার্ড কারেন্সি ব্যাবহার করে পরামর্শ দেওয়ার জন্য পাঠানো হয়। আশু যুদ্ধে ২৫০০ থেকে ৩০০০ এএমএফ নিয়োগ দেওয়া হয়। আল-কায়দা বাহিনী তোরা বোরা অঞ্চল তাদের শেষ শক্তিশালী ঘাঁটি হিসেবে ব্যাবহার করছিল। সিআইএ জব্রেকার দলের নেতা তোরা বোরা থেকে পাকিস্তানের মধ্যে অনুপ্রবেশের সম্ভাব্য পথগুলোতে বাধা

দেওয়ার মতো অবস্থান তৈরির জন্য রেঞ্জার থার্ড ব্যাটেরিয়ন ও ৭৫ রেঞ্জার রেজিমেন্টের কাছে একদল সেনাকে পর্বতমালার মধ্যে পাঠানের জন্য অনুরোধ জানায়। জব্রেকার বলেন যে তারা (পর্বতমালার ভিতরে অবস্থানরত সৈন্যরা) এবং এয়ার ফোর্স কমব্যাট কন্ট্রলসহ গ্রিন ব্যারেট ও এএমএফ কামানের মতো কাজ করবে। এই বাহিনী শত্রুদের অবস্থানের উপরে দশম মাউনটেইন ডিভিশন থেকে সরাসরি বিমান হামলা চালানোরও অনুমতি দেওয়া হয়, কিন্তু এ প্রস্তাব প্রত্যাখ্যান করা হয়।

যুদ্ধের শুরু থেকে ওডিএ ৫৭২ এর কমব্যাক্ট কন্ট্রলার দিয়ে বিমান হামলা অব্যাহত রাখা হয়েছিল (১৫,০০০ আইবি ডেইজি কাটার সবসময় ব্যাবহার করা হয়)। আল-কায়দার শক্তিশালী অবস্থানের উপর এএমএফ সৈন্যরা সম্ভাব্য বিজয়ের মাত্রা অনুপাতে দুর্বল জাতের হামলা ও মিত্রদের সহযোগিতামূলক আক্রমণে অংশ নিয়েছিল। গ্রিন ব্যারেট আবিষ্কার করেছিল যে জঙ্গীদের যুদ্ধের মানুষিকতা ও যোগ্যতা কোনোটিই ছিল না। ওডিএ সদস্যদের মতো তারা মার্কিন বিমান হামলার পরে সকালে বিজয় লাভ করবে এবং একই দিনে তা হারিয়ে ফেলবে; তারা প্রতি রাতে ঘুমানোর জন্য তাদের সংরক্ষিত এলাকায় পশ্চাদপসরণ করবে। এএমএফ বাহিনী, সিআইএ ও ওডিএ দল সে যুদ্ধে আরও সৈন্য নিয়োগ করার সিদ্ধান্ত নিয়ে ছিল।

এ ডেল্টা ফোর্স থেকে ৪০জন অপারেটর তোরা বোরাতে পাঠানো হয় এবং সিআইএ থেকে যুদ্ধের কৌশল গ্রহণ করার জন্য ডেল্টা স্কোয়াড্রনের একডজন এসবিএস সৈন্য ছিল। জঙ্গীদের ছোট ছোট দলের মধ্যে ডেল্টা অপারেটরদের নিয়োগ করা হয়েছিল এবং তাদের নিজস্ব রেকি পরিচালক বাহিনীকে বিন লাদেনের তথ্য অনুসন্ধানের জন্য পাঠানো হয়। অবশেষে গ্রিন ব্যারেট ও সিআইএ অপারেটরদের সহযোগিতায় এএমএফ'র অগ্রগতি নিশ্চিত হয়। পরিস্থিতির মূল্যায়ন সম্পর্কে ডেল্টা স্কোয়াড্রনের কমান্ডার জব্রেকারের সাথে একমত হন এবং শত্রুদের পাহাড়ি রাস্তাগুলো বন্ধ করে দেওয়ার জন্য ব্লকিং সেনাদের পাহাড়ের ভিতরে যাওয়ার জন্য অনুরোধ করা হয় এবং রেঞ্জার ব্যাটেলিয়ন এই অনুরোধ প্রত্যাখ্যান করলে, তিনি তার বাহিনীকে সে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন কিন্তু জেনারেল ফ্রাঙ্ক তার সকল অনুরোধ প্রত্যাখ্যান করেন। ১২ ডিসেম্বর যুদ্ধের দুই সপ্তাহ অতিবাহিত হলে আফগান জঙ্গী বাহিনীর কমান্ডার জামান তোরা বোরায় আটক করা তালেবান ও আল-কায়দার সাথে আলোচনা শুরু করেন। মার্কিন ও ব্রিটিশদের হতাশা সত্ত্বেও শুরার সিদ্ধান্ত অনুসারে সম্ভাব্য আত্মসমর্পণে আগ্রহী তালেবান ও আল-কায়দাদের আত্মসমর্পণের সুযোগ দিয়ে পরের দিন সকাল আটটা পর্যন্ত সাময়িক যুদ্ধ বিরতি ঘোষণা করা হয়। এটা ছিল কয়েকশত আল-কায়দা ও ০৫৫ ব্রিগেডেরে সেনাদেরকে দ্রুত পাকিস্তানে পালানোর সুযোগ দেওয়ার কৌশল।

পরের দিন একজন মৃত আল-কায়দা যোদ্ধার হাত থেকে একটি আইকম রেডিও উদ্ধার করা হয়, যাতে ডেলটা স্কোয়াড্রন ও সিআইএ সদস্যদেরকে বিন লাদেনের বক্তব্য শুনতে বলা হয়। এতে স্পষ্টভাবে তার অনুসারীদের সাথে তোরা বোরাতে যুদ্ধ করার কৈফিয়ত চাওয়া হয় এবং আত্মসমর্পণ কারীদের প্রতি তার আশীর্বাদ দেওয়া হয়। অনুমান করা হয় এটি ছিল বিন লাদেনকে পালাবার অনুমতি প্রদান করে একটি পুনর্বিবেচনামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে যুদ্ধ অব্যাহত রাখার কৌশল। অন্তত একজন যোদ্ধাবাজকে বিন লাদের পক্ষ থেকে ঘুষ দেওয়ার বিশ্বাসযোগ্য গুজব আছে, এএমএ-এর আক্রমণে অনিচ্ছা এই ঘুষের কারণ হতে পারে। তোরা বোরায় অবস্থানরত জব্রেকার দলের নেতা বিশ্বাস করেন যে অন্তত বড়

রকমের দুটি আল-কায়দা দল পালিয়ে গেছে। ১৩০ জন মুজাহিদের একটি ছোট দল পাকিস্তানের পূর্বাংশে পালিয়ে যায় যখন বিন লাদেনসহ সউদী ও ইয়েমিনি মুজাহিদদের দুইশ জনের দ্বিতীয় দল সে পর্বতমালার পার্শবর্তী পাকিস্তানি শহর প্যারাচিনারের পথে অগ্রসর হয়। ডেলটা স্কোয়াড্রনের কমান্ডার বিশ্বাস করেন যে ১৬ ডিসেম্বরের মধ্যে কোনো এক সময় বিন লাদেন পাকিস্তানে পালিয়ে যায়। জ্যাকেল নামের একটি ডেলটা অনুসন্ধানকারী দল ছদ্মবেশী জ্যাকেট পরিহিত একজন লম্বা লোককে বিপূল সংখ্যক যোদ্ধা নিয়ে একটি গুহায় প্রবেশ করতে দেখে। সেই লোকটিকে বিন লাদেন মনে করে সেই অনুসন্ধানকারী দল চতুর্মুখী বিমান হামলা চালায়, কিন্তু পরে ডিএনএ পরীক্ষায় বিন লাদেনের সাথে কোনো মিল পাওয়া যায় না। সন্ত্রাসীদের অধিকাংশই পালিয়ে গিয়েছিল বলে যুদ্ধ সমাপ্ত হয়েছিল। যুক্তরাষ্ট্রের সেনাকর্মকর্তারা দাবি করেছিল যে তোরা বোরাতে শত শত আল-কায়দা সেনাদের হত্যা করা হয়েছে, তবে তা নিশ্চিত করে বলা কঠিন কেননা পাহাড়ের গুহায় তাদেরকে দাফন করা হয়েছে এবং অনেকের দেহ বোমার আঘাতে পুড়ে গেছে আর সামান্য কয়েক জনকে বন্দি করা হয়েছে।[২৬]

২০ ডিসেম্বরে ওডিএ ৫৬১, ওডিএ ৫৭২-এর সহযোগিতা নিয়ে এসএসই পরিচালনার মাধ্যমে সন্ত্রাসদের দেহ থেকে ডিএনএ নমুনা সংগ্রহের জন্য হোয়াইট মাউনটেইনসে প্রবেশ করে। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সৈন্যরা জানুয়ারি পর্যন্ত অনুসন্ধান চালায়, কিন্তু আল-কায়দার নেতৃস্থানীয়দের কোনো অলামত পাওয়া যায় না। অনুমান করা হয় যে প্রায় দুইশত আল-কায়দা যোদ্ধা এবং অসংখ্য উপজাতীয় যোদ্ধা সে যুদ্ধে নিহত হয়। সংবাদে বলা হয় কোনো মার্কিন ও ব্রিটিশ সৈন্য হতাহত হয়নি।

### কূটনৈতিক ও মানবিক প্রচেষ্টা

২০০১ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসে জাতিসংঘ জার্মানিতে বন সম্মেলনের আয়োজন করে। তালেবানদের বাদ রেখে আফগানিস্তানের চারটি বিরোধী দল এ সম্মেলনে অংশ গ্রহণ করে। পর্যবেক্ষকগণ প্রতিবেশী ও অন্যান্য সংশ্লিষবট রাষ্ট্রের প্রতিনিধিদের আহবান করেছিলেন। বন সম্মেলন আফগানিস্তানের অন্তর্বতীকালীন সরকারকে আফগানিস্তানের সার্বভৌমত্বের ভার অর্পণ করে এবং তথাকথিত পিটার্স বার্গ প্রসেসের মাধ্যমে একটি নতুন সংবিধান প্রণয়ন ও একটি নতুন আফগান সরকার গঠনের খসড়া প্রণয়ন করা হয়। হামিদ কারজাইকে অন্তর্বতীকালীন সরকারের প্রধান নির্বাচিত করা হয়। ২০০১ খ্রিস্টাব্দের ১৪ নভেম্বর জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন ১৩৭৮ তে আফগানিস্তানকে ভিত্তি বানিয়ে আল-কায়দা ও অন্যান্য সন্ত্রাসী দলকে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করার সুযোগ দেওয়ার জন্য এবং ওসামা বিন লাদেন, আল-কায়দা ও তাদের সাথে সংশ্লিষ্ট সন্ত্রাসীদেরকে নিরাপদ আশ্রয় প্রদানের জন্য তালেবানদের প্রতি নিন্দা জানানো হয় এবং এ কারণে তালেবান সরকারের প্রতিস্থাপনে আফগান জনতার প্রচেষ্টাকে সমর্থন করা হয়। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি বোমা হামলার শুরুতে আফগানিস্তানের উপর নিষেধাজ্ঞা জারি করে কিন্তু তালেবানদের পতনের পরে তা আবার চালু করা হয়।[২৭]

### কাবুলের জন্য নিরাপত্তা সেনা

২০০১ খ্রিস্টাব্দের ২০ ডিসেম্বর জাতিসংঘ আন্তর্জাতিক নিরাপত্তা বাহিনীর একটি দলকে কাবুল ও তার আশেপাশের এলাকায় নিরাপত্তা নিশ্চিত করার জন্য আফগানদের সহযোগিতা করতে প্রেরণ করা হয়।

প্রাথমিকভাবে এই বাহিনীটি ব্রিটিশের তৃতীয় যান্ত্রিক বিভাগের সদর দফতর থেকে মেজর জেনারেল জন ম্যাককল-এর নেতৃত্বে গঠন করা হয়েছিল এবং প্রথম বছরে এর সংখ্যা ছিল পাঁচ হাজার। প্রথম কয়েক বছর কাবুলের বাইরে না যাওয়ার জন্য এই দলকে নির্দেশ প্রদান করা হয়। ২০০২ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারি মাস নাগাদ ১৮টি দেশ এই বাহিনীতে অবদান রাখে।

**অপারেশন আনাকন্ডা**

২০০২ খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে তোরা বোরার দক্ষিণে জাওয়ার কিলিতে কতগুলো গুহা আবিষ্কৃত হয়। এসওএফ বাহিনী সেই এলাকায় প্রবেশের আগে সেখানে বিমান হামলা চালানো হয়। জার্মানির একদল কেএসকে সেনাদল, নরওয়ের একদল এসওএফ সেনাদল এবং জেটিএফ ২ পরিদর্শক দলের সহযোগিতায় SEAL 3 থেকে এক প্লাটুন SEAL সৈন্য এক সপ্তাহ যাবত ব্যাপক তল্লাশী চালিয়ে তারা ৭০টি গুহা ও ৬০টি অবকাঠামো আবিষ্কার করে এবং বিপুল পরিমাণে গোয়েন্দা উপকরণ ও অস্ত্র উদ্ধার করে কিন্তু কোনো আল-কায়দা সেনার সন্ধান পাওয়া যায় নি।

লয়া জিগরার পরে উপজাতীয় নেতৃবর্গ ও সাবেক নির্বাসিত নেতারা হামিদ কারজাই-এর নেতৃত্বে কাবুলে একটি অন্তবর্তীকালীন সরকার গঠন করেন। যুক্তরাষ্ট্রের সৈন্যরা কাবুলের উত্তর পার্শে বাগ্রাম বিমানবন্দরে তাদের শক্তিশালী ভিত্তি তৈরি করে। কান্দাহারের বিমানবন্দরও যুক্তরাষ্ট্রের শক্তিশালী ভিত্তিতে পরিণত হয়। তালেবান ও আল-কায়দা সেনাদের খুঁজে বের করার জন্য পূর্ব প্রদেশে চৌকি স্থাপন করা হয়। আল-কায়দা সেনারা ২০০২ খ্রিস্টাব্দের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পাকতিয়া প্রদেশের শাহ-ই-কোট উপত্যকায় পুনরায় একত্রিত হয়। পাকতিয়া প্রদেশের একজন পলাতক তালেবান মোল্লা সাইফুর রহমান আবারও তার জঙ্গি বাহিনী পুনর্গঠন শুরু করে। ২০০২ খ্রিস্টাব্দের শুরু পর্যন্ত তারা সংখ্যায় প্রায় ১০০০ জন। তাদের পরিকল্পনা ছিল ১৯৮০ দশকের সোভিয়েত সৈন্যের উপর চালোনো হামলার মতো যতদুর সম্ভব মারাত্মক গেরিলা হামলা চালানো।

মার্কিন তাদের এই পরিকল্পনা সনাক্ত করে এবং ২০০২ খ্রিস্টাব্দের ২ মার্চ যুক্তরাষ্ট্র, কানাডা ও আফগান সৈন্য তাদের বিরুদ্ধে "অপারেশন আনাকন্ডা" পরিচালনা করে। টাস্ক ফোর্সের কতগুলো ট্রাক রাস্তা ভুল করার কারণে কাদায় আটকে পড়ে, বিপুল পরিমাণে বিমান হামলা ঘাটানো সম্ভব হয়নি। দুর্বল প্রশিক্ষণ প্রাপ্ত আফগান সরকারের সেনা বাহিনী বিমান হামলার সহায়তা ছাড়া আল-কায়দা সৈন্যের সাথে যুদ্ধ করতে অপারগতা প্রকাশ করে। আফগান সৈন্যরা মার্কিন ও কানাডা সৈন্যের নেতৃত্বেই সব কাজ করতো। মুজাহিদিন সেনারা পাহাড়ি এলাকায় প্রায় ৩০০০ মি. (১০,০০০ ফুট) উঁচুতে ছোট-খাটো অস্ত্র, রকেট-চালিত গ্রেনেড এবং মর্টার ব্যাবহার করে গুহা ও বাঙ্কার তৈরি করেছিল। তারা "hit and run" কৌশলে হামলা চালায়, সরাসরি হামলা এবং এর পরে তাদের বাঙ্কার ও গুহায় ফিরে যায় পুনরায় গুলি চালানো ও বোমা হামলার পূর্ব পর্যন্ত তারা সেখানে অবস্থান করে। যুক্তরাষ্ট্রের সেনা প্রধান অনুমান করেন তাদের সংখ্যা খুব কম, তারা সংখ্যায় ২০০ কম হবে। কেউ কেউ অনুমান করেছিল তারা সংখ্যায় ১০০০ থেকে ৫০০০-এর মধ্যে হবে। ৬ মার্চের মধ্যে ৮ জন মার্কিন সেনা, ৭ জন আফগান সেনা এবং ৪০০ আল-কায়দা সেনা নিহত হয়। এক সময় বিপুল পরিমাণে আল-কায়দা সৈন্য আসতে শুরু করে তখন আফগান সৈন্যরা ভীত হয়ে তালেবানদের কাছে মার্কিন টাস্ক ফোর্সকে ফেলে সে স্থান ত্যাগ করে। আমেরিকান সৈন্যরা কয়েকবার তাদের বিমান বাহিনী দিয়ে হামলা করে তখন জটিলতা

আরও বেড়ে যায়। উপ-যুদ্ধগুলো 'রবার্ট রিজের' টাকুর ঘররের যুদ্ধে জড়িয়ে পড়ে এবং অপারেশন ক্লক ও পোলার হারপুন শুরু হয়। কয়েক হাজার গেরিলা ওয়জিরিস্তানের উপজাতীয় এলাকাগুলো দখল করে নেয়। আনাকন্ডার যুদ্ধ এবং ২০০২ ও ২০০৩ খ্রিস্টাব্দের অন্য যুদ্ধে নিউজিল্যান্ডের স্পেশাল বাহিনী, অস্ট্রেলিয়া, জার্মানি ও নরওয়ের স্পেশাল বাহিনীও অংশ নিয়েছিল।

২০০২ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারি মাসে কাবুলের বাইরে আইএসএএফ বাড়ানো হবে কি না তা নিশ্চিত করার জন্য জাতীয় নিরাপত্তা পরিষদ আলোচনায় অংশ নেয়। পাওয়েল ও রামসফেল্ডের মধ্যে এক বিতর্কে রাম্‌সফেল্ড যুক্তি উপস্থাপন করে যে আর সৈন্য বাড়ানো উচিত হবে না। পরবর্তীতে ঐতিহাসিকগণ লেখেন যে কাবুলের বাইরে আইএসএএফ-এর কর্মকাণ্ড বৃদ্ধি না করার কারণে কারজাইকে দেশের মধ্যে শক্তিশালী প্রতিরক্ষা প্রতিষ্ঠার জন্য জনবল নিয়োগ দিতে হবে, আর তা করা না হলে তাদের কার্যক্রম দেশের ব্যাপক ক্ষতিসাধন করবে। কারণ বিদ্রোহের উত্থান ঘটেছিল প্রশাসনের দুর্বলতার জন্য যা ভয়ঙ্কর সমস্য হয়ে দাঁড়িয়েছিল। ফেব্রুয়ারি মাসে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সচিব ডোলান্ড রামসফেল্ড যত তাড়াতাড়ি সম্ভব আফগানিস্তানের যুদ্ধ বন্ধ করে আফগানিস্তান ত্যাগ করার ইচ্ছে করে ছিলেন। এজন্য তিনি সন্ত্রসীদের বিরুদ্ধে অভিযান গতিশীল করতে এবং একটি নতুন আফগান সৈন্যবাহিনী প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। ২০১৩ খ্রিস্টাব্দের মার্চ মাসের প্রথম দিকে আফগানিস্তানের পূর্বাংশের অন্না পর্বতমালার আল-কায়দা ও তালেবান সেনাদের অবস্থান গুড়িয়ে দেওয়ার জন্য অপারেশন হার্পুন শুরু হয়। সে অঞ্চলটি তৃতীয় ব্যাটেলিয়নের কমান্ডার, কানাডার রাজকুমারী পেট্রেসিয়ার লাইট ইনফেন্ট্রি লেফটেন্টে কর্নেল পাট স্টগ্রানের আওতায় ছিল। এতে ছিল এক ব্যাটেলিয়নের মতো কানাডিয়ান ও ১০১তম বিমান বোমা বিভাগের ১৮৭তম পদাতিক বাহিনী।

**আনাকন্ডা অভিযানের পরবর্তী অভিযানসমূহ**

কাহি-কোটের যুদ্ধের পরে আল-কায়দা সৈন্যরা পাকিস্তান সীমান্তে অভয়াশ্রম প্রতিষ্ঠা করে। সেখানে তারা ২০০২ খ্রিস্টাব্দের গ্রীষ্মকালের শুরু থেকে চক্র-সীমানা অভিযান শুরু করেছিল। ৫ থেকে ২৫ জনের গেরিলা বাহিনী প্রতিদিন সীমানা পার হয়ে যৌথ বাহিনীর অবস্থানের উপরে, পাহার চৌকির উপরে ও বেসরকারী সংস্থার উপরে রকেট হামলা করতো। পাকটিকা প্রদেশের শিকিন বেজে কতগুলো শক্তিশালী কার্যক্রম দৃষ্ট হয়েছিল।

দক্ষিণ দিকের চারটি প্রদেশ কান্দাহার, জাবুল, হেলমন্দ ও উরুজগানের গ্রামীণ এলাকায় তালেবান সৈন্যরা লুকিয়ে ছিল। আনাকন্ডার অভিযানের পরে সরকার পার্বত্য অঞ্চলে অভিযান চালানোর বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রাপ্ত ব্রিটিশের রয়েল মেরিনকে অভিযানে অংশ নিতে অনুরোধ করে। ফলে ২০০২ খ্রিস্টাব্দের এপ্রিল মাসে অপারেশন জাকানা নামে ৪৫ জন কমান্ড অভিযানে অংশ নেয়। তারা কয়েক সপ্তাহ নাগাদ (অপারেশন স্নাইপ, অপারেশন কন্ডর এবং অপারেশন বাজ্জারড) পরিচালনা করে। এ সকল অভিযানে ফলাফল হয় বিভিন্ন প্রকার। তালেবানরা যুদ্ধ পরিহার করে।

২০০২ খ্রিস্টাব্দের মে মাসে যৌথ টাস্কফোর্স ১৮০ লেফটেনেন্ট জেনারেল ডন কে মেকনেইলের নেতৃত্বে সে দেশে যুক্তরাষ্ট্রের সিনিয়র সেনাদের প্রধান কার্যালয়ে পরিণত হয়। ২০০২ খ্রিস্টাব্দের পরবর্তী সময়ে CJSOFT বৃহত্তর CJTF-180 অধিনে সিঙ্গেল ইন্টাগ্রিটেড কমান্ডে পরিণত হয়, যা ওইএফ-এ'র

বিরুদ্ধে সমগ্র মার্কিন বাহিনী পরিচালনা করে। এটি সেনাবাহিনীর একটি বিশেষ দল ও SEAL বাহিনী নিয়ে গঠিত হয়েছিল (যা সবসময় জাতীয় নিরাপত্তা বাহিনী দ্বারা পরিচালিত হতো)। একটি ছোট জেএসওসি বাহিনী (সাবেক টাস্ক ফোর্স সৌর্ড ১১) সিটিজেএফ এর সরাসরি আদেশের বাইরে CJSOFT সাথে যুক্ত হয়, এটি যৌথ SEAL ও রেঞ্জার সৈন্য নিয়ে গঠিত হয়েছিল, এটি আইএসএএফ-এর আওতায় ছিল না যদিও এটি ন্যাটো সৈন্যের সহায়তায় অভিযান পরিচালনা করতো।[২৮]

## উপসংহার

২০০২ খ্রিস্টাব্দের প্রথম দিকে একসাথে কতগুলো ঘটনা ঘটেছিল যা আফগানিস্তানে মার্কিন নেতৃত্বাধীন যুদ্ধের প্রথম পর্বের সমাপ্তি হিসেবে বিবেচনা করা যায়। প্রথমটি ছিল আনাকোন্ডা অভিযানের পরে প্রধান আল-কায়দা ও তালেবান দলের বিস্তৃতি। ২০০২ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারি মাসে মার্কিন যুক্তরাষ্ট্রে কাবুলের বাইরে আন্তর্জাতিক নিরাপত্তা বাহিনীর বিস্তৃতি না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। অবশেষে প্রেসিডেন্ট বুশ ভার্জিনিয়ার সেনা ইনস্টিটিউটে আফগানিস্তানের পুনর্গঠন নিয়ে বক্তব্য দিতে গিয়ে জেনারেল জর্জ মার্শালের স্মৃতিচারণ করেন, যা আফগানিস্তান নিয়ে মার্শালের পরিকল্পনার উপর আলোকপাত করে। আন্তর্জাতিক উপস্থিতি ও উন্নয়নমুলক কার্যক্রমের বিরুদ্ধে সিদ্ধান্ত গ্রহণকে ঐতিহাসিকগণ একটি বড় ভুল হিসেবে বিবেচনা করেন। একটি বড় বাহিনী যা আফগানিস্তানে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে মাথাতুলে দাঁড়াতে পারে বলে তা এড়িয়ে চলাকে পরবর্তীতে প্রতারণা হিসেবে দেখা হয়। অধিকন্তু, ইরাকে ক্রমবর্ধমান প্রতিশ্রুতি ছিল অধিক থেকে অধিক সম্পদ আহরণ, যা আফগানিস্তানের সম্পদ থেকে আহরণ করা অসম্ভব ছিল।

---

**তথ্য নির্দেশ :**

১ "U.S. War in Afghanistan: 1999-Present". *cfr.org. Council on Foreign Relations*,2014.

২ "Bush rejects Taliban offer to hand Bin Laden over", *The Guardian*, Retrieved 24 Jan 2015.

৩ Vulliamy, Ed; Wintour, Patrick; Traynor, Ian; Ahmed, Kamal, "After the September Eleventh Terrorist attacks on America, "It's time for war, Bush and Blair tell Taliban – We're ready to go in – PM|Planes shot at over Kabul"", *The Guardian*, (London, 2001) Retrieved 2 August 2011.

৪ Rothstein, Hy S, *Afghanistan: and the troubled future of unconventional warfare*, 2006.

৫ মার্কসবাদী ও লেলিনবাদী আদর্শে ১৯৬৫ খ্রিস্টাব্দের ১ জানুয়ারি বারবাক কারমাল এবং নূর মুহাম্মদ তারাকির নেতৃত্বে The People's Democratic Party of Afghanistan (PDPA) প্রতিষ্ঠিত হয়।

৬ "Afghanistan: escalation of indiscriminate shelling in Kabul", *International Committee of the Red Cross*, 1995.

৭ Maley, William, *The Afghanistan wars*, (Palgrave Macmillan, 2009), p. 288.

---

[৮] "The lost lion of Kabul", *The New Statesman,* 2011.

[৯] Ahmed Rashid, "Afghanistan resistance leader feared dead in blast", *The Telegraph,* London, 2001.

[১০] "Pakistan's support of the taliban", *Human Rights Watch,* 2000.

[১১] "9/11 Represented a Dramatic Failure of Policy and People", *U.S. Congressman Dana Rohrabacher,* 2004.

[১২] "Security Council demands that Taliban turn over Osama bin Laden to appropriate authorities", *(Press release), United Nations,* 15 October 1999.

[১৩] Julian Borger "Bush team 'agreed plan to attack the Taliban the day before September 11'", *The Guardian,* London, 2004.

[১৪] Holmes, Stephen, "Al Qaeda, 11 September 2001", *In Diego Gambetta. Making sense of suicide missions,* (Oxford University Press), 2006.

[১৫] "Specials Attacked Transcripts: Bush Address", *The Washington Post,* Retrieved 19 November 2012.

[১৬] A Nation Challenged: Evidence; British Detail bin Laden's Link to U.S. Attacks, *New York Times,* 5 October 2001

[১৭] Professor Marjorie Cohn "Bombing of Afghanistan Is Illegal and Must Be Stopped", *Jurist,* 6 November 2001.

[18] Neville, Leigh, *Special Forces in the War on Terror (General Military),* Osprey Publishing, 2015.

[১৯] *Ibid,* p.69.

[২০] *Ibid,* p. 36.

[২১] David Rohde, "Waging a Deadly Stalemate on Afghanistan's Front Line", *New York Times,* 28 October 2001.

[২২] Neville, Leigh, *op. cit.*, p. 42.

[২৩] Poolos, Alexandra, "Afghanistan: Seizure of Kabul Catches World by Surprise" *INS News.* 13 November 2001.

[২৪] "Kunduz celebrates end of siege", *BBC News,* 26 November 2001, Retrieved 27 September 2007.

[২৫] Neville, Leigh, *op. cit.*, p. 72-74.

[২৬] *Ibid,* p. 48-49.

[২৭] "UN Security Council resolution 1378 ", *United Nations,* 2001.

[২৮] Neville, Leigh, *op. cit.*, p.83.

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্বের প্রকৃতি ও প্রভাব

ড. মুহাম্মদ মিজানুর রহমান*

**Abstract:** Two Major Lebanese Muslim Communities, Shiite-Sunni Conflict are part of the Shiite-Sunni Conflict in Arab States in the Middle East. The Shiite-Sunni Conflict here is not religious but political. The Shiite-Sunni Conflict erupted with the election of his successor to caliphate after the Prophet's death. Shiite doctrine was strength after martyred Hazrat Ali Rasheddin's forth caliph in 661 AD. After the battle of Karbala of the $10^{th}$ Maharam in 680 AD. Shiite publicly makes their appearance as Ali's party. Syria and Lebanon came under Muslim rule in the seventh century under the rule of caliph Omar (Ra.) and in the same century, many expertises seem to be that the Shiite doctrine spread in Lebanon. From then until the $12^{th}$ century, Shiite-Sunni Muslims lived together in concert. There was no disagreement between them. In the twelfth century, the Shiite Muslims of Lebanon acknowledge various forms of discrimination by the Mamluk rulers, which continued until the Ottoman rule. Ottoman-Safavid Conflict Impact on Lebanese Shiite Muslims during Ottoman rule. By the Ottoman administrations affected the Shiite Muslims in Lebanon. With the fall of the Ottoman Empire in the First World War, France established mandatory rule over Syria and Lebanon. Lebanese Shiite-Sunni Muslims have been opposed to French rule since the beginning. But shortly afterwards the Shiite accepted the French rule in Lebanon. As a result, Sunni Muslims on the one hand, fell under the wrath of the Mandatory Authority, while on the other hand they also disagreed with the Shiites. In 1948 and 1967 AD. Arab-Israeli wars about seven lac Palestinian homeless. About four million Palestinians seek refuge in southern Lebanon, the Shiite population. Conflicts between the two communities gained new levels of focus on the Palestinian refugee problem. The president Hafiz-al Asad in Syria's supports the Lebanese civil war the Lebanese Shiites and the Israeli backed Falanz force the Shiite-Sunni conflict is in extreme form. The impact of the Syrian civil war that on 2011 AD has affected the Lebanese Shiite-Sunni community. Lebanese Shiite-Sunni Muslims go to Syria to participate in the war on their own behalf and on their return home they try to apply it to each other. Saudi Arabia and its allies favor Sunni Muslims in Lebanon's Shiite-Sunni dispute Hezbollah on behalf of shiite Muslims, Iran supports its allies with weapons, money etc.

মধ্যপ্রাচ্যের প্রাকৃতিক ও কৃত্রিম নৈসর্গিক সৌন্দর্য্যমণ্ডিত দেশ লেবানন। ভৌগোলিক দিক থেকে লেবানন ৩৩° ৫৪ মি. উত্তর অক্ষাংশ এবং ৩৫° ৩২ মি. পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। এর উত্তর-পূর্ব দিকে সিরিয়া, দক্ষিণে ইসরায়েল এবং পশ্চিমে ভূমধ্যসাগর অবস্থিত। লেবাননের আয়তন ৪,০৩৬ বর্গমাইল।[১] সাগর তীরবর্তী দেশ হওয়ায় খ্রিষ্টপূর্ব ৫০০০-৭০০০ বছর পূর্বে লিওলিথিক ও ক্যালিওলিথিক নামক মাছ ধরা এবং সমুদ্র ব্যবসায়ী জাতি এখানে প্রথম বসতি গড়ে তোলে বলে ধারণা করা হয়। এরপরে পর্যায়ক্রমে

* সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা।

ফিনিশিয়, ক্যালদিয়, মিসরিয়, অ্যাসিরিয়, অ্যাকিমিনিয়, গ্রীক, সাসানিয় প্রভৃতি জাতি লেবাননে আধিপত্য বিস্তার করে। খ্রিষ্টপূর্ব ৬৪ অব্দে রোমানরা লেবানন দখল করে এবং প্রায় সপ্তম শতকের মাঝামাঝি সময় পর্যন্ত লেবানন রোমানদের অধিনে ছিল।[২] খোলাফায়ে রাশেদুনের দ্বিতীয় খলিফা হযরত ওমর (রা.) এর শাসনামলে (৬৩৪-৬৪০) সিরিয়া ও লেবানন মুসলিম শাসনাধীনে আসে। ক্রুসেডের সময় রেমন্ড চতুর্থ লেবাননের ত্রিপলি এলাকা দখল করেন এবং ক্রুসেডভিত্তিক একটি রাষ্ট্র প্রতিষ্ঠা করেন। ১৫১৬ সালে ওসমানিয় সুলতান প্রথম সেলিমের সময় লেবানন ওসমানিয় সাম্রাজ্যভুক্ত হয়। প্রথম বিশ্বযুদ্ধে ওসমানিয় সাম্রাজ্যের পতন হলে ১৯২০ সালে ফ্রান্স লেবাননে ম্যান্ডেটরি শাসন প্রতিষ্ঠা করে।[৩] দীর্ঘ আন্দোলন-সংগ্রামের পর ১৯৪৩ সালের ২৪ অক্টোবর ফরাসিরা লেবাননের স্বাধীনতার ঘোষণা দিলেও প্রকৃত স্বাধীনতা লাভ করে ১৯৪৬ সালে ৩১ ডিসেম্বর। এ সময় ফরাসিরা লেবানন থেকে সৈন্যবাহিনী তুলে নিলে লেবাবন একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে এবং জাতিসংঘ, আরবলিগ ও ওআইসির সদস্যপদ লাভ করে। একই বছরে লেবাননে একটি জাতীয় চুক্তি (National Pact) স্বাক্ষরিত হয়।[৪] এ চুক্তি অনুযায়ী রাষ্ট্র পরিচালনায় সকল ধর্মীয় সম্প্রদায়ের সংখ্যানুপাত অংশীদারিত্ব স্বীকার করে লেবাননকে একটি ধর্মাশ্রয়ী রাষ্ট্রে পরিণত করা হয়। চুক্তির সিদ্ধান্ত অনুযায়ী ম্যারোনাইট খ্রিষ্টান সম্প্রদায় থেকে প্রেসিডেন্ট, সুন্নী মুসলিম সম্প্রদায় থেকে প্রধানমন্ত্রী এবং শী'য়া সম্প্রদায় থেকে স্পিকার নিয়োগের ব্যবস্থা করা হয় এবং লেবাননকে আরব রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়া হয়। ১৯৭৫ সালে সাম্প্রদায়িক দ্বন্দ্বের কারণে লেবাননে গৃহযুদ্ধ শুরু হয় এবং ১৯৮৯ সালের ৩০ সেপ্টেম্বর অনুষ্ঠিত তায়িফ চুক্তির মাধ্যমে ১৯৯০ সালে লেবাননে গৃহযুদ্ধের অবসান হয়। দীর্ঘ দিন যাবত চলা গৃহযুদ্ধে লেবাননের প্রায় ১ লক্ষ লোক মারা যায়, ২ লক্ষ লোক আহত হয় এবং ১০ হাজার অভিবাসী হয়ে ইউরোপের বিভিন্ন দেশে আশ্রয় গ্রহণ করে। এছাড়াও ৯-১০ লক্ষ লোক গৃহহারা হয়। দীর্ঘ ১৬ বছর ব্যাপী চলা গৃহযুদ্ধে লেবাননের জনজীবন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধিত হয়। অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামো প্রায় ভেঙ্গে পড়ে। লেবাননের গৃহযুদ্ধ আভ্যন্তরীণ রাজনৈতিক সঙ্কটের কারণে সংঘটিত হলেও, ফিলিস্তিনি শরণার্থী সমস্যা, লেবাননে ইসরায়েলের আক্রমণ এবং সিরিয়ার হস্তক্ষেপের কারণে তা আন্তর্জাতিক রূপ লাভ করে।[৫]

লেবাননে রাজনৈতিক এবং নিরাপত্তার ক্ষেত্রে অস্থিরতা থাকা সত্ত্বেও অর্থনৈতিক ও শিক্ষার দিক থেকে এটি আরব বিশ্বের একটি অগ্রসরমান দেশ। এ দেশের জনগণের মাথা পিছু আয় ১৭৯,৮৬ মার্কিন ডলার। স্বাক্ষরতার হার আরব দেশগুলোর তুলনায় অনেক বেশি। নারী শিক্ষায় তারা যথেষ্ট অগ্রগতি লাভ করে। লেবানিজ জনগণের একটি উল্লেখযোগ্য অংশ পাশ্চাত্যের দেশগুলোতে চাকুরী করে এবং প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা (রেমিট্যান্স) দেশে পাঠায়। জাতিসংঘের ২০০৮ সালের শিক্ষাসূচী অনুসারে লেবাননে শিক্ষার হার ৮৭% এবং বিশ্ব অর্থনৈতিক ফোরাম এবং বিশ্ব তথ্য-প্রযুক্তি ২০১৩ এর প্রতিবেদন অনুসারে, লেবানন গণিত ও বিজ্ঞান শিক্ষায় বিশ্বে চতুর্থ, এবং গুণগত শিক্ষায় বিশ্বে দশম স্থানের অধিকারী। কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, জ্ঞানচর্চা প্রভৃতিতে লেবাননের সমৃদ্ধির কারণে বর্তমানে লেবানন মধ্যপ্রাচ্যের প্যারিস নামে পরিচিত।[৬]

লেবানন মধ্যপ্রাচ্যের সর্বাধিক ধর্মীয় বৈচিত্র্যময় একটি দেশ। এখানে ১৮টি (মুসলিম-৪, খ্রিষ্টান-১২, দ্রুজ-১ এবং ইহুদি-১) ধর্মীয় সম্প্রদায় ও উপসম্প্রদায় আছে এবং সকলে রাষ্ট্রীয়ভাবে অনুমোদিত।[৭] সংখ্যাগুরুদের শাসন ও শোষণ থেকে মুক্ত থাকার জন্য বিভিন্ন সময় এ ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়গুলো,

এখানে এসে বসতি স্থাপন করে।[৮] তাদের নিজস্ব ভাষা ও সংস্কৃতি রয়েছে। তবে আরবি ও ফ্রেঞ্চ ভাষা অধিক প্রচলিত। ২০১৫ সালের আদম সুমারি অনুসারে, লেবাননের মোট জনসংখ্যা ৫৮ লক্ষ ৫১ হাজার। তন্মধ্যে ৫৪% মুসলমান (২৭% শী'য়া ও ২৭% সুন্নী), ৪১% খ্রিষ্টান এবং ৫% দ্রুজ ও অন্যান্য সম্প্রদায়।[৯] লেবাননের বিভিন্ন জাতিগত, ও ধর্মীয় জনগোষ্ঠী একটি সাধারণ সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করলেও, রাজনীতিতে তাদের গোষ্ঠীগত এবং ধর্মীয় আধিপত্য বিস্তার নিয়ে তারা প্রায়শই সাম্প্রদায়িক সংঘর্ষে লিপ্ত হয়ে পড়ে। এ সংঘর্ষ কখনো মুসলমানদের সাথে খ্রিষ্টানদের, আবার কখনো মুসলমানদের সাথে মুসলমানদের মধ্যে সংঘটিত হয়। সে কারণে লেবাননের সাম্প্রদায়িক সংঘর্ষ প্রায়ই গৃহযুদ্ধে রূপ লাভ করে এবং দীর্ঘ মেয়াদে চলতে থাকে। মুসলমানদের সাথে মুসলমানদের সংঘর্ষ শী'য়া-সুন্নী সম্প্রদায়ের মধ্যে বেশি সংঘটিত হয়।

ইরাক, সিরিয়া, বাহরাইন প্রভৃতি আরব রাষ্ট্রের মত লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব ঐতিহাসিক। সপ্তম শতকে লেবাননে ইসলামের আগমন ঘটলেও শী'য়া মতবাদের আগমন ঘটে প্রায় অষ্টম শতকের দিকে এবং পরবর্তী পাঁচ শতকের মধ্যে লেবাননে শী'য়া জনগোষ্ঠীর সংখ্যা ব্যাপক বৃদ্ধি পায়। লেবাননের জাবাল আমিল, কিসরাওয়ান, জাজিন, ত্রিপলি, উত্তর বেকা উপত্যকা, বৈরুত, দক্ষিণ লেবানন প্রভৃতি এলাকা শী'য়া অধ্যুষিত এলাকা হিসেবে পরিচিত। চৌদ্দ শতকের দিকে লেবাননে শী'য়া জনগোষ্ঠীর সম্মৃদ্ধি প্রায় থেমে যায়। কারণ এ সময় ১৩০৬ সালে মামলুক সুলতান কর্তৃক সুন্নী মতের অনুসারী আসাফ তুর্কিকে লেবাননের প্রশাসক নিয়োগ করা হয়। আসাফ শী'য়া বিদ্বেষী হওয়ায় তার সময় শী'য়া সম্প্রদায় চরমভাবে নির্যাতনের স্বীকার হয়। তিনি শী'য়া অধ্যুষিত লেবাননের কিসরাওয়ান, জাবাল আমিল, দক্ষিণ বৈরুত প্রভৃতি এলাকায় অভিবাসী ম্যারোনাইট খ্রিষ্টানদের বসবাসের অনুমতি প্রদান করেন। ফলে বিপুল সংখ্যক ম্যারোনাইট খ্রিষ্টান শী'য়া অধ্যুষিত এলাকাগুলোতে বসতি স্থাপন করে এবং এ প্রক্রিয়া ১৫৫৪ সাল পর্যন্ত অব্যাহত থাকে। এ ছাড়াও ১৬০৫ সালে দ্রুজ আমির ফখর আল-দীন দ্বিতীয় কিসরাওয়ানের দায়িত্ব গ্রহণ করেন। তিনি ম্যারোনাইট খ্রিস্টান খাজিন পরিবারকে কিসরাওয়ানের প্রশাসনিক দায়িত্ব প্রদান করেন। খাজিন পরিবার ঔপনিবেশিক মানসিকতার আদলে শী'য়াদের নিকট থেকে জমি ক্রয় করে চার্চ স্থাপনসহ ম্যারোনাইট বসতি গড়ে তোলে। ফলে কিসরাওয়ানের প্রসিদ্ধ শী'য়া গোত্র 'হিমাদা' ক্রমান্বয়ে দুর্বল হয়ে পড়ে। অবশেষে দ্রুজ সামন্ত আমির ইউসুফের নিকট তারা ক্ষমতা হারায়।[১০]

ওসমানিয় শাসনামলে লেবাননের শী'য়া সম্প্রদায় নির্যাতন, নিপীড়ন প্রভৃতির স্বীকার হয়। সুলতান প্রথম সেলিমের (১৫১২-১৫২৪) শাসনামলে পারস্যের শাহ ইসমাইল (১৪৮৭-১৫২৪) এশিয়া মাইনরে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় শী'য়া মতবাদ প্রচার শুরু করেন। তিনি লেবাননের জাবাল আমিল (দক্ষিণ লেবানন), দক্ষিণ ইরাক, বাহরাইন প্রভৃতি এলাকা থেকে আরবিভাষী অনেক শী'য়া ওলামাকে পৃষ্ঠপোষকতা প্রদান করে শী'য়া মতবাদ প্রচারের জন্য এশিয়া মাইনরে প্রেরণ করেন। ফলে অল্পদিনের মধ্যে এশিয়া মাইনরে শাহ ইসমাইল অনুগত শী'য়া অনুসারীর সংখ্যা বৃদ্ধি পায়। এর প্রতিক্রিয়ায় সুন্নীমতের অনুসারী ওসমানিয় সুলতান প্রথম সেলিম ইরাকসহ এশিয়া মাইনরের প্রায় ৪০ হাজার শী'য়া অনুসারীকে হত্যা করেন।[১১] ফলে শাহ ইসমাইল এবং সেলিমের মধ্যে বিরোধ চরম আকার ধারণ করে এবং লেবাননের শী'য়া সম্প্রদায়ের ওপর এর প্রচণ্ড প্রভাব পড়ে।[১২]

ওসমানিয় শাসনামলে লেবাননের শী'য়া সম্প্রদায় ধর্মীয়, অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিকভাবে নির্যাতন, নিপীড়ন প্রভৃতির স্বীকার হয়। লেবাননে ওসমানিয় প্রশাসকদের দ্বারা শত শত শী'য়া বাড়ীঘর ধ্বংস করে দেয়া হয়। হাজার হাজার শী'য়া জনগোষ্ঠীকে হত্যা করা হয়। লেবাননে শী'য়াদের রাজধানী হিসেবে পরিচিত জাজিন জেলা থেকে তাদেরকে উৎখাত করা হয় এবং সেখানে ম্যারোনাইট খ্রিষ্টান সম্প্রদায়কে প্রতিস্থাপন করা হয়। বর্তমানে জাজিন জেলা ম্যারোনাইট খ্রিষ্টানদের শহর হিসেবে পরিচিত। একসময় লেবাননের ত্রিপলি জেলার সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী শী'য়া সম্প্রদায়ের ছিল বলে জানা যায়। কিন্তু ওসমানিয় শাসকদের বিরূপ আচরণের কারণে ত্রিপলি জেলা শী'য়া শূন্য হয়ে পড়ে। সুন্নী মুসলমানদের নির্যাতনের ভয়ে অনেক শী'য়া সে সময় তাদের ধর্মীয় বিশ্বাস গোপন করে চলে, অনেকে সুন্নী ধর্মমত গ্রহণ করে অথবা শরণার্থী হয়ে দক্ষিণ লেবাননে যেয়ে বসতি গড়ে তোলে। এ সমস্ত শী'য়ার অধিকাংশই ছিল দ্বাদশ ইমামি বিশ্বাসী (Twelver) শী'য়া মতের অনুসারি। দ্রুজ সম্প্রদায় (ইসমাইলিয় শী'য়া মতের শাখা) মাঝে মাঝে ওসমানিয় শাসকদের বিরুদ্ধে বিদ্রোহী হলেও তারা অধিকাংশ সময় ওসমানিয় শাসকদের সাথে সহযোগিতার নীতি অনুসরণ করে চলে। অবশ্য এ সময় কিছু সম্ভ্রান্ত শী'য়া সামন্ত যেমন-ত্রিপলির হিমাদা গোত্র, বেকা উপত্যকার হারফুস গোত্র এবং জাবাল আল-আমিলের আলি আল-সাগির গোত্র ওসমানিয় শাসনের সাথে একাত্ম হয়ে সরকারকে রাজস্ব প্রদান করে। ওসমানিয় শাসনামলের আঠারো শতক পর্যন্ত জাবাল আল-আমিলের আলি আল-সাগির, নাফিস আল-নসর গোত্র, এবং উত্তর ফিলিস্তিনের আরব নেতা জহির আল-আমর স্বায়ত্তশাসন ভোগ করে। আঠারো শতকের শেষের দিকে জাবাল আমিলের শী'য়া সম্প্রদায় রাজনৈতিক এবং ধর্মীয় স্বাধীনতা হারায়। এ সময় সিদন প্রদেশের গভর্নর আহমাদ আল-জাজার (১৭৭৫-১৮০৪) যিনি, জাবাল আমিলে 'কসাই আমিল' নামে পরিচিত, তার হাতে জাবাল আমিলের শী'য়া জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ নৃশংস নির্যাতন ও হত্যার স্বীকার হয়।[১৩]

ওসমানিয় সাম্রাজ্যের পতনের পর ১৯২০ সালে সিরিয়ার ন্যায় লেবাননেও ফরাসি ম্যান্ডেটরি শাসন প্রতিষ্ঠিত হয়। ম্যারোনাইট খ্রিষ্টান সম্প্রদায় শুরু থেকে ম্যান্ডেটরি শাসনকে স্বাগত জানায়। কিন্তু মুসলমান সম্প্রদায় দ্রুজসহ ম্যান্ডেটরি শাসনের বিরোধিতা করে। সিরিয়াতে দ্রুজ সম্প্রদায়ের নেতৃত্বে ম্যান্ডেটরি শাসন বিরোধী বিদ্রোহ শুরু হলে এর প্রভাব লেবাননেও পড়ে।[১৪] লেবাননের শী'য়া ও দ্রুজ সম্প্রদায় একাত্ম হয়ে ১৯২৫ সালে ফরাসি বিরোধী বিদ্রোহ শুরু করে এবং এ বিদ্রোহ ব্যর্থ হলে পরে শী'য়া ও দ্রুজ সম্প্রদায় লেবাননে ফরাসি ম্যান্ডেটরি শাসন মেনে নেয়। তারা ফরাসি ম্যান্ডেটরি শাসনের অধিনে পৃথক এবং স্বাধীন লেবানন রাষ্ট্র ব্যবস্থাও মেনে নেয়।[১৫] অপরদিকে সুন্নীরা লেবাননের পৃথক সত্তার পরিবর্তে সিরিয়ার সাথে একাত্ম হয়ে এক আরব জাতীয়তাবাদ গঠনের নীতিতে অটল থাকে। ম্যান্ডেটরি কর্তৃপক্ষ শী'য়া সম্প্রদায়কে তাদের রাজনৈতিক, ধর্মীয়, সামাজিক, অর্থনৈতিক অধিকার প্রদান এবং তাদের জন্য পৃথক ধর্মীয় বিচারালয় স্থাপন করে তাদের সমর্থন লাভের প্রয়াস পায়। ফলে সুন্নী মুসলমানদের সাথে একদিকে যেমন ম্যান্ডেটরি কর্তৃপক্ষের, অপরদিকে শী'য়া সম্প্রদায়ের সাথে মতবিরোধ ঘটে। ১৯২৬ সালে ফরাসি কর্তৃপক্ষ লেবাননকে প্রজাতান্ত্রিক রাষ্ট্র হিসেবে ঘোষণা করলে, সুন্নী সম্প্রদায় এর বিরুদ্ধে আন্দোলন শুরু করে। ১৯২৮ সালে সুন্নী মুসলমানদের একটি প্রতিনিধি দল সিরিয়ায় যেয়ে সিরিয়া-লেবাননের ঐক্য সম্পর্কিত ধারা সংবিধানে সংযোজনের জন্য আলোচনা করে। কিন্তু শী'য়া সম্প্রদায় সুন্নীদের সাথে ফরাসি বিরোধী আন্দোলনে অংশগ্রহণ করেনি। ১৯৪৩ সালে জাতীয়

চুক্তি সম্পাদনের পূর্ব পর্যন্ত লেবাননের সুন্নী মুসলমান সম্প্রদায় সিরিয়া-লেবাননের ঐক্য এবং এক আরব জাতীয়তাবাদের প্রতি সমর্থন জানায়। ১৯৪৩ সালে লেবাননে একটি জাতীয় চুক্তি (National Pact) স্বাক্ষরিত হয়। এ চুক্তিতে লেবাননকে একটি ধর্মাশ্রিত রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়ে ম্যারোনাইট খ্রিষ্টান সম্প্রদায় থেকে প্রেসিডেন্ট, সুন্নী মুসলমান সম্প্রদায় থেকে প্রধানমন্ত্রী, এবং শী'য়া মুসলমান সম্প্রদায় থেকে স্পিকার নিযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।[১৬] ১৯৩৬ সালে যাইম পিয়েরে জামায়েল ম্যারোনাইট খ্রিষ্টানদের সমন্বয়ে একটি কাতায়েব বা সমাজতান্ত্রিক পার্টি গড়ে তোলে যা, পরবর্তীতে ইউরোপিয় ফ্যাসিস্ট ক্ষমতাদর্শে ফালাঞ্জ পার্টি নামে পরিচিতি লাভ করে। ফালাঞ্জিস্টদের দেখাদেখি ১৯৪৯ সালে দ্রুজ নেতা কামাল জুম্বলাত দ্রুজদের স্বার্থ রক্ষার্থে অধিক প্রগতিবাদী আরো একটি সমাজতান্ত্রিক পার্টি গড়ে তোলে। প্রথমের দিকে এ পার্টি দ্রুজ জনগোষ্ঠীর জন্য তৈরি হলেও পরবর্তীতে তা অন্যদের নিকটও গ্রহণযোগ্য হওয়ায় ধর্মীয় গণ্ডির বাইরে তা একটি ধর্মনিরপেক্ষ আদর্শভিত্তিক রাজনৈতিক দল হিসেবে পরিচিতি লাভ করে। তবে দ্রুজ সম্প্রদায় শী'য়া মতাবলম্বী হওয়ার কারণে, সুন্নী সম্প্রদায়ের সকলের নিকট তা গ্রহণযোগ্য হয়নি। ১৯৪৮ সালে আরব-ইসরায়েল যুদ্ধের পর ফিলিস্তিনি শরণার্থীকে কেন্দ্র করে লেবাননে শী'য়া-সুন্নী উত্তেজনা বৃদ্ধি পায়। এ যুদ্ধে প্রায় ৭ লক্ষ ফিলিস্তিনি বাড়ী-ঘর ছাড়া হয়ে শরণার্থীতে পরিণত হয়। এ সকল শরণার্থীর একটি উল্লেখযোগ্য অংশ শান্তিপূর্ণ বসবাসের আশায় পার্শ্ববর্তী দেশ হিসেবে দক্ষিণ লেবাননে আশ্রয় গ্রহণ করে। ১৯৬৭ সালের আরব-ইসরায়েল যুদ্ধের পরে লেবাননে ফিলিস্তিনি শরণার্থীর সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩ লক্ষের অধিক দাঁড়ায়। ১৯৭০ সালে ব্ল্যাক সেপ্টেম্বরের ঘটনার পরে জর্ডানের ফিলিস্তিনি শরণার্থী লেবাননে আশ্রয় গ্রহণ করলে লেবাননে ফিলিস্তিনিদের সংখ্যা ৪ লক্ষ ছাড়িয়ে যায়। দক্ষিণ লেবানন মূলত শী'য়া অধ্যুষিত এলাকা। এখানকার সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী দ্বাদশ ইমামে বিশ্বাসী শী'য়া মতের অনুসারী। কিন্তু ফিলিস্তিনি মুসলমানগণ প্রায় সকলে সুন্নী মতের অনুসারী। লেবাননের সুন্নী মুসলমানগণ ফিলিস্তিনি শরণার্থীদের প্রতি সহানুভূতি দেখালেও শী'য়া সম্প্রদায় ধর্মীয় এবং আদর্শিক কারণে তা মেনে নিতে পারে নি।[১৭] ১৯৭০ সালে ব্ল্যাক সেপ্টেম্বরের পরে পিএলও আম্মানের পরিবর্তে বৈরুতে তাদের সদর দপ্তর (হেডকোয়াটার্স) স্থাপন করে। ফিলিস্তিনিরা লেবানন থেকে ইসরায়েলে গেরিলা হামলা চালায় এবং ইসরায়েলেও প্রতিউত্তরে দক্ষিণ লেবাননে বিমান হামলা করে শী'য়া অধ্যুষিত এলাকার ব্যাপক ক্ষতি সাধন করে। একদিকে সুন্নীদের সাথে মতবিরোধ এবং অপরদিকে ইসরায়েলি বিমান হামলার লক্ষ বস্তুতে পরিণত হয়ে শী'য়া সম্প্রদায় দক্ষিণ লেবানন ছেড়ে বৈরুতের আশেপাশে এলাকায় বসতি গড়ে তোলে। তারা দক্ষিণ লেবাননে ইসরায়েলের বিমান হামলার জন্য লেবাননের সুন্নী মুসলমান এবং ফিলিস্তিনি শরণার্থীদের দায়ি করে। এ ছাড়াও তারা অভিযোগ করে যে, লেবাননের অধিবাসী হওয়া সত্বেও সুন্নী মুসলমান এবং ইসরায়েলিদের হাত থেকে লেবানন সরকার তাদেরকে রক্ষা করতে অপারগ। ফলে ফিলিস্তিনি শরণার্থী, লেবাননে একদিকে যেমন সামাজিক এবং রাজনৈতিক সঙ্কট সৃষ্টি করে, অপরদিকে শী'য়া-সুন্নী সম্প্রদায়ের মধ্যে উত্তেজনা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে।

১৯৭০ সালে হাফিয আল-আসাদ (১৯৩০-২০০০) সিরিয়ার প্রেসিডেন্ট হিসেবে ক্ষমতা গ্রহণ করলে, সিরিয়ার প্রভাবে লেবাননে শী'য়া-সুন্নী দ্বন্দ্ব (বিরোধ) নতুন মাত্রা লাভ করে। কারণ হাফিয আল-আসাদ ছিলেন আলাভি শী'য়া মতের অনুসারী এবং সিরিয়ার সংখ্যালঘু সম্প্রদায়ের। সিরিয়ার সংখ্যাগরিষ্ঠ সুন্নী মুসলমান সম্প্রদায় হাফিয আল-আসাদকে সিরিয়ার প্রেসিডেন্ট হিসেবে মেনে নিতে পারেনি। উপরন্তু

তারা আলাভি সম্প্রদায়কে অমুসলিম হিসেবে অভিহিত করে থাকে।[১৮] সিরিয়ার সুন্নী মুসলমানদের কারণে লেবাননের সুন্নী মুসলমানগণ আলাভি শী'য়া তথা হাফিয আল-আসাদ বিরোধী। লেবানবনের আলাভি শী'য়া এবং সুন্নী মুসলমানদের মধ্যে সংঘর্ষ তার অন্যতম প্রমাণ বহন করে। হাফিয আল-আসাদ একজন মুসলিম প্রেসিডেন্ট হিসেবে নীতিগতভাবে ইসরায়েলের আধিপত্যের বিরুদ্ধে অবস্থান নিলেও তিনি নিজে শী'য়া মতের অনুসারী হওয়ায় লেবাননের শী'য়া-সুন্নী বিরোধে তিনি শী'য়া সম্প্রদায়ের পক্ষ অবলম্বন করেন এবং তাদেরকে পৃষ্ঠপোষকতা প্রদান করেন। ১৯৭৫ সালে লেবাননে গৃহযুদ্ধ শুরু হয়। লেবাননে বিভাজনের সংস্কৃতিতে একদিকে খ্রিষ্টান-মুসলিম বিরোধ, অপরদিকে ফিলিস্তিনি শরণার্থীর আগমনে শী'য়া-সুন্নী বিরোধে সিরিয়ার শী'য়া পক্ষ অবলম্বন, গৃহযুদ্ধ সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে। পরবর্তী সময়ে গৃহযুদ্ধে পর্যায়ক্রমে লেবাননের সবগুলো সশস্ত্র বিবদমান পক্ষ অংশ নিলেও এ যুদ্ধ মূলত পিএলও এবং ম্যারোনাইট খ্রিষ্টান সমর্থিত ফালাঞ্জিস্ট বাহিনীর মধ্যে সংঘটিত হয়।[১৯]

১৯৭৫ সালের এপ্রিল মাসে ইসরায়েলের মদদে ফালাঞ্জ বাহিনী একটি বাসে আক্রমণ করে ২৭ জন ফিলিস্তিনি যাত্রীকে হত্যা করে। এর প্রতিউত্তরে পিএলও দ্রুতগতিতে ফালাঞ্জদের ওপর হামলা চালায় এবং জুন মাস পর্যন্ত হামলা-পাল্টা হামলা অব্যাহত থাকে। একই বছরের আগষ্ট মাসে ফালাঞ্জ বাহিনী ফিলিস্তিনিদের ওপর বড় ধরনের আক্রমণ চালায়। এবার পিএলও এবং পিএলও সমর্থিত সুন্নী মুসলিম সম্প্রদায় দ্রুজ নেতা জুম্বলাতের (১৯৪৯-) পার্টি লেবানিজ জাতীয় আন্দোলনের (LNM) নেতৃত্বে প্রতিরোধ গড়ে তোলে এবং ডিসেম্বর পর্যন্ত যুদ্ধ চলতে থাকে। ১৯৭৬ সালের জানুয়ারি মাসে ফালাঞ্জ এবং তাদের মিত্র অন্যান্য খ্রিষ্টান মিলিশিয়া বাহিনীর সমন্বয়ে লেবানিজ ফ্রন্ট (LF) গঠন করে, ফিলিস্তিনি শরণার্থী শিবিরে হামলা চালালে পিএলও পুনরায় যুদ্ধে অবতীর্ণ হয়। এ যুদ্ধ এত ব্যাপকতর রূপ নেয় যে, লেবাননের সামরিক বাহিনী বিভক্ত হয়ে নিজ নিজ ধর্মের মিলিশিয়া বাহিনীর পক্ষে যোগ দেয়।[২০] এ যুদ্ধে লেবাননের শী'য়া সম্প্রদায় বিশেষ করে শী'য়া সমর্থিত সংগঠন আমাল মুভমেন্ট পিএলও বা সুন্নী মুসলিমদের সহায়তায় এগিয়ে আসেনি। উপরন্তু ১৯৭৬ সালের মে মাসে সিরিয়ার প্রেসিডেন্ট হাফিয আল-আসাদ সুন্নী সমর্থিত পিএলও এবং জুম্বলাত বাহিনীর বিপক্ষে অবস্থান নিয়ে ফালাঞ্জ বাহিনীর সমর্থনে লেবাননে সৈন্য পাঠালে যুদ্ধে এক নতুন মাত্রা যোগ হয়।[২১] পরিস্থিতি এরূপ পর্যায়ে চলে যায় যে, খ্রিষ্টান এবং মুসলিম বাহিনীর যুদ্ধ যেন লেবাননের শী'য়া-সুন্নী সম্প্রদায়ের সাম্প্রদায়িক যুদ্ধে পরিণত হয়। শী'য়া সমর্থিত হাফিয আল-আসাদ লেবাননের সুন্নী সম্প্রদায় এবং সুন্নী মতের অনুসারী পিএলওর ওপর আধিপত্য বিস্তার এবং লেবাননে শী'য়া সম্প্রদায়ের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য অভিযান পরিচালনা করেন বলে আরব বিশ্বে নিন্দার ঝড় ওঠে। অবশেষে আরবলিগের চাপে পিএলও এবং সিরিয়ার মধ্যে যুদ্ধ বিরতি চুক্তি স্বাক্ষরিত হয়। লেবাননে আরব শান্তিরক্ষা বাহিনীর সাথে সিরিয় বাহিনীর উপস্থিতিকে মেনে নেয়া হয়।[২২] কিন্তু লেবাননে শান্তিরক্ষী বাহিনীতে সিরিয়ার উপস্থিতি শী'য়া জনগোষ্ঠী স্বাগত জানালেও পিএলও এবং লেবাননের সুন্নী মুসলিম সম্প্রদায় তা মেনে নিতে পারেনি। তারা সিরিয়াকে মিত্রের পরিবর্তে দখলদার বাহিনী হিসেবে গণ্য করে থাকে। ফলে পিএলও এর সাথে সিরিয়ার সম্পর্ক খারাপ হয়। লেবাননে শান্তিরক্ষায় আরব বাহিনীর সাথে সিরিয়া বাহিনীর উপস্থিতি থাকায় সেখানে শান্তি আসেনি; বরং শী'য়া ও সুন্নী অধ্যুষিত এলাকাগুলোতে অপহরণ, বোমা

হামলা, গুপ্ত আক্রমণ, হত্যা, নির্যাতন প্রভৃতি ঘটনা নিত্যনৈমত্তিক ব্যাপারে পরিণত হয়। ফলে শান্তির পরিবর্তে লেবাননের সর্বত্র অশান্তি, অনিশ্চয়তা, ভয়-ভীতি প্রভৃতি বিরাজ করে।[২৩]

লেবাননের গৃহযুদ্ধের সময় সুন্নী সমর্থিত পিএলওকে একদিকে যেমন লেবাননের খ্রিষ্টান সমর্থিত ফালাঞ্জ এবং শী'য়া সমর্থিত সিরিয়া বাহিনীর আক্রমণ প্রতিহত করতে হয় অপরদিকে তেমনি তাদের শক্তিশালী প্রতিপক্ষ ইসরায়েলিদের আক্রমণ প্রতিহত করতে হয়। ফিলিস্তিনি শরণার্থী শিবির থেকে ইসরায়েল বিরোধী আক্রমণ বন্ধ করা এবং ফিলিস্তিনি শরণার্থীদের বহিস্কৃতের অজুহাতে ১৯৭৮ সালে ইসরায়েল লেবানন আক্রমণ করে। ইসরায়েল দক্ষিণ লেবাননের লিটানি নদী পর্যন্ত অগ্রসর হলেও পিএলওর তীব্র প্রতিরোধের মুখে ফিলিস্তিনি ঘাটিসমূহ দখল করতে ব্যর্থ হয়। শী'য়া সমর্থিত সিরিয়ার প্রেসিডেন্ট হাফিয আল-আসাদ এ সময়েও ফালাঞ্জ খ্রিষ্টান সম্প্রদায়ের পক্ষ নেয় এবং পিএলও এর বিরুদ্ধ অবস্থানে থাকে। ১৯৮২ সালের জুন মাসে ইসরায়েল পূর্ণ শক্তি নিয়ে দক্ষিণ লেবানন এবং পশ্চিম বৈরুতের ফিলিস্তিনি শিবিরে আক্রমণ করে এবং ব্যাপক ধ্বংসযোজ্ঞ চালায়। একই বছরের আগষ্ট ও সেপ্টেম্বর মাসে ইসরায়েল পশ্চিম বৈরুতে অভিযান চালায়। ইসরায়েলের সাথে ফালাঞ্জ বাহিনীও অভিযানে অংশ গ্রহণ করে। ইসরায়েল এবং ফালাঞ্জ বাহিনীর যৌথ আক্রমণে ফিলিস্তিনিদের ব্যপক ক্ষতি সাধিত হয়। ফালাঞ্জ বাহিনী ফিলিস্তিনিদের গৃহে গৃহে প্রবেশ করে নারী, পুরুষ এবং শিশুসহ হাজারের ওপর ফিলিস্তিনিকে হত্যা করে। এ হত্যাকাণ্ডে বিশ্ব স্তম্ভিত হয়। ইসরায়েলের বিরুদ্ধে সর্বত্র নিন্দার ঝড় ওঠে এবং ইসরায়েলের অভ্যন্তরেও মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। ফিলিস্তিনি মুসলমানদের ওপর ইসরায়েল এবং ফালাঞ্জ বাহিনীর ধ্বংসযজ্ঞে সিরিয়া নিরব দর্শকের ভূমিকা পালন করে। ফিলিস্তিনিদের বিপুল পরিমাণ ক্ষয়ক্ষতির ভার পিএলও এর ওপর পড়ে। পিএলও প্রধান ইয়াসির আরাফাতের (১৯২৯-২০০৪) নেতৃত্ব নিয়ে প্রশ্ন ওঠে। পিএলওর মধ্যে ভাঙ্গন সৃষ্টি হলে, ইয়াসির আরাফাত লেবাননের পরিবর্তে তিউনিশিয়ায় এর সদর দপ্তর স্থানান্তর করে। পিএলও লেবানন থেকে চলে যাবার পর শী'য়া সমর্থিত হেজবুল্লাহ ১৯৮২ সালে লেবাননে প্রতিষ্ঠা লাভ করে।[২৪] হেজবুল্লাহ ১৯৮৫ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত দক্ষিণ লেবাননে ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে গেরিলা হামলা চালায়। অবশেষে ইসরায়েল হেজবুল্লাহর প্রচণ্ড আক্রমণের মুখে ২০০০ সালে দক্ষিণ লেবানন থেকে সৈন্যবাহিনী তুলে নিতে বাধ্য হয়। হেজবুল্লাহ ইসরায়েলের দখল থেকে দক্ষিণ লেবানন মুক্ত করলেও তাদের কট্টর শী'য়াপন্থী মনোভাবের কারণে লেবাননের সুন্নী মুসলমান সম্প্রদায় তাতে খুশী হতে পারেনি। কারণ হেজবুল্লাহ ইসরায়েল ছাড়াও সুন্নীপন্থী সাউথ লেবানন আর্মি (SLA), আল-নুসরা ফ্রন্ট, ফাতাহ আল-ইসলাম (Fal-I), জানদ আল-শাম (Jal-S), ইসলামিক স্টেট অব ইরাক এ্যান্ড লেভান্ট (ISIL) প্রভৃতি সংগঠনের বিরুদ্ধে সংঘর্ষে নিয়োজিত।

১৯৮৯ সালের তায়িফ চুক্তি, ১৯৯০ সালে সিরিয়া বিরোধী লেবাবননের প্রেসিডেন্ট জেনারেল মিশেল আওয়ানের (১৯৩৫-) পতন এবং ইলিয়াস হারাভি (১৯২৬-২০১০) প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করলে লেবাননে ধীরে ধীরে গৃহযুদ্ধের অবসান হয়। কিন্তু যুদ্ধত্তোর লেবাননে শান্তি আসেনি। কারণ লেবাননের রাজনীতিতে তখন দুইটি ধারা প্রবাহমান। একটি সিরিয়ার আলাভি সরকার বিরোধী, অপরটি আলাভি সরকারের পক্ষে। সুন্নী মুসলিম সম্প্রদায় এবং তাদের অন্যান্য মিত্র সিরিয়া বিরোধী এবং হেজবুল্লাহ ও তাদের মিত্রসমূহ সিরিয়ার পক্ষে অবস্থানে থাকে। সিরিয়াও সবসময় চাইত লেবাননে তার অনুকূলে সরকার থাকুক। কিন্তু ১৯৯২ সালে সুন্নীপন্থী রফিক হারিরি (১৯৪৪-২০০৫) লেবাননের

প্রধানমন্ত্রী হন। তিনি সিরিয়া বিরোধী হওয়ায় এবং বহিঃসেনা মুক্ত লেবানন কামনা করায় লেবাননের অত্যন্ত জনপ্রিয় প্রধানমন্ত্রীতে পরিণত হন এবং দ্বিতীয়বার প্রধানমন্ত্রী নিযুক্ত হন। তার ব্যক্তিগত প্রভাব প্রতিপত্তি এবং প্রচেষ্টায় জাতিসংঘের ১৫৫৯ নং সিদ্ধান্তের ভিত্তিতে জাতিসংঘ লেবানন থেকে বিদেশী সৈন্য প্রত্যাহারের ঘোষণা দিলে ইসরায়েল এবং সিরিয়া তাতে অখুশী হয়। এরূপ প্রেক্ষাপটে ১৪ ফেব্রুয়ারি ২০০৫ সালে রফিক আল-হারিরিসহ ২১ জন লোক গাড়ীবোমা হামলায় নিহত হলে, লেবাননে চরম অরাজক পরিস্থিতির সৃষ্টি হয়।[২৫] লেবাননের সিরিয়া বিরোধী এবং সুন্নীপন্থী জনগণ এ হামলার জন্য হেজবুল্লাহকে দায়ি করে। তাদের মতে, সিরিয়ার নির্দেশে হেজবুল্লাহ রফিক আল-হারিরিকে হত্যা করেছে। হেজবুল্লাহর দাবি সিআই এর মদদে ইসরায়েল এ হত্যাকাণ্ড ঘটিয়েছে। তারা আরো দাবি করে যে, যুক্তরাষ্ট্র ইসরায়েলকে দিয়ে পুনরায় লেবানন আক্রমণের জন্য এ হত্যাকাণ্ড ঘটিয়েছে।[২৬] উভয় পক্ষের এরূপ দাবি-পাল্টা দাবি চলা অবস্থায় ফিলিস্তিনি সংগঠন হামাস এবং হেজবুল্লাহ কর্তৃক তিন ইসরায়েলি সৈন্য অপহরণের অজুহাতে ইসরায়েল ১২ জুলাই ২০০৬ সালে লেবানন আক্রমণ করে। হেজবুল্লাহ সর্বশক্তি দিয়ে ইসরায়েলের আক্রমণ প্রতিরোধ করে। ইসরায়েল যুদ্ধে তার কাঙ্খিত লক্ষ অর্জন করতে পারে নি। ৩৪ দিন ব্যাপী চলা এ যুদ্ধে লেবাননের রফিক আল-হারিরি আন্তর্জাতিক বিমান বন্দরসহ ব্যাপক স্থাপনার ক্ষতি সাধিত হয়। প্রায় ১৩০০ জন লেবানিজ নাগরিক এবং ১৬৫ জন ইসরায়েলি সৈন্য নিহত হয়। শত শত স্থাপনা ধ্বংসপ্রাপ্ত হয়। প্রায় ১০ লক্ষ লেবানিজ গৃহছাড়া হয়।[২৭] ২০০৬ সালে ইসরায়েলের তীব্র আক্রমণকে মোকাবেলা করে হেজবুল্লাহ লেবানন তথা মধ্যপ্রাচ্যের ইতিহাসে একটি শক্তিশালী শী'য়া ভিত্তিক সামরিক সংগঠন হিসেবে পরিচিতি লাভ করে।

২০১১ সালের মার্চ মাসে সিরিয়াতে গৃহযুদ্ধ শুরু হলে এর প্রভাব লেবাননেও পড়ে। এ সময় লেবাননের জনগণ, রাজনৈতিক দল এবং জঙ্গি সংগঠনগুলো দুই ভাগে বিভক্ত হয়ে পড়ে। একদল সিরিয়ার বাশার আল- আসাদ (২০০০-বর্তমান) সরকার বিরোধী এবং অপর দল সিরিয়ার বাশার সরকারের পক্ষে চলে যায়। সুন্নীপন্থী জনগণ এবং সউদি আরব সমর্থিত জঙ্গি সংগঠন আল-নুসরাফ্রন্টসহ অন্যান্য সংগঠন সিরিয়ার সরকার বিরোধীদের সমর্থন করে। অপরদিকে শী'য়াপন্থী জনগণ এবং ইরান সমর্থিত হেজবুল্লাহসহ অন্যান্য মিত্র সংগঠন সিরিয়ার সরকার বাশার আল-আসাদকে সমর্থন করে। উভয় পক্ষের উগ্রপন্থী সমর্থকরা সিরিয়াতে যেয়ে নিজ নিজ সমর্থকের পক্ষে যুদ্ধে অংশ গ্রহণ করে। এমন কি লেবাননের শী'য়া-সুন্নী সম্প্রদায়ের নেতৃবৃন্দ নিজ দেশ লেবাননে এর মারাত্মক ক্ষতিকর প্রভাব সম্পর্কে অবহিত হলেও তারা, যুদ্ধে তাদের পক্ষের শক্তিকে সমর্থন দেয়া বন্ধ করেনি। হেজবুল্লাহর মিলিশিয়া বাহিনী সিরিয়াতে সরাসরি নুসরাফ্রন্টের বিরুদ্ধে যুদ্ধে অংশ গ্রহণ করে এবং তাদের অনেক সদস্য যুদ্ধে মৃত্যুবরণ করে। হেজবুল্লাহ ইসরায়েলের চেয়ে সিরিয়ায় নুসরা ফ্রন্টের বিরুদ্ধে যুদ্ধ করাকে গুরুত্বপূর্ণ মনে করে। যদিও হেজবুল্লাহ ১৯৭০ সাল থেকে ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধ করে যাচ্ছে। হেজবুল্লাহ মনে করে, তারা ছাড়া নুসরাফ্রন্টের বিরুদ্ধে আর কেউ যুদ্ধ করতে পারবে না। সিরিয়ার গৃহযুদ্ধে অংশগ্রহণকারী শী'য়া-সুন্নী মিলিশিয়া বাহিনীর সদস্যরা নিজ ভূমি লেবাননেও একে-অপরের সমর্থকগোষ্ঠীর ওপর আক্রোশমূলক বিভিন্ন আক্রমণ, হামলা প্রভৃতি চালায়। ফলে লেবাননে প্রায়শই শী'য়া-সুন্নী সম্প্রদায়ের মধ্যে সাম্প্রদায়িক উত্তেজনা বৃদ্ধি পায়।

২০১১ সালের জুন মাসে লেবাননের উত্তর ত্রিপলিতে আল-আসাদ সমর্থিত আলাভি শী'য়া এবং সুন্নী মুসলমানদের মধ্যে সংঘর্ষে ৭ জন নিহত হয় এবং ৫৯ জন আহত হয়।[২৮] ২০১২ সালের মে মাসে শী'য়া-সুন্নী সাম্প্রদায়িক সংঘর্ষ প্রথমে বৈরুতে শুরু হয়। পরবর্তীতে তা দক্ষিণ ও পূর্ব লেবানন, ত্রিপলি, সিদন, বেকা উপত্যকা প্রভৃতি এলাকায় বিস্তার লাভ করে। ২০১৩ সালের আগষ্ট মাসে বৈরুতের সুন্নী অধ্যুষিত এলাকায় বোমা হামলায় ৪২ জন নিহত হয় এবং ৪০০ জন আহত হয় দুইটি সুন্নী মসজিদ ধ্বংস সাধিত হয়। চাপা উত্তেজনায় এ সময় লেবাননের প্রধানমন্ত্রী নাযিব মিকাতি (২০১১-২০১৪) পদত্যাগ করেন। সিরিয়ার সরকারের সমর্থক ও বিরোধীদের মধ্যে সংঘর্ষের কারণে জুন ২০১৩ সালের নির্বাচন ২০১৪ সাল পর্যন্ত স্থগিত করা হয়। ২০১৪ সালে নির্বাচন অনুষ্ঠিত হয়। একই বছর এপ্রিলে রাজনীতিবিদ সুন্নী মুসলিম তামাম সালামের (২০১৪-২০১৬) নেতৃত্বে নতুন সরকার গঠিত হয়। কিন্তু লেবাননে শান্তি আসেনি। সিরিয়ার গৃহযুদ্ধে বাশার আল-আসাদ সরকারের পক্ষে হেজবুল্লাহ সরাসরি যুদ্ধে অংশ গ্রহণ করার কারণে লেবাননে হেজবুল্লাহর অবস্থানে সিরিজ বোমা বিস্ফোরণ ঘটে। এছাড়াও উত্তরে সংখ্যাগরিষ্ঠ সুন্নী অধ্যুষিত ত্রিপলিতে বোমা বিস্ফোরণ ঘটে এবং সশস্ত্র সুন্নী এবং আলাভি সম্প্রদায়ের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। লেবাননের সেনাবাহিনীও বিভিন্ন চেক পয়েন্টে আক্রমণ এবং অপহরণের স্বীকার হয়। সিরিয়ার গৃহযুদ্ধের কারণে ২০১১-২০১৩ সালের মধ্যে প্রায় ১৮২,৯১৩ জন সিরিয়ান শরণার্থী লেবাননে আশ্রয় গ্রহণ করে।[২৯] এরমধ্যে সিরিয়ান সীমান্তবর্তী এরসেল নামক ছোট একটি শহরে প্রায় ১ লক্ষ ৩৫ হাজার সুন্নী শরণার্থী আশ্রয় গ্রহণ করে। এ সকল শরণার্থীদের প্রতি আল-নুসরাফ্রন্টসহ লেবাননের সুন্নী জনগণ এবং সংগঠন সাহায্যের জন্য এগিয়ে আসে। অপরদিকে লেবাননের সামরিক বাহিনী, হেজবুল্লাহসহ শী'য়াপন্থী জনগণ এবং সংগঠন শরণার্থী আগমনে বিরোধিতা করে। ফলে এরসেলে শী'য়া-সুন্নী এবং লেবাননের সৈন্যবাহিনীর মধ্যে সংঘর্ষ হয়। এ সংঘর্ষে অনেক হতাহত হয় এবং ৩০ জন সৈন্য ও সুন্নী বিদ্রোহী নুসরাফ্রন্টের হাতে আটক হয়।[৩০] এ ছাড়াও ত্রিপলির উত্তর সমুদ্র বন্দর এলাকায় সুন্নী জঙ্গিদের সাথে তীব্র যুদ্ধ হয় এবং ব্যাপক ক্ষয়-ক্ষতি সাধিত হয়। হেজবুল্লার সাথে সম্পর্কযুক্ত 'লেবানন জেনারেল নিরাপত্তা সার্ভিস' ছদ্মবেশে সউদি আরব সমর্থিত সালাফিদের জনপ্রিয় কিছু ব্যক্তিকে অপহরণ করে।[৩১] এভাবে শী'য়া-সুন্নী সম্প্রদায়ের মধ্যে অপহরণ, হামলা ও পাল্টা হামলা অব্যাহত থাকে।

২০১৫ সালের আগষ্ট মাসের এক সংঘর্ষে উভয় জোটের প্রায় ৭ শত জন নিহত হয় এবং তিন হাজার জন আহত হয়। এ ছাড়াও হত্যা, অপহরণ নিত্যনৈমত্তিক ঘটনায় পরিণত হয়।[৩২] সিরিয়ার গৃহযুদ্ধ শুরু হওয়ার পর থেকে লেবাননের শী'য়া-সুন্নী সম্প্রদায়ের দ্বন্দ্ব ক্রমান্বয়ে বৃদ্ধি পায়। বেকা উপত্যকার সিরিয়ান শরণার্থী শিবির পরিদর্শন শেষে লেবাননের নাগরিক আহমেদ নিয়ামি বলেন, শী'য়া-সুন্নী সম্প্রদায়ের সাম্প্রদায়িক উত্তেজনা লেবাননের জনগণের জীবনের প্রতিটি অংশে সংক্রামিত হয়েছে। যদি সিরিয়ার দ্বন্দ্ব আরো দীর্ঘায়িত হয় তাহলে লেবাননের আভ্যন্তরীণ অবস্থা সিরিয়ার চেয়ে খারাপ হবে। হেজবুল্লাহ নেতা হাসান নাছরাল্লাহ (১৯৬০-) মনে করেন, লেবাননের শী'য়া-সুন্নীপন্থী সংগঠন সিরিয়ার গৃহযুদ্ধে নিজেদের অংশগ্রহণ অব্যাহত রাখলে লেবাননের অবস্থাও সিরিয়ার মতো খারাপ হতে পারে। তিনি নিজ দেশের শান্তি চান। কিন্তু আল-কায়দা সমর্থিত সুন্নীপন্থী নুসরা ফ্রন্টের বিরুদ্ধে যুদ্ধ করা কর্তব্য কাজ বলে মনে করেন। সিরিয়ার গৃহযুদ্ধে হেজবুল্লাহর কার্যক্রমে লেবানন বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রফেসর ইলিয়াস হানা বলেন, তুমি হেজবুল্লাহ হতে পারবে না, কারণ তারা ইরানের

সহযোগী। তারা সিরিয়ায় যায় এবং সুন্নী মুসলমানদের হত্যা করে। সাম্প্রতিককালে লেবাননে শী'য়া-সুন্নী সম্প্রদায়ের অবস্থা এরূপ পর্যায়ে দাঁড়িয়েছে যে, রাস্তায় যদি একটি গাড়ী দুর্ঘটনা ঘটে তাহলে লোকজন দৌড়ে এসে জিজ্ঞাসা করে, তুমি শী'য়া না সুন্নী সম্প্রদায়ের লোক? শী'য়া-সুন্নী সম্প্রদায়ের মধ্যে সাম্প্রদায়িক বিভাজন এত গভীর থেকে গভীরতর হচ্ছে যে, দিন দিন তা খারাপের দিকে যাচ্ছে।[৩৩]

লেবাননের শী'য়া-সুন্নী সম্প্রদায়ের বর্তমান সাম্প্রদায়িক সংঘাতের জন্য উদ্বেগ প্রকাশ করে লেবাননের শী'য়া সম্প্রদায়ের জাফারি কাউন্সিলের আশুরা উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে, লেবাননের সুন্নী সম্প্রদায়ের ফতোয়া বিভাগের সর্বোচ্চ প্রতিষ্ঠান, দারিয়েনের গ্রান্ড মুফতি শেখ আবদুল লতীফ দারিয়েন (১৯৫৩-) বলেন, লেবাননে আজ যা ঘটছে তা কোন ধর্মীয় বা সাম্প্রদায়িক সংঘাত নয়। এটি শী'য়া-সুন্নী সম্প্রদায়ের দ্বন্দ্ব নয়; বরং এটি একটি রাজনৈতিক স্বার্থের দ্বন্দ্ব। তার মতে, এ দ্বন্দ্বে শী'য়া-সুন্নী সম্প্রদায়ের লোক জালানী হিসেবে ব্যবহৃত হচ্ছে। একই অনুষ্ঠানে ম্যারোনাইট বিশপ নাসর বলেন, লেবাননের সাম্প্রদায়িক সংঘাত অত্যন্ত দুঃখজনক। এটি একটি রাজনৈতিক এবং অর্থনৈতিক যুদ্ধ। তিনি লেবাননের উত্তর-পূর্বাঞ্চলীয় শহর আরসেলে আইএসআইএল এবং নুসরাফ্রন্টের সাথে হেজবুল্লাহ এবং সেনাবাহিনীর সংঘর্ষকে আরব বিশ্বের অন্যান্য দেশের মত লেবাননেও সাম্প্রদায়িক দাঙ্গা আমদানির ক্ষেত্র হিসেবে উল্লেখ করেন। তিনি ধর্ম, গোষ্ঠী, সম্প্রদায় নির্বিশেষে সাম্প্রদায়িক সংঘাত ভুলে একে-অপরের সাথে একত্রিত হয়ে লেবাননের জন্য হুমকি, সন্ত্রাসী হামলা বন্ধ করতে লেবাননের সকল জনগণকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।[৩৪]

লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব ইরান, সিরিয়া ও সউদি আরবের মধ্যে একটি আঞ্চলিক যুদ্ধ বলে মধ্যপ্রাচ্য বিষয়ক বিশ্লেষকগণ মনে করেন। লেবাননে যে ১৮টি ধর্মীয় সম্প্রদায় রয়েছে। এর অধিকাংশই তাদের সাম্প্রদায়িক ভিত্তির ওপর প্রতিষ্ঠিত এবং জাতিগত ও ধর্মীয় মতবাদপুষ্ট আঞ্চলিক লিংকের সাথে সংযুক্ত। যেমন লেবাননের সুন্নী জনগণ সউদি আরবপন্থী সালাফি মতের অনুসারী এবং সুন্নী সমর্থিত রাজনৈতিক দল 'মুস্তাকবাল' সউদি আরবের সমর্থনপুষ্ট। অপরদিকে অধিকাংশ শী'য়া জনগোষ্ঠী ইরানপন্থী দ্বাদশ ইমামের অনুসারী এবং শী'য়া সমর্থিত রাজনৈতিক দল আমাল ও হেজবুল্লাহ সিরিয়া ও ইরানের সমর্থনপুষ্ট। তারা একদিকে যেমন আরব বিশ্বে ইসরায়েলের অস্তিত্বে বিশ্বাস করে না এবং বিভিন্ন সময় ইসরায়েলের বিরুদ্ধে সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলে নিজেদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করে। অপরদিকে ধর্মীয় মতবাদ ও আদর্শিক কারণে লেবাননে সুন্নী মুসলমানদের তীব্র বিরোধিতা করে। এছাড়াও লেবাননের শী'য়া-সুন্নী সমর্থিত বিভিন্ন সংগঠনগুলো তাদের ধর্মীয় ও আদর্শিক মতবাদপুষ্ট সহযোগী দেশসমূহের সাথে সম্পৃক্ত। ম্যান্ডেটরি কর্তৃপক্ষের সহায়তায় লেবানন স্বাধীনতা লাভ করলেও সিরিয়া লেবাননকে তাদের একটি প্রদেশ হিসেবে মনে করে। স্বাধীনতা পরবর্তী লেবাননে সিরিয়ার উপস্থিতি তারই প্রমাণ। ১৯৬৭ সালে আরব-ইসরায়েল যুদ্ধের ফলে লেবাননে যে সঙ্কটের সৃষ্টি হয় তার সূত্র ধরে সিরিয়া লেবাননে সৈন্য পাঠায় এবং একটি দখলি পরিবেশ সৃষ্টি করে।[৩৫] সিরিয়ার সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী সুন্নী হলেও শাসকগোষ্ঠী শী'য়া মতের অনুসারী হওয়ায় ১৯৭০ সাল থেকে সিরিয়া লেবাননের শী'য়া জনগোষ্ঠীকে প্রত্যক্ষভাবে সমর্থন করে এবং লেবাননে সুন্নী বিরোধী বিভিন্ন সংঘর্ষে শী'য়া ও খ্রিষ্টান ফালাঞ্জ বাহিনীর পক্ষ অবলম্বন করে। এছাড়াও সিরিয়া বিভিন্ন সময় লেবাননের আভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপের চেষ্টা করে। সে কারণে সিরিয়ার গৃহযুদ্ধে ২০১১ সাল থেকে লেবাননের শী'য়া সমর্থিত

রাজনৈতিক দল ও বিভিন্ন ধর্মীয় সংগঠনসমূহ সরাসরি সিরিয়ার সরকার আল-আসাদকে সমর্থনসহ তার পক্ষে যুদ্ধে অংশ গ্রহণ করে এবং সুন্নী রাজনৈতিক দল ও বিভিন্ন ধর্মীয় সংগঠনসমূহ আল-আসাদের বিরোধিতা করে তার বিরোধীদের পক্ষে যুদ্ধে অংশ গ্রহণ করে। উভয় পক্ষের সশস্ত্র দল নিজ ভূমি লেবাননে ফিরে একে অপরের ওপর হামালা-প্রতি হামলা চালায়। ইরান আরব বিশ্বে শী'য়া মতবাদের বিস্তার এবং লেবাননের শী'য়াদের রক্ষার জন্য সরাসরি সমর্থন প্রদান করে। অপরদিকে সউদি আরব এবং জিসিসিভুক্ত আরব দেশসমূহের সরকারি-বেসরকারি সংস্থাসমূহ লেবাননের সুন্নীদের রক্ষার জন্য বিদ্রোহীদের অর্থ, অস্ত্র ও নৈতিক সমর্থন প্রদান করে। সে কারণে লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব সউদি ও ইরানের আঞ্চলিক প্রক্সি যুদ্ধ বলে অনেকে মনে করেন।[৩৬]

১৯৪৩ সালে লেবানন রাষ্ট্রের স্থায়িত্ব এবং রাজনৈতিক স্থিতিশীলতার জন্য ধর্মীয় সম্প্রদায়গুলোর সম্মতির ভিত্তিতে একটি জাতীয় বা ধর্মাশ্রয়ী সরকার গঠন করা হয়। এ ব্যবস্থা লেবাননের গণতন্ত্রের উন্নতির ক্ষেত্রে কিছুটা সুফল বয়ে আনলেও রাজনৈতিক স্থিতিশীলতা ও সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠার ক্ষেত্রে তেমন ভূমিকা রাখতে পারেনি। কারণ চুক্তি অনুযায়ী রাষ্ট্রের গুরুত্বপূর্ণ প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী পদ খ্রিষ্টান ও সুন্নী মুসলমানদের জন্য নির্ধারিত হওয়ায় তারা রাজনীতি, ব্যবসা-বাণিজ্য, প্রশাসনিক সকল ক্ষেত্রে বেশি সুবিধা ভোগ করে। মারুনীয় খ্রিষ্টানরা লেবানকে শুধুমাত্র তাদের দেশ বলে মনে করে এবং তাদের গঠিত ফালাঞ্জ দলের স্লোগান, লেবানন হলো মারুনীয় খ্রিষ্টানদের জন্য। তারা সবসময় খ্রিষ্টানদের স্বার্থসংশ্লিষ্ট লেবানন কামনা করে। ফলে ধর্মাশ্রয়ী রাষ্ট্রের শুরু থেকে খ্রিষ্টানদের সাথে মুসলমানদের সম্পর্ক খারাপ হয়। সংসদের স্পীকার পদটি শী'য়াদের জন্য নির্দিষ্ট হলেও সামাজিকভাবে তারা ছিল অবহেলিত। মজুর, কৃষিকাজ, ক্ষুদ্র ব্যবসা এবং প্রশাসনিক নিম্নপদে চাকুরি ছিল তাদের অন্যতম পেশা। ফলে শী'য়াদের মধ্যে একধরনের ক্ষোভ ও হতাশা বিরাজ করে। এরূপ পরিস্থিতির মধ্যে ১৯৪৮ এবং ১৯৬৭ সালে আরব-ইসরায়েল যুদ্ধে সৃষ্ট ফিলিস্তিনি উদ্বাস্তুদের একটি বিরাট অংশ শী'য়া অধ্যুষিত দক্ষিণ লেবাননে আশ্রয় গ্রহণ করে। ফিলিস্তিনি সমস্যা যত বৃদ্ধি পায় লেবাননে উদ্বাস্তুর সংখ্যাও ততো বৃদ্ধি পায়। আশ্রিত ফিলিস্তিনি মুসলমানগণ সুন্নী মতের অনুসারী হওয়ায় লেবাননের সুন্নী মুসলমানগণ তাদেরকে সমর্থন করে এবং সহযোগিতার নীতি গ্রহণ করে। সুন্নীদের পৃষ্ঠপোষকতায় ফিলিস্তিনিরা লেবানন থেকে ইসরায়েল বিরোধী বিভিন্ন আক্রমণ ও হামলা চালায়। ইসরায়েলেও পাল্টা জবাব হিসেবে দক্ষিণ লেবাননে বিমান হামলা করে। ফলে দক্ষিণ লেবাননের শী'য়া জনগোষ্ঠী সামাজিক ও অর্থনৈতিক দিক থেকে ব্যাপক ক্ষতির স্বীকার হয়। ফিলিস্তিনিদের কারণে একদিকে যেমন খ্রিষ্টানদের সাথে মুসলমানদের বিরোধ সৃষ্টি হয় অন্যদিকে শী'য়া-সুন্নী মুসলমানদের ঐতিহাসিক দ্বন্দ্ব চরম আকার ধারণ করে। আশির দশকে হেজবুল্লাহ প্রতিষ্ঠার পর থেকে এ দ্বন্দ্ব তীব্র মাত্রা লাভ করে। বর্তমানে এ দ্বন্দ্ব এত গভীর পর্যায়ে পৌঁছিছে যে, ফিলিস্তিন সমস্যার সমাধান হলেও লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব প্রশমিত হবে তা কেবল ভবিষ্যতেই বলতে পারে।

সউদি আরব, ইরান ও সিরিয়ার কারণে লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব প্রকট আকার ধারণ করে। সউদি আরব ও ইরান দুইটি শক্তিশালী প্রতিবেশী দেশ। সউদি আরব কট্টোর সুন্নী মতের অনুসারী এবং ইরান শী'য়া মতের অনুসারী। উভয় দেশ সমগ্র মধ্যপ্রাচ্যে আঞ্চলিক আধিপত্য বিস্তারের প্রচণ্ড সংগ্রামে নিয়োজিত।[৩৭] সউদি আরব ইয়েমেন, বাহরাইন, সিরিয়ার ন্যায় লেবাননেও ওহাবি মতবাদ প্রচার ও প্রসার এবং রাজনৈতিক আধিপত্য বিস্তারের জন্য সুন্নী মুসলমানদের এবং সংগঠনগুলোকে অর্থ, অস্ত্র,

নৈতিক সমর্থন প্রভৃতি দিয়ে সহায়তা করে। যদিও লেবাননে সিরিয়ার ন্যায় তাদের সাফল্য দৃশ্যমান নয়। অবশ্য সউদি আরবের পৃষ্ঠপোষকতায় বর্তমানে লেবাননের অধিকাংশ সুন্নী মুসলমান ওহাবী মতের অনুসারি। অপরদিকে সাফাভি আমল থেকে লেবাননের শী'য়া জনগোষ্ঠীর সাথে ইরানের নিবিড় যোগাযোগ থাকলেও ১৯৭৯ সালে ইমাম খোমেনির নেতৃত্বে ইরানে শী'য়া বিপ্লবের পর তার আরো বৃদ্ধি পায়। এ সময় থেকে ইরান তাদের বিপ্লবী মতবাদ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে রপ্তানির চেষ্টার ধারাবাহিকতায় লেবাননেও রপ্তানির প্রয়াস পায়। ফলে ইরানের সাথে লেবাননের শী'য়া মুসলমানদের যোগাযোগ বৃদ্ধি পায়। ১৯৮২ সালে লেবাননে ইসরাইয়েলের আগ্রাসনকে প্রতিহত এবং দক্ষিণসহ সমগ্র লেবাননে শী'য়া মুসলমানদের স্বার্থ রক্ষার জন্য ইরানের পৃষ্ঠপোষকতায় হেজবুল্লাহ প্রতিষ্ঠিত হলে ইরানের সাথে লেবাননের শী'য়া মুসলমানদের সম্পর্ক আরো দৃঢ় হয়। ইরান হেজবুল্লাহসহ শী'য়া ভিত্তিক সংগঠনগুলোকে অর্থ, অস্ত্র, সামরিক প্রশিক্ষণ প্রভৃতি দিয়ে সহায়তা করে। এ ছাড়াও ইরানের আফগানিস্তান থেকে ভূমধ্যসাগর পর্যন্ত বিশাল এলাকা নিয়ন্ত্রণ করা তার অন্যতম উদ্দেশ্য বলে বিশেষজ্ঞগণ মনে করেন।[৩৮] ২০০৬ সালে হেজবুল্লাহর উপর্যুপুরি আক্রমণের কারণে দক্ষিণ লেবানন থেকে ইসরায়েলি সৈন্যের বিতারনের ফলে মারুনিয় খ্রিষ্টানদের সাথে শী'য়াদের সম্পর্ক স্বাভাবিক হলেও সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ধর্মীয় মতাদর্শ কারণে সুন্নীদের সাথে দ্বন্দ্ব প্রকট। এ দ্বন্দ্বে সিরিয়ার ভূমিকা গুরুত্বপূর্ণ। ১৯৭০ সাল থেকে সিরিয়াতে শী'য়া সমর্থিত সরকার ক্ষমতায়। সিরিয়া সরকার লেববানের শী'য়া মুসলমানদেরকে সমর্থন করবে এটাই স্বাভাবিক। লেবাননের গৃহযুদ্ধ তার অন্যতম প্রমাণ। অর্থাৎ লেবাননের গৃহযুদ্ধে সিরিয়া সরকার সুন্নীদের বিরুদ্ধে শী'য়া ও খ্রিষ্টানদের পক্ষ অবলম্বন করে এবং তাদেরকে সহায়তা করে। বর্তমানে সিরিয়াতে গৃহযুদ্ধ চলছে। এ যুদ্ধে লেবাননের সুন্নী মুলসমানগণ সিরিয়ার সুন্নীদের হয়ে এবং শী'য়া মুসলমানগণ সিরিয়া সরকারের হয়ে যুদ্ধ করছে। সুতরাং সউদি আরব, ইরানের ভূমিকা এবং সিরিয়ার গৃহযুদ্ধের কারণে লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব প্রকট এ কথা নি:সন্দেহে বলা যায়।

শী'য়া-সুন্নী দ্বন্দ্বের কারণে লেবাননের রাজনীতি, অর্থনীতি এবং সাম্প্রদায়িক সম্প্রীতি গভীরভাবে প্রভাবিত। স্বাধীনতার পরে লেবাননে ধর্মীয় সম্প্রদায়ের সংখ্যানুপাতের ভিত্তিতে একটি নতুন প্রশাসনিক ব্যবস্থা গঠন করা হয়। কিন্তু কতগুলো বিষয়ে সাম্প্রদায়িক বৈষম্য থেকে যায়। লেবাননের শী'য়া সম্প্রদায় এ বৈষম্যের বেশি স্বীকার হয়। সাম্প্রদায়িক এ বৈষম্য থেকে লেবাননে গৃহযুদ্ধ (১৯৭৫-১৯৯০) শুরু হয়। এ গৃহযুদ্ধে প্রত্যক্ষভাবে ইসরায়েল, সিরিয়া এবং পরোক্ষভাবে সউদি আরব, ইরান এবং তাদের মিত্রশক্তিবর্গ অংশগ্রহণ করে। গৃহযুদ্ধ পরবর্তী লেবাননের রাজনীতি অনেকটা ইরান ও সউদি আরবের নিয়ন্ত্রণে। শী'য়া-সুন্নী দ্বন্দ্বের কারণে ২০০৫ সালে লেবাননের জনপ্রিয় সুন্নীপন্থী প্রধানমন্ত্রী রফিক হারিরি হত্যাকাণ্ডের স্বীকার হয়। যদিও এ হত্যাকাণ্ড নিয়ে অভিযোগ ও পাল্টা অভিযোগ রয়েছে। ২০০৬ সালের পর থেকে লেবাননের রাজনীতিতে হেজবুল্লাহ ও আমাল মুভমেন্ট শক্ত অবস্থান তেরি করে। দ্বন্দ্বের কারণে সেখানে ৯ বছর নির্বাচন অনুষ্ঠিত হয়নি। ২০১৮ সালে হেজবুল্লাহ ৫৩ ভাগ সমর্থন নিয়ে নির্বাচন করলেও ২০১৯ সালের জানুয়ারি পর্যন্ত তারা সরকার গঠন করতে সক্ষম হয়নি।[৩৯] লেবাননের রাজনীতিতে সউদি আরবের প্রভাব কী পরিমাণ তা একটি ঘটনা থেকে সহজে অনুমান করা যায়। লেবাননের দুইবারের প্রধানমন্ত্রী সাদ হারিরি (২০০৯-২০১১ এবং ২০১৬-২০২০), সউদি ভ্রমণের সময় সউদি আরবের চাপে পদত্যাগ করতে বাধ্য হন। তার বিরুদ্ধে

সউদি আরবের অভিযোগ তিনি হেজবুল্লাহকে পর্যুদস্ত করতে যথেষ্ট দক্ষতার পরিচয় দিতে পারেননি। পরে অবশ্য তিনি আকর্ষিকভাবে লেবাননে ফিরে যেয়ে অনেকটা হেজবুল্লাহর চাপে আবার ক্ষমতা গ্রহণ করেন।[৪০] লেবাননের রাজনৈতিক অস্থিরতার পিছনে সিরিয়ার গৃহযুদ্ধও অনেকাংশে দায়ি।

শী'য়া-সুন্নী দ্বন্দ্বের কারণে লেবাননের অর্থনীতিও ক্ষতির সম্মুখীন। ১৯৫০ এর দশকে লেবাননের বার্ষিক প্রবৃদ্ধি ছিল বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ। ১৯৭৫-১৯৯০ সালে গৃহযুদ্ধের কারণে তা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। ২০০৬ সালের পর দ্বন্দ্ব কিছুটা কমে আসলে বার্ষিক প্রবৃদ্বি বৃদ্ধি পেয়ে ৯.১% পৌছে এবং তা ২০১০ সাল পর্যন্ত অব্যাহত থাকে। ২০১১ সালে সিরিয়ায় গৃহযুদ্ধ শুরু হলে লেবাননের অর্থনীতির ওপর এর মারাত্মক প্রভাব পড়ে। অর্থাৎ লেবাননেও দ্বন্দ্ব শুরু হয়। দ্বন্দ্বের কারণে লেবাননের বার্ষিক প্রবৃদ্ধি কমতে থাকে। ২০১১-২০১৭ সাল পর্যন্ত লেবাননের বার্ষিক গড় প্রবৃদ্ধি হয় ১.৭-১.৫%। বেকারত্বের হার দ্বিগুণ বৃদ্ধি পায়। ২০১০ সালে লেবাননে বেকারত্বের হার ছিল ১০% এর নিচে। ২০১৪ সালে তা বেড়ে ২০% পৌছে। দ্বন্দ্বের কারণে সেখানকার পর্যটন শিল্প, আন্তঃব্যবাসা-বাণিজ্য, আভ্যন্তরীণ উৎপাদন চরমভাবে ক্ষতিগ্রস্ত।[৪১] লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্বের কারণে সাম্প্রদায়িক সম্প্রীতিও ক্ষতিগ্রস্ত। শী'য়া-সুন্নী মুসলমানগণ একই ধর্ম ইসলামের অনুসারী হলেও তারা একে অপরের ধর্মীয় স্থাপনা ও উৎসবগুলোতে হামলা করতে কোন পরোওয়া করে না। শী'য়ারা সুন্নীদের ধর্মীয় উৎসব, স্থাপনা তথা মসজিদসমূহে আত্মঘাতি হামলা করে নিরাপরাধ মুসল্লিদেরকে হত্যা করে।[৪২] অপরদিকে সুন্নীরাও শী'য়া উৎসব বা ধর্মীয় স্থাপনাসমূহে হামলা করে বহু হতাহতের ঘটনা ঘটায়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বলা যায় যে, লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্বে ঐতিহাসিক ধারাবাহিক ধর্মাশ্রয়ী রাজনৈতিক প্রভাব থাকলেও অর্থনেতিক স্বার্থের দ্বন্দ্ব বেশি। এখানকার শী'য়া-সুন্নী দ্বন্দ্বে ইসরায়েল, ফিলিস্তিন, হেজবুল্লাহ, ইরান, সউদি আরব এবং সিরিয়ার রাজনৈতিক প্রভাব তীব্র। বর্তমান লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্বে সিরিয়ার গৃহযুদ্ধের প্রভাব অনেক বেশি। লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্ব প্রশমনে ফিলিস্তিন সমস্যার সমাধান, সিরিয়ার গৃহযুদ্ধের অবসান হওয়া, হেজবুল্লাহর ওপর থেকে ইরানের সমর্থন প্রত্যাহার করা প্রয়োজন। পাশাপাশি সুন্নীদের ওপর থেকে সউদি আরবের শী'য়া বিরোধী নৈতিক সমর্থন বন্ধ করতে হবে। তবে এ গুলো বন্ধ হলেও লেবাননের শী'য়া-সুন্নী দ্বন্দ্বের অবসান হবে তা নিশ্চিত করে বলা যায় না

---

**তথ্যনির্দেশ:**

[১] *ইসলামী বিশ্বকোষ*, ২৩শ খণ্ড, (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৪), পৃ. ৩২৪।

[২] H. Hourani, *Syria and lebanon*, (London : Chatham House S. W.i., 1945), p. 15-16.

[৩] Philip S. Khoury, *Syria and the French Mandate The Politics of Arab Nationalism 1920-1945*, (Londodn : I. B. Tauris & Co Ltd., 1987), p. 27; A. H. Hourani, *op. cit.*, p. 26-40, 41-58.

[৪] Don Peretz, *The Middle East Today*, (London : Holt, Rinehart and Winstone, 1978), p. 342.

[৫] এ বি এম হোসেন, *মধ্যপ্রাচ্যের ইতিহাস অটোমান সাম্রাজ্য থেকে জাতিসত্তা রাষ্ট্র*, (ঢাকা : বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ২০১৩), পৃ. ২১৪, ২১৯।

[৬] Don Peretz, *op. cit.*, p. 336; "The Global Information Technology Report 2013", (www 3. weforum.org/docs).

[৭] Richard N. Dralonge, *Economics and Geopolitics of the Middle East,* (New York : Nova Science Publishers, 2008), p. 150.

[৮] সফিউদ্দিন জোয়ারদার, *আধুনিক মধ্যপ্রাচ্য*, ১ম খণ্ড, (ঢাকা : বাংলা একাডেমী, ১৯৭৮), পৃ. ৫২৫।

[৯] Central Inteligence Agency, *World Fact Book*, Virginia USA., 2014, (www. cia. gov /library /publications/the-world- factbook/geos/le.html).

[১০] সফিউদ্দিন জোয়াদ্দার, *প্রাগুক্ত*, পৃ. ৫২৭।

[১১] Yahya Armajani, *Middle East past and present*, (New Jersey : Prentice-Hall, Inc., 1970), p. 163.

[১২] *Ibid*, p. 164.

[১৩] সফিউদ্দিন জোয়াদ্দার, *প্রাগুক্ত*, পৃ. ৫২৯।

[১৪] Don Peretz, *op. cit*., p. 340.

[১৫] সফিউদ্দিন জোয়াদ্দার, *প্রাগুক্ত*, পৃ. ৫৪৭।

[১৬] এ বি এম হোসেন, *প্রাগুক্ত*, পৃ. ২১৪।

[১৭] *তদেব*, পৃ. ২১৮।

[১৮] *তদেব*, পৃ. ২০৮।

[১৯] *তদেব*, পৃ. ২১৯।

[২০] *তদেব*, পৃ. ২১৯।

[২১] Lebanon : The Persistence of Sectarian Conflict, *Berkley Center for Religion, Peace, and World Affairs* August, 2013, p. 5 (https://berkleycenter.georgetown.edu/lebanon-the-persistence-of-sectarian-conflict).

[২২] এ বি এম হোসেন, *প্রাগুক্ত*, পৃ. ২১৯-২২০।

[২৩] *তদেব*।

[২৪] https://en.wikipedia.org/wiki/Hezbollah#cite_note-15.

[২৫] Erich Follath, "Breakthrough in Tribunal Investigation : New Evidence Points to Hezbollah in Hariri Murder", *Spiegel online* International, USA : 23 May, 2009.

[২৬] এ বি এম হোসেন, *প্রাগুক্ত*, পৃ. ২২৫।

[২৭] Yaakov Katz, "Israel Vs. Iran: The Shadow War", *New York Times*, New York, 2012, p. 17, (https://www.amazon.com › Israel-vs-Iran-Shadow-War).

[২৮] Lebanon...Perils of the Syrian Quake Aftershocks**,** *Al Jazeera Centre for Studies*, Quter**,** 7 July, 2011, (www.aljazeera.net/studies).

[২৯] http://www.insightonconflict.org/conflicts/lebanon/conflict-profile/.

[৩০] Anne Barvard, Sectarian Wedge Pushes From Syria Into Lebanon, *The New York Times*, New York, 27 Oct., 2014, (https://www.nytimes.com › 2014/10/28 › world › middleeast › a-sectarian).

[৩১] Patrick Martin, "Syria's war ignites sectarian strife in Lebanon" *The Global and Mail*, Jrusalem, 14 May, 2012 (https://www.theglobeandmail.com › authors › patrick-martin).

[৩২] *Syrian Civil War spillover in Lebanon*, (Syrian_Civil_War_spillover_in_Lebanon#cite_note-holmes-9).

[৩৩] *Ibid.*

[৩৪] Mohammed Zaatari, "Lebanese religious figures reject sectarian conflict label", *The Daily Star*, London, 4 Nov., 2014, (www.dailystar.com.lb › News › Lebanon-News › 2014 › Nov-04).

[৩৫] এ বি এম হোসেন, *প্রাগুক্ত*, পৃ. ২১২, ২১৮-২২০।

[৩৬] Mona Yacoubian, "Renewed Conflict in Lebanon" Contingency Planning Memorandum No. 22, *Middle East Program, Stimson Center*, jun 2014, p. 3, (https://www.usip.org › people › mona-yacoubian).

[৩৭] https://www.bbc.com/news/world-middle-east-42008809.

[৩৮] *Ibid.*

[৩৯] https://www.cfr.org/global-conflict-tracker/conflict/political-instability-lebanon (16. 09.2020).

[৪০] https://www.bbc.com/news/world-middle-east-42008809.

[৪১] https://en.wikipedia.org/wiki/Lebanon#Instability_and_Syrian_War_spillover (16. 09.2020).

[৪২] Hwaida Saad and Ben Hubbard, *Bombings Strike Lebanon, as Mosques Are Targeted in Growing Violence*, The Newyork Times, 23 Aug. 2013, (/www. nytimes. com/2013 /08/24/ world/lebanon-bomb-attacks.html).

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# চট্টগ্রামে ড. মোহাম্মদ গোলাম রসুল

ড. মোহাম্মদ মুহিবউল্যাহ ছিদ্দিকী*

**Abstract:** Dr. Muhammad Gholam Rasul hailed from Salar, Murshidabad but was born in Calcutta and also educated in Calcutta. But his working place was in Bogra, Munshigong, Jessor, Rangpore and Rajshahi as a teacher in the Department of Islamic History and Culture at College and University level. Actually he was a reknowned professor, learned scholar, skilled teacher, fulltime researcher, staunch muslim with special learning towards religious doctrine of Islam and Sufism. He had no formal relation with Chittagong and it was neighter his birth and working place nor his burried place. He had his personal, family and intellectual relationship with Chittagong. An attempt will be taken in this article to anlyse the multidimensional relationship of Dr. Muhammad Gholam Rasul with Chittagong on the basis of primary and secondary sources and followed by scientific historical research method with a short note on his biography.

## ১. ভূমিকা

কর্মস্থল ও জন্মস্থানের সাথে ব্যক্তির সম্পর্ক স্বাভাবিক। শিক্ষাজীবন ও বৈবাহিক কারণে ভিন্ন স্থানের সাথে মানুষের সম্পর্ক গড়ে উঠতে পারে। এর বাইরে কোন স্থানের সাথে ব্যক্তির সম্পর্ক ব্যক্তির জীবনে নতুন মাত্রা যোগ করে। ড. মোহাম্মদ গোলাম রসুলের পৈত্রিক নিবাস বাংলার নবাবী আমলের রাজধানী মুর্শিদাবাদ জেলার সালার পরগানায় এবং তাঁর শ্বশুর বাড়ীও মুর্শিদাবাদ জেলা সদর বহরমপুরে। তাঁর কর্মস্থল উত্তরবঙ্গের বগুড়া, রংপুর, রাজশাহী, দক্ষিণবঙ্গের যশোর ও পূর্ববাংলার মুন্সিগঞ্জ। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চাকুরীর সুবাদে তিনি রাজশাহীতে স্থায়ীভাবে বসবাস করেন। চট্টগ্রামের সাথে তাঁর সম্পর্ক কিছুটা নাটকীয় অথবা কাকতালীয় এবং বুদ্ধিবৃত্তিক। পরবর্তীকালের সম্পর্ক কিছুটা ব্যক্তিগত হলেও তার ভিত্তি ছিল জ্ঞানচর্চা। তাই আলোচ্য প্রবন্ধে ড. মোহাম্মদ গোলাম রসুলের অতি সংক্ষিপ্ত জীবনী বর্ণনা করে চট্টগ্রামের সাথে তার বহুমাত্রিক সম্পর্ক পর্যালোচনা করার প্রচেষ্টা করা হবে।

## ২. সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত

ড. মোহাম্মদ গোলাম রসুলের জন্ম **১৯২১** সালে ৯ই মার্চ কলকাতায় দিদার বখশ লেনে নানার বাড়ীতে। দিদার বখশ তাঁর নানার দাদা ছিলেন। তাঁর পিতা মোহাম্মদ গোলাম আকবর জীবন শুরু করেছিলেন কলকাতা আলিয়া মাদরাসার শিক্ষক হিসেবে। মাত্র সাত মাস চাকুরী করে তিনি রেঙ্গুন বিশ্ববিদ্যালয় কলেজে অধ্যাপনা শুরু করেন। তবে বেশীদিন রেঙ্গুনে অবস্থান করতে পারেননি। ফলে তাঁকে সেখান থেকে এসে কলকাতার জুবলী ইন্সটিটিউটের হেড মাষ্টার হতে হয়েছিল। অতঃপর কলকাতা বিশ্ববিদ্যালয়ের আরবী-ফার্সী বিভাগের শিক্ষক হিসেবে যোগ দেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ে সাড়ে ছয় বছর শিক্ষকতা করার পর নির্বাচনী পরীক্ষা পাশ করে উচ্চতর সরকারী কর্মকর্তা হিসেবে সরকারী

* প্রফেসর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

চাকুরীতে যোগদান করেন। অতপর সারা জীবন সরকারী চাকুরী করে পাবলিসিটি ডিপার্টমেন্টের পরিচালক (Director, Publicity Department, Provincial Government of Bengal) হিসেবে অবসর গ্রহণ করেন।[১]

ড. মোহাম্মদ গোলাম রসুলের বাল্যশিক্ষা শুরু হয় মুর্শিদাবাদের সালারে। সালার এডওয়ার্ড হাই স্কুল থেকে ৬ষ্ঠ শ্রেণীতে পড়ার সময় পিতার কর্মস্থল কলকাতা জুবলী ইন্সষ্টিটিউট এ চলে আসেন এবং সেখান হতে ১৯৩৬ সালে প্রথম বিভাগে ম্যাট্রিক পাস করে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন। প্রেসিডেন্সি কলেজ থেকে মহসিনীয়া বৃত্তিসহ ১৯৩৮ সালে প্রথম বিভাগে আই. এ. পাশ করেন এবং একই কলেজ থেকে ১৯৪০ সালে বি.এ, ১৯৪২ সালে বি.এল ডিগ্রী লাভ করেন। ১৯৪৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে এম. এ ডিগ্রী এবং একই বিশ্ববিদ্যালয় হতে ১৯৮২ পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেন।[২]

এম. এ. ডিগ্রী লাভের পর ১৯৪৫ সালে তিনি বগুড়া স্যার আজিজুল হক কলেজে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেন। সেখান থেকে মুন্সিগঞ্জের হরগঙ্গা কলেজ, যশোর এম. এম. কলেজ এবং রংপুর কারমাইকেল কলেজে শিক্ষকতা করার পর ১৯৬৪ সালে ৪ঠা জানুয়ারী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সিনিয়র লেকচারার পদে (সহকারী অধ্যাপকের সমমর্যাদায়) যোগদান করেন। অতপর ১৯৮২ সালে অবসর গ্রহণের পর থেকে ১৯৯২ সাল পর্যন্ত উক্ত বিভাগে ইতিহাসতত্ত্ব (Historiography) পড়ানোর জন্য খন্ডকালীন শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।[৩]

শিক্ষকতার সফলতার পাশাপাশি তিনি ছিলেন একজন একনিষ্ঠ সার্বক্ষণিক গবেষক। তাঁর গবেষণা ও প্রকাশনা ঈর্ষণীয়। বাংলা ও ইংরেজী ভাষায় তার ঊনিশটি গ্রন্থ[৪] এবং শ'খানেক গবেষণা প্রবন্ধ দেশ-বিদেশের খ্যাতিমান জার্নালে প্রকাশিত হয়েছে। তাছাড়া তাঁর অপ্রকাশিত গ্রন্থ-প্রবন্ধ এখনও প্রকাশিত হচ্ছে দেশে-বিদেশে। ইতিহাস ও দর্শনে জাতীয় ও আন্তর্জাতিক বহু সেমিনারে তিনি প্রবন্ধ উপস্থাপন করেছেন এবং আলোচনা-সমালোচনা অংশ গ্রহণ করেছেন। ১৯৯০ সালে তিনি Indian Council of Historical Research এর Fellowship নিয়ে তিন মাসের জন্য ভারত গমন করেন এবং Comparative Religion and Mysticism এর উপর একটি গবেষণাকর্ম কৃতকার্যতার সাথে সমাপ্ত করেন।[৫]

ড. মোহাম্মদ গোলাম রসুল বাংলা, ইংরেজী ভাষা ছাড়াও আরবী, ফার্সী এবং উর্দূ ভাল জানতেন। আনুবাদক হিসেবে তিনি খুবই সফল। তাঁর বিষয়ের সাথে সম্পৃক্ত Ruben Levy এর *Social Structure of Islam,* Dr. M. Hamidullah এর *The Muslim Conduct of State* এবং Montogomary Watt এর লিখিত *Muhammad at Mecca* তিনি বাংলায় অনুবাদ করেন।[৬] তাছাড়া *Letters of Nur Qutub-ul-Alam* শিরোনামে একটি গ্রন্থ ফার্সী থেকে ইংরেজীতে অনুবাদ করে তিনি জাতীয় দায়িত্ব সম্পন্ন করেছেন।[৭]

এ মহান অধ্যাপক ব্যক্তিগত জীবনে সূফী ছিলেন। তাঁর জীবন ও রচনায় গাজ্জালী, রুমী, খাজা মুঈনউদ্দিন চিশতী, খাজা নিযামুদ্দীন আউলিয়া, ইকবাল, নজরুল, লালন প্রমুখ কবি, সূফী-দরবেশদের গভীর প্রভাব পরিলক্ষিত হয়। এ সূফী অধ্যাপক ঢাকা ও রাজশাহী বেতারে এবং বাংলাদেশ টেলিভিশনে

সংগীত পরিবেশন করতেন। শুধু তা নয়, তাঁর পিএইচ. ডি অভিসন্দর্ভের শিরোনাম ছিল *Chisti Nizami Sufi Order of Bengal (till Mid 15th Century) and its Socio-religious Contribution* যা ১৯৯০ সালে দিল্লীর ইদারা-ই-আদারিয়াত-ই-দিল্লী হতে প্রকাশিত হয়।[৮] এ মহান সূফী, গবেষক, অনুবাদক, অধ্যাপক ড. মোহাম্মদ গোলাম রসুল ১৯৯৭ সালের ২৮ শে মে দিবাগত রাত ১:২০ মিনিটে অর্থাৎ ২৯ শে মে রাজশাহীতে আপন বাসভবনে ইনতেকাল করেন। তাঁকে রাজশাহী বিশ্ববিদ্যালয় কবরস্থানে সমাহিত করা হয়।[৯] পশ্চিমবঙ্গের সালার পরগণার মোহাম্মদ গোলাম রসুল উত্তরবঙ্গের কাজীহাটা পরগণায় শায়িত আছেন এবং হয়তো কিয়ামত পর্যন্ত থাকবেন।

### ৩. চট্টগ্রামের সাথে সম্পর্ক

চট্টগ্রামের সাথে ড. মোহাম্মদ গোলাম রসুলের সম্পর্ক বহুমাত্রিক– পারিবারিক, বুদ্ধিবৃত্তিক এবং ব্যক্তিগত। নিম্নে পর্যায়ক্রমে তা আর একটু বিস্তারিত পরিসরে আলোচনা করা হলোঃ

**ক. পারিবারিক সম্পর্ক:** ড. মোহাম্মদ গোলাম রসুল মুর্শিদাবাদের বড় বাড়ীর আপন খালাতো বোনকে বিয়ে করেন। এ প্রসঙ্গে তিনি তাঁর অপ্রকাশিত স্মৃতি কথায় লিখেছেন– "১৯৩৮ সালের ২৭ শে মে রাতে আমার বিয়ে হল আব্বার মনোনীত কন্যা তৈয়েবা খাতুন (খুঁকি)-এর সাথে। কন্যার বয়স তখন চৌদ্দ বছর। গৌরবর্ণ পরমা সুন্দরী বালিকা বধূ আর কি। আর আমি বি.এ, পড়ি– আমার বয়সই বা কি। অর্থাৎ আমার খালুজান সৈয়দ সায়িদ আহমদ সাহেব আমার শ্বশুর হলেন। যিনি বহরমপুর (মুর্শিদাবাদের জেলা সদর দপ্তর) শহরের এলিটদের মধ্যে গণ্য হতেন। তিনি শিক্ষিত ও বংশীয় হলেও অমায়িক, মিষ্টভাষী এবং মিশুক ব্যক্তি ছিলেন। খুব সংক্ষেপে সৈয়দ সায়িদ আহমদের পরিচয় তুলে ধরবো।

সৈয়দ সায়িদ আহমদ সাহেব জন্মগতভাবে মুর্শিদাবাদের বাসিন্দা হলেও তাঁর পৈত্রিক নিবাস চট্টগ্রামের পটিয়া থানাধীন গ্রাম (সম্ভবত) আলমদর পাড়া। চট্টগ্রামে এখনও তাদের অনেক আত্মীয়-স্বজন আছেন শুনেছি। চট্টগ্রামের সাহিত্যিক মাহবুবুল আলম ও কবি দীদারুল আলম আমার শ্বশুরের কাজিন বলে শুনেছি। কিন্তু ভাবার বিষয় চট্টগ্রামের একজন ব্যক্তির মুর্শিদাবাদ শহরে ঘরবাড়ী, জমি-জমা কেনার হেতু কি? আমিও অবাক হতাম। পরে শশুর সাহেবের কাছে সব শুনেছি। আমার শ্বশুর সাহেবের বাবা সৈয়দ নূরুল হক (ডাক নাম Nick name আচ্ছা মিয়া) যিনি শ্বশুর সাহবের ছোট বেলাতেই নিরুদ্দেশ হয়ে যান। অর্থাৎ তিনি একবার বহরমপুর থেকে চট্টগ্রাম যাত্রা করেন, কিন্তু চট্টগ্রামেও পৌঁছেননি বা বহরমপুরে ফিরে আসেননি। তখন আমার শ্বশুর সাহেব ছ'সাত বছরের বালক। সৈয়দ নূরুল হক সাহেবের বাবা অর্থাৎ আমার শ্বশুর সাহেবের দাদা (Paternal grandfather) মুর্শিদাবাদের নওয়াবের অধীনে উচ্চপদে অধিষ্ঠিত ছিলেন। সম্ভবত অর্থমন্ত্রী অথবা কোষাধ্যক্ষ (Treasurer) পদ মর্যাদায় আসীন ছিলেন। এই ব্যক্তি চাকরীর সুবাদে মুর্শিদাবাদে আসেন। বহরমপুরে এক বাইজির বিশাল বাড়ী ও তৎসংলগ্ন গোটা মুসলমান পাড়া ক্রয় করেন। বাড়ীটি বড় বাড়ী নামে পরিচিত ছিল। বিয়ের পর বড় বাড়ীটি আমি দেখেছি। সেখানে দাদী শ্বাশুড়ী সালেহা খাতুন, বদরুল আলম চাচার পরিবার, দাদির ভাই একত্রে যৌথ পরিবারের মত বসবাস করতেন। পরে আমার শ্বশুর পাশে একটি একতলা বাড়ী নির্মাণ করন। পরে আমার ছোট শ্যালক রবি বাড়ীটি বর্তমানে দোতলা করেছেন। এ ছাড়াও শহরের খুব কাছে এক দাগে ২২ বিঘার একটি আবাদী জমিও ক্রয় করেন। চট্টগ্রামেও তাঁর বিশাল অবস্থা ছিল। প্রচুর

জমি-জমা ও সম্পদের মালিক ছিলেন। এক কথায় জোতদার শ্রেণীর লোক ছিলেন। পরবর্তীকালে তাঁর চাকরীর শেষে তিনি চট্টগ্রামে ফিরে যান। যাবার সময় তাঁর হারিয়ে যাওয়া ছেলের স্ত্রী সালেহা খাতুনকে (অর্থাৎ তাঁর বউমা) বহরমপুরের বাড়ী এবং গোটা মুসলমান পাড়া ও আবাদী জমি দান করেন। গোটা মুসলমান পাড়ায় যারা বসবাস করতো তারা খাজনা দিয়ে বসবাস করতো। সালেহা খাতুনই হচ্ছেন আমার দাদিশ্বাশুড়ি।”[১০]

উল্লেখিত স্মৃতিচারণ থেকে সহজে বুঝা যায় যে, তাঁর দাদা শ্বশুর বাড়ী চট্টগ্রামের পটিয়া থানার আলমদর পাড়ায়। ঐতিহ্যবাহী, বুনেদী এবং বিশাল পরিবার। বিষয়টা কিছুটা নাটকীয় এবং কিছুটা কাকতালীয়। ঘটনাটি রূপকথার কাহিনীর মতো শুনায়। হারানো ছেলের বউয়ের প্রতি মমতাবোধ-এর স্বাভাবিক পরিণতি হচ্ছে বিষয়-সম্পদের দানপত্র। চট্টগ্রাম-মুর্শিদাবাদ তেমন যোগাযোগ নেই।তাঁর স্ত্রী ছোট বেলায় দাদার বাড়ী গেছেন। তার স্মৃতিও নিঃস্প্রভ। কারণ তিনিও নেই। লিখেও জাননি। আমাকে বলেছিল ডা. আবদুল জাব্বার বেগ, এম.বি (কলকাতা) তার আপন ফুফা এবং তাঁর বড় মেয়ে রাণী তার সমবয়সী বান্ধবীর মতো ফুফাতো বোন। রাণীর বিয়ে হয়েছে পেকুয়ার বিখ্যাত জমিদার বাড়ীর সন্তান নূরুল ইসলাম চৌধুরীর সাথে। তাদের প্রতিষ্ঠিত জি.এম.সি ইনষ্টিটিশন হতে আমি এস.এস.সি পাশ করেছি। আমার দীর্ঘদিন পেকুয়া অবস্থানের কারণে আমি ডা. আবদুল জাব্বার বেগ, তাঁর কন্যা রাণী, তার স্বামী মরহুম নূরুল ইসলাম চৌধুরী এবং তাঁর ছেলে-মেয়েদের সাথে ঘনিষ্ঠভাবে পরিচিত হওয়ার সৌভাগ্য হয়েছিল। দেওয়ান বাজার সাব এরিয়ায় ডা. আবদুল জাব্বার বেগ-এর দোতলা বাগানবাড়ী আমার কাছে স্মৃতিময়। এতদসত্ত্বেও ড. মোহাম্মদ গোলাম রসুলের দাদা শ্বশুর বাড়ী আমাদের অজানা রয়ে গেল। ডা. আবদুল জাব্বার বেগের শ্বশুর বাড়ী এবং ড. মোহাম্মদ গোলাম রসুলের দাদা শ্বশুর বাড়ী একই বাড়ী। একটু পরিশ্রম করলে সঠিক তথ্য উৎঘটন করা যেত। কিন্তু আজ আর তা সম্ভব নয়। কারণ পরবর্তী প্রজন্ম আত্মীয়তার বন্ধন স্বীকার করলেও তা সংরক্ষণে যত্নবান নয়, যা দুঃখজনক।

**খ. বুদ্ধিবৃত্তিক সম্পর্ক:** আগেই উল্লেখ করেছি ড. মোহাম্মদ গোলাম রসুল একজন সূফী, গবেষক, অনুবাদক, লেখক ও অধ্যাপক ছিলেন। সমগ্র ভারতবর্ষে দিল্লীর পরে বেশী ওলী-দরবেশের আবাসস্থল হলো চট্টগ্রাম যার পূর্ব নাম ইসলামাবাদ। স্বাভাবিক কারণে ড. মোহাম্মদ গোলাম রসুল চট্টগ্রামকে বেশি ভালবাসতেন। তাই যখনই চট্টগ্রাম থেকে তাঁকে কোন সেমিনার-সিম্পোজিয়াম-এ দাওয়াত করা হতো তখনই তিনি তা কবুল করতেন। চট্টগ্রামে তিনি বহু সেমিনারে প্রবন্ধ পাঠ করেছেন, আলোচনা-সমালোচনায় অংশগ্রহণ করেছেন। কিন্তু আমাদের কাছে তার সঠিক তথ্য নেই। তবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের দু'টি এবং বায়তুশ শরফের একটি সেমিনারে তাঁর প্রবন্ধ উপস্থাপন সম্পর্কে সামান্য তথ্য রয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ ইনাম-উল-হক (পরবর্তীতে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন) একজন গতিশীল ব্যক্তি। তাঁর একান্ত ব্যক্তিগত প্রচেষ্টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের যৌথ উদ্যোগে ২৫,২৬ ফেব্রুয়ারী, ১৯৮১ সালে Society and Culture in Islam শিরোনামে ২দিন ব্যাপী একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে ড. মোহাম্মদ গোলাম রসুল “The Advent of Islam in Bengal: Its Socio-cultural Impact” শিরোনামে একটি প্রবন্ধ উপস্থাপন করেন।[১১] পরবর্তীকালে

প্রফেসর ড. মুহাম্মদ ইনাম-উল-হকের সম্পাদনায় চট্টগ্রাম বিশ্বিবিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ হতে Society and Culture in Islam শিরোনামে সেমিনার ভল্যুম প্রকাশিত হয়েছে এবং সে গ্রন্থে ড. মোহাম্মদ গোলাম রসুলের উপস্থাপিত প্রবন্ধ সন্নিবেশিত রয়েছে।[১২]

১৯৯০ সালের ১৪-১৫ ফেব্রুয়ারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং ইসলামিক হিস্ট্রি স্টাডিজ সার্কেল, বাংলাদেশ এর যৌথ উদ্যোগে "Muslim Communities of Europe" শিরোনামে একটি আন্তর্জাতিক সিমোপজিয়াম অনুষ্ঠিত হয়। উক্ত সিমোপাজিয়ামটি উদ্বোধন করেন তৎকালীন পররাষ্ট্র মন্ত্রী জাতীয় অধ্যাপক মোহাম্মদ শামসুল হক।[১৩] ড. মোহামদ গোলাম রসুল সেই সিম্পোজিয়ামে Islam in Europe in the Middle Ages শিরোনামে একটি প্রবন্ধ উপস্থাপন করেন।[১৪] এ তথ্য একথা প্রমাণ করে যে, চট্টগ্রামে ইতিহাস দর্শন ও ধর্মীয় কোনো সেমিনার বা সিম্পোজিয়াম অনুষ্ঠিত হলে ড. মোহাম্মদ গোলাম রসুল আমন্ত্রিত হতেন এবং প্রবন্ধ উপস্থাপন করতেন। তাই তিনি বলেছেন, "ইতিপূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনেক সেমিনারে আমি যোগদান করেছি।"[১৫]

চট্টগ্রামের একটি অনন্য খ্যাতিমান প্রতিষ্ঠানের নাম হলো 'বায়তুশ শরফ'। বায়তুশ শরফের মরহুম পীর মাওলানা আবদুল জাব্বার শাহ সাহেব ইসলামী জ্ঞান-বিজ্ঞান চর্চার জন্য সেখানে বায়তুশ শরফ ইসলামী গবেষণা প্রতিষ্ঠান স্থাপন করেন যার প্রথম মহাপরিচালক ছিলেন খ্যাতিমান ইতিহাসবিদ আবদুল করিম। এ প্রতিষ্ঠানের উদ্যোগে ১৯৮৫ সালের ১৫, ১৬, ১৭ অক্টোবর 'বাংলাদেশে ইসলাম' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সে সেমিনারের প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, বয়োবৃদ্ধ পন্ডিত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের প্রফেসর ইমিরিটাস ড. সিরাজুল হক। উক্ত সেমিনারে ১৮ টি প্রবন্ধ উপস্থাপিত হয়। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং তার অধিভূক্ত কলেজের শ'খানেক শিক্ষক সেমিনারে উপস্থিত হয়ে আলোচনায় অংশ গ্রহণ করেন।[১৬] উক্ত সেমিনারে ড. মোহাম্মদ গোলাম রসুল "Sufi Approach to Islam and its effects on the Medieval Muslim Society of Bengal" শিরোনামে একটি প্রবন্ধ উপস্থাপন করেন। প্রবন্ধের নির্ধারিত আলোচক ছিলেন প্রফেসর ড. মুহাম্মদ ইনাম-উল-হক এবং প্রফেসর ড. বদিউর রহমান।[১৭] প্রবন্ধসমূহ এবং আলোচনা-সমালোচনাসমূহ পরবর্তীকালে 'ইসলামী ঐতিহ্য' শিরোনামে একটি সেমিনার ভল্যুমে প্রকাশিত হয়েছে।

সেমিনার শেষে মাত্র ৭ জন খ্যাতিমান প্রফেসর সেমিনারের উপর বক্তব্য রাখার সুযোগ পান। তার মধ্যে ড. মোহাম্মদ গোলাম রসুল অন্যতম। ড. মোহাম্মদ গোলাম রসুল (অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যায়, রাজশাহী) সে সেমিনারে বলেন, "সমগ্র বাংলাদেশে জ্ঞান জগতে বায়তুশ শরফ যে সাড়া জাগিয়েছে তা অতুলনীয়, এ রকম সেমিনার আমি আর দেখিনি। ইতিপূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনেক সেমিনারে আমি যোগদান করেছি। সত্য কথা বলতে কি, বায়তুশ শরফের এ সেমিনার ঐগুলোকে পর্যন্ত ডিঙ্গিয়ে গেছে। যে সমস্ত প্রবন্ধ পঠিত হয়েছে, এগুলো অতীব গুরুত্বপূর্ণ। অন্যকোনো সেমিনারে এর বেশি গুরুত্বপূর্ণ প্রবন্ধ জোগাড় করা সম্ভব হয় না। এ দিক দিয়ে বায়তুশ শরফ প্রশংসার দাবী রাখে। এত বেশি শ্রোতার উপস্থিতি অন্য কোনো সেমিনারে সাধারণত দৃষ্টিগোচর হয় না। সর্বোপরি শ্রোতাদের ধৈর্য্য ও সহনশীলতা দেখে আমি মুগ্ধ হয়েছি। পারস্পরিক মতবিনিময়ের মাধ্যমে ইসলামের যে জোশ ও জযবা পরিলক্ষিত তা এ সেমিনরের বিশেষ আকর্ষণ।"[১৮]

ড. মোহাম্মদ গোলাম রসুল সেমিনারের সার্বিক মূল্যায়ন করে বলেছেন- এ সেমিনার তাঁর দেখা সেমিনারের মধ্যে শ্রেষ্ঠ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সেমিনারসমূহের চাইতে উত্তম। দ্বিতীয়ত সেমিনারে পঠিত প্রবন্ধসমূহ খুবই গুরুত্বপূর্ণ এবং অন্য কোনো সেমিনারে এত বেশি গুরুত্বপূর্ণ প্রবন্ধ সংগ্রহ করা সম্ভব হয় না। তৃতীয়ত, এত বেশি ধৈয্য ও সহনশীল শ্রোতা সেমিনারে সাধারণত দেখা যায় না। চতুর্থত, পারস্পারিক মতবিনিময়ে ইসলামী জোশ ও জযবা অন্যকোন সেমিনারে পরিলক্ষিত হয়নি। অতএব, তাঁর অভিমতসমূহ দ্বারা তাঁর জ্ঞান, প্রজ্ঞা ও অভিজ্ঞতা প্রতিফলিত হয়েছে।

**গ. ব্যক্তিগত সম্পর্ক:** ইতিহাসবিদ আবদুল করিম তার জীবনের শেষ পর্বে এসে 'সমাজ ও জীবন' শিরোনামে আত্মজীবনী লিখেছেন। দু'খন্ডের এ আত্মজীবনীর প্রথম খন্ড তিনি বেঁচে থাকতে প্রকাশিত হয় এবং দ্বিতীয় খন্ড প্রকাশিত হয় তার মৃত্যুর এক বছর পর। তাঁর সাথে ড. মোহাম্মদ গোলাম রসুলের ব্যক্তিগত সম্পর্ক ছিল তা তিনি তাঁর আত্মজীবনীতে লিখে গেছেন। ইতিহাসবিদ আবদুল করিম একাডেমীক জীবনে ড. মোহাম্মদ গোলাম রসুলের ছয় বছরের কনিষ্ট ছিলেন। তারপরও ব্যক্তিগত জীবনে তাদের সম্পর্ক ছিল বুদ্ধিবৃত্তিক যা জ্ঞান চর্চার ক্ষেত্রে সহায়ক। ইতিহাসবিদ আবদুল করিম লিখেছেন "ইসলামের ইতিহাস বিভাগের প্রফেসর এ.বি.এম হোসেন, প্রফেসর গোলাম রসুল, প্রফেসর মোখলেছুর রহমান এবং প্রফেসর মোহাম্মদ এয়াকুব আলীর সহযোগিতায় আমি লাভবান হয়েছি।"[১৯] এ লাভবান হওয়া নিশ্চয় অর্থনৈতিক লাভ নয় বরং তা হচ্ছে জ্ঞানচর্চার ক্ষেত্রে লাভবান হওয়া। বই-পুস্তক, প্রবন্ধ-নিবন্ধ অথবা গবেষণার অন্য কোন প্রকার তথ্য প্রদান করে ড. মোহাম্মদ গোলাম রসুল ইতিহাসবিদ আবদুল করিমকে লাভবান করেছিলেন। এর বেশী কিছু বলে মনে হয় না। ইতিহাসবিদ আবদুল করিম অত্যন্ত সংক্ষিপ্ত পরিসরে ড. মোহাম্মদ গোলাম রসুলের একটি পূর্ণাঙ্গ মূল্যায়ন করতে সক্ষম হয়েছেন এবং এ প্রসংগে তিনি লিখেছেন, "প্রফেসর গোলাম রসুল সূফিদর্শনে বিশেষজ্ঞ ছিলেন, চিশতীয়া নিজামিয়া সূফিদর্শনে তাঁর গবেষণাকর্ম উন্নতমানের।"[২০] এটি একটি সংক্ষিপ্ত, চমৎকার, বুদ্ধিবৃত্তিক পূর্ণাঙ্গ মূল্যায়ন যা আজকের দিনের বুদ্ধিজীবিদের মধ্যে পরিলক্ষিত হয় না।

ইতিহাসবিদ আবদুল করিম ড. মোহাম্মদ গোলাম রসুলের সাথে চট্টগ্রামের আর একটি সম্পর্কের কথা তাঁর আত্মজীবনীতে লিখেছেন যা আমরা অনেক সূত্রে জানতে পারি এবং তা হলো বায়তুশ শরফের সেমিনার সংক্রান্ত। এ প্রসঙ্গে তিনি লিখেছেন "চট্টগ্রাম বায়তুশ শরফের সেমিনারে প্রফেসর গোলাম রসুল এবং প্রফেসর এয়াকুব আলী উভয়ে যোগদান করেন, প্রবন্ধ পাঠ করেন এবং আলোচনায় অংশ নেন। ঐ সময়ে তাদের সঙ্গে সম্পর্ক ঘনিষ্ট হয়, প্রফেসর গোলাম রসুল এখন পরলোকে,.....।"[২১] চট্টগ্রামের বায়তুশ শরফের সেমিনারে ড. মোহাম্মদ গোলাম রসুলের যোগদান, প্রবন্ধপাঠ এবং আলোচনায় অংশ গ্রহণ প্রভৃতি তথ্যসমূহ বহু সূত্রে পাওয়া গেলেও ইতিহাসবিদ আবদুল করিমের সাথে তাঁর ঘনিষ্ট সম্পর্কের কথা অন্য কোন সূত্রে পাওয়া নাও যেতে পারে। তাই সহজে বলা যায় 'সমাজ ও জীবন' গ্রন্থটি একটি তথ্যভান্ডার। তাছাড়া আবদুল করিম ১৯৯২ সালের জুন মাসে রাজশাহী হতে চলে যান এবং ড. মোহাম্মদ গোলাম রসুল ১৯৯৭ সালে মে মাসে ইনতেকাল করেন। ঘনিষ্ট সম্পর্কের কারণে তার কাছে ড. মোহাম্মদ গোলাম রসুলের মৃত্যুর খবর ছিল এবং তা তিনি যথাসময়ে যথাস্থানে রেকর্ড করে রেখেছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি প্রফেসর ড. মুঈনউদ্দীন আহমদ খানকে ড. মোহাম্মদ গোলাম রসুল সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন- "ড. মোহাম্মদ গোলাম রসুল সূফী দর্শন ও ইতিহাসতত্ত্বের পণ্ডিত প্রফেসর এবং আমার একান্ত ঘনিষ্ঠ বন্ধু ছিলেন।"[২২] তাছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসর প্রাপ্ত প্রফেসর ড. মোহাম্মদ আতাহার আলী[২৩] এবং ড. এ কিউ এম শামসুল আলম[২৪] ড. মোহাম্মদ গোলাম রসুলের ছাত্র ছিলেন। ছাত্র-শিক্ষক সম্পর্কের সুবাদে ড. মোহাম্মদ গোলাম রসুলের সাথে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক বিশেষ সম্পর্ক ছিল। তাছাড়া উক্ত বিশ্ববিদ্যালয়ের ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, বাংলা ও দর্শন বিভাগে তার অনেক বন্ধু-বান্ধব ও সুহৃদ ছিলেন।

## ৪. উপসংহার

ড. মোহাম্মদ গোলাম রসুলের সাথে চট্টগ্রামের সম্পর্ক আসলে দ্বিমাত্রিক নয়; বরং বহুমাত্রিক, যা আমাদের বোধগম্য হতে বিলম্বিত হয়েছে। বৈবাহিক সূত্রে আত্মীয়তা, আত্মীয়তার সূত্রে পারিবারিক বন্ধন যা কখনও অস্বীকার করা যায় না। তাছাড়া তাঁর বুদ্ধিবৃত্তিক কর্মের সাথে চট্টগ্রামের দীর্ঘ সম্পর্ক যা চূড়ান্তরূপে প্রকাশিত হয়ে চিরস্থায়ী রূপ পরিগ্রহ করেছে। চট্টগ্রামের সাথে ড. মোহাম্মদ গোলাম রসুলের সম্পর্ক আলোচনা করতে যেয়ে চট্টগ্রাম-মুর্শিদাবাদ সম্পর্কের এক নবদিগন্ত উন্মোচিত হয়েছে। চট্টগ্রামের এক বাসিন্দা মুর্শিদাবাদের নবাবের কোষাধ্যক্ষ বা অর্থমন্ত্রী ছিলেন এবং তিনি মুর্শিদাবাদের সমগ্র মুসলমান পাড়াসহ বড় বাড়ি খরিদ করেন। শুধু তা নয়, মুর্শিদাবাদ শহরে তিনি এক দাগে ২২ বিঘার একটি আবাদি জমিও ক্রয় করেন। মুর্শিদাবাদ-রাজশাহী অভিবাসন প্রক্রিয়া যত গভীর মুর্শিদাবাদ-চট্টগ্রাম অভিবাসন তত গভীর নয়। মুর্শিদাবাদের বহুলোক চট্টগ্রামে বসতি স্থাপন করলেও চট্টগ্রামের লোক মুর্শিদাবাদে বসতি স্থাপন করেছে খুবই সামান্য বলে মনে হয়। উল্লেখিত সম্পর্ক গবেষণার নতুনমাত্রা সৃষ্টি করতে পারে বলে ধারণা করা যেতে পারে।

## ৫. টীকা ও তথ্যনির্দেশ

[১] ড. মুহাম্মদ শাহজাহান ও মোঃ শাহীদুর রহমান, *রাজশাহী বিশ্ববিদ্যালয়: ইতিহাস ও প্রতিভা* (রাজশাহী: লেখকদ্বয়, ২০০৬), পৃ. ১৩৫-৩৬।

[২] *পূর্বোক্ত*।

[৩] *পূর্বোক্ত*, পৃ. ১৩৭।

[৪] ড. মোহাম্মদ গোলাম রসুলের প্রণীত, প্রকাশিত ও অপ্রকাশিত গ্রন্থের তালিকা:

(১) ইকবাল পরিচিতি (ঢাকা: কবি গোলাম মোস্তফা, ১৯৫৩)

(২) ইসলামের ইতিহাস (ঢাকা: ফেমাস পাবলিশার্স, ১৯৬৪)

(৩) মধ্যপ্রাচ্যের ইতিহাস (ঢাকা: বুক করপোরেশন, ১৯৬৪)

(৪) Muslim Historiography (Lahore: Ashraf Publication, 1967)

(৫) History of Islam (Dacca: Famous Publishers, 1967)

(৬) Islam and Modern World

(৭) বিশ্ব মরমী চিন্তাধারায় রুমী (ঢাকা

(৮) সমাজ, সভ্যতার ইতিকথা (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৭৯)

(৯) বাংলাদেশ পাকভারত উপমহাদেশে মুসলমানদের ইতিহাস (ঢাকা: বাংলাদেশ বুক করপোরেশন, ১৯৭৯)

(১০) ইকবাল প্রতিভা (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৮০)

(১১) গাজ্জালী পরিচিতি (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৮০)

(১২) আমাদের উত্তরাধিকারের স্বরূপ (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৮০)

(১৩) মুসলিম রাষ্ট্র প্ররিচালনা ব্যবস্থা (Dr. M. Hamidullah's the Muslim Conduct of State) (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৮৫)

(১৪) Chisti Nizami Sufi Order of Bengal (till Mid $15^{th}$ Century and its xocio-religious cintribution (Dhaka: Idarah-i-Adabiyat-i-Delhi, 1990)

(১৫) মুসলিম ইতিহাস চর্চা (রাজশাহী: রাজশাহী বিশ্ববিদ্যালয়, ১৯৯৪)

(১৬) সোস্যাল স্ট্রাকচার অব ইসলাম (মূল Ruben Levy) (কলকাতা: মল্লিক ব্রাদার্স, ১৯৯৫)

(১৭) প্রেমের ভূবনে অতৃপ্ত আমি (ঢাকা: আলীগড় লাইব্রেরী ২০১০)

(১৮) Apporaches to Global and Islamic History (Dhaka: Jatiya Grantha Prokashan, 2012)

(১৯) সূফীতত্ত্বের ইতিকথা (ঢাকা: জাতীয় গ্রন্থ প্রকাশন, ২০১৩)

এবং অপ্রকাশিত গ্রন্থসমূহ হচ্ছে–

(১) মোহামদ এট মেক্কা, (২) একাল-সেকাল (স্মৃতিকথা) এবং (৩) Sufism

৫ ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া, *ড. মোহাম্মদ গোলাম রসুল এর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত* (রাজশাহী: লেখক, ২০০৯), পৃ. ৫।

৬ Professor Muhammad Abdul Jabbar Beg, "Remembering Late Professor Muhammad Golam Rasul", *Altap Education*, Nov. 18, 2011, http//www.tmpost.com, p. 4402.

৭ *Ibid*.

৮ *Ibid*.

৯ ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া, *পূর্বোক্ত*, পৃ. ৫।

১০ ড. মোহাম্মদ গোলাম রসুল, *স্মৃতিকথা: সেকাল ও একাল*, পৃ. ২৪-২৫, কাশানা, ৮৮ বিনোদপুর, রাজশাহীতে সংরক্ষিত পাণ্ডুলিপি।

১১ M. Inamul Hoq (ed), *Society and Culture in Islam* (Chittagong: University of Chittagong, 1981), p.

১২ *Ibid*.

১৩ *Inaugural Address by Natoinal Preofessor Muhammad Samsul Haque*, University of Chittagong, 14-15 February, 1990.

১৪ প্রবন্ধটির ফটোকপি লেখকের নিকট সংরক্ষিত আছে। তবে সিম্পোজিয়ামে পঠিত প্রবন্ধসমূহ প্রকাশিত হয়েছে কিনা জানা যায়নি।

১৫ মোহাম্মদ শাহজাহান, *পীর এ বায়তুশ শরফ শাহ আবদুল জাব্বার (রহ) এর পবিত্র জীবন* (চট্টগ্রাম: আলহাজ্ তাহের সোবহান, ২০০০), পৃ. ১১৭।

[১৬] *পূর্বোক্ত*।

[১৭] *পূর্বোক্ত*, পৃ. ১১৫।

[১৮] *পূর্বোক্ত*, পৃ. ১১৮।

[১৯] আবদুল করিম, *সমাজ ও জীবন*, দ্বিতীয় খণ্ড (ঢাকা: জাতীয় সাহিত্য প্রকাশ, ২০০৮), পৃ. ৩৩৪।

[২০] *পূর্বোক্ত*, পৃ. ৩৩৫।

[২১] *পূর্বোক্ত*।

[২২] প্রবন্ধকারের সাথে ড. মুঈনউদ্দীন আহমদ খানের সাক্ষাৎকার। স্থান- তার বাসভবন, ১০/১ শুক্কুর আলী মুন্সেফ লেইন, রুমঘাটা, দেওয়ান বাজার, চট্টগ্রাম।

[২৩] ড. মোহাম্মদ আতাহার আলী, পিতা মোহাম্মদ আলী, গ্রাম সিনাই, উপজেলা- ধুনট, জেলা- বগুড়া, ১৯৪২ সালে গ্রামের বাড়িতে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৬ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে বি.এ. অনার্স এবং ১৯৬৭ সালে একই বিষয় এম.এ. পাশ করেন। তখন তিনি ড. মোহাম্মদ গোলাম রসুলের ছাত্র ছিলেন। পরবর্তীকালে ১৯৯৪ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে পিএইচ.ডি ডিগ্রি লাভ করেন।এম.এ পাশ করার পর থেকে ১৯৭৬ সাল পর্যন্ত সরকারি কারমাইকেল কলেজ, রংপুরে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে শিক্ষকতা করেন। ১৯৭৬ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং ২০০৭ সালে অবসর গ্রহণ করেন। (উৎস: ফাইল নং ৭৩, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।)

[২৪] ড. এ.কিউ.এম. শামসুল আলম পিতা মৌলভী আবদুল গফুর ১লা এপ্রিল ১৯৪৫ সালে নোয়াখালী জেলায় হাতিয়া থানার লনচিরা গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৭০ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে বি.এ. অনার্স এবং ১৯৭১ সালে একই বিষয় এম.এ. পাশ করেন। ১৯৮৪ সালে হায়দারাবাদ ওসমানিয়া বিশ্ববিদ্যালয় হতে পিএইচ.পি ডিগ্রি লাভ করেন। তিনি ১৯৭৪ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন এবং ১৯৯৩ সালে প্রফেসর হিসেবে পদোন্নতি লাভ করেণ। ২০১০ সালে অবসর গ্রহণ করেন এবং ২০১৬ সালে ১৪ জানুয়ারি চট্টগ্রামে ইন্তিকাল করেন। (উৎস: ফাইল নং ৫০, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।)

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# বাংলার মুসলিম স্থাপত্য অলঙ্করণে শিকল-ঘন্টা নকশার প্রভাব

ড. রোজীনা পারভীন*

**Abstract:** Ornamentation is an important part of Architecture. It can be said the Architectural character of a building. In the history of ornamentation of Muslim Architecture in Bengal the position of chain and bell motive is very significant. In Bengal of the Sultanat period it was used in Terracotta. It was the most popular themes of the Hindu Pillar ornamentation. The chain and Bell was given innumerable shapes to make it Islamized and acceptable. A notice at only some of the monuments of Gawr –Lakhnawti and Pandua-Firozabad will make the point clear. In the Sultanat Architecture of Bengal was used the chain and bell motive and to focus it in the muslim Architecture of Bengal, It is the main object of this Article.

মানব সভ্যতার ইতিহাসে স্থাপত্য ক্ষেত্রে যে বিবর্তন সূচিত হয়েছে বাংলার মুসলিম স্থাপত্য তার সাথে একীভূত। সামাজিক ও রাজনৈতিক কারণে যুগে যুগে স্থাপত্যের ক্রমবিকাশ সাধিত হয়েছে। তাই প্রাচীন কালের গুহা মানবদের ব্যবহৃত আবাসস্থল ক্রমান্বয়ে পরিত্যক্ত হয়ে নির্মিত হয়েছে সুরম্য অট্টালিকা ও স্থাপত্যরাজী। এই ধারাবাহিকতায় অ্যাসিরীয়, ব্যাবিলনীয়, মিশরীয়, গ্রীক, রোমান, সাসানীয়, বাইজানটাইন, জ্চনিক, ভারতীয় ও মুসলিম স্থাপত্যকলার বিকাশ যেন একই মালার বিভিন্ন ফুল স্বরূপ। বাংলার মুসলিম স্থাপত্য যেন সেই ফুলেরই একটি পাপড়ি মাত্র। যে কোন স্থাপত্যরীতির উদ্ভব ও বিকাশ তার উৎপত্তিস্থলের কতিপয় প্রভাবের দ্বারা তাৎক্ষনিকভাবে নিয়ন্ত্রিত। প্রখ্যাত স্থাপত্যশিল্প বিশারদ স্যার ব্যানিস্টার ফ্লেচারের মতে এই স্থানীয় প্রভাবগুলি হচ্ছে: ভৌগোলিক, ভূ-তাত্ত্বিক জলবায়ু সংক্রান্ত, ধর্মীয়, সামাজিক এবং ঐতিহাসিক।[১] সভ্যতা ও সংস্কৃতির ধারাবাহিকতায় পূর্ব ঐতিহ্য থেকে উপাদান সংগ্রহ এবং নিজস্ব পরিবেশে পরিশীলনের মাধ্যমে তা উত্তরসূরীদের জন্য অনুকরণীয় উপাদান হিসাবে রেখে যাওয়া একটি প্রচলিত রীতি। বাংলার মুসলিম স্থাপত্যেও এই রীতির প্রতিফলন সুস্পষ্ট। বাংলার প্রাক-মুসলিম বিদ্যমান স্থাপত্য নিদর্শন খুবই অপ্রতুল।[২] সেগুলির অধিকাংশ নির্মিত হয়েছিল স্থানীয়ভাবে সংগৃহীত উপকরণাদির সমন্বয়ে; সুতরাং কাদামাটি, নলখাগড়া, বাঁশ বেত প্রভৃতি দিয়ে নির্মিত কীর্তিসমূহ স্বাভাবিকভাবেই ছিল ক্ষণস্থায়ী। তবে রাজানুকূল্যে গড়ে উঠা ধর্মীয় প্রতিষ্ঠানগুলির নিদর্শনসমূহ স্তুপ ও ঢিবিগুলি খননকার্যের ফলে আবিস্কৃত হয়েছে এবং এ সকল প্রাপ্ত নিদর্শনসমূহের সাহায্যেই সে আমলের স্থাপত্য বৈশিষ্ট্যের পরিচয় পাওয়া যায়। এগুলির গঠন প্রকৃতি ও অলঙ্করনের নিদর্শনসমূহ থেকেই প্রমাণিত হবে যে, তারা মুসলিম আমলের স্থাপত্যরাজীকে কতখানি প্রভাবিত করতে সক্ষম।

স্থাপত্য বিশারদগণের অভিমত ঃ "স্থাপত্যের দুটি অংশ- একটি নির্মাণ, অপরটি অলঙ্করণ; একটি কাঠামো, অন্যটি সজ্জা"।[৩] স্থাপত্য শিল্পের জন্মলগ্ন থেকেই এ নিয়ম চলে আসছে। সৌন্দর্যবোধ মানুষের একটি সহজাত প্রবৃত্তি। আর সহজাত প্রবৃত্তির কারনেই সংঘটিত হয় এই দুই এর (নির্মাণ ও অলঙ্করণ) সংমিশ্রণ। স্থাপত্য অলঙ্করণের দুটি দিক রয়েছে। একটি অলঙ্করণের কৌশল (Technique

* সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

of Ornamentation) এবং অপরটি অলঙ্করণের মোটিফ (ornamental motif)। অলঙ্করণের এ দুটি ক্ষেত্রেই বাংলার মুসলিম স্থাপত্যকে বহুলাংশে স্থানীয় রীতির উপর নির্ভর করতে হয়েছে।

প্রাক-মুসলিম বাংলায় প্রধানতঃ দুপ্রকারের অলঙ্করণ কৌশলের প্রচলন ছিল। একটি প্রস্তর খোদাই (stone curving) এবং অপরটি মৃৎফলক বা টেরাকাটার অলঙ্করণ (terracotta ornamentation)। পোড়ামাটির ফলকালঙ্করণ বাংলায় সুপ্রাচীনকাল থেকেই প্রচলিত ছিল এবং বাংলার মুসলিম স্থাপত্যে তাই রঙীন টালীর পরিবর্তে অলঙ্কৃত ইট ও পোড়ামাটির ফলক ক্রমান্বয়ে অনুপ্রবেশ করে দেশজ স্থাপত্যে এক নতুন মাত্রা সংযোজন করেছে। দেশজ ঐতিহ্যে লালিত হয়ে মননশীলতা ও সংস্কৃতির ক্ষেত্রে ইহা অবশ্যই এক নব অনুপ্রেরণা।

বাংলার স্থাপত্য নিদর্শনগুলির মধ্যে পোড়ামাটির ফলকের প্রাথমিক অনুসরণ লক্ষ্য করা যায় মহাস্থানগড়, ময়নামতি ও পাহাড়পুরে প্রাপ্ত নিদর্শনগুলিতে। এ সকল ফলকগুলির নির্মাণ কৌশল ও অলঙ্করণ বৈশিষ্ট্য ভারতীয় প্রাচীন ঐতিহ্যগুলি অপেক্ষা অনেকাংশেই উন্নতমানের। এর কারণস্বরূপ বলা যায় যে, নদী বিধৌত বাংলার পাললিক মাটি মৃৎপাত্র নির্মাণে যেমন সহায়ক ছিল তেমনি সহজলভ্য মাটি দিয়ে ইট ও পোড়ামাটির ফলক নির্মাণ ও ছিল অপেক্ষাকৃত সহজসাধ্য কাজ।[৪] বাংলার মুসলিম স্থাপত্যে এই শিল্পের কারুকার্যে জীবন্ত প্রতীক ও ভাস্কর্যের স্থলে বিমূর্ত প্রতীক আরব্য ও জ্যামিতিক নকশার সঙ্গে বাংলার দেশজ ভূ-প্রকৃতির সমন্বয় ঘটেছে এবং এর ফলে এক লোকজ নান্দনিক সংস্কৃতির ছাপ পরিস্ফুট হয়েছে। পরবর্তীতে মুসলিম আমলের স্থাপত্যকীর্তিসমূহে তাই প্রাক-মুসলিম সংস্কৃতির নিদর্শনস্বরূপ ফলকালঙ্করণ প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়েছে।

সপ্তদশ শতক থেকে শুরু করে সমগ্র ভারত এবং বাংলার হিন্দু স্থাপত্যে বিশেষ করে মন্দির নির্মাণের ক্ষেত্রে ইন্দো-মুসলিম স্থাপত্যের প্রভাবে প্রভাবিত হয়েছে। মন্দিরের প্রবেশপথগুলি ক্রমপ্রলম্বনরীতির (Corbelling System)[৫] পরিবর্তে প্রকৃত খিলানে (True Arch)[৬] শোভিত হয়েছে। তাছাড়া কখনও কখনও মন্দিরগুলির উপরিভাগে গম্বুজাকৃতির শিখর নির্মিত হয়েছে।[৭]

হিন্দু-মুসলিম সংস্কৃতির যে মহামিলন তা অলঙ্করণের ক্ষেত্রে ও পরিলক্ষিত হয়। বহু অলঙ্কৃত মোটিফ ধার করা হয়েছিল হিন্দু প্রথা থেকে। বিশেষতঃ মন্দির স্থাপত্য থেকে দেশজ প্রথা গ্রহণ করা হয়েছিল।[৮] তবে এক্ষেত্রে কিছু মৌলিক পার্থক্য রয়েছে। হিন্দু অলঙ্করণের প্রধান বৈশিষ্ট্য জীবন্ত প্রাণীর প্রাচুর্য; কিন্তু ইসলামে মানবচিত্র সম্পূর্ণ নিষিদ্ধ।[৯] তথাপি গভীরভাবে দৃষ্টিপাত করলে প্রমাণিত হয় যে, মুসলিম শাসকগণ কেবলমাত্র প্রাক-মুসলিম যুগের অলঙ্করণ কৌশল গ্রহণ করেই ক্ষান্ত হয়নি; বরং হিন্দু স্থাপত্য অলঙ্করণের একাধিক মোটিফ বা অলঙ্কার প্রতীক যেগুলি তাদের ধর্মীয় বিশ্বাসের সঙ্গে সাংঘর্ষিক নয় সেগুলিও তারা বিনা দ্বিধায় গ্রহণ করেছিল। এগুলোর মধ্যে হিন্দু স্থাপত্য অলঙ্করণে বহুল ব্যবহৃত দেশজ লতাপাতা (Creeper), প্রস্তরকার্যে খোদাইকৃতি, গোলাপ/পদ্ম (rosette) নকশা, খোপ নকশা (Panel Decoration), কলস নকশা এবং শিকল-ঘন্টা নকশা (Chain-Bell Motif) বিশেষভাবে উল্লেখযোগ্য।

প্রাক-মুসলিম আমলের অলঙ্করণ মোটিফ শিকল-ঘন্টা নকশা প্রতীক বাংলার মুসলিম স্থাপত্যকে কতখানি প্রভাবিত করেছে এ সম্পর্কে বিস্তারিত আলোচনাই এই প্রবন্ধের মূল উদ্দেশ্য।

**শিকল ঘন্টা নকশার উৎপত্তি ও বিকাশ ঃ-**

বাংলার মুসলিম স্থাপত্যে দেশজ উপাদানসমূহের মধ্যে হিন্দু আমলে স্তম্ভে ব্যবহৃত শিকল-ঘন্টা নকশা প্রতীক একটি উল্লেখযোগ্য নিদর্শন। অলঙ্করণ হিসাবে মুসলিম স্থাপত্যে এর ব্যবহার বহুল পরিমাণে পরিলক্ষিত হলেও এই রীতির উৎপত্তি যে প্রাক-মুসলিম ধর্মীয় সংস্কৃতি থেকে তা সুস্পষ্ট। কারণ শিকল ঘন্টা নকশা হিন্দু মন্দিরের স্তম্ভে ব্যবহৃত হতো।[১০] প্রাক-মুসলিম মন্দিরগুলিতে পুজার লগ্ন বা নির্দিষ্ট সময় নির্ধারণের নিমিত্তে যে কাঁসর ঘন্টা শিকলের সঙ্গে ঝুলন্ত অবস্থায় রেখে বাজানো হত তাই সম্ভবতঃ শিকল-ঘন্টা নকশার উৎপত্তির মূল উৎস ধরা যেতে পারে।[১১] প্রসঙ্গতঃ উল্লেখ্য মন্দিরের প্রবেশ পথে একইভাবে ঝুলন্ত শিকল-ঘন্টার ব্যবহার পরিলক্ষিত হয়। মন্দিরে প্রবেশের সময় দেবীকে জাগ্রত করার জন্য সর্বসাধারণ সম্ভবতঃ এই ঘন্টা বাজিয়ে মন্দিরে প্রবেশ করেন। তবে মন্দিরের প্রবেশ পথে এই শিকল ঘন্টা খুব কম মন্দিরেই দেখা যায়।[১২] উদাহরণ স্বরূপ বলা যায় ঢাকেশ্বরী মন্দির ও শাঁখারী বাজারের কালী মন্দিরের প্রবেশ পথে এরূপ শিকল-ঘন্টার ব্যবহার পরিদৃষ্ট হয়। সুতরাং একথা বলাই অধিক যুক্তিযুক্ত যে, প্রাক-মুসলিম মন্দিরগুলিতে পুজার লগ বা নির্দিষ্ট সময় নির্ধারণের নিমিত্তে যে কাঁসর ঘন্টা শিকলের সঙ্গে রেখে বাজানো হতো তাই শিকল-ঘন্টা নকশার মূল উৎস। প্রাথমিক মুসলিম স্থাপত্যে ব্যবহৃত শিলাখন্ডের গাত্রে ত্রিখাঁজ খিলান সদৃশ কুলঙ্গীর মধ্যে যে শিকল-ঘন্টার অলঙ্করণ লক্ষ্য করা যায় তা মূলতঃ হিন্দু আমলের ইমারতাদি থেকে সংগৃহীত। হিন্দু-বৌদ্ধ আমলের স্থাপত্য অলঙ্করণে ঝুলন্ত দানা নকশা এবং ঘন্টা নকশার ব্যবহার প্রচুর পরিমাণে লক্ষ্য করা যায়। হিন্দু স্থাপত্যে স্তম্ভে ও পাল দেবতাদের গোলাকৃতির Hip এ এগুলি ব্যবহৃত হয়।[১৩] দৃশ্যতঃ এগুলি অলংকরণ হিসাবে আকর্ষণীয় এবং প্রাণী বাচক নয় বিধায় মুসলিম স্থপতিগণও শিকল-ঘন্টা নকশাকে স্থাপত্যের অলঙ্করণ স্বরূপ কখনও ভিনড়ব আঙ্গিকে আবার কখনও হুবহু প্রাক-মুসলিম স্থাপত্য অনুকরণে একে নিজস্ব বৈশিষ্ট্য হিসাবে ব্যবহার করেছেন। বাংলার মুসলিম স্থাপত্য অলঙ্করণে স্থপতিগণ শিকল ঘন্টা নকশাকে কখনও ঝুলন্ত মেডেল, লকেট অথবা প্রদীপ হিসাবে ব্যবহা করেছেন। বাহ্যিকভাবে এই নকশা কার্ণিসের নীচে পাড় নকশায়, দেয়ালের উন্মুক্ত স্থানে, দরজার পার্শ্বে এবং কোণস্থিত বুরুজে ব্যবহৃত হতো। তবে মিহরাবের অভ্যন্তরে এই নকশার ব্যবহার বহুল পরিমানে পরিলক্ষিত হয়।

**বাংলার মুসলিম স্থাপত্যের নিরিখে শিকল-ঘন্টা নকশার প্রভাব মূল্যায়ন ঃ-**

বাংলার মুসলিম স্থাপত্যের যে ইমারতে সর্বপ্রথম শিকল-ঘন্টা নকশার ব্যবহার পরিলক্ষিত হয় তা হলো চতুর্দশ শতাব্দীতে নির্মিত ছোট পাণ্ডুয়ায় অবস্থিত বাড়ি মসজিদ। নির্মাণ সামগ্রীর দুস্প্রাপ্যতার কারণে এসময় প্রাক-মুসলিম ইমারত থেকে শিলাখন্ড, স্তম্ভ প্রভৃতি সংগৃহীত হয়েছিল। এই মসজিদের অভ্যন্তরীন খিলানের নীচে ব্যবহৃত খর্বাকৃতির প্রস্তরখন্ডগুলি গঠন-প্রকৃতি অনুসারে যে প্রাক-মুসলিম স্থাপত্য থেকে সংগৃহীত তাতে কোন সন্দেহ নেই। এগুলির উপরে বিশেষ ধরনের ছাঁচ নকশা এবং পার্শ্বগুলিতে খোদিত নকশার মধ্যে যে অলঙ্করণশৈলী বিদ্যমান তা অবশ্যই দেশজ প্রভাবেরই প্রত্যক্ষ প্রতিফলন। এই মসজিদের অভ্যন্তরীন কিছু স্তম্ভ শিকল-ঘন্টা নকশা প্রতীক দ্বারা অলঙ্কৃত যা বর্তমানে অবলুপ্ত।[১৪]

প্রাক-মুসলিম বাংলার এই বিশেষ স্থাপত্য অলঙ্করণ ১৩৭৫ সালে নির্মিত হযরত পান্ডুয়ার আদিনা মসজিদেও সুস্পষ্ট। শিকল-ঘন্টা নকশার এই অলঙ্করণ কেবলমাত্র স্তম্ভগুলির পৃষ্ঠদেশেই স্থান লাভ

করেনি বরং উহা দেয়ালগাত্রের খোপগুলির অভ্যন্তরে রচিত খিলানযুক্ত কুলঙ্গীতে (আলোকচিত্র ঃ ১) এবং মিহরাব অভ্যন্তরে এই নকশা পরিলক্ষিত হয়। এই মসজিদের মিহরাবের অভ্যন্তরে খিলানের চুড়া থেকে নিম্নগামী শিকল-ঘন্টা নকশা (আলোকচিত্র ঃ ২) অবশ্যই প্রাক-মুসলিম যুগের হিন্দু অলঙ্করণ ঐতিহ্য বহন করে।

এই মসজিদের যে সকল মিহরাবের উপরিভাগে ত্রিখাঁজ খিলান সেগুলির অবতলগাত্রের মধ্যভাগে হিন্দু আমালের শিকল-ঘন্টা নকশা প্রতীক (আলোকচিত্র ঃ ৩) উপর থেকে নিম্নগামী হয়ে সজ্জিত। একইভাবে অবতল গাত্রের মধ্যভাগের উভয়পার্শ্বের খোপ নকশাগুলির মধ্যেও একই ধাঁচের ক্ষুদ্রাকৃতির শিকল-ঘন্টা নকশা সামগ্রিকভাবে এই মিহরাবকে হিন্দু আমলে রচিত কুলঙ্গীর আকৃতি দান

করেছে। আর যে সকল মিহরাব বহুখাঁজ সম্বলিত তাদের অবতলগাত্রের মধ্যভাগে শিকল-ঘন্টা নকশার অনুরূপ যে ঝুলন্ত রজ্জু ও কারুকার্য খঁচিত মেডেল নকশা স্থান লাভ করেছে সেগুলি অবশ্যই মুসলিম স্থপতিদের নির্দেশে শিকল-ঘন্টা নকশার এক প্রতীকী অলঙ্করণ।

শিকল-ঘন্টা নকশা অলঙ্করণের পরবর্তী নিদর্শন সোনারগাঁও এর মোগরাপাড়ায় অবস্থিত গিয়াসউদ্দিন আযম শাহের সমাধি সৌধ (১৪১০)। এই সমাধির পার্শ্বগুলি ত্রিপত্রী খিলান দ্বারা সুশোভিত এবং খিলানগুলির অভ্যন্তরভাগে অতীব চমৎকার ঝুলন্ত ঘন্টা ও শিকলের নকশা বিদ্যমান।[১৫] বড় আকারের এই শিকল ঘন্টা অনেকটা বড় আকারের মেডেল অথবা লকেট সদৃশ।

পঞ্চদেশ শতকের প্রথমার্ধে নির্মিত হযরত পাণ্ডুয়ার একলাখী সমাধিতেও শিকল-ঘন্টা নকশার ব্যবহার পরিলক্ষিত হয়। দেয়ালগাত্রের পাটাভাগগুলির (আলোকচিত্র ঃ ৪) অভ্যন্তরে এই নকশা অবস্থিত। তবে এগুলির উপরিভাগের অংশে শিকলের আকার পরিলক্ষিত হলেও নিম্নভাগে আয়তাকৃতির ঝাড়বাতি সদৃশ নকশা মূল শিকল-ঘন্টা নকশা থেকেই অনুসৃত হয়েছে বলে অনুমান করা যায়। এই নকশা দেয়ালের চতুর্দিকেই বিদ্যমান।

১৪৩৫-৩৯ সালে নির্মিত গৌড়ের দাখিল দরওয়াজা শিকল-ঘন্টা নকশা প্রতীকের আর এর উল্লেখযোগ্য নিদর্শন। এই ইমারতের কোণস্থিত বুরুজগাত্রে এবং মূল প্রবেশপথের উভয় পার্শ্বের পাটাভাগগুলিতে অসংখ্য শিকল-ঘন্টা নকশা (আলোকচিত্র ঃ ৫) বিদ্যমান।

১৪৫০ সালে নির্মিত বাগেরহাটের ষাটগম্বুজ মসজিদটি শিকল ঘন্টা নকশা ব্যবহারের এক প্রকৃষ্ট উদাহরণ। এই মসজিদের মিহরাবের অভ্যন্তরে একদা যে শিকল-ঘন্টা নকশা (আলোকচিত্র ঃ ৬) ছিল বর্তমানে তা অনেকাংশেই ধ্বংসপ্রাপ্ত। আকৃতির দিক থেকে এই নকশাকে বিদ্যমান ঝুলন্ত প্রদীপ নকশা বলাই অধিক সমীচীন। হিন্দু মন্দিরের আয়তকার কাঠামোযুক্ত কৌণিক খিলানের অভ্যন্তরের পাটাভাগগুলিতে এই ঝুলন্ত প্রদীপ নকশা পরিলক্ষিত হয়।[১৬]

সুলতান ইউসুফ শাহের শাসনামলে (১৪৭৪-৮১) ১৪৭৯ সালে নির্মিত দারাসবাড়ী মসজিদটি বাংলার মুসলিম স্থাপত্য শিল্পের ইতিহাসে এক বিশিষ্ট স্থান অধিকার করে আছে। কিন্তু কালের করাল গ্রাসে নিপতিত হয়ে এই ইমারতটি অনেকাংশেই ধ্বংসপ্রাপ্ত। এর দক্ষিণ পূর্ব দিকের দেয়ালের কিয়দংশই বর্তমানে অক্ষত। বর্তমানে অবশ্য প্রত্নতাত্ত্বিক সংস্কারের ফলে মসজিদটির মূল পরিকল্পনা ঠিক রেখে পূণঃ নির্মাণ সাধিত হয়েছে তাতে মসজিদের দেয়াল গাত্রের অসংখ্য পাটাভাগ (Panel) নকশার

অভ্যন্তরে নানা ধরনের ঝুলন্ত প্রতীকী নকশা (আলোকচিত্র ঃ ৭ ও ৮) দেখা যায়। এগুলি দৃষ্টে মনে হয় এই মসজিদের মূল মিহরাব অভ্যন্তরেও একদা শিকল ঘন্টা নকশা অথবা এ ধরনের প্রতীকী নকশার প্রাচুর্য ছিল।

বাগেরহাটের ষাটগম্বুজ মসজিদের পশ্চিম পার্শ্বের বিশাল ঘোড়াদীঘির পশ্চিম দিকে অবস্থিত বিবি বেগনী মসজিদে (পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগ) শিকল-ঘন্টা নকশা সমৃদ্ধ অলঙ্করণ পরিদৃষ্ট হয়। এই মসজিদের কিবলা দেয়ালের মিহরাব তিনটির মধ্যভাগ শীর্ষবিন্দু থেকে নীচ পর্যন্ত নেমে আসা তথাকথিত শিকল-ঘন্টা নকশা বা ঝুলন্ত প্রদীপ নকশায় (আলোকচিত্র ঃ ৯) অলংকৃত ছিল। এর অংশ বিশেষ আজও সুস্পষ্টভাবে সনাক্ত করা যায়।

বাগেরহাটের বিবি বেগনী মসজিদের ন্যায় নয়গম্বুজ মসজিদেও (পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগ) শিকল-ঘন্টা নকশা প্রতীক পরিলক্ষিত হয়। এই মসজিদের অর্ধ গম্বুজাকৃতির মিহরাব শীর্ষ থেকে নেমে আসা শিকল-ঘন্টা নকশা প্রতীক (আলোকচিত্র ঃ ১০) মিহরাব অলঙ্কারের এক বিশেষ শৈল্পিক আকর্ষণ। বর্তমানে এই নকশা অনেকটা ধ্বংসপ্রাপ্ত।

১৪৮৩ সালে নির্মিত সোনাগাঁও এর সনিড়বকটে রামপালে অবস্থিত বাবা আদমের মসজিদগাত্রে শিকল-ঘন্টা নকশা সম্বলিত অলঙ্করণ (আলেকচিত্র ঃ ১১) পরিদৃষ্ট হয়। মসজিদের সম্মূখভাগের কেন্দ্রীয় দরজার উভয়পার্শ্বের খোপ নকশার অভ্যন্তরভাগে যে ত্রিখাঁজ খিলান সমৃদ্ধ কুলঙ্গী বিদ্যমান তাদের মধ্যভাগেও শিকল-ঘন্টার ন্যায় ঝুলন্ত প্রদীপ নকশা বিদ্যমান। একইভাবে এই মসজিদের মিহরাবের অবতলগাত্রেও শিকল-ঘন্টার প্রতীক নকশা এর গাত্রকে সুশোভিত করেছে।

বর্তমানে চাঁপাই নবাবগঞ্জ জেলার ফিরোজপুর গ্রামে অবস্থিত ছোট সোনা মসজিদটি (১৪৯৩-১৫১৯) শিকল-ঘন্টা নকশা ব্যবহারের আর একটি উত্তম উদাহরণ। এই মসজিদের সম্মুখভাগের দেয়ালগাত্রে আনুভূমিকভাবে রচিত ছাঁচ নকশাগুলোর মধ্যভাগের পাটাভাগের অভ্যন্তরে শিকল ঘন্টা নকশা (আলোকচিত্র ঃ ১২) বিদ্যমান। মসজিদের বুরুজগলির পার্শ্বদেশে

এবং উত্তর ও দক্ষিণ পার্শ্বে দরজার ক্ষেত্রেও একই ধরনের শিকল-ঘন্টা সম্বলিত পাটাভাগ নকশা লক্ষণীয়। এছাড়া মসজিদের প্রবেশপথের উভয়পার্শ্বের পাটাভাগ সমূহে শিকল-ঘন্টা নকশা প্রতীক (আলোকচিত্র ঃ ১৩) বিশেষভাবে লক্ষণীয়। এই শিকল-ঘন্টা নকশাগুলি দেয়ালগাত্রের সুখন্ডশিলার আবরণের উপর উৎকীর্ণ। আর শিকল-ঘন্টাগুলির আকৃতি-প্রকৃতিও একই ধরনের নয়। তা যাই হোক না কেন এগুলি যে, প্রাক-মুসলিম স্থাপত্যের প্রভাবেই নির্মিত তাতে কোন সন্দেহ নেই।

বাংলার অপরাপর মুসলিম ইমারতের ন্যায় ১৫২৩ সালে নির্মিত বাঘা মসজিদেও শিকল ঘন্টা নকশা প্রতীক লক্ষ্য করা যায়। মসজিদের দক্ষিণ দেয়ালের উল্লম্ব পাটাভাগগুলির অভ্যন্তরে, কোণস্থিত বুরুজে এবং সম্মুখভাগে (আলোকচিত্র ঃ ১৪) ঝুলন্ত শিকল-ঘন্টা নকশা প্রতীক লক্ষ্য করা যায়। এগুলি পোড়ামাটির ফলকে রচিত। এই মসজিদের কিবলা দেয়ালের মধ্যভাগে ১৪'-৬" চওড়া এবং ২'-৬" উদ্গাত এই উলম্ব অংশের উপরিভাগে ৭টি বৃহদাকার খোপ নকশার অভ্যন্তরেও তথাকথিত শিকল-ঘন্টা নকশা লক্ষণীয়। তাছাড়া মসজিদ চত্বরে প্রবেশের জন্য নির্মিত ফটক বা প্রহরীকক্ষের বহির্গাত্রেও শিকল-ঘন্টা সম্বলিত নকশা বিদ্যমান।

বৃহত্তর পাবনা জেলার শাহজাদপুর জামি মসজিদটিতেও (পঞ্চদশ শতাব্দী) শিকল-ঘন্টা প্রতীক নকশার অলঙ্করণ বৈশিষ্ট্য বিদ্যমান। অবশ্য মসজিদটি সংস্কার সাধনের ফলে বর্তমানে উহার অবয়ব পলেস্তরায় আচ্ছাদিত। তা সত্ত্বে সম্মুখ দেয়ালের বহির্গাত্রে প্রবেশপথের উভয়পার্শ্বে খাঁজ খিলান বিশিষ্ট পাটাভাগগুলির অভ্যন্তরে শীর্ষভাগ থেকে নেমে আসা ঝুলন্ত শিকল-ঘন্টা প্রতীক নকশার পরিবর্তে ঝুলন্ত বল্লমের (আলোকচিত্র ঃ ১৫) দৃশ্য আজও সুস্পষ্ট। এই মসজিদের পশ্চিম দেয়ালের মিহরাবের অবতলগাত্রে একদা শিকল-ঘন্টা প্রতীকী (আলোকচিত্র ঃ ১৬) নকশা ছিল তার চিহ্ন আজও বিদ্যমান।

প্রসঙ্গতঃ উল্লেখ্য প্রবন্ধকার স্বয়ং মাঠ পর্যায়ে জরিপের মাধ্যমে উপরে আলোচিত ইমারতগুলির আলোকচিত্র গ্রহণ করেছেন। সুলতানী আমলের উপরে বর্ণিত স্থাপত্যরাজী ছাড়াও অলঙ্করণগত দেশজ উপাদান হিসাবে শিকল-ঘন্টা নকশার অবতারণা এই আমলের অসংখ্য ইমারত লক্ষ্য করা যায়। তবে সবগুলির বিবরণ উপস্থাপন সম্ভব নয় বিধায় এখানে শুধুমাত্র সেগুলির নাম উল্লেখ করা হলো।

চিকা মসজিদ (১৪৫০), লোটন মসজিদ (১৪৭৫), খানিয়াদীঘি মসজিদ (১৪৮০), তাঁতিপাড়া মসজিদ (১৪৮০) ও ফিরোজ মিনার (১৪৯০) ও গোড়ার মসজিদে শিকল-ঘন্টা নকশার নিদর্শন পরিলক্ষিত হয়।

এখানে উল্লেখ্য যে, মুঘল বাংলার স্থাপত্যরাজীতে এই শিল্পের ব্যবহার খুবই কম দেখা যায়। ফতেহখানের সমাধি সৌধ (১৬৬০) ছাড়া মুঘল আমলের অন্যান্য ইমারতে এই শিকল-ঘন্টা অলঙ্করণের প্রভাব তেমন দেখা যায় না।

পরিশেষে একথা বলা যায় যে, হিন্দু স্তম্ভে ব্যবহৃত শিকল ঘন্টা নকশা একটি জনপ্রিয় অলঙ্করণ এবং এই নকশা প্রতীকের খন্ডিত অংশদ্বয়কে অসংখ্য আকৃতিতে ব্যবহার করে তা ইসলামীকরণ এবং মুসলমানদের নিকট গ্রহণযোগ্য করে তোলার চেষ্টা করা হয়েছে। এ বিষয়ে যথার্থই বলা হয়েছে যে, "…….. the chain and bell was given innumerable shapes to make Islamised & acceptable"[১৭] কোন সময়ে শিকলকে বিভিনড়ব প্রকার লতায় রূপান্তরিত করা হয়েছে; আবার কখনও ঘন্টাকে লকেট (pendant), ফুলকুঁড়ি, ফুল এমন কি প্রদীপ হিসাবে রূপান্তর ঘটানো হয়েছে। এই পরিপ্রেক্ষিতেই এ. বি. এম. হোসেন যথার্থই মন্তব্য করেছেন যে, "It is amazing how the chain was converted to different kind of stems and the bell to pendants, buds, flowers and even to lanterns-all executed differently, not a single one being the same with the other."[১৮] এ থেকেই অনুমান করা যায় যে, দেশজ নকশা প্রতীক শিকল-ঘন্টা বাংলার মুসলিম স্থাপত্য অলঙ্করণে কতখানি গুরুত্ব বহন করে।

**তথ্য সুত্র ঃ**


১ Sir Banister Fletcher, *A History of Architecture on the Comparative Method*, (University of London, The Athlone Press. P. VI

২ S. K Saraswati, *Architecture of Bengal,* (G. Vharad-way & Co. Calcutta, 1976) P.3

৩ মোশাররফ হোসেন, *"ইন্দো-মুসলিম স্থাপত্যের কতিপয় অলঙ্করণ: উৎস ও ক্রমবিকাশ"*, আবু মহামেদ হাবিবুল্লাহ স্মারকগ্রন্থ, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ১৯৯১; পৃ:২৪৭

৪ Percy Brown, *"Indian Architecture (Buddhist & Hindu Periods)"* (D.B. Taraporevala Sons& Co. Pvt. Ltd. Bombay 1.1971) P.149

৫ এই পদ্ধতি খিলান ছাদ (Vault) বা খিলান নির্মাণের উদ্দেশ্যে ইট বা কর্তিত প্রস্তর খন্ডের স্তরকে সম্মুখদিকে ক্রমান্বয়ে নির্ধারিত মাপে বর্ধিত করে ফাঁকা স্থান পূরণের এক সহজ কৌশল। এই সাথে এও উল্লেখ করা যেতে পারে যে, খিলান ও খিলান ছাদ নির্মাণ ছাড়াও গম্বুজ ও গম্বুজের ভারবাহী ত্রিকোণাকৃতির পান্দান্তিক নির্মাণেও ক্রমপ্রলম্বন পদ্ধতি ব্যবহৃত হতে পারে।

৬ ভূসোঁয়া (Voussoir) পদ্ধতিতে প্রকৃত খিলান ঙতরী করা হয়। এই পদ্ধতিতে পাথরখন্ড গোলাকারভাবে পরস্পরের সঙ্গে এমনভাবে জড়িয়ে রাখা হয় যে একটি অপরটিকে চাপ দিতে থাকে। এভাবে নিম্ভ্রমূখী চাপ রোধ করে পার্শ্ববর্তী চাপ দ্বারা ইমারতের স্থায়ীত্ব নিশ্চিত করা হয়।

৭ Dr. Charles Fabri *"An Introduction to Indian Architecture"* (Asia Publishing House, New York 1963) P.47

৮ David J. McCutchion, *"Late Mediaeval Temples of Bengal"* (The Asiatic Society, Park Street, Calcutta). P.1

৯ George Michell (ed.) *"The Islamic heritage of Bengal"* (UNESCO, 1984) P.219

১০ A. H. Dani, *Muslim Architecture in Benga*, (Asiatic Society of Pakistan, 1961) P16

১১ বর্তমানে হিন্দু মন্দিরগুলোর অভ্যন্তরেও এ ধরনের শিকল ঘন্টা ব্যবহৃত হতে দেখা যায়।

১২ প্রবন্ধকার স্বয়ং মাঠ পর্যায়ে জরিপ করে এই তথ্য সংগ্রহ করেন। ঢাকেশ্বরী মন্দিরের ম্যানেজার তপন ভট্টাচার্যের সাথে কথা বলে এই তথ্য জানা যায়।

১৩ George Michell (ed.) *OP.Cit,* P.220

১৪ A. H. Dani, *OP.Cit,* P.48

১৫ James Wise *"Notes on Sonargaon" Journal of the Asiatic Society of Bengal"*, 1874, P.82

১৬ David J. McCutchion, *OP.Cit,* P.13

১৭ A. B. M Hussain, *"Some observations on the stone and terracotta ornamentation of the sultanate architecture in Bengal", Journal of Bengal Art,* Vol-4, 1999, P.267

১৮ *Ibid*, P.268



আলোক চিত্রঃ ১



আলোক চিত্রঃ ২



আলোক চিত্রঃ ৩



আলোক চিত্রঃ ৪



**আলোক চিত্রঃ ৫**



**আলোক চিত্রঃ ৬**



আলোক চিত্রঃ ৭



আলোক চিত্রঃ ৮



আলোক চিত্রঃ ৯



আলোক চিত্রঃ ১০



আলোক চিত্রঃ ১১



আলোক চিত্রঃ ১২



আলোক চিত্রঃ ১৩



আলোক চিত্রঃ ১৪



আলোক চিত্রঃ ১৫



আলোক চিত্রঃ ১৬

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# কৌটিল্যের অর্থশাস্ত্রে প্রতিফলিত সমাজ

ড. সেরিনা সুলতানা*

**Abstract:** The Arthashastra of Kautilya is a text on political science and is not primarily concerned with society and its organization. Nevertheless it cannot avoid a reference to the social order and life prevailing in society, for political life has no existence outside of society. The work no doubt lays down rules in social matters as it does in political matters; yet it was bound to take notice of the facts of social life as it found them. And though much theory is mixed up in the references to social organization, one may still regard the social life reflected in the work as throwing light on the conditions that actually prevailed when it was composed. An attempt has been taken in this article to show the condition of the society of that time. We would not be far wrong in maintaining that the social and religious life directly or indirectly revealed in this text reflects more or less faithfully the actual conditions of the day.

**ভূমিকা :** রাজ্যজয়, রাজ্যরক্ষা এবং রাজ্যশাসনবিষয় সম্পর্কিত আলোচনা প্রাচীন ভারতীয় সাহিত্যে বিরলদৃষ্ট নয়। বৈদিক সাহিত্যে, *যজুর্বেদে, অথর্ববেদসংহিতায়* এবং ব্রাহ্মণ গ্রন্থাদিতে এই জাতীয় আলোচনা রয়েছে। পরবর্তীতে ধর্মশাস্ত্র নামক গ্রন্থেও রাজার কর্তব্য সম্পর্কিত বিশদ আলোচনা পরিলক্ষিত হয়।

প্রাচীন সংস্কৃত সাহিত্যে রাজ্যশাসনব্যবস্থা বিষয়ক আলোচনাকে দণ্ডনীতি, রাজনীতি, রাজনীতিশাস্ত্র বা নীতিশাস্ত্র নামে অভিহিত করা হয়েছে কিন্তু *অর্থশাস্ত্র* নামে নয়। প্রাচীনকালে *অর্থশাস্ত্র* সংজ্ঞাটি একেবারে অপ্রচলিত ছিল না। *মহাভারত* মহাকাব্যে একাধিকবার *অর্থশাস্ত্রের* উল্লেখ পাওয়া গিয়েছে। *মহাভারতে* অর্জুনকে 'অর্থশাস্ত্রবিশারদ' রূপে বর্ণনা করা হয়েছে।[১] *মহাভারতেই অর্থশাস্ত্রকে* 'শ্রেষ্ঠ নৃপতিদের দ্বারা সেবিত' শাস্ত্ররূপে বর্ণনা করা হয়েছে।[২] *অর্থশাস্ত্র* শব্দটির আক্ষরিক অর্থ 'অর্থ বিষয়ক শাস্ত্র'। কিন্তু *অর্থশাস্ত্রের* বিষয়বস্তু অর্থনীতিবিদ্যা থেকে অনেক ব্যাপক। *অর্থশাস্ত্র* শব্দটি দিয়ে সম্পদ এবং সম্পদের উপযোগকারী মনুষ্যগণের আধার যে পৃথিবী বা ভূমি তাকেই অর্থ সংজ্ঞা দেয়া হয়েছে। সেই পৃথিবীর অধিগ্রহণ এবং পালন বা রক্ষণবিষয়ক যে শাস্ত্র তাকেই কৌটিল্য *অর্থশাস্ত্র* বলেছেন। গ্রন্থের শেষে পঞ্চদশ অধিকরণে কৌটিল্য *অর্থশাস্ত্রের* সংজ্ঞা দিয়ে বলেছেন মানুষের বৃত্তি বা জীবিকাকে (the subsistence of mankind) অর্থ বলা হয়, আবার মনুষ্যযুক্ত যে ভূমি (the earth which contains mankind) তার নামও অর্থ। যে শাস্ত্র সেই পৃথিবীর অর্থাৎ মনুষ্যযুক্ত ভূমির লাভ ও পালনের উপায় (the means of acquiring and maintaining the earth) নিরূপণ করে তার নাম *অর্থশাস্ত্র*।[৩] এই গ্রন্থটি পনেরোটি অধিকরণ একশ আশিটি প্রকরণ এবং দেড়শত অধ্যায়ে বিভক্ত।[৪] রাজ্যশাসনব্যবস্থার দুটি দিক প্রজাদের যোগক্ষেমের দিকে লক্ষ্য রেখে অভ্যন্তরীণ শাসনকার্য পরিচালনা যার পারিভাষিক নাম তন্ত্র অন্যপক্ষে আসন্ন ও দূরবর্তী পররাষ্ট্রসমূহের রাজাদের কার্যকলাপ সম্পর্কে অবহিত থাকা এবং প্রয়োজন অনুসারে সন্ধিবিগ্রহাদি ষাড়্গুণ্য প্রয়োগের মাধ্যমে পররাজ্যের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক গড়ে

* সহযোগী অধ্যাপক, সংস্কৃত বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

তোলা- এই কর্তব্যরূপ ক্রিয়াকলাপের পারিভাষিক নাম আবাপ। *কৌটিল্যের অর্থশাস্ত্রের* প্রথম পাঁচটি অধিকরণ তন্ত্রবিষয়ক এবং অপর নয়টি অধিকরণ আবাপ নামে পরিচিত। পঞ্চদশ অধিকরণটি তন্ত্র বা আবাপ কোনো বিভাগেই পড়ে না। এখানে অর্থশাস্ত্ররূপ তন্ত্রের ব্যাখ্যা করা হয়েছে।

***অর্থশাস্ত্র*প্রণেতা কৌটিল্যের ব্যক্তিপরিচয় :** তক্ষশীলার এক বিদ্যোৎসাহী ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণকারী কৌটিল্য নিজ বুদ্ধিমত্তার প্রভাবে বেদাদিসহ নীতিশাস্ত্রে পারদর্শী হন। তাঁর পিতা ছিলেন চণক ঋষি। তাই তাঁর নাম হয়েছিল চাণক্য। চণক নামক স্থানে জন্মগ্রহণ করায় তাঁর নাম হয়েছিল চাণক্য একথাও মনে করা হয়, বিষ্ণুগুপ্ত নামেও তাঁর পরিচিতি ছিল। *কামন্দকীয় নীতিসার*,[৫] দণ্ডীর *দশকুমারচরিত*, *মুদ্রারাক্ষস* নাটক ইত্যাদি গ্রন্থে *অর্থশাস্ত্র*রচয়িতা বিষ্ণুগুপ্তের নাম পাওয়া যায়। বিষ্ণুগুপ্তের অপর একটি নাম কৌটিল্য। এই নামেই তিনি সর্বাধিক পরিচিত ছিলেন। *অর্থশাস্ত্র*গ্রন্থে 'ইতি কৌটিল্যঃ', 'নেতি কৌটিল্যঃ' ইত্যাদি উক্তির মাধ্যমে *অর্থশাস্ত্রের* প্রবক্তারূপে কৌটিল্যের নাম উল্লেখ করা হয়েছে। মনে করা হয় কুটিল শব্দ থেকে উৎপন্ন কৌটিল্য শব্দটির অর্থ কুটিলমতিত্ব। কৌটিল্যের ক্ষেত্রে এই সংজ্ঞাটি তাঁর চারিত্রিক বৈশিষ্ট্যকেই প্রতিফলিত করে। *মুদ্রারাক্ষস* নাটকে নাট্যকার বিশাখদত্ত 'কৌটিল্যঃ কুটিলমতিঃ' এরূপ বর্ণনা দিয়ে কৌটিল্যের কুটিলতা বা বক্রবুদ্ধির প্রতি ইঙ্গিত করেছেন। এই নাটকে নিঃস্ব ব্রাহ্মণ চাণক্য কর্তৃক নন্দবংশ ধ্বংসের যে বৃত্তান্ত পাওয়া যায় তা থেকেও চাণক্যের অসাধারণ কূটবুদ্ধির পরিচয় মিলে। এক্ষেত্রেও কৌটিল্য আখ্যাটি কুটিল শব্দ থেকে ব্যুৎপন্ন মনে করাই সঙ্গত।

১৯০৯ খ্রি. মহীশূরের পণ্ডিত ড. আর. শাম শাস্ত্রী *কৌটিল্যের অর্থশাস্ত্রের* সর্বপ্রথম একটি সংস্করণ প্রকাশ করেন। দাক্ষিণাত্যের এই মনীষীর এই গ্রন্থের আবিষ্কার কেবলমাত্র ভারতীয় সংস্কৃত সাহিত্যের নয় জগতের সকল সাহিত্যের ইতিহাসে এক অসাধারণ ঘটনা। আর. পি. কাংলে তাই বলেছেন-

"Ever since the publication of the Kautiliya Arthaśāstra by R. Shama Sastry in 1909, the question of the authorship and date has been the subject of a rather heated controversy. The traditional view in this matter is that Kautilya, also known as Cānakya or Visnugupta, who destroyed the power of the Nandas and placed Candragupta Maurya on the throne of Magadha, is the anthor of this work''[৬]

তাই নিঃসন্দেহে বলা যায়-

"Kautilya's Arthaśāstra is a work of immense importance in the field of Indology. Ever since its publication in 1909 by Dr. Shamasastri, it has made a stir among scholars throughout the world. It has caused a great deal of controversy over its date and authorship as well as the intrinsic value of its contents''[৭]

*কৌটিল্যের অর্থশাস্ত্র* রাজনীতিশাস্ত্রের এক অনবদ্য গ্রন্থ, N. C. Banerjee র ভাষায়-

"The very fact that this almost universal adoration is paid to his memory, shows that Kautilya was in his own days regarded as a master, whose worldly wisdom and foresight gained for him the veneration of his contemporaries''[৮]

**ঐতিহাসিক উৎস :** শাম শাস্ত্রী, গণপতি শাস্ত্রীর মত প্রাচ্যদেশীয় পণ্ডিতগণ মনে করেন মগধরাজ চন্দ্রগুপ্ত মৌর্যের কূটনীতিবিদ ব্রাহ্মণজাতীয় প্রধানমন্ত্রী কৌটিল্য তথা চাণক্য মগধ সাম্রাজ্যে নিজ প্রভু চন্দ্রগুপ্তের আধিপত্য সুদৃঢ় করেন এবং নিজের রাজনৈতিক অভিজ্ঞতার ফলস্বরূপ *অর্থশাস্ত্র* গ্রন্থটি রচনা করেন।

পক্ষান্তরে অধ্যাপক জলি, ভিন্টারনিৎস্, কীথ, প্রমুখ বিদ্বজ্জন মনে করেন আচার্য কৌটিল্যের কোন শিষ্য বা শিষ্যবর্গ বিভিন্ন আচার্যের মতসহ কৌটিল্যের বিশিষ্ট উপদেশাবলি একত্র সঙ্কলিত করে *অর্থশাস্ত্র* গ্রন্থ রচনা করেন। এই মতানুসারে *কৌটিল্যের অর্থশাস্ত্রে* বর্ণিত বিষয়সমূহ কোনো বিশেষ রাজ্যের শাসনব্যবস্থার প্রতিফলন নয় বরঞ্চ সেগুলো একটি আদর্শ শাসনতন্ত্রের প্রতিকৃতি বলা যায়।

রাজনৈতিক চেতনাসমৃদ্ধ প্রাচীন সেই ব্রাহ্মণ মগধরাজ্য শাসনের অভিজ্ঞতা দিয়ে এই গ্রন্থ রচনা করেছিলেন। কোনো বিশেষ দেশের বিশিষ্ট শাসন পদ্ধতি বর্ণনা করা তাঁর উদ্দেশ্য ছিল না। নিজ প্রভু চন্দ্রগুপ্তের মত কোনো বিজিগীষু নরপতি কিভাবে রাজশক্তির প্রভাবে স্বরাজ্যে ও পররাজ্যে আধিপত্য বিস্তার করতে পারেন সে বিষয়ে কৌটিল্য সুনির্দিষ্ট আলোচনাও করেছেন। আপন প্রভুশক্তিকে প্রতিষ্ঠিত করার জন্য রাজারা কি কি উপায় অবলম্বন করতে পারেন সে বিষয়েও কৌটিল্য সুনির্দিষ্ট আলোচনা করেছেন।

খ্রি. পূ. ৪র্থ শতকে কৌটিল্য স্বয়ং এই গ্রন্থ রচনা করেছিলেন এই মতই গ্রহণযোগ্য। এই গ্রন্থে রসায়ন ও খনিবিদ্যার অনেক বিষয় নিহিত আছে দেখে ও ক্ষুদ্র ক্ষুদ্র সংঘ বা গণসমূহের উল্লেখ থেকে একে ৩০০ খ্রি. এর রচনা বলেও মনে করা হয়।

**সমাজজীবন:** সমাজের কাঠামোগত পরবির্তন সমাজব্যবস্থায় প্রতিফলিত হয়। 'States of Societies' বলতে সমাজের অবস্থা বা পরিস্থিতি বুঝায়। সমাজবিজ্ঞানী টি. বি. বটেমোর বলেছেন- "Kautilyas's Arthaśαstra and Aristotle's politics analyze political systems in ways which are still of interest to the socilogist''[৯]

**সামাজিক অবকাঠামো:** সবাই যখন একই উদ্দেশ্যে একত্রে বসবাস করে তখন সেই ব্যক্তিবর্গের সমষ্টিকে নিয়েই গঠিত হয় সমাজ। 'Society' গ্রন্থে সমাজবিজ্ঞানী ম্যাকাইভার এবং পেজ বলেছেন যে সব সামাজিক সম্পর্কের মধ্যে আমরা জীবন যাপন করি তাদের সংগঠিত রূপই সমাজ। সমাজবিজ্ঞানী ওয়েস্টারমার্ক এর মতে সমাজ হচ্ছে একদল ব্যক্তির সমষ্টি যারা পারস্পরিক সহযোগিতায় জীবনযাপন করে। প্রকৃতপক্ষে রাষ্ট্র ও সমাজ একে অপরের পরিপূরক। অর্থশাস্ত্রবিদ আর. পি. কাংলে বলেছেন-

"The Arthaśαstra is a text on political science and is not primarily concerned with society and its organization. Nevertheless, it cannot avoid a reference to the social order and life prevailing in society for political life has no existence outside of society......... though much theory is mixed up in the references to social organization, one may still regard the social life reflected in the work as throwing light on the conditions that actually prevailed when it was composed''[১০]

**বর্ণাশ্রমপ্রথা :** *অর্থশাস্ত্রের* যুগে সমাজ ছিল চাতুর্বর্ণ্যমূলক। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারবর্ণের মধ্যে ব্রাহ্মণের প্রাধান্য ছিল। কোনও ফৌজদারী অপরাধের জন্য ব্রাহ্মণকে উৎপীড়ন করা নিষিদ্ধ ছিল। শ্রোত্রিয় বা বেদজ্ঞ ব্রাহ্মণকে কোনও প্রকার কর দিতে হতো না। গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হলে অভিশপ্ত কোন চিহ্ন দিয়ে চিহ্নিত করে রাজ্য থেকে তাঁকে নির্বাসিত করা যেত।[১১] পুরোহিতগণ ব্রাহ্মণ ছিলেন এবং রাজকার্যে তাঁদের বিশেষ ভূমিকা ছিল। ক্ষত্রিয়গণ যোদ্ধারূপে পরিচিত ছিলেন। বৈশ্যেরা কৃষি, পশুপালন ও ব্যবসাবাণিজ্যের মাধ্যমে জীবিকা নির্বাহ করতেন। শূদ্রগণ অন্য তিন বর্ণের দাস হিসেবে বিবেচিত হতেন। এ থেকেই বোঝা যায় *অর্থশাস্ত্রের* যুগে দাসপ্রথা প্রচলিত ছিল। সমসাময়িক কালের বর্ণভেদ কৌটিল্যের উপর যথেষ্ট প্রভাব ফেলেছিল।

চতুরাশ্রম হচ্ছে ব্রহ্মচর্য (অধ্যয়ন, অধ্যাপনা, যজন, যাজন), গার্হস্থ্য (গৃহস্থের জীবিকানির্বাহ, বিবাহ, সন্তানধারণ), বানপ্রস্থ (স্বধর্ম, ব্রহ্মচর্য ব্রতপালন, জটা ধারণ, ভিক্ষাবৃত্তি), সন্ন্যাস (স্বধর্মপালন, ইন্দ্রিয়সংযম অভ্যাস, অরণ্যে বাস)। প্রকৃতপক্ষে আশ্রমধর্মপালনে নিয়মতান্ত্রিক জীবনগঠনে মানুষ চারটি স্তরে অভ্যস্ত হয়। বর্ণাশ্রমের সাধারণ বিভাগকে কেন্দ্র করেই রাজা বা রাষ্ট্রের সঙ্গে পরিবার এবং গোষ্ঠীর সম্পর্ক নিরূপিত হতো।

**বিদ্যার্জন :** সমগ্র সমাজের বর্ণ স্থিতি বা সোশাল অর্ডার বোঝার জন্য রাজাকে ত্রয়ীবিদ্যায় অভিজ্ঞ হতে হতো। বেদ বেদাঙ্গ, আন্বীক্ষিকি অর্থাৎ বার্তা যুক্তি বা কৃষি অর্থনীতি ও দণ্ডনীতি শিক্ষা বা তর্কবিদ্যা, রাজার জন্য আবশ্যক ছিল। সমাজ, অর্থনীতি ও রাজনীতি সমস্ত ক্ষেত্রেই রাজার বিদ্যার্জন গুরুত্বপূর্ণ ছিল।

**গ্রামীণ ও নগরজীবন :** গ্রামীণ সমাজ গঠন সম্পর্কে কৌটিল্যের অভিমত হচ্ছে একটি গ্রামে কমপক্ষে একশত পরিবার এবং উর্ধ্বপক্ষে পাঁচশত পরিবার বসবাস করবে। প্রধানত শুদ্রশ্রেণিই বনজঙ্গল পরিষ্কার করে ও জমি আবাদ করে গ্রামীণ সম্প্রদায়ের সৃষ্টি করে। কৃষি উৎপাদন ব্যবস্থা ও শূদ্র জাতিবর্ণের শ্রমজীবী শ্রেণিরূপে পরিচিতি লাভের মূলেই ছিল গ্রামের প্রতিষ্ঠা। উচ্চবর্ণের লোক, শিল্পী, চিকিৎসক, গ্রামাধ্যক্ষদেরকে ভূমি দান করে গ্রামে বসবাস করানো হতো। ভূমিকে যারা কর্ষণোপযোগী করে তুলত তাদের কাছ থেকে ভূমি কেড়ে নেয়া যেত না। যে সকল কৃষক নিয়মিত জমির খাজনা পরিশোধ করত তাদেরকে রাষ্ট্রপ্রধান কৃষি উপকরণ দিয়ে সাহায্য করত।

নূতন জনপদ সৃষ্টি করে নানরকম প্রতিশ্রুতি দিয়ে পার্শ্ববর্তী রাজ্য থেকে জনসাধারণকে ডেকে এনে রাজা নিজ রাজ্যে বসতি স্থাপন করাতেন। গ্রামে পাঁচশ বা একশত পরিবার বসবাস করতে পারতেন। এক গ্রাম থেকে অন্যগ্রামের মধ্যে দুই ক্রোশের মত ব্যবধান থাকত। গ্রামের জনসাধারণের প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়বিক্রয়ের জন্য একটি মহাগ্রাম বা নগর নির্মাণ করা হতো। 'জনপদনিবেশ' নামক অধ্যায়ে কৌটিল্য গ্রাম নির্মাণ বিষয়ে অভিমত ব্যক্ত করেছেন। পশুপালনসহ কৃষি, বৃক্ষরোপন ও উদ্যানচাষ ছিল প্রাকৃতিক পরিবেশ রক্ষার সহায়ক।

ব্যবসা বাণিজ্যের সুবিধার জন্য নদীতটে বা সুবিধাজনক স্থানে নগর স্থাপন করা হতো। নগরাধ্যক্ষ নগর বা স্থানীয়কে চারভাগে বিভক্ত করে গোপ ও স্থানিকের সাহায্য নিয়ে তার রক্ষণাবেক্ষণ করতেন। নাগরিকের সাহায্য নিয়ে গোপ নামে রাজপুরুষ দশ, কুড়ি এবং চল্লিশটি কুলের সুরক্ষার বিষয়ে

চিন্তাভাবনা করতেন।[১২] নগরের সমস্তকাজ তত্ত্বাবধানের জন্য পৃথক পৃথক রাজকর্মচারী থাকতেন। নগরে প্রবেশ ও নগর থেকে নির্গমনের জন্য প্রাচীরের মধ্যে নগরদ্বার থাকত। নাগরিক নামক মহামাত্রের পর্যবেক্ষণে নগরসমূহে পৌরশাসনবিধি প্রচলিত ছিল। এটি ছিল আধুনিকযুগের আমলাতন্ত্রের মতো। পৌরপ্রতিষ্ঠানের প্রাধান ছিলেন Mayor। প্রত্যেক নগরেই ধর্মাধিকরণ, বিচারালয় বা নগররক্ষকের অফিস ছিল। সামাজিক জীবনের প্রশাসনিক বিকেন্দ্রীকরণের ফলে গ্রাম ও নগরবাসী উভয়েই বিভিন্ন সামাজিক সুবিধা ভোগ করত। R. P. Kangle তাই মন্তব্য করেছেন-

"Life in the city is intended to be wellregulated. Residential accommodation is reserved for different communities and traders in the different quarters of the city. All arrivals and departures are to be reported by the citizens. Movements at night are to be allowed only in emergencies or under authorization.''[১৩]

**শাসনব্যবস্থা :** *অর্থশাস্ত্রের* শাসনব্যবস্থা ছিল সচিবায়ত্ত। 'মন্ত্রাধিকারপ্রকরণে' কৌটিল্য বলেছেন মন্ত্রিদের সঙ্গে মন্ত্রণা করেই শাসন পরিচালনা করা হতো। রাজা, মন্ত্রী ও পুরোহিত ছিলেন সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। শাসনব্যবস্থায় রাজাকে সহায়তা করার জন্য বিভিন্ন অধ্যক্ষ (Heads of Department) নিয়োগ করা হতো। কোশাধ্যক্ষ, পণ্যাধক্ষ, শুল্কাধ্যক্ষ, ভূম্যধ্যক্ষ, সুরাধ্যক্ষ, নাবধ্যক্ষ ইত্যাদি আঠারো জন অধ্যক্ষের সহায়তায় শাসনব্যবস্থা পরিচালিত হতো । রাজকার্যের বিকেন্দ্রীকরণে এরা সহায়ক ছিলেন।

**রাজলেখ বা শাসন** : তালপত্রাদিতে লিখিত রাজার নির্দেশ বা আদেশ সম্পর্কিত বিষয় শাসন নামে পরিচিত ছিল। রাজ্যপরিচালনার ক্ষেত্রে শাসনের একটি বিশেষ ভূমিকা ছিল। শাসনাধিকার প্রকরণে তাই কৌটিল্য বলেছেন- "কৌটিল্যেন নরেন্দ্রার্থে শাসনস্য বিধিঃ কৃতঃ।"[১৪]

**বিচারব্যবস্থা :** *অর্থশাস্ত্রের* ধর্মস্থীয় নামক তৃতীয় অধিকরণে কৌটিল্য ধর্মস্থীয় অর্থাৎ বিচারবিভাগীয় ক্রিয়াকলাপ নিয়ে আলোচনা করেছেন। ধর্মস্থের কাজ হল দেশে জনসাধারণের মধ্যে আইন বা ধর্ম স্থাপনা করা। এই অধিকরণে দেওয়ানী (Civil) ও ফৌজদারী (Criminal) মোকদ্দমার বিষয় আলোচিত হয়েছে। বেদক [অভিযোক্তা বা বাদী (Plaintiff)] এবং আবেদকের [অভিযোজ্য বা প্রতিবাদীর (Defendant)] নিজেদের মধ্যে বিবাদ উত্থাপন করলে ধর্মস্থ বাদী ও প্রতিবাদীর প্রশ্নগুলোর অর্থের গুরুত্ব ও লঘুত্ব বিবেচনা করে অভিযোগ লিপিবদ্ধ করবেন।

কণ্টকশোধন নামক চতুর্থ অধিকরণে প্রজাগণ যাতে উৎপীড়িত না করে সেজন্য সমাজের কণ্টকস্বরূপ লোকেদের শোধনের উপায় বলা হয়েছে। কারুকরক্ষণম্ নামক প্রকরণে বলা হয়েছে সদাচারশালী লোকদের রক্ষাহেতু এবং চোরদস্যু প্রভৃতি কণ্টকসমূহ শোধনহেতু প্রজাপালনকারী রাজা স্বর্গে গমন করেন। শিল্পিজন অর্থাৎ কারুকেরা কোনও কারুক বা শিল্পী তার কাজের জন্য নির্দিষ্ট সময় থেকে বেশী সময় অতিক্রম করলে তার বেতন থেকে একপাদ বা চতুর্থাংশ কেটে নেয়া যেতে পারে এবং তাকে বেতনের দ্বিগুণ অর্থদণ্ড দেয়া হতো। কোনও বৈদ্য যদি কোনও রোগীর প্রাণনাশের আশঙ্কা আছে জেনেও রাজদ্বারে সে সংবাদ না জানিয়ে নিজেই তার চিকিৎসা আরম্ভ করে এবং রোগীর যদি সেই রোগে মৃত্যু হয় তাহলে সেই বৈদ্যকে জরিমানা ভোগ করতে হতো।

**পরিবারপ্রথা :** পিতা, মাতা ও সন্তানদের নিয়ে ছিল পরিবার। যৌথ পরিবারের উল্লেখ নেই। পিতার মৃত্যুর পর সম্পত্তির বিভাগ করা হতো।[১৫]

*অর্থশাস্ত্রে* আট প্রকার বিবাহের উল্লেখ আছে। এদের মধ্যে ধর্মবিবাহের ক্ষেত্রে বিচ্ছেদের ব্যবস্থা ছিল না,[১৬] অন্য চার প্রকার বিবাহের মধ্যে স্বামী স্ত্রী উভয়ে যদি পরস্পর বিদ্বেষভাবাপন্ন হয় এবং পরস্পর বিবাহবিচ্ছেদে কৃতসংকল্প হয় সেক্ষেত্রে বিবাহবিচ্ছেদ হতে পারে বলে কৌটিল্য নির্দেশ দিয়েছেন।[১৭]

সাধারণত স্ত্রী বন্ধ্যা হলে বা বারংবার কন্যাসন্তান ধারণ করলে স্বামী পুনর্বিবাহ করতে পারতেন। প্রথমা স্ত্রীকে ক্ষতিপূরণ হিসেবে অর্থ দিতে হতো। তাই বহুবিবাহ প্রথারূপ সামাজিক প্রথা নিয়ন্ত্রণে থাকত। প্রবাসী, দুশ্চরিত্র এবং পুরুষত্বহীন স্বামীকে নারীরা পরিত্যাগ করতে পারতেন। বিবাহকালে প্রাপ্ত স্ত্রীধন স্ত্রীর জীবিকা নির্বাহে সহায়তা করত।

**উত্তরাধিকারপ্রথা :** পিতার শবদেহসৎকার ও মুখাগ্নি জ্যেষ্ঠপুত্র করত বলে পিতার মৃত্যুর পর জ্যেষ্ঠপুত্র সম্পত্তির অতিরিক্ত অংশ পেত। কোন কারণে জ্যেষ্ঠ পুত্র গুণহীন, মনুষ্যত্ববর্জিত হলে প্রাপ্য অংশ কম বেশী হারে পেতেন, স্বামী স্ত্রীর ভরণপোষণ না করলে স্ত্রী স্বামীর সম্পত্তি দিয়ে সন্তান লালন পালন করতে পারতেন, স্বামীর মৃত্যুর পর শুদ্ধাচরণকারী স্ত্রী স্বামীর সম্পত্তি ভোগ করতে পারতেন।

ব্যক্তিগত পর্যায় বা রাষ্ট্রীয় পর্যায় দুইভাবে আধুনিক কালে ব্যাংক থেকে ঋণ দেয়ার মত মহাজনী ব্যবসা বিদ্যমান ছিল। রাষ্ট্রের অর্থনৈতিক অগ্রগতি অর্থঋণদান পদ্ধতির উপর নির্ভরশীল ছিল। ব্যক্তিগত পর্যায়ে যে গ্রামীণ ঋণব্যবসা প্রচলিত ছিল তার উপর রাষ্ট্রের কর্তৃত্ব ছিল। এ প্রসঙ্গে নরেন্দ্র নাথ লাহার বক্তব্য যথোপযুক্ত।[১৮]

**শ্রমনীতি :** চন্দ্রগুপ্ত মৌর্যের আমলে শ্রমশিল্প (industries) শিল্পকলা (arts) এবং ব্যবসা বাণিজ্যের উপর রাষ্ট্রের নিয়ন্ত্রণ আরোপিত ছিল। সে-সময়ে কঠোর রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ ছিল। শ্রমিকের দক্ষতা, সামর্থ্য ও শ্রমদানের সুযোগ সুনিশ্চিত করা এবং মানবিকতার দৃষ্টিকোণ থেকে শ্রমিকের স্বার্থ বিবেচিত হতো। কাজের সময়ে এবং তার ঘটনার সংশ্লিষ্ট উপাদান থেকে কর্মীর কাজের বিষয়ে খোঁজখবর রাখা হতো- ''কর্মকরস্য কর্মসম্বন্ধম্ আসন্না বিদুঃ।"[১৯] মৃত কর্মচারীর নাবালক ও বয়োবৃদ্ধরা বিশেষ সুবিধা লাভ করত। শর্তাবলি লঙ্ঘন করলে কারিগর ও শিল্পিদের মজুরী কাটা সহ জরিমানা করা হতো।

**করনীতি :** রাজকর প্রজাদের কষ্ট দিয়েই পেতে হতো। কিন্তু রাজাকে কোশ বৃদ্ধি করতেই হতো। সমাহর্তা নামক রাজকর্মচারী কর আদায় করতেন তিনিই ছিলেন চীফ এক্সিকিউটিভ ও রেভিনিউ অফিসার। উত্তম করদাতাকে রাজা পারিতোষিক দিয়ে করপ্রদানে জনগণকে উৎসাহিত করতেন।

কৌটিল্য বাহ্য, অভ্যন্তর এবং নিষ্ক্রাম্য তিন প্রকার শুল্কের কথা বলেছেন,অন্য দেশ থেকে পণ্য ঢোকার ক্ষেত্রে সেটি মুদ্রাঙ্কিত হওয়া জরুরী ছিল। সরকারী রাস্তা ব্যবহার এবং সংরক্ষণের জন্য একটি টোল ট্যাক্সের ব্যবস্থা ছিল। নদী পারাপারের ক্ষেত্রে তরশুল্কের ব্যবস্থা ছিল। গণিকা থেকে সুরা, ভেড়ার লোম থেকে দাড়িপাল্লার বাটখারা কোনোটাই কৌটিল্যের যুগে রাজকর বা জরিমানার ভয় থেকে মুক্ত ছিল না, নিজ দেশের জন্য উপকারক বস্তুর প্রবেশের ক্ষেত্রে রাজা শুল্ক ছেড়ে দেবেন।[২০]

**ক্রেতাস্বার্থসংরক্ষণ :** ক্রেতার স্বার্থ সুরক্ষার বিভিন্ন ব্যবস্থা ছিল। ওজন ও পরিমাপের জন্য পণ্যাধ্যক্ষ নামে রাজকর্মচারী নিয়োজিত ছিলেন। কাঠের দাঁড়িপাল্লা, সমবৃত্ত নামক দাঁড়িপাল্লা, সর্বজনীন দাঁড়িপাল্লার ব্যবহারের কথাও কৌটিল্য উল্লেখ করেছেন। ক্রেতা ও ভোক্তার স্বার্থ সুরক্ষা ও কারিগরদের সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে কৌটিল্যের চিন্তাভাবনা ছিল অত্যন্ত আধুনিক।

**দণ্ডপ্রয়োগনীতি :** মনুর ভাষায় রাজা নয়, দণ্ডই সকলকে রক্ষা করে। রাজা যদি লঘু অপরাধে গুরু দণ্ড বিধান করেন অথবা ভয়ঙ্কর অপরাধে মৃদু দণ্ডের ব্যবস্থা করেন তবে রাজার রাজ্যে মাৎস্যন্যায় অর্থাৎ দণ্ডদাতার অভাবে বলবান দুর্বলকে গ্রাস করবে। দণ্ডনীতি রাষ্ট্রীয় শক্তির প্রতীক। ভারতীয় দণ্ড আইন, ফৌজদারী কার্যবিধি থেকেই প্রতীয়মান হয় সামাজিক নিয়ন্ত্রণের অন্যতম হাতিয়ার দণ্ড।

**খাদ্য :** আহার্য হিসেবে অন্নতণ্ডুল, গম বা যবের রুটি, শাক, ব্যঞ্জন, দুধ, পায়েস, ঘি, মাছ, মাংস, অম্ল ও মিষ্ট দ্রব্যের উল্লেখ পাওয়া যায়। সুরাধ্যক্ষ নামে একজন রাজকর্মচারী সুরা উৎপাদন ও বিক্রয়ের তত্ত্বাবধায়ক ছিলেন। এ থেকে সুরাপানের প্রচলন ছিল বোঝা যায়।

**আমোদপ্রমোদ :** দ্যূতক্রীড়া প্রচলিত ছিল। দ্যূতাধ্যক্ষ নামে রাজকর্মচারী অক্ষশালা পর্যবেক্ষণ করতেন। সমাজে গণিকাদের তত্ত্বাবধানের জন্য গণিকাধ্যক্ষ নিযুক্ত ছিল।

**পোষাক :** আবিক নামক বস্ত্র যার চার প্রকার নির্মাণ শৈলী ছিল, মৃগরোম থেকে ছয় প্রকার বস্ত্র, বৃক্ষপত্রে কীটের লালা থেকে উৎপন্ন ঊর্ণা বিশেষ ধরণের সিল্ক মাগধিকা, পৌণ্ড্রিকা, সৌবর্ণকুড্যকা প্রভৃতি পরিধেয় বস্ত্র ছিল। স্বর্ণ, রৌপ্য নির্মিত অলঙ্কার ছিল। চন্দন, অগুরু ইত্যাদি বিভিন্ন গন্ধদ্রব্যের ব্যবহার ছিল।

**ধর্মমত :** *অর্থশাস্ত্রের* ধর্ম প্রধানত বৈদিক ব্রাহ্মণ্য ধর্ম। পরবর্তীতে তা পৌরাণিক ধর্মে পরিবর্তিত হয়েছিল। চার দিকের অধিষ্ঠাত্রী দেবতারূপে ব্রহ্মা, যম, ইন্দ্র ও সেনাপতির উল্লেখ ও তাঁদের উদ্দেশ্যে মন্দির নির্মাণের বিবরণ *অর্থশাস্ত্রে* রয়েছে। গ্রামবাসিদের নিজস্ব দেবতা ছিল। দেবতার কোপেই মহামারী, দুর্ভিক্ষ ও সংক্রামক ব্যাধি হয় বলে তাদের ধারণা ছিল। সিদ্ধতাপস ছাড়া ব্রাহ্মণ্যধর্ম- বিরোধী সকল সম্প্রদায়ের প্রতি কৌটিল্যের বিরাগমূলক মনোবৃত্তির আভাস পাওয়া যায়।

**সেচব্যবস্থা :** চারধরণের সেচ পদ্ধতির যথা যান্ত্রিক পদ্ধতি, বায়ুশক্তি (wind power) বায়ুচালিত কল (wind mills) প্রভৃতি পদ্ধতি চালু ছিল। জলসেচ ব্যবস্থা কৃষি উৎপাদনের জন্য অপরিহার্য ছিল। তাই সেচব্যবস্থা রাষ্ট্রের অন্যতম প্রধান দায়িত্ব ছিল। মেগাস্থিনিস প্রাচীন ভারতের সেচব্যবস্থাকে নীলনদের তীরবর্তী অন্যতম প্রাচীন সভ্যতা মিশরের সেচব্যবস্থার সমতুল্য বলে অভিহিত করেছেন। আবহাওয়া পর্যবেক্ষণের আবশ্যকতা স্বীকৃত ছিল। যদি কেউ পুকুরের পাড় ভেঙে কিংবা রাষ্ট্রায়ত্ত পুকুর থেকে জলচুরি করে কিংবা অন্য কোনভাবে জলের প্রবাহ বাধাগ্রস্ত করত তাহলে তাকে কঠোর শাস্তিপ্রদান করা হতো।

**প্রাকৃতিক দুর্যোগরোধব্যবস্থা :** মানুষ দৈবদুর্বিপাকগ্রস্ত হলে, গ্রামে আগুন লাগলে অগ্নিনির্বাপনের জন্য বিভিন্ন সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হতো। বন্যাবিধ্বস্ত মানুষ ও অঞ্চলের পুনর্গঠন, বানভাসি মানুষের নদীর পাড়ে ওঠার জন্য নৌকা, গাছের গুঁড়ি, লাউয়ের বোতল ইত্যাদি সরবরাহ করা হতো। দুর্ভিক্ষের সময়ে রাজা দুর্ভিক্ষক্লিষ্ট মানুষদের বীজ দিয়ে সাহায্য করতেন, কোষাগার থেকে ধনবণ্টন করতেন।

ধনীদের কাছ থেকে অতিরিক্ত রাজস্ব আদায় করতেন। খরা ও মড়কের সময় আপৎকালীন ব্যবস্থা গৃহীত হতো।

সামগ্রিক বিশ্লেষণে *কৌটিল্যের অর্থশাস্ত্রে* মৌর্য আমলে প্রাচীন ভারতীয় সমাজ কাঠামোর একটি সুস্পষ্ট চিত্র প্রতিফলিত হয়েছে। অর্থশাস্ত্রকার স্বয়ং ছলে, বলে বা কৌশলে অভীষ্ট সিদ্ধি বা শত্রুনিপাত করতে উদ্যোগী ছিলেন। কৌটিল্যের সময়ে রাজতন্ত্র প্রচলিত ছিল। রাজাই ছিলেন একনায়ক স্বৈরাচারী শাসক। *অর্থশাস্ত্রে* কৌটিল্য বলেছেন ''প্রজাসুখে সুখং রাজ্ঞঃ প্রজানাং চ হিতে হিতম্''[২১] অর্থাৎ প্রজার সুখেই রাজার সুখ, প্রজার হিতেই রাজার হিত। কৌটিল্য বলেন যখন রাজকর্মচারী সরকারী অর্থ নিয়ে কাজ করেন তখন অল্প হলেও তারা অর্থ আস্বাদনে বাধ্য হন। কোনো লোকের জিভের নিচে যদি মধু থাকে তবে সে তার আস্বাদ না নিয়ে পারে না তেমনি রাজকর্মচারী ধন অপহরণ করলে তা কেউ জানতে পারে না। ব্যবসায়ী প্রভৃতি যারা অর্থের বিনিময়ে ঠিকমত কাজ করে না তারা সমাজের কণ্টকস্বরূপ। ঝাড়ুদারেরা কাজ করার সময় কোন মূল্যবান দ্রব্য পেলে তা রাজকোশে জমা দিতে হতো। সেই দ্রব্যের মূল্যের এক তৃতীয়াংশ তারা পেত, বাকী দুই তৃতীয়াংশ রাজকোশে জমা হতো। মৃতদেহ বহন করার জন্য নির্দিষ্ট পথ থাকত। সেই পথ ছাড়া অন্য পথ দিয়ে মৃতদেহ নিয়ে গেলে কঠোর শাস্তির বিধান ছিল।

**উপসংহার :** *কৌটিল্যের অর্থশাস্ত্রে* বর্ণিত সমাজচিত্র থেকে জনকল্যাণব্রতী রাষ্ট্রের পরিচয় মিলে। রাষ্ট্রে স্থিতি সংহতি ও আইনশৃঙ্খলার পাশাপাশি নাগরিকের জন্য উপযুক্ত পরিসেবার ব্যবস্থা ছিল। কালের সীমাবদ্ধতায় আবদ্ধ কৌটিল্যের দৃষ্টিভঙ্গি তৎকালীন সময়ের চেয়ে উন্নত ও অগ্রবর্তী ছিল। সামাজিক নিরাপত্তামূলক সকল দায়িত্বই কৌটিল্যের সমাজব্যবস্থায় প্রতিফলিত ছিল।

দুর্ভিক্ষে ত্রাণমূলক কাজ, মহামারী প্রতিরোধ, বিধবা ও স্বামীপরিত্যক্তা নারীদের রক্ষণাবেক্ষণ, কৃষক ও কৃষির উন্নয়নে সেচব্যবস্থার প্রবর্তন, নিত্যপ্রয়োজনীয় বিভিন্ন দ্রব্যের বাজার দর নিয়ন্ত্রণ, অসাধু ব্যবসায়ীরা যাতে দ্রব্যমূল্য বৃদ্ধি করতে না পারে সেদিকে দৃষ্টি দেয়াও ছিল রাষ্ট্রের কর্তব্য। কৌটিল্যের রাষ্ট্র ছিল ধর্মনিরপেক্ষ। কৃষিকাজের অনুপযুক্ত জমির সদ্ব্যবহার করে কৌটিল্য পরিবেশ সাম্য রক্ষা করেছেন। গৃহপালিত ও বন্য উভয় জাতীয় প্রাণীকে রক্ষার জন্য কৌটিল্যের দৃষ্টি ছিল সজাগ। কৌটিল্যের সমাজ যূথবদ্ধ মানুষের নিরাপত্তায় অঙ্গীকারাবদ্ধ ছিল। কৌটিল্য তাই রাজনৈতিক ও কূটনৈতিক দিগ্‌দর্শক। তাঁর প্রদর্শিত সমাজ ছিল ভারতীয় রাজনৈতিক দর্শনের পথিকৃৎ।

## টীকা ও তথ্যনির্দেশ

১. "সমাপ্তবচনে তস্মিন্নর্থশাস্ত্রবিশারদঃ। পার্থো ধর্মার্থতত্ত্বজ্ঞো জগৌ বাক্যমতন্দ্রিতঃ ॥"- বেদব্যাস, *মহাভারতম্*, পঞ্চানন তর্করত্ন সম্পা., ২য় খণ্ড (কলিকাতা : বঙ্গবাসী মুদ্রণযন্ত্র, ১৮৩০ শকাব্দ), ১২.১৬০.৯, পৃ. ১৪৯৮।

২. "যচ্চার্থশাস্ত্রে নৃপশিষ্টজুষ্টে"-*তদেব*, ১২.২৯০.১০৪, পৃ. ১৭৪৬।

৩. "মনুষ্যাণাং বৃত্তিরর্থঃ, মনুষ্যবতী ভূমিরিত্যর্থঃ, তস্যাঃ পৃথিব্যাঃ লাভপালনোপায়ঃ শাস্ত্রমর্থশাস্ত্রমিতি।"-কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় সম্পা., ২য় খণ্ড (কলিকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০১ খ্রি.), ১৫.১.১, পৃ.৬৬৩।

৪. "শাস্ত্রসমুদ্দেশঃ-পঞ্চদশাধিকরণানি, সপঞ্চাশদধ্যায়শতং সাশীতিপ্রকরণশতং ষট্ শ্লোকসহস্রাণীতি ॥"-কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় সম্পা., ১ম খণ্ড (কলিকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪০৪ বঙ্গাব্দ), ১.১.১৬, পৃ.১১।

৫. "নীতিশাস্ত্রামৃতং শ্রীমানর্থশাস্ত্রমহোদধেঃ। য উদ্দধ্রে নমস্তস্মৈ বিষ্ণুগুপ্তায় বেধসে ॥"- কামন্দক, *কামন্দকীয় নীতিসার*, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় সম্পা. (কলিকাতা,সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪০৪ বঙ্গাব্দ) ১.৬. পৃ. ১।

৬. R.P. Kangle, *The Kautilīya Arthaśāstra,* A Study, pt iii (Delhi: MLBD, 1992), P. 59.

৭. *Kautilīya Arthaśāstra* : An Apprisal, Edt. Pushpendu Kumar (Delhi : Nag publishers,1989), p. xvii.

৮. N.C. Banerjee, *Kautilya or An Exposition of his Social Ideal and Political Theory* (Calcutta: R Cambray and Co, 1927), P. 16.

৯. T. B. Bottmore, *Sociology: A Guide to Problems and Literature* (London: 1962,)

১০. R. P. Kangle, *The Kautilīya Arthaśāstra,* A Study, pt iii, op. cit. p. 143.

১১. "সর্বাপরাধেষ্বপীড়নীয়ো ব্রাহ্মণঃ। তস্যাভিশস্তাঙ্কো ললাটে স্যাদ্ ব্যবহারপতনায়।"- কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় সম্পা., ২য় খণ্ড, *প্রাগুক্ত*, ৪.৮.৯, পৃ.৬৪।

১২. "সমাহর্তৃবন্নাগরিকো নগরং চিন্তয়েৎ। দশকুলীং গোপঃ, বিংশতিকুলীং চত্বারিংশ্যৎকুলীং বা।"- কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, ২.৩৬.১,পৃ. ৩৪৮।

১৩. R.P. Kangle, *The Kautilīya Arthaśāstra,* A Study, pt iii, *op.cit*, p.132-133

১৪. কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় সম্পা., ১ম খণ্ড, *প্রাগুক্ত*, ২.১০.১৪, পৃ. ১৭৩।

১৫. "অনীশ্বরাঃ পিতৃমন্তঃ"- *তদেব*, ৩.৫.১, পৃ. ৩৮৪।

১৬. "অমোক্ষো ধর্মবিবাহানাম্"- *তদেব*, ৩.৩.৫, পৃ. ৩৭৪।

১৭. "পরস্পরং দ্বেষান্ মোক্ষঃ"- *তদেব* ।

১৮. "In those olden days the exploitation by the grinding money lenders of the necessities of the poor and the needy was checked by a fair rate of interest. The fair rate was determined by the state, which punished all deviations from it. The legal rate of interest for money lender, as mentioned in the Arthaśāstra is 1.1.4 pc. per month i.e. 15 p.c. per year''- R. P. Kangle ed, *The Kautilīya Arthaśāstra,* A Study, pt iii , *op. cit.* p. 152-153.

১৯. কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় সম্পা., *প্রাগুক্ত*, ১ম খণ্ড, ৩.১৩.৭, পৃ. ৪৩০।

২০. "মহোপকারমুচ্ছুল্কং কুর্যাদ্বীজংতু দুর্লভম্"- *তদেব*, ২.২১.১০, পৃ. ২৭৫।

২১. *তদেব*, ১.১৯.৫, পৃ. ৭৪।

রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০
ISSN- 2664-780X

# জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে ইসলামের নির্দেশনা

মো. রবিউল আউয়াল*

**Abstract:** Militancy and terrorism is a global acute problem. Nowadays it has become a burning issue in the world including Bangladesh. A class of misguided people whe are continuing such type of misdeeds under the musk of Islam. As a result, Islam is known as a religion of peace for decades and the Muslims are being defamed and persecuted. At present Islam is indeed a religion of peace, order, reciprocal harmony and fellow-feelings for each other. Islam infact dictate the teaching of showing love, kindness, tolerance, softness towards mankind irrespective of caste, creed and colour. Our reverend prophet Hazrat Muhammad (Sm.) established world peace, with his generousity, forgiveness helpfulness and being fascinated by the beauty of Islam. Many peoples in that time took shelter under the shadow of Islam and found the abode of solace. Even today by being fascinated by the universal flavor of Islam people are entering in Islam in different ways. As a result the enemies, disbelievers of Islam are, infact worried and panicked. The misguided people have got the oppurtunity by creating militancy and terrorism in the name of Islam. Islam never supports terrorism and militancy rather strictly prohibited killing, blood shed and disorder.

## ভূমিকা

জঙ্গিবাদ ও সন্ত্রাস বর্তমানে একটি বৈশ্বিক সমস্যা। সম্প্রতি বাংলাদেশসহ বিশ্বের কতিপয় রাষ্ট্রে জঙ্গিবাদ ও সন্ত্রাস একটি জলন্ত ইস্যুতে পরিণত হয়েছে। এক শ্রেণির ভ্রান্ত ও পথভ্রষ্ট মানুষ ইসলামের নাম ব্যবহার করে এ ধরনের অপকর্ম চালিয়ে যাচ্ছে। ফলে যুগ যুগ ধরে শান্তির ধর্ম হিসেবে পরিচিত ইসলাম ও ইসলামের অনুসারী মুসলমানরা আজ কলঙ্কিত। বিশ্ব নন্দিত মুসলমান জাতি আজ নিন্দিত। অথচ ইসলাম শান্তি, শৃংঙ্খলা, পারস্পরিক সম্প্রীতি ও সহানুভূতির ধর্ম। জাতি-ধর্ম বর্ণ-গোত্র নির্বিশেষে সব মানুষের ভালোবাসা, দয়া, সহনশীলতা ও সহিষ্ণুতা প্রদর্শনের শিক্ষাই ইসলামের নির্দেশনা। আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা.) বিশ্ব-শান্তি প্রতিষ্ঠা করেছেন। তাঁর উদারতা, ক্ষমাশীলতা, পরোপকারিতা ইত্যাদিতে আকৃষ্ট হয়ে, ইসলামের সৌন্দর্যে মুগ্ধ হয়ে তৎকালীন যুগের অগণিত মানুষ ইসলামের ছায়াতলে আশ্রয় নিয়েছে এবং খুঁজে পেয়েছে শান্তির ঠিকানা। আজও ইসলামের শ্বাশত সৌন্দর্যের প্রতি মুগ্ধ হয়ে মানুষ দলে দলে ইসলামে প্রবেশ করছে। ফলে ইসলাম বিদ্বেষীরা রীতিমতো চিন্তিত ও আতঙ্কিত। তারা ইসলাম থেকে মানুষকে দূরে রাখার অভিপ্রায়ে ইসলামের নামে সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ সৃষ্টি করে ইসলাম ধর্মকে বিতর্কিত করে তুলছে। ইসলাম কখনোই সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদকে সমর্থন করে না বরং হত্যা, রক্তপাত এবং অরাজকতা কে কঠোরভাবে নিষিদ্ধ ঘোষণা করেছে।

* প্রভাষক, আরবী ও ইসলাম শিক্ষা বিভাগ, নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

**জঙ্গিবাদ ও সন্ত্রাস পরিচিতি**

জঙ্গিবাদ শব্দটি 'জঙ্গি' এবং 'বাদ' দুটি শব্দের সমন্বয়ে গঠিত। 'জঙ্গি' শব্দটি জঙ্গশব্দের বিশেষণ। জঙ্গ অর্থ যুদ্ধ, লড়াই, তুমুল কলহ ইত্যাদি। আর জঙ্গি অর্থ রণনিপুণ, রণদক্ষ।[১] অর্থাৎ তুমুল কলহ সৃষ্টিকারীই জঙ্গি। অতএব 'জঙ্গিবাদ' শব্দের অর্থ হল যুদ্ধ বা তুমুল কলহের মতবাদ। জঙ্গিকে ইংরেজীতে বলা হয় Militant (মিলিট্যান্ট)। Oxford Advanced Learner's Dictionary-তে বলা হয়েছে,

"Using or willing to use force or strong pressure to achieve your aims, especially to achieve social or political change".[২]

অর্থাৎ 'মিলিট্যান্ট বা জঙ্গি তার লক্ষ্য অর্জনের জন্য শক্তি বা জোরালো প্রভাব ব্যবহার করার ইচ্ছা করে। বিশেষত সামাজিক বা রাজনৈতিক পরিবর্তনের জন্য'।

Merriam-Wepster`s Collegiate Dictionary-তে Militant (মিলিট্যান্ট)-এর দু'টি অর্থ করা হয়েছে। ১. মিলিট্যান্ট (জঙ্গি) : যুদ্ধ বা সম্মুখসমরে লিপ্ত ব্যক্তি, যুদ্ধরত। উগ্রভাবে সক্রিয়'।[৩] দ্বিতীয় অর্থটি আরও স্পষ্ট হবে 'মাইক্রোসফট এনকার্টা' এর পরিচয়ে। সেখানে জঙ্গি শব্দের ব্যাখ্যায় বলা হয়েছে, অর্থাৎ 'আগ্রাসী, কোন বিষয়ের পক্ষে বা সমর্থনে চরমভাবে সক্রিয়, যা প্রায়শ চরমপন্থা পর্যন্ত পৌঁছায়'।[৪]

এর সংজ্ঞায় বলা হয়েছে,

جَاوَزَ حَدَّ الْإِعْتِدَالِ وَلَمْ يَتَوَسَّطْ[৫]

'সে ন্যায়পূর্ণ পন্থার সীমালংঘন করেছে, মধ্যমপন্থা অবলম্বন করেনি'। চরমপন্থা হল কোন বিষয়ে চূড়ান্ত পন্থা অবলম্বন করা। উগ্রতা প্রদর্শনপূর্বক মধ্যম ও উৎকৃষ্ট পদ্ধতিকে চরমত্বে আসীন করানোই চরমপন্থা।[৬] Extremism বা চরমপন্থাবাদ নামে মতবাদও প্রচলিত আছে। যাতে ধর্মমত ও অনুশাসনের ক্ষেত্রে সীমাতিক্রান্ত বুঝায়।[৭] Oxford Advanced Learner's Dictionary-তে বলা হয়েছে,

A person whose opinions, especially about religion or politics, are extreme, and who may do things that are violent, illegal, etc.

'কোন ব্যক্তির ধর্মীয় বা রাজনীতির বিষয়ে অভিমতের শেষ সীমা এবং যে হিংস্র, অবৈধ বা নিষিদ্ধ ইত্যাদি কাজ করতে পারে'।

'সন্ত্রাস' শব্দের অর্থ হল ভয়, ভীতি, শঙ্কা।[৮] আর 'সন্ত্রাস' হল, আতঙ্কগ্রস্ত করা, অতিশয় ত্রাস বা ভয়ের পরিবেশ সৃষ্টি করা।

[৯] The New Encyclopaedia Britannica-তে বলা হয়েছে,

Terrorism, the systematic use of violence to create a general climate of fear in a population and thereby to bring about a particular political objective.[১০]

অর্থাৎ 'একটি বিশেষ রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য জনগণের মাঝে ত্রাস সৃষ্টি করার সুসংগঠিত পন্থাই হচ্ছে 'সন্ত্রাসবাদ'।

পক্ষান্তরে ইসলাম শব্দের অর্থ মেনে নেয়া, আত্মসমর্পণ করা, বিনম্র হওয়া।[১১] শারী'আতের পরিভাষায় ইসলাম হলো, 'আল্লাহর নিকট তাওহীদের মাধ্যমে আত্মসমর্পণ করা, তাঁর আনুগত্য মেনে নেয়া, শিরক থেকে মুক্তি এবং শিরককারীদের সাথে শত্রুতা পোষণ করা'।[১২] এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন,

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ– لَا شَرِيكَ لَهُ وَبِذَٰلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ.[১৩]

'(হে মুহাম্মাদ!) আপনি বলুন, আমার সালাত, আমার 'ইবাদত, আমার জীবন ও আমার মরণ জগৎসমূহের প্রতিপালক আল্লাহরই উদ্দেশ্যে, তাঁর কোন শরীক নেই, আর আমি এজন্যই আদিষ্ট হয়েছি এবং আমিই প্রথম মুসলিম'।

মহান আল্লাহ আরও বলেন,

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ.[১৪]

'আর কেউ ইসলাম ব্যতীত অন্য কোনো দ্বীন গ্রহণ করতে চাইলে তা কখনও কবুল করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে'। অনুরূপভাবে 'হাদীসে জিবরীল' নামে বিখ্যাত হাদীসেও এসেছে যে, জিবরীল (আ.) মহানবী (সা.)-কে জিজ্ঞেস করলেন, হে মুহাম্মাদ! আমাকে ইসলাম সম্পর্কে বলুন। মহানবী (সা.) বললেন, 'ইসলাম হলো এ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ব্যতীত সত্য কোন মা'বূদ নেই, আর মুহাম্মাদ (সা.) আল্লাহর রাসূল, সালাত কায়েম করা, জাকাত আদায় করা, রামাজানের সাওম পালন করা, আর যদি আল্লাহর ঘরে যাওয়ার সামর্থ্য থাকে তবে তার হাজ্জ করা'।

### জঙ্গিবাদ ও সন্ত্রাসের উৎপত্তি ও ক্রমবিকাশ

জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও চরমপন্থার ইতিহাস অতি প্রাচীন। পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম ইহুদীরাই সন্ত্রাস ও জঙ্গীবাদ সৃষ্টি করে।[১৫] মূলত বিশ্বনবী মুহাম্মাদ (সা.)-এর যুগেই এই চরমপন্থার উদ্ভব হয়।[১৬] পৃথিবীতে ধর্মকে কেন্দ্র করে সর্বপ্রথম চরমপন্থা বা জঙ্গীবাদের উত্থান হয়। অপরিপক্ক, জ্ঞানহীন ও অপরিণামদর্শী একশ্রেণির অতি প্রবৃত্তিপূজারী নির্বোধ লোকের মাধ্যমে যার প্রকাশ ঘটে। ইসলামের ইতিহাসে যাদেরকে 'খারেজী' নামে আখ্যায়িত করা হয়েছে। রাসূল (সা.) একদিকে চরমপন্থা ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে যেমন ছিলেন সোচ্চার, অনুরূপভাবে তিনি তাদের সম্পর্কে কঠোর হুঁশিয়ারীও উচ্চারণ করেছেন। এ ব্যাপারে মুসলিম উম্মাহকে সতর্ক করে তিনি বলেন,

يَأْتِي فِي آخِرِ الزَّمَانِ قَوْمٌ حُدَثَاءُ الْأَسْنَانِ سُفَهَاءُ الْأَحْلَامِ يَقُوْلُوْنَ مِنْ خَيْرِ قَوْلِ الْبَرِيَّةِ يَمْرُقُوْنَ مِنَ الْإِسْلَامِ كَمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ الرَّمِيَّةِ لَا يُجَاوِزُ إِيْمَانُهُمْ حَنَاجِرَهُمْ فَأَيْنَمَا لَقِيتُمُوْهُمْ فَاقْتُلُوْهُمْ فَإِنَّ قَتْلَهُمْ أَجْرٌ لِمَنْ قَتَلَهُمْ يَوْمَ الْقِيَامَةِ.[১৭]

'শেষ জামানায় একদল তরুণ বয়সী নির্বোধ লোকের আবির্ভাব ঘটবে, যারা সর্বোত্তম কথা বলবে। তারা ইসলাম থেকে এত দ্রুত গতিতে বের হয়ে যাবে, যেমন তীর ধনুক থেকে বের হয়ে যায়। তাদের ঈমান তাদের কণ্ঠনালী অতিক্রম করবে না। তোমরা তাদেরকে যেখানেই পাবে সেখানেই হত্যা করবে। কারণ যে তাদেরকে হত্যা করবে তার জন্য ক্বিয়ামতের দিন আল্লাহ্‌র নিকট নেকী রয়েছে'।

অন্য বর্ণনায় আছে, রাসূল (সা.) বলেন, 'তোমরা তাদের সালাতের তুলনায় তোমাদের সালাতকে তুচ্ছ মনে করবে, তাদের সিয়ামের তুলনায় তোমাদের সিয়ামকে এবং তাদের 'আমলের তুলনায় তোমাদের 'আমলকে তুচ্ছ জ্ঞান করবে। তারা ইসলাম থেকে এমনভাবে বেরিয়ে যাবে, যেভাবে শিকারের দেহ ভেদ করে তীর বেরিয়ে যায়। মূর্তিপূজারীদেরকে ছেড়ে তারা মুসলিমদেরকে হত্যা করবে। যদি আমি তাদেরকে পাই, তাহলে 'আদ জাতিকে হত্যা করার মত তাদেরকে হত্যা করব'।[১৮]

চরমপন্থার বহিঃপ্রকাশ চতুর্থ খলীফা 'আলী (রা.)-এর খিলাফতকালে হলেও মূলত রাসূল (সা.)-কে লক্ষ্য করে তাঁর জীবদ্দশাতেই মানবতার এই সর্বগ্রাসী হিংস্রতা প্রকাশ পেয়েছিল। 'আলী (রা.) কর্তৃক ইয়ামেন থেকে প্রেরিত গণীমতের মাল যখন রাসূল (সা.) বণ্টন করছিলেন, তখন চরমপন্থীদের তৎকালীন ও প্রাথমিক নেতা বনু তামীম গোত্রের যুল-খুওয়াইসির নামক জনৈক ব্যক্তি বণ্টনে সন্দিহান হয়ে রাসূল (সা.)-কে বলেছিল, يَا مُحَمَّدُ إِتَّقِ اللهَ 'হে মুহাম্মাদ! (বণ্টনের ব্যাপারে) আল্লাহকে ভয় কর'। উত্তরে রাসূল (সা.) বলেন, فَمَنْ يُطِيْعُ اللهَ إِذَا عَصَيْتُهُ 'আমিই যদি আল্লাহর অবাধ্যতা করি, তবে কে তাঁর অনুসরণ করবে'?[১৯]

রাসূল (সা.)-এর মৃত্যুর পর এই চরমপন্থী খারেজীরা আত্মপ্রকাশ করতে পারেনি। ইসলাম বিরোধী সকল অপতৎপরতার বিরুদ্ধে আবূ বাকর (রা.) ও 'উমার (রা.)-এর আপোসহীন দৃঢ় অবস্থানের কারণে তারা তাদের হিংস্রতা প্রদর্শন করতে পারেনি। কিন্তু 'উসমান (রা.) ও 'আলী (রা.)-এর যুগে তাদের ঘৃণিত চরিত্র প্রকাশ ইসলামের সোনালী ঐতিহ্য ও ইতিহাসকে ম্লান করে দেয়। নরঘাতক হিংস্র জানোয়ার সদৃশ চরমপন্থী খারেজীদের আক্রমণে পৃথিবী থেকে বিদায় নেন 'উসমান ও 'আলী (রা.)। যদিও খারেজী আবু লুলু নামক জনৈক অগ্নিউপাসক 'উমার (রা.)-কে ছুরিকাঘাতে আহত করে। অতঃপর তিনদিন পর শহীদ হন।[২০] এভাবে তাদের হিংস্রতার বিকাশ সাধন হয়।

### জঙ্গিবাদ ও সন্ত্রাস সম্পর্কে ইসলামী শরী'আতের অবস্থান

ইসলাম শান্তি ও নিরাপত্তার ধর্ম। এখানে সকল শ্রেণীর মানুষের সার্বিক নিরাপত্তা রয়েছে। জঙ্গিবাদী ও সন্ত্রাসী কর্মকাণ্ড এবং যেকোন ধরনের ত্রাস, ভয় ও সন্ত্রস্ত করা ইসলাম সমর্থন করে না। এ ব্যাপারে ইসলামের দিক নির্দেশনা সুস্পষ্ট। এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন,

إِنَّمَا جَزَاءُ الَّذِينَ يُحَارِبُونَ اللَّهَ وَرَسُولَهُ وَيَسْعَوْنَ فِي الْأَرْضِ فَسَادًا أَن يُقَتَّلُوا أَوْ يُصَلَّبُوا أَوْ تُقَطَّعَ أَيْدِيهِمْ وَأَرْجُلُهُم مِّنْ خِلَافٍ
أَوْ يُنفَوْا مِنَ الْأَرْضِ ذَٰلِكَ لَهُمْ خِزْيٌ فِي الدُّنْيَا وَلَهُمْ فِي الْآخِرَةِ عَذَابٌ عَظِيمٌ.[২১]

অর্থাৎ 'যারা আল্লাহ ও তার রাসূলের সাথে সংগ্রাম করে এবং দেশে হাঙ্গামা সৃষ্টি করতে সচেষ্ট হয়, তাদের শাস্তি হচ্ছে এই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা শূলীতে চড়ানো হবে অথবা তাদের

হস্তপদসমূহ বিপরীত দিক থেকে কেটে দেয়া হবে অথবা দেশ থেকে বহিষ্কার করা হবে। এটি হল তাদের পার্থিব শাস্তি'। অন্যত্র আল্লাহ তা'আলা বলেন,

[২২] وَمَن يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَأَعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا.

অর্থাৎ 'যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে মুসলমানকে হত্যা করে তার শাস্তি জাহান্নাম। সেখানেই সে চিরকাল থাকবে'। অন্যত্র আরও সরল ভাষায় বর্ণনা করেন:

[২৩] وَلَا تُفْسِدُوا فِي الْأَرْضِ بَعْدَ إِصْلَاحِهَا وَادْعُوهُ خَوْفًا وَطَمَعًا.

অর্থাৎ 'পৃথিবীতে কুসংস্কার মুক্ত ও ঠিক করার পর এতে অনর্থ সৃষ্টি করো না। তাকে (আল্লাহ) আহ্বান করো ভয় ও আশা সহকারে'। অন্যত্র বলেছেন,

[২৪] وَمَنْ يَّفْعَلْ ذَلِكَ عُدْوَانًا وَّظُلْمًا فَسَوْفَ نُصْلِيْهِ نَارًا.

অর্থাৎ 'যে কেউ সীমালংঘন ও যুলুম করে হত্যাকাণ্ড সংঘটিত করবে, আমি তাকে জাহান্নামে দগ্ধ করব'।

রাসূল (স) অন্য হাদীসে বলেন,

[২৫] مَنَ قَتَلَ مُؤْمِنًا فَاعْتَبَطَ بِقَتْلِهِ لَمْ يَقْبَلِ اللهُ مِنْهُ صَرْفًا وَّ لَاعَدْلاً.

অর্থাৎ 'যে ব্যক্তি কোন মুমিন ব্যক্তিকে হত্যা করে উল্লাস প্রদর্শন করে, আল্লাহ তা'আলা তার কোন ফরয এবং নফল ইবাদত কবুল করবেন না'।

অন্যত্র বর্ণিত হয়েছে,

عَنْ أَبِيْ بَكَرَةَ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ قَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْ أَنَّ أَهْلَ السَّمَاءِ وَأَهْلَ الأَرْضِ اجْتَمَعُوْا عَلَى قَتْلِ مُسْلِمٍ لَكَبَّهَمُ
[২৬] اللهُ جَمِيْعًا عَلَى وُجُوْهِهِمْ فِى النَّارِ.

অর্থাৎ আবূ বাকরাহ (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, 'আসমান-জমীনের সমস্ত অধিবাসী একত্রিত হয়ে যদি কোন একজন মুসলিমকে হত্যা করে, তবুও আল্লাহ তা'আলা সমস্ত অধিবাসীকেই মুখের উপর ভর করিয়ে জাহান্নামে নিক্ষেপ করবেন'।

### জঙ্গিবাদ বনাম জিহাদ

মুসলিম জঙ্গিবাদী বিপথগামীরা সাধারণত তাদের কর্মকাণ্ডের জন্য ইসলামের পবিত্র পরিভাষা জিহাদ শব্দটি ব্যবহার করে থাকে। তারা জিহাদের নামেই তাদের অধিকাংশ কর্মকাণ্ড পরিচালনা করছে, কোন কোন ক্ষেত্রে কিতালের প্রসঙ্গ তুলে ধরছে। অথচ এই জিহাদ ও কিতাল বৈধ কোন কর্তৃপক্ষ ছাড়া অর্থাৎ রাষ্ট্র বা সরকার ছাড়া কেউ ঘোষণা দিতে পারে না। জিহাদের মূল শব্দ হলো বাংলা উচ্চারণ (جهد), যার শাব্দিক অর্থ প্রাণান্তকর চেষ্টা করা, তথা অন্যায়-অপকর্মের বিরুদ্ধে যথাসাধ্য ভূমিকা রাখা।[২৭] জিহাদের পারিভাষিক অর্থ সম্পর্কে ইবনু হাজার 'আসকালানী (৭৭৩-৮৫২ হি.) বলেন,

الْجِهَادُ شَرْعًا بَذْلُ الْجُهْدِ فِيْ قِتَالِ الْكُفَّارِ وَيُطْلَقُ أَيْضًا عَلَى مُجَاهَدَةِ النَّفْسِ وَالشَّيْطَانِ وَالْفُسَّاقِ. [২৮]

'শারঈ পরিভাষায় জিহাদ হল, কাফেরদের বিরুদ্ধে যুদ্ধে সর্বাত্মক প্রচেষ্টা নিয়োজিত করা। এর দ্বারা নফস, শয়তান ও ফাসেক্বদের বিরুদ্ধে জিহাদকেও বুঝানো হয়'। মূলত জিহাদ ব্যাপক আর কিতাল তার সর্বোচ্চ স্তর। এতে মুসলিম রাষ্ট্রের রাষ্ট্রীয় যুদ্ধকেই বুঝানো হয়। জিহাদ একটি সাধারণ ও ব্যাপকার্থক শব্দ। জিহাদ মুখের মাধ্যমেও হতে পারে, কলমের মাধ্যমেও হতে পারে। সভা-সেমিনার, ওয়াজ মাহফিল, মসজিদে খুতবাহ্, টিভি টকশো, টেবিল আলোচনা, বিতর্ক অনুষ্ঠান ইত্যাদিতে সকল অপকর্মের বিরুদ্ধে শান্তিপূর্ণ ও যৌক্তিকভাবে ইসলামের সুমহান বাণী তুলে ধরাই হলো মুখের জিহাদ। পুস্তক, পত্রিকা, লিফলেট, দেয়াল লিখন ইত্যাদির মাধ্যমেও অনৈসলামিক কার্যকলাপের বিরুদ্ধে ইসলামের শ্বাশত বাণী তুলে ধরে প্রতিবাদ করা যেতে পারে। তাহলে এটি হবে কলমের জিহাদ। জিহাদের চূড়ান্ত রূপ হলো কিতাল তথা সশস্ত্র সংগ্রাম। এটি কোন ব্যক্তি, গোষ্ঠী বা সংগঠনের কাজ নয়। এটি হলো ইসলামী রাষ্ট্রের কাজ। ইসলামী রাষ্ট্র বহিঃশত্রু দ্বারা আক্রান্ত হলে রাষ্ট্র-প্রধান সশস্ত্র সংগ্রামের ডাক দিতে পারেন। জিহাদের উক্তস্তর সমূহ

বাস্তবায়নের ক্ষেত্রে আল্লাহ তা'আলা এবং তাঁর রাসূল (ছাঃ) অর্থনৈতিক শক্তিকেও জিহাদের অন্যতম মাধ্যম বলেছেন।[২৯] এখানে উল্লেখ্য যে, মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা.) মাক্কি জীবনে কিতালের ডাক দেননি। মদিনায় গিয়ে ইসলামী রাষ্ট্র কায়েম করার পর বহিঃশত্রুর দ্বারা আক্রান্ত হওয়ার সম্মুখীন হলে তিনি কিতালের ডাক দেন। কাজেই একথা বলার অপেক্ষা রাখে না যে, অস্ত্রের সাথে সম্পর্ক রাষ্ট্রের, ব্যক্তির নয়। এ নীতির বাহিরে গিয়ে কোন মুসলমান দ্বারা অপর কোন মুসলমান বা অমুসলমানকে হত্যা করা কোন ভাবেই ইসলাম স্বীকৃতি দেয় না। এ সম্পর্কে মহান আল্লা হ তা'আলা বলেন,

وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ. [৩০]

অর্থাৎ 'তোমরা আল্লাহর জন্য জিহাদ কর যেভাবে জিহাদ করা উচিত'। অপর আয়াতে আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِم. [৩১]

অর্থাৎ 'হে নবী, কাফির ও মুনাফিকদের সাথে যুদ্ধ এবং তাদের সাথে কঠোরতা অবলম্বল করুন'। অন্য আয়াতে আল্লাহ তা'আলা বলেন:

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ. [৩২]

অর্থাৎ 'যারা আমার পথে সাধনায় আত্মনিয়োগ করে আমি অবশ্যই তাদেরকে আমার পথে পরিচালিত করব। নিশ্চয় আল্লাহ সৎকর্মশীলদের সাথে আছেন'।

জিহাদ আল্লাহ প্রদত্ত চির শাশ্বত বিধান, যা প্রত্যেক মুসলিম ব্যক্তির উপরই ফরয।[৩৩] আল্লাহর ওহী বিরোধী যাবতীয় কর্মকাণ্ডকে সার্বিক প্রচেষ্টার মাধ্যমে প্রতিহত করে এলাহী বিধানকে প্রতিষ্ঠা বা বিজয়ী করার চেষ্টা-সাধনার নাম 'জিহাদ'।[৩৪] 'জিহাদ' শব্দের অর্থগত এই ব্যাপকতার কারণে কখনো পিতা-

মাতার খেদমত করাকে অন্যতম জিহাদ বলা হয়েছে, কখনো মনোবৃত্তি ও শয়তানের কুমন্ত্রণার বিরুদ্ধে জিহাদ করা বুঝায়। অনুরূপ শাসকের নিকট হক্ব কথা বলাকে সর্বোত্তম জিহাদ বলা হয়েছে।[৩৫] মোটকথা মুহাম্মাদ (সা.)-এর জিহাদের পদ্ধতিই মুসলিমদের জন্য একমাত্র অনুসরণীয় পদ্ধতি। সেটা হলো- রাষ্ট্রের প্রধান বা নেতাই জিহাদের বা কিতালের ঘোষণা দিতে পারেন, অন্য কেউ নয়।

**জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধে করণীয়**

- ইমাম, খতিব ও ধর্মীয় বক্তাদের সমাজকে সচেতন করার ক্ষেত্রে আরও বেশি দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।
- সভা, সেমিনার ও মানব বন্ধনের মতো সময়োপযোগী কার্যক্রম বাড়াতে হবে।
- অভিভাবকদের সন্তানদের প্রতি সচেতনতা বৃদ্ধি করতে হবে।
- ধর্মীয় মূল্যবোধ সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে।
- সন্ত্রাসী গ্রুপদের ব্যাপারে সজাগ দৃষ্টি থাকতে হবে।
- সরকার কর্তৃক জনগণের ক্ষোভ, হতাশাকে উপেক্ষা না করে এর কারণসমূহ চিহ্নিত করে সমাধানের চেষ্টা করা।
- সুশাসনের মাধ্যমে ন্যায়বিচার (ভিত্তিক সমাজ) ব্যবস্থা গড়ে তোলা।
- সঠিকভাবে গণতন্ত্রের চর্চা করা।
- সর্বস্তরে জবাবদিহিতা নিশ্চিত করা।
- যে সকল মুসলিম দেশে সন্ত্রাস ও জঙ্গিবাদ সমস্যা দেখা দিয়েছে তাদের শাসকদের বুঝতে হবে যে, এটা ইসলাম বিদ্বেষী ও ইয়াহুদী গোষ্ঠীর চক্রান্ত।
- ইসলামের জিহাদ আর সন্ত্রাস ও জঙ্গিবাদ এক নয় একথা মুসলিমদের বুঝাতে হবে।
- জঙ্গিবাদের সাথে গুটিকয়েক বিভ্রান্ত ও বিকৃত-মনা মুসলিম জড়িত। সুতরাং তাদেরকে চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় নিয়ে আসতে হবে।
- যেহেতু জঙ্গিবাদের সাথে সত্যিকার ইসলামপন্থিরা জড়িত নয়। তাই জঙ্গিবাদ দমনের জন্য সঠিক 'আকীদার ইসলামী দলগুলোর সহযোগিতা নিতে হবে এবং তাদের পরামর্শ নিয়ে কর্মপন্থা ঠিক করতে হবে।
- ইসলামে সন্ত্রাস ও জঙ্গিবাদের ভয়াবহ পরিণামের বিষয়টি পাঠ্য পুস্তকে সিলেবাসভুক্ত করতে হবে।
- ইসলামে সন্ত্রাস ও জঙ্গিবাদের কোন স্থান নেই এ কথা বেশী বেশী প্রিন্ট মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার করা যেতে পারে।
- সুষ্ঠু সংস্কৃতির চর্চা করতে হবে।
- এ দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রকৃত ইসলামী শিক্ষার চর্চা করতে হবে।

- ঐকমত্য প্রতিষ্ঠা করতে হবে।
- মিথ্যা ও বানোয়াট সংবাদ পরিবেশন পরিহার করতে হবে।
- পারিবারিক মূল্যবোধ জাগ্রত করণের ব্যবস্থা করতে হবে।

আইনের শাসন কায়েম করতে হবে। আইনের ভাষায় একটি কথা আছে - Tyranny begins there where law ends. (যেখানে আইনের প্রয়োগ থাকবে না সেখানেই বিশৃঙ্খলা সৃষ্টি হয়।)

**উপসংহার**

পরিশেষে আমরা বলা যায় যে, বর্তমানে বাংলাদেশসহ বিভিন্ন মুসলিম দেশে সন্ত্রাস ও জঙ্গিবাদের যে উত্থান ও তৎপরতা পরিলক্ষিত, তার সাথে গুটিকতক নামধারি মুসলিম জড়িত। বিশ্ববরেণ্য ইসলামী চিন্তাবিদ ও প্রকৃত 'আলিম-'উলামারা এ বিষয়ে একমত হয়েছেন যে, তারা (জঙ্গিবাদীরা) বিপথগামী ও বিভ্রান্ত। এ সকল ব্যক্তি কোনভাবেই ইসলামের জন্য কল্যাণকর হতে পারে না। তারা ইসলামকে বিশ্ববাসীর সামনে বিকৃত ও কুৎসিতভাবে উপস্থাপন করার মাধ্যমে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করতে চায়। ইসলামের নামে যে কোন ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড অনৈসলামিক ও অনৈতিক। ইসলাম সর্বদা মানুষে মানুষে হৃদ্যতা ও সৌহার্দ্য স্থাপনের মাধ্যমে শান্তি ও সমৃদ্ধির পৃথিবী গড়তে তাকিদ দেয়। তাই লেখনীর মূল কথায় বলা যায়, Islam always supports the peaceful life but not anarchy, Tyranny and Terrorism.

---

**তথ্যসূত্র**

১ *বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান* (পরিমার্জিত সংস্করণ, পঞ্চম পুনর্মুদ্রণ : ভাদ্র ১৪১০/সেপ্টেম্বর ২০০৩), পৃ. ৪৪৮।

২ A.S Hornby, *Oxford Advanced Learner's Dictionary* (OXFORD UNIVERSITY PRESS, New 9th Edition ), p. 982.

৩ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর, *ইসলামের নামে জঙ্গিবাদ* (ঝিনাইদহ : আস-সুন্নাহ পাবলিকেশন্স, ২য় সংস্করণ, ফেব্রুয়ারী ২০০৯), পৃ. ৯।

৪ *তদেব*।

৫ ইবরাহীম মুছত্বফা ও তার সাথীবৃন্দ, *আল-মু'জামুল ওয়াসীত*, ২য় খণ্ড (দারুদ দাওয়াহ, তা.বি.), পৃ. ৫৫৫।

৬ ড. মুযাফফর বিন মুহসিন, *ভ্রান্তির বেড়াজালে ইক্বামতে দ্বীন* (রাজশাহী : বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ, ২য় সংস্করণ, জুলাই ২০১৪), পৃ. ৩০।

[৭] *Oxford Advanced Learners Dictionary,* (United Kingdom : Oxford university Press, 9th edition 2015, p-545.

[৮] *বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান* (ঢাকা : বাংলা একাডেমী, ১ম প্রকাশ, ১৯৯২), পৃ. ২৬৬।

[৯] *সংসদ বাঙ্গালা অভিধান*, পৃ. ৬৬১; *বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান*, পৃ. ৫৪১।

[১০] *The New Encyclopaedia Britannica,* Voll-11 (USA : 2002), P. 650.

[১১] নুখবাতু মিনাল ওলামাই (মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের কয়েকজন বিশেষজ্ঞ আলেম), *উসূলুল ঈমান ফী জুইল কিতাবি ওয়াস সুন্নাহ*, ১ম খণ্ড (স'উদী 'আরব : ওজারাতুশ শুয়ূনিল ইসলামিয়্যা ওয়াল আওকাফ ওয়াদ দাওয়াতি ওয়াল ইরশাদ, ১৪২১ হি.), পৃ. ৩৩৮; শাইখুল ইসলাম ইমাম আহমাদ ইবনু তাইমিয়াহ, *আল-ঈমানুল কাবীর*, তাহকীক : মুহাম্মাদ নাসিরুদ্দীন আলবানী, ২য় খণ্ড ('আম্মান : আল-মাকতাবুল ইসলামী, ৫ম সংস্করণ, ১৪১৬ হি./১৯৯৬ খ্রি.), পৃ. ১৯৩।

[১২] *উসূলুল ঈমান ফী জুইল কিতাবি ওয়াস সুন্নাহ,* ১ম খণ্ড, পৃ. ৩৩৮।

[১৩] সূরাহ আল-আন'আম : ১৬২-১৬৩।

[১৪] সূরাহ আলে 'ইমরান : ৮৫।

[১৫] *দৈনিক ইনকিলাব*, ১ ডিসেম্বর ২০০৭, পৃ. ১৫।

[১৬] মুহাম্মাদ ইবনু ইসমা'ঈল আবু 'আব্দিল্লাহ আল-বুখারী আজ-জু'ফী, *সহীহুল বুখারী*, ৬ষ্ঠ খণ্ড (বৈরূত : দারু ইবনি কাসীর, ৩য় সংস্করণ ১৪০৭ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ২৭০২, হাদীস নং-৬৯৯৫; আহমাদ ইবনু শু'আইব আবু 'আব্দিল্লাহ আন-নাসাঈ, *সুনানুন নাসাঈ*, ৭ম খণ্ড (আলেপ্পো : মাকতাবুল মাতবূ'আতিল ইসলামিয়্যাহ, ২য় সংস্করণ ১৪০৬ হি./১৯৮৬ খ্রি.), পৃ. ১১৮, হাদীস নং-৪১০১; *মিশকাতুল মাসাবীহ*, ৩য় খণ্ড, পৃ. ২৮২, হাদীস নং-৫৮৯৪।

[১৭] *সহীহুল বুখারী*, ৩য় খণ্ড, পৃ. ১৩২১, হাদীস নং-৩৪১৫; *সুনানু আবী দাঊদ*, ২য় খণ্ড, পৃ. ৬৫৭, হাদীস নং-৪৭৬৭।

[১৮] *সহীহুল বুখারী*, ৩য় খণ্ড, পৃ. ১২১৯, হাদীস নং-৩১৬৬; *সহীহ মুসলিম*, ২য় খণ্ড, পৃ. ৭৪১, হাদীস নং-১০৬৪; *সুনানু আবী দাঊদ*, ২য় খণ্ড, পৃ. ৬৫৬, হাদীস নং-৪৭৬৪; *মিশকাতুল মাসাবীহ*, ২য় খণ্ড, পৃ. ২৮২, হাদীস নং-৫৮৯৪।

[১৯] *সহীহুল বুখারী*, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ২৭০২, হাদীস নং-৬৯৯৫; *সুনানুন নাসাঈ*, ৭ম খণ্ড, পৃ. ১১৮, হাদীস নং-৪১০১; *মিশকাতুল মাসাবীহ*, ৩য় খণ্ড, পৃ. ২৮২, হাদীস নং-৫৮৯৪।

[২০] মুহাম্মাদ ইবনু আব্দুল ওয়াহহাব, *মুখতাসার সীরাতির রাসূল (সা.)* (দামেস্ক : মাকতাবাতু দারিল ফীহা, ১৪১৪ হি.), পৃ. ৬২২।

[২১] সূরাহ আল-মায়িদাহ : ৩৩।

[২২] সূরাহ আন-নিসা : ৯৩।

[২৩] সূরাহ আল-আ'রাফ : ৫৬।

[২৪] সূরাহ আন-নিসা : ৩০।

[২৫] *সুনানু আবী দাঊদ*, ২য় খণ্ড, পৃ. ৫০৫, হাদীস নং-৪২৭০।

[২৬] সুলাইমান ইবনু আহমাদ ইবনু আইয়ূব আবুল কাসিম আত-তাবারানী, *আল-মু'জামুস সাগীর*, ১ম খণ্ড (বৈরূত : আল-মাকতাবুল ইসলামী, ১ম সংস্করণ ১৪০৫ হি./১৯৮৫ খ্রি.), পৃ. ৩৪০, হাদীস নং-৫৬৫।

[২৭] *আল-মু'জামুল ওয়াসীত্ব,* ১ম খণ্ড, পৃ. ১৪২।

[২৮] ইবনু হাজার আল-'আসক্বালানী, ফাতহুল বারী শারহু সহীহুল বুখারী, ৬ষ্ঠ খণ্ড (কায়রো : ১৪০৭ হি,./১৯২৭ খ্রি.), পৃ. ৫।

[২৯] সূরাহ আত-তওবাহ : ৪১; সূরাহ আস-সাফ : ১১ প্রভৃতি; *সুনানু আবী দাঊদ*, ২য় খণ্ড, পৃ. ১৩, হাদীস নং-২৫০৪; *সুনানুন নাসাঈ*, ৭ম খণ্ড, পৃ. ১৬৮, হাদীস নং-৩০৯৬; *মিশকাতুল মাসাবীহ*, ২য় খণ্ড, পৃ. ৩৬৯, হাদীস নং-৩৮২১।

---

[৩০] সূরাহ আল-হাজ্জ : ৭৮।

[৩১] সূরাহ আত-তাহরীম : ০৯।

[৩২] সূরাহ আল-আনকাবূত : ৬৯।

[৩৩] সূরাহ আত-তওবাহ : ৪১; সূরাহ আন-নিসা ৯৫; সূরাহ আলি 'ইমরান : ১৪২; সূরাহ আত-তওবাহ : ১৬; সূরা মুহাম্মাদ : ৩১; *সুনানুন নাসাঈ*, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ৮, হাদীস নং-৩০৯৭; *মিশকাতুল মাসাবীহ*, ২য় খণ্ড, পৃ. ৩৬৭, হাদীস নং-৩৮১৩।

[৩৪] *ভ্রান্তির বেড়াজালে ইক্বামতে দ্বীন*, পৃ. ৭২।

[৩৫] সূরাহ আল-'আনকাবূত : ৬; *সহীহুল বুখারী*, ৩য় খণ্ড, পৃ. ১০৯৪, হাদীস নং-২৮৪২; *মিশকাতুল মাসাবীহ*, ২য় খণ্ড, পৃ. ৩৬৮, হাদীস নং-৩৮১৭।